# প্রথম অধ্যায়
# অব্যবসায়ী প্রতিষ্ঠানের হিসাব

পরীক্ষায় কমন পেতে অনন্য প্রশ্ন ও সমাধান | পৃষ্ঠা ১ বোর্ড পরীক্ষার প্রশ্ন ও সমাধান | পৃষ্ঠা ২৭ উত্তর সংকেতসহ সৃজনশীল প্রশ্ন | পৃষ্ঠা ৪৮

## পরীক্ষায় কমন পেতে অনন্য প্রশ্ন ও সমাধান

**প্রশ্ন ▶ ১** ধানমন্ডি ক্লাবের প্রাপ্তি ও প্রদান হিসাব নিচে প্রদান করা হলো—

**প্রাপ্তি ও প্রদান হিসাব**

**ডেবিট** ২০১৮ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের **ক্রেডিট**

| প্রাপ্তিসমূহ | | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|---|
| হাতে নগদ | | ১,২০,০০০ | বেতন | ২২,৫০০ |
| চাঁদা: ২০১৭ | ৭,৫০০ | | মনিহারি | ১,৫০০ |
| ২০১৮ | ৩৭,৫০০ | | টেলিফোন | ১৬,৫০০ |
| ২০১৯ | ১৫,০০০ | ৬০,০০০ | ১০% বিনিয়োগ (০১-০৩-২০১৮) | ৪৫,০০০ |
| ক্রীড়া হতে মুনাফা | | ১৫,০০০ | খেলাধুলার খরচ | ৭,৫০০ |
| প্রাপ্ত সুদ | | ৩,০০০ | আসবাবপত্র | ৭,৫০০ |
| কল্যাণ তহবিলে প্রাপ্তি | | ১৫,০০০ | হাতে নগদ | ১,১২,৫০০ |
| | | ২,১৩,০০০ | | ২,১৩,০০০ |

**অন্যান্য তথ্য:** ১. ক্লাবের সদস্য ১০০ জন রয়েছে। প্রতিজন ৪৫০ টাকা করে চাঁদা প্রদান করে। ২০১৭ সালের চাঁদা ৯,০০০ টাকা বকেয়া ছিল। ২. প্রারম্ভিক মনিহারি ১,৫০০ টাকা এবং ব্যবহৃত মনিহারি ৭৫০ টাকা। ৩. ডিসেম্বর মাসের টেলিফোন বিল বকেয়া আছে। ৪. খেলাধুলা খরচের মধ্যে বিগত বছরের খরচ অন্তর্ভুক্ত আছে ৩,০০০ টাকা। ৫. ৩১ ডিসেম্বর ২০১৭ তারিখে দালানের মূল্য ছিল ৩,০০,০০০ টাকা কিন্তু বর্তমান মূল্য ২,৭০,০০০ টাকা।

ক. প্রারম্ভিক চলতি সম্পদের পরিমাণ নির্ণয় করো। ২
খ. আয়-ব্যয় বিবরণী তৈরি করো। ৪
গ. মূলধন তহবিল ৪,২৭,৫০০ টাকা ধরে আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

**১ নং প্রশ্নের সমাধান**

**ক** প্রারম্ভিক চলতি সম্পদের পরিমাণ:

| | |
|---|---|
| হাতে নগদ | ১,২০,০০০ টাকা |
| অনাদায়ী চাঁদা (৭,৫০০ + ১,৫০০) | ৯,০০০ টাকা |
| প্রারম্ভিক মনিহারি | ১,৫০০ টাকা |
| ∴ **চলতি সম্পদ** | ১,৩০,৫০০ টাকা |

**উত্তর:** প্রারম্ভিক চলতি সম্পদ ১,৩০,৫০০ টাকা।

**খ**

**ধানমন্ডি ক্লাব**

**আয়-ব্যয় বিবরণী**

২০১৮ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **আয়সমূহ:** | | | |
| চাঁদা | ৩৭,৫০০ | | |
| যোগ: অনাদায়ী | ৭,৫০০ | ৪৫,০০০ | |
| ক্রীড়া হতে মুনাফা | | ১৫,০০০ | |
| প্রাপ্ত সুদ | ৩,০০০ | | |
| যোগ: অনাদায়ী | ৭৫০ | ৩,৭৫০ | |
| **মোট আয়** | | | ৬৩,৭৫০ |

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **বাদ: ব্যয়সমূহ:** | | | |
| বেতন | | ২২,৫০০ | |
| মনিহারি | ১,৫০০ | | |
| যোগ: প্রারম্ভিক | ১,৫০০ | | |
| | ৩,০০০ | | |
| বাদ: সমাপনী | ২,২৫০ | ৭৫০ | |
| টেলিফোন | ১৬,৫০০ | | |
| যোগ: বকেয়া | ১,৫০০ | ১৮,০০০ | |
| খেলাধুলার খরচ | ৭,৫০০ | | |
| বাদ: বিগত বছরের বকেয়া | ৩,০০০ | ৪,৫০০ | |
| দালানকোঠার অবচয় | | ৩০,০০০ | |
| **মোট ব্যয়** | | | (৭৫,৭৫০) |
| **আয় অতিরিক্ত ব্যয়** | | | (১২,০০০) |

**উত্তর:** আয় অতিরিক্ত ব্যয় ১২,০০০ টাকা।

গ

**ধানমন্ডি ক্লাব**
**আর্থিক অবস্থার বিবরণী**
৩১ ডিসেম্বর, ২০১৮

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **সম্পদসমূহ:** | | | |
| হাতে নগদ | | ১,১২,৫০০ | |
| ১০% বিনিয়োগ | | ৪৫,০০০ | |
| সমাপনী মনিহারি | | ২,২৫০ | |
| আসবাবপত্র | | ৭,৫০০ | |
| অনাদায়ী চাঁদা | | ৯,০০০ | |
| বিনিয়োগের অনাদায়ী সুদ | | ৭৫০ | |
| দালান কোঠা | ৩,০০,০০০ | | |
| বাদ: অবচয় | ৩০,০০০ | ২,৭০,০০০ | ৪,৪৭,০০০ |
| **মোট সম্পদ** | | | ৪,৪৭,০০০ |
| **দায় ও মূলধন তহবিল:** | | | |
| বকেয়া টেলিফোন বিল | ১,৫০০ | | |
| অগ্রিম চাঁদা | ১৫,০০০ | | |
| কল্যাণ তহবিল | ১৫,০০০ | ৩১,৫০০ | |
| মূলধন তহবিল | ৪,২৭,৫০০ | | |
| বাদ: আয়াতিরিক্ত ব্যয় | ১২,০০০ | ৪,১৫,৫০০ | ৪,৪৭,০০০ |
| **মোট দায় ও মূলধন তহবিল** | | | ৪,৪৭,০০০ |

**উত্তর:** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৪,৪৭,০০০ টাকা।

**প্রশ্ন ▶২** ডাকাতিয়া ক্লাবের ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের প্রাপ্তি ও প্রদান হিসাব নিম্নরূপ:

ডেবিট **প্রাপ্তি ও প্রদান হিসাব** ক্রেডিট

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| **প্রারম্ভিক উদ্বৃত্ত:** | | সচিবের সম্মানী (৯ মাসের) | ৭২,০০০ |
| নগদ উদ্বৃত্ত | ১১,০০০ | ছাপা ও মনিহারি | ১১,০০০ |
| ব্যাংক উদ্বৃত্ত | ২০,০০০ | সংবাদপত্র ও সাময়িকী | ৬,০০০ |
| প্রবেশ ফি | ৪০,০০০ | বৃত্তি প্রদান | ২০,০০০ |
| চাঁদা | ১,২০,০০০ | কর্জের সুদ | ১,০০০ |
| ১০% কর্জ গ্রহণ (১-৭-১৮) | ৬০,০০০ | বকেয়া দেনা পরিশোধ | ৬,০০০ |

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| ব্যাংক জমার সুদ | ১,০০০ | বই পুস্তক ক্রয় (১-৭-১৮) | ৪০,০০০ |
| | | প্রাইজ বন্ড ক্রয় | ৬০,০০০ |
| | | **সমাপনী উদ্বৃত্ত:** | |
| | | নগদ উদ্বৃত্ত | ১২,০০০ |
| | | ব্যাংক উদ্বৃত্ত | ২৪,০০০ |
| | ২,৫২,০০০ | | ২,৫২,০০০ |

২০১৮ সালের ১ জানুয়ারি তারিখে ক্লাবের সম্পদ নিম্নরূপ ছিল: বই পুস্তক ৮০,০০০ টাকা; এবং প্রাইজ বন্ড ১,০০,০০০ টাকা।
**অন্যান্য তথ্য:** ১. জন প্রতি ১,০০০ টাকা হারে ১০ জন সদস্যদের চাঁদা এখনো পাওয়া যায় নি। ২. মনিহারির সমাপনী মজুদ ছিল ১,০০০ টাকা। ৩১-১২-২০১৮ তারিখে ছাপা খরচ অপরিশোধিত হয়েছে ২,০০০ টাকা। ৩. প্রবেশ ফির সম্পূর্ণ অংশ মূলধন তহবিলে স্থানান্তরিত হবে। ৪. বই পুস্তকের ওপর ১০% অবচয় ধরতে হবে।

ক. প্রারম্ভিক সম্পদসমূহ ও দায়সমূহের পার্থক্য নির্ণয় করো। ২
খ. মোট আয় ১,৩১,০০০ টাকা ধরে আয়-ব্যয় হিসাব প্রস্তুত করো। (বিবরণী ছক ব্যবহার করে)। ৪
গ. উদ্বর্তপত্রের সম্পদ পার্শ্ব প্রদর্শন করো। ৪

**২ নং প্রশ্নের সমাধান**

ক প্রারম্ভিক সম্পদ ও দায়সমূহের পার্থক্য নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **সম্পদসমূহ:** | | |
| নগদ উদ্বৃত্ত | ১১,০০০ | |
| ব্যাংক উদ্বৃত্ত | ২০,০০০ | |
| বই পুস্তক | ৮০,০০০ | |
| প্রাইজ বন্ড | ১,০০,০০০ | |
| **মোট সম্পদ** | | ২,১১,০০০ |
| **দায়সমূহ:** | | |
| বকেয়া দেনা পরিশোধ | | (৬,০০০) |
| **প্রারম্ভিক সম্পদ ও দায়ের পার্থক্য** | | ২,০৫,০০০ |

**উত্তর:** প্রারম্ভিক সম্পদ ও দায়ের পার্থক্য ২,০৫,০০০ টাকা।

খ

**ডাকাতিয়া ক্লাব**
**আয় ব্যয় বিবরণী**
২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| মোট আয় (প্রশ্নে প্রদত্ত) | | | ১,৩১,০০০ |
| **বাদ: ব্যয়সমূহ:** | | | |
| সচিবের সম্মানী | ৭২,০০০ | | |
| যোগ: বকেয়া $\left(\frac{৭২,০০০}{৯} \times ৩\right)$ | ২৪,০০০ | ৯৬,০০০ | |
| ছাপা ও মনিহারি | ১১,০০০ | | |
| যোগ: বকেয়া | ২,০০০ | | |
| | ১৩,০০০ | | |
| বাদ: অব্যবহৃত | (১,০০০) | ১২,০০০ | |
| সংবাদপত্র ও সাময়িকী | | ৬,০০০ | |
| বৃত্তি প্রদান | | ২০,০০০ | |
| কর্জের সুদ | ১,০০০ | | |
| যোগ: বকেয়া | ২,০০০ | ৩,০০০ | |
| বই পুস্তকের অবচয় (৮,০০০ + ২,০০০) | | ১০,০০০ | (১,৪৭,০০০) |
| **আয়াতিরিক্ত ব্যয়** | | | (১৬,০০০) |

**উত্তর:** আয়াতিরিক্ত ব্যয় ১৬,০০০ টাকা।

গ

**ডাকাতিয়া ক্লাব**
**আর্থিক অবস্থার বিবরণী (আংশিক)**
৩১ ডিসেম্বর, ২০১৮

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **সম্পত্তিসমূহ** | | | |
| নগদ উদ্বৃত্ত | | ১২,০০০ | |
| ব্যাংক উদ্বৃত্ত | | ২৪,০০০ | |
| মনিহারির সমাপনী মজুদ | | ১,০০০ | |
| বকেয়া চাঁদা | | ১০,০০০ | |
| প্রাইজবন্ড | ১,০০,০০০ | | |
| যোগ: ক্রয় | ৬০,০০০ | ১,৬০,০০০ | |
| বই পুস্তক | ৮০,০০০ | | |
| যোগ: নতুন ক্রয় | ৪০,০০০ | | |
| | ১,২০,০০০ | | |
| বাদ: অবচয় | (১০,০০০) | ১,১০,০০০ | |
| **মোট সম্পদ** | | | ৩,১৭,০০০ |

**উত্তর:** মোট সম্পদ ৩,১৭,০০০ টাকা।

**প্রশ্ন ▶৩** রংপুর টাউন ক্লাবের ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রস্তুতকৃত প্রাপ্তি ও প্রদান বিবরণী নিচে দেওয়া হলো:

| বিবরণ | পরিমাণ (টাকা) |
|---|---|
| **প্রাপ্তিসমূহ:** | |
| প্রারম্ভিক উদ্বৃত্ত | ৫,০০০ |
| চাঁদা (৮০% আদায়কৃত) | ৫০,০০০ |
| অনুদান | ১০,০০০ |
| খাদ্যদ্রব্য ও পানীয় বিক্রয় | ৩০,০০০ |
| পুরাতন আসবাবপত্র বিক্রয় | ৫,০০০ |
| বিচিত্রানুষ্ঠান টিকিট বিক্রয় | ২০,০০০ |
| **মোট প্রাপ্তি** | ১,২০,০০০ |
| **প্রদানসমূহ:** | |
| বেতন ও ভাতা ব্যয় | ১৮,০০০ |
| বৈদ্যুতিক খরচ | ৪,০০০ |
| বৈদ্যুতিক সংস্থাপন ব্যয় | ২৫,০০০ |
| ভাড়া ব্যয় ($^{৪}/_{৫}$ অংশ) | ১০,০০০ |
| আসবাবপত্র ক্রয় | ১০,০০০ |
| রাষ্ট্রপতির ত্রাণ তহবিলে দান | ১০,০০০ |
| খাদ্যদ্রব্য ও পানীয় ক্রয় | ২০,০০০ |
| বিচিত্রানুষ্ঠান ব্যয় | ৯,০০০ |
| **মোট প্রদান** | ১,০৬,০০০ |
| সমাপনী উদ্বৃত্ত | ১৪,০০০ |
| **মোট** | ১,২০,০০০ |

২০১৮ সালের ১ জানুয়ারি তারিখে ক্লাবের সম্পত্তি ও দায় ছিল নিম্নরূপ: দালানকোঠা ১,২০,০০০ টাকা; আসবাবপত্র ২৫,০০০ টাকা; দরিদ্র কল্যাণ তহবিল ১৫,০০০ টাকা।

**অন্যান্য তথ্য:** ১. খাদ্য ও পানীয়ের মজুদ ছিল: ৩১.১২.২০১৭ তারিখে ৪,০০০ টাকা এবং ৩১.১২.২০১৮ তারিখে ৬,৫০০ টাকা। ২. আসবাবপত্র ক্রয় ও বিক্রয় উভয় কার্য ১.৭.২০১৮ তারিখে সম্পন্ন হয়েছে। ৩. আসবাবপত্রের ওপর ১০% হারে এবং দালানকোঠার ওপর ৫% হারে অবচয় ব্যয় ধার্য করতে হবে।

ক. ১.১.২০১৮ তারিখের মূলধন তহবিল নির্ণয় করো। ২

খ. ২০১৮ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত সমাপ্ত বছরের জন্য ক্লাবের আয়-ব্যয় বিবরণী প্রস্তুত করো। ব্যয়াতিরিক্ত আয়ের অর্ধাংশ বন্যা ত্রাণ তহবিলে স্থানান্তর করো। ৪

গ. ৩১.১২.২০১৮ তারিখে রংপুর টাউন ক্লাবের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

## ৩ নং প্রশ্নের সমাধান

ক ১.১.২০১৮ তারিখের মূলধন তহবিল নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **প্রারম্ভিক সম্পদসমূহ:** | | |
| হাতে নগদ | ৫,০০০ | |
| দালানকোঠা | ১,২০,০০০ | |
| আসবাবপত্র | ২৫,০০০ | |
| খাদ্যদ্রব্য ও পানীয়ের মজুদ | ৪,০০০ | |
| **মোট সম্পদ** | | ১,৫৪,০০০ |
| **বাদ: প্রারম্ভিক দায়সমূহ:** | | |
| দরিদ্র কল্যাণ তহবিল | | (১৫,০০০) |
| **মূলধন তহবিল** | | ১,৩৯,০০০ |

**উত্তর:** মূলধন তহবিল ১,৩৯,০০০ টাকা।

খ

**রংপুর টাউন ক্লাব**
**আয়-ব্যয় বিবরণী**
২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **আয়সমূহ:** | | | |
| চাঁদা | ৫০,০০০ | | |
| যোগ: অনাদায়ী (৫০,০০০ ÷ ৮০ × ২০) | ১২,৫০০ | ৬২,৫০০ | |
| খাদ্যদ্রব্য ও পানীয় বিক্রয় | | ৩০,০০০ | |
| বিচিত্রানুষ্ঠানের টিকিট বিক্রয় | | ২০,০০০ | |
| **মোট আয়** | | | ১,১২,৫০০ |
| **বাদ: ব্যয়সমূহ:** | | | |
| বেতন ও ভাতা ব্যয় | | ১৮,০০০ | |
| বৈদ্যুতিক খরচ | | ৪,০০০ | |
| ভাড়া ব্যয় | ১০,০০০ | | |
| যোগ: বকেয়া (১০,০০০ × ১/৪) | ২,৫০০ | ১২,৫০০ | |
| রাষ্ট্রপতির ত্রাণ তহবিলে দান | | ১০,০০০ | |
| খাদ্যদ্রব্য ও পানীয় ক্রয় | ২০,০০০ | | |
| যোগ: খাদ্যদ্রব্য ও পানীয়ের প্রারম্ভিক মজুদ | ৪,০০০ | | |
| | ২৪,০০০ | | |
| বাদ: খাদ্যদ্রব্য ও পানীয়ের সমাপনী মজুদ | (৬,৫০০) | ১৭,৫০০ | |
| বিচিত্রানুষ্ঠান ব্যয় | | ৯,০০০ | |
| আসবাবপত্রের অবচয় [(২৫,০০০ - ৫,০০০) × ১০% × ৬/১২ + (২৫,০০০ - ৫,০০০ + ১০,০০০) × ১০% × ৬/১২] | | ২,৫০০ | |
| দালানকোঠার অবচয় | | ৬,০০০ | |
| | | ৭৯,৫০০ | |
| বন্যা ত্রাণ তহবিলে স্থানান্তর [(১,১২,৫০০ - ৭৯,৫০০) × ১/২] | | ১৬,৫০০ | (৯৬,০০০) |
| **আয় উদ্বৃত্ত** | | | ১৬,৫০০ |

**উত্তর:** আয় উদ্বৃত্ত ১৬,৫০০ টাকা।

**নোট:** বিক্রীত আসবাবপত্রের অবচয় ধরলেও হয়, না ধরলেও হয়। এক্ষেত্রে আসবাবপত্রের অবচয় ধার্য করলে আসবাবপত্রের অবচয় খরচ হবে ২,৭৫০ টাকা এবং আসবাবপত্র বিক্রয়জনিত লাভ হবে ২৫০ টাকা। অবচয় ধার্য না করলে আসবাবপত্র বিক্রয়ের লাভও হবে না এবং আসবাবপত্রের অবচয় খরচ হবে ২,৫০০ টাকা। অর্থাৎ নিট ফলাফল অপরিবর্তিত থাকবে। এখানে বিক্রীত আসবাবপত্রের ওপর অবচয় ধার্য করা হলো না।

গ

**রংপুর টাউন ক্লাব**
**আর্থিক অবস্থার বিবরণী**
৩১ ডিসেম্বর, ২০১৮

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **সম্পদসমূহ:** | | | |
| হাতে নগদ | | ১৪,০০০ | |
| অনাদায়ী চাঁদা | | ১২,৫০০ | |
| বৈদ্যুতিক সংস্থাপন ব্যয় | | ২৫,০০০ | |
| দালানকোঠা | ১,২০,০০০ | | |
| বাদ: অবচয় | (৬,০০০) | ১,১৪,০০০ | |
| আসবাবপত্র | ২৫,০০০ | | |
| যোগ: নতুন ক্রয় | ১০,০০০ | | |
| | ৩৫,০০০ | | |
| বাদ: বিক্রয় (ক্রয়মূল্য) | (৫,০০০) | | |
| | ৩০,০০০ | | |
| বাদ: অবচয় | (২,৫০০) | ২৭,৫০০ | |
| খাদ্যদ্রব্য ও পানীয়ের সমাপনী মজুদ | | ৬,৫০০ | |
| **মোট সম্পদ** | | | ১,৯৯,৫০০ |
| **দায় ও মূলধন তহবিল:** | | | |
| বকেয়া ভাড়া | | ২,৫০০ | |
| দরিদ্র কল্যাণ তহবিল | | ১৫,০০০ | |
| বন্যা ত্রাণ তহবিল | | ১৬,৫০০ | |
| মূলধন তহবিল | ১,৩৯,০০০ | | |
| যোগ: অনুদান | ১০,০০০ | | |
| | ১,৪৯,০০০ | | |
| যোগ: আয় উদ্বৃত্ত | ১৬,৫০০ | ১,৬৫,৫০০ | |
| **মোট দায় ও মূলধন তহবিল** | | | ১,৯৯,৫০০ |

**উত্তর:** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ১,৯৯,৫০০ টাকা।

**প্রশ্ন ▶ ৪** জাগরণী ক্লাবের ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখের সমাপ্ত বছরের প্রাপ্তি ও প্রদান হিসাব নিম্নে দেওয়া হলো:

**প্রাপ্তি ও প্রদান হিসাব**
২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখ সমাপ্ত বছরের জন্য

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| প্রারম্ভিক উদ্বৃত্ত | ৮,০০০ | ম্যানেজারের বেতন | ২৫,০০০ |
| চাঁদা | ৭০,০০০ | প্রাঙ্গাণ রক্ষণাবেক্ষণ | ১০,০০০ |
| লকার ভাড়া | ১০,০০০ | খাদ্যসামগ্রী ক্রয় | ২৫,০০০ |
| খাদ্যসামগ্রী বিক্রয় | ২০,০০০ | প্রাঙ্গাণ কর | ২,০০০ |
| খেলার টিকেট বিক্রয় | ৫,০০০ | খেলাধুলার খরচ | ৬,০০০ |
| | | প্রাঙ্গাণরক্ষীর মজুরি | ২০,০০০ |
| | | সমাপনী উদ্বৃত্ত | ২৫,০০০ |
| | ১,১৩,০০০ | | ১,১৩,০০০ |

২০১৮ সালের ১ জানুয়ারি ক্লাবের অন্যান্য উদ্বৃত্ত ছিল নিম্নরূপ: দালানকোঠা ৫০,০০০ টাকা; ১২% বিনিয়োগ ৩০,০০০ টাকা; খাদ্যসামগ্রী ৩০,০০০ টাকা, অনাদায়ী চাঁদা ৬০০ টাকা ও ক্রীড়া তহবিল ১২,০০০ টাকা।

**অন্যান্য তথ্য:** ১. ক্লাবের সদস্য সংখ্যা ৬৫০ জন, প্রত্যেকে বার্ষিক চাঁদা ১০০ টাকা করে দান করে। ২. ২০১৬ সালের ৩১ ডিসেম্বর-এর খাদ্যসামগ্রীর সমাপনী মূল্য ১০,০০০ টাকা। ৩. ম্যানেজারের বেতন বকেয়া আছে ৫,০০০ টাকা।

ক. খাদ্যসামগ্রী হিসাব প্রস্তুত করো। ২
খ. প্রারম্ভিক মূলধন তহবিল নির্ণয় করো। ৪
গ. উপর্যুক্ত তথ্যের আলোকে ক্লাবের আয়-ব্যয় হিসাব প্রস্তুত করো। ৪

## ৪ নং প্রশ্নের সমাধান

ক

**জাগরনী ক্লাব**
**খাদ্য সামগ্রী বিবরণী (হিসাব)**
২০১৮ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| খাদ্য সামগ্রী বিক্রয় | | ২০,০০০ |
| **বাদ: খাদ্যসামগ্রী ব্যয়:** | | |
| প্রারম্ভিক খাদ্য সামগ্রী | ৩০,০০০ | |
| যোগ: খাদ্য সামগ্রী ক্রয় | ২৫,০০০ | |
| | ৫৫,০০০ | |
| বাদ: সমাপনী খাদ্য সামগ্রী | (১০,০০০) | (৪৫,০০০) |
| **খাদ্যসামগ্রী বিক্রয়ের ক্ষতি** | | ২৫,০০০ |

**উত্তর:** খাদ্য সামগ্রী বিক্রয়ের ক্ষতি ২৫,০০০ টাকা।

খ প্রারম্ভিক মূলধন তহবিলের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **প্রারম্ভিক সম্পদসমূহ:** | | |
| প্রারম্ভিক নগদ | ৮,০০০ | |
| দালানকোঠা | ৫০,০০০ | |
| ১২% বিনিয়োগ | ৩০,০০০ | |
| প্রারম্ভিক খাদ্য সামগ্রী | ৩০,০০০ | |
| অনাদায়ী চাঁদা | ৬০০ | |
| **মোট প্রারম্ভিক সম্পদ** | | ১,১৮,৬০০ |
| **বাদ: প্রারম্ভিক দায়সমূহ:** | | |
| ক্রীড়া তহবিল | | (১২,০০০) |
| **প্রারম্ভিক মূলধন** | | ১,০৬,৬০০ |

**উত্তর:** প্রারম্ভিক মূলধন ১,০৬,৬০০ টাকা।

গ

**জাগরনী ক্লাব**
**আয়-ব্যয় বিবরণী (হিসাব)**
২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **আয়সমূহ:** | | | |
| চাঁদা | ৭০,০০০ | | |
| বাদ: বিগত বছরের অনাদায়ী | (৬০০) | | |
| | ৬৯,৪০০ | | |
| বাদ: অগ্রিম [৬৯,৪০০ − (৬৫০ × ১০০)] | (৪,৪০০) | ৬৫,০০০ | |
| লকার ভাড়া | | ১০,০০০ | |
| খেলার টিকেট বিক্রয় | | ৫,০০০ | |
| বিনিয়োগের সুদ (৩০,০০০ × ১২%) | | ৩,৬০০ | |
| **মোট আয়** | | | ৮৩,৬০০ |
| **বাদ: ব্যয়সমূহ:** | | | |
| ম্যানেজারের বেতন | ২৫,০০০ | | |
| যোগ: বকেয়া | ৫,০০০ | ৩০,০০০ | |
| প্রাঙ্গান রক্ষণাবেক্ষণ | | ১০,০০০ | |
| প্রাঙ্গান কর | | ২,০০০ | |
| খেলাধুলার খরচ | | ৬,০০০ | |
| প্রাঙ্গান রক্ষীর মজুরি | | ২০,০০০ | |
| খাদ্য সামগ্রী বিক্রয়ের ক্ষতি (ক থেকে প্রাপ্ত) | | ২৫,০০০ | |
| **মোট ব্যয়** | | | (৯৩,০০০) |
| **আয়াতিরিক্ত ব্যয়** | | | (৯,৪০০) |

**উত্তর:** আয়াতিরিক্ত ব্যয় ৯,৪০০ টাকা।

**প্রশ্ন ▶ ৫** ঢাকা ক্লাব ২০১৭ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য প্রস্তুত প্রাপ্তি ও প্রদান হিসাব নিম্নে প্রদত্ত হলো:

**প্রাপ্তি ও প্রদান হিসাব**

২০১৭ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| **প্রারম্ভিক উদ্বৃত্ত:** | | বেতন | ১২,০০০ |
| নগদ ও ব্যাংক | ৬১,০০০ | টেলিফোন খরচ | ১,৪০০ |
| চাঁদা: | | আসবাবপত্র ক্রয় (০১-০৭-২০১৭) | ২০,০০০ |
| ২০১৬ | ৪,০০০ | দান খয়রাত | ৩০,০০০ |
| ২০১৭ | ৩৮,৫০০ | ভাড়া ($^3/_4$ অংশ প্রদত্ত) | ২৪,০০০ |
| ২০১৮ | ৫,০০০ | **সমাপনী উদ্বৃত্ত:** | |
| উইলকৃত সম্পদ | ৩৫,০০০ | নগদ ও ব্যাংক জমা | ৬২,১০০ |
| বিনিয়োগের সুদ | ৫,০০০ | | |
| পুরাতন খবরের কাগজ বিক্রয় | ১,০০০ | | |
| | ১,৪৯,৫০০ | | ১,৪৯,৫০০ |

**অন্যান্য তথ্য:** ১. ১ জানুয়ারি ২০১৭ তারিখে ক্লাবের দালানকোঠা ১,৫০,০০০ টাকা, আসবাবপত্র ২০,০০০ টাকা এবং ১০% বিনিয়োগের পরিমাণ ছিল ৮০,০০০ টাকা। ২. বিগত বছরের বকেয়া বেতন ২,৫০০ টাকা চলতি বছরে পরিশোধ করা হয়েছে। পক্ষান্তরে, চলতি বছরে বেতন বাবদ ৪,০০০ টাকা অপরিশোধিত রয়েছে। ৩. অত্র ক্লাবের মোট সদস্য সংখ্যা ৪০০ জন এবং চাঁদা প্রদানের হার জনপ্রতি বার্ষিক ১০০ টাকা। ৪. দালানকোঠার ৫% এবং আসবাবপত্রের ওপর ১০% অবচয় ধার্য করো।

ক. প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২

খ. ২০১৭ সালের ৩১ ডিসেম্বর তারিখে ক্লাবের আয়-ব্যয় হিসাব প্রস্তুত করো। ৪

গ. ২০১৭ সালের ৩১ ডিসেম্বর তারিখে ক্লাবের মোট সম্পদের পরিমাণ নির্ণয় করো। ৪

**৫ নং প্রশ্নের সমাধান**

**ক** প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **প্রারম্ভিক সম্পদসমূহ:** | | |
| নগদ ও ব্যাংক জমা | ৬১,০০০ | |
| অনাদায়ী চাঁদা | ৪,০০০ | |
| দালানকোঠা | ১,৫০,০০০ | |
| আসবাবপত্র | ২০,০০০ | |
| ১০% বিনিয়োগ | ৮০,০০০ | |
| **মোট প্রারম্ভিক সম্পদ** | | ৩,১৫,০০০ |
| **বাদ: প্রারম্ভিক দায়সমূহ:** | | |
| বকেয়া বেতন | | (২,৫০০) |
| **প্রারম্ভিক মূলধন** | | ৩,১২,৫০০ |

**উত্তর:** প্রারম্ভিক মূলধন ৩,১২,৫০০ টাকা।

**খ**

**ঢাকা ক্লাব**

**আয়-ব্যয় বিবরণী (হিসাব)**

**২০১৭ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য**

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **আয়সমূহ** | | | |
| চাঁদা | ৩৮,৫০০ | | |
| যোগ: অনাদায়ী চাঁদা {(৪০০ × ১০০) – ৩৮,৫০০} | ১,৫০০ | | |
| | | ৪০,০০০ | |
| বিনিয়োগের সুদ | ৫,০০০ | | |
| যোগ: অনাদায়ী চাঁদা {(৮০,০০০ × ১০%) – ৫,০০০} | ৩,০০০ | | |
| | | ৮,০০০ | |
| পুরাতন ঘরের কাগজ বিক্রয় | | ১,০০০ | |
| **মোট আয়** | | | ৪৯,০০০ |

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| বাদ: ব্যয়সমূহ | | | |
| বেতন | ১২,০০০ | | |
| বাদ: বিগত বছরের বকেয়া বেতন | (২,৫০০) | | |
| | ৯,৫০০ | | |
| যোগ: চলতি বছরের বকেয়া বেতন | ৪,০০০ | | |
| | | ১৩,৫০০ | |
| টেলিফোন খরচ | | ১,৪০০ | |
| দান খয়রাত | | ৩০,০০০ | |
| ভাড়া | ২৪,০০০ | | |
| যোগ: বকেয়া ভাড়া (২৪,০০০ $^{১}/_{৩}$) | ৮,০০০ | | |
| | | ৩২,০০০ | |
| অবচয়ঃ | | | |
| দালানকোঠা (১,৫০,০০০ × ৫%) | ৭,৫০০ | | |
| আসবাবপত্র {(২০,০০০ × ১০%) + (২০,০০০ × ১০% × $^{৬}/_{১২}$)} | ৩,০০০ | | |
| | | ১০,৫০০ | |
| **মোট ব্যয়** | | | (৮৭,৪০০) |
| **আয়তিরিক্ত ব্যয়** | | | (৩৮,৪০০) |

**উত্তর:** আয়াতিরিক্ত ব্যয় ৩৮,৪০০ টাকা।

গ

**ঢাকা ক্লাব**
**আর্থিক অবস্থার বিবরণী (আংশিক)**

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **সম্পদসমূহ** | | | |
| নগদ ও ব্যাংক জমা | | ৬২,১০০ | |
| অনাদায়ী চাঁদা | | ১,৫০০ | |
| বিনিয়োগের অনাদায়ী সুদ | | ৩,০০০ | |
| দালানকোঠা | ১,৫০,০০০ | | |
| বাদ: পুঞ্জীভূত অবচয় (১,৫০,০০০ × ৫%) | (৭,৫০০) | ১,৪২,৫০০ | |
| আসবাবপত্র | ২০,০০০ | | |
| যোগ: নতুন ক্রয় | ২০,০০০ | | |
| | ৪০,০০০ | | |
| বাদ: পুঞ্জীভূত অবচয় | (৩,০০০) | ৩৭,০০০ | |
| ১০% বিনিয়োগ | | ৮০,০০০ | |
| **মোট সম্পদ** | | | ৩,২৬,১০০ |

**উত্তর:** মোট সম্পদ ৩,২৬,১০০ টাকা।

**প্রশ্ন ▶৬** ২০১৮ সলের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য যুব সংঘের প্রাপ্তি ও প্রদান হিসাব নিম্নরূপ:

**যুব সংঘ**
**প্রাপ্তি ও প্রদান হিসাব**

ডেবিট ডিসেম্বর ৩১, ২০১৮ ক্রেডিট

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| নগদ তহবিল (১.১.১৮) | ৬,০০০ | আপ্যায়ন খরচ | ২,০০০ |
| চাঁদা | ৭,০০০ | বাড়িভাড়া | ৩,০০০ |
| ভর্তি ফি | ২,৫০০ | স্টেশনারি | ২,৪০০ |
| লকার ভাড়া | ১,০০০ | ১০% বিনিয়োগ (১.৭.১৮) | ৫,০০০ |
| চা চক্র থেকে মুনাফা | ৪,০০০ | আসবাবপত্র ক্রয় (৩০.৬.১৮) | ৬,০০০ |
| | | উদ্বৃত্ত (৩১.১২.১৮) | ২,৬০০ |
| | ২১,০০০ | | ২১,০০০ |

২০১৮ সালের ১ জানুয়ারি তারিখে সংঘের সম্পদ ছিল: ১০% বিনিয়োগ ৫০,০০০ টাকা আসবাবপত্র ২৪,০০০ টাকা, সংঘের প্রাঙ্গন ৬০,০০০ টাকা ও খেলার সরঞ্জাম ৪০,০০০ টাকা।

**অন্যান্য তথ্য:** ১. ২০১৭ সালের বকেয়া ভাড়া ৩০০ টাকা এ বছর পরিশোধ করা হয়েছে। পক্ষান্তরে ২০১৯ সালের লকার ভাড়া ১০০ টাকা অগ্রিম পাওয়া গিয়েছে। ২. বিনিয়োগের সুদ অনাদায়ী রয়েছে। ৩. মোট প্রাপ্ত চাঁদার মধ্যে বিগত বছরের ২৭৫ টাকা এবং পরবর্তী বছরের চাঁদা ৪৬০ টাকা অন্তর্ভুক্ত রয়েছে। ৪. আসবাবপত্রের ওপর ৫% অবচয় ধরতে হবে।

ক. প্রারম্ভিক মূলধন তহবিল নির্ণয় করো। ২
খ. ২০১৮ সালের সমাপ্ত বছরের আয়-ব্যয় বিবরণী তৈরি করো। ৪
গ. ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সংঘের মোট সম্পদের পরিমাণ নির্ণয় করো। ৪

**৬ নং প্রশ্নের সমাধান**

**ক** প্রারম্ভিক মূলধন তহবিল নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **প্রারম্ভিক সম্পদসমূহ:** | | |
| নগদ তহবিল | ৬,০০০ | |
| ১০% বিনিয়োগ | ৫০,০০০ | |
| আসবাবপত্র | ২৪,০০০ | |
| প্রাঙ্গান | ৬০,০০০ | |
| খেলার সরঞ্জাম | ৪০,০০০ | |
| অনাদায়ী চাঁদা | ২৭৫ | |
| **মোট প্রারম্ভিক সম্পদ** | | ১,৮০,২৭৫ |
| **বাদ: প্রারম্ভিক দায়সমূহ:** | | |
| বিগত বছরের বকেয়া বেতন | | (৩০০) |
| **প্রারম্ভিক মূলধন** | | ১,৭৯,৯৭৫ |

**উত্তর:** প্রারম্ভিক মূলধন তহবিল ১,৭৯,৯৭৫ টাকা।

**খ**

**যুব সংঘ**
**আয়-ব্যয় বিবরণী**
২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **আয়সমূহ:** | | | |
| চাঁদা | ৭,০০০ | | |
| বাদ: বিগত বছরের অনাদায়ী | (২৭৫) | | |
| | ৬,৭২৫ | | |
| বাদ: পরবর্তী বছরের অগ্রিম | (৪৬০) | ৬,২৬৫ | |
| ভর্তি ফি | | ২,৫০০ | |
| লকার ভাড়া | ১,০০০ | | |
| বাদ: অগ্রিম | (১০০) | ৯০০ | |
| চা-চক্র হতে মুনাফা | | ৪,৫০০ | |
| বিনিয়োগের সুদ (৫০,০০০ × ১০%) + (৫,০০০ × ১০% × $^{৬}/_{১২}$) | | ৫,২৫০ | |
| **মোট আয়** | | | ১৯,৪১৫ |
| **বাদ: ব্যয়সমূহ:** | | | |
| আপ্যায়ন খরচ | | ২,০০০ | |
| বাড়ি ভাড়া | ৩,০০০ | | |
| বাদ: বিগত বছরের বকেয়া | (৩০০) | ২,৭০০ | |
| স্টেশনারি | | ২,৪০০ | |
| আসবাবপত্রের অবচয় (২৪,০০০ × ৫%) + (৬,০০০ × ৫% × $^{৬}/_{১২}$) | | ১,৩৫০ | (৮,৪৫০) |
| **ব্যয়াতিরিক্ত আয়** | | | ১০,৯৬৫ |

**উত্তর:** ব্যয়াতিরিক্ত আয় ১০,৯৬৫ টাকা।

গ

**যুব সংঘ**
**আর্থিক অবস্থার বিবরণী (আংশিক)**
৩১ ডিসেম্বর, ২০১৮

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **সম্পদসমূহ** | | | |
| **চলতি সম্পদ:** | | | |
| নগদ উদ্বৃত্ত (৩১-১২-২০১৬) | | ২,৬০০ | |
| বিনিয়োগের অনাদায়ী সুদ | | ৫,২৫০ | ৭,৮৫০ |
| **দীর্ঘমেয়াদি বিনিয়োগ:** | | | |
| ১০% বিনিয়োগ (প্রারম্ভিক) | | ৫০,০০০ | |
| যোগ: নতুন বিনিয়োগ | | ৫,০০০ | ৫৫,০০০ |
| **স্থায়ী সম্পদ:** | | | |
| আসবাবপত্র (প্রারম্ভিক) | ২৪,০০০ | | |
| যোগ: নতুন ক্রয় | ৬,০০০ | | |
| | ৩০,০০০ | | |
| বাদ: পুঞ্জীভূত অবচয় | (১,৩৫০) | ২৮,৬৫০ | |
| সংঘের প্রাঙ্গন | | ৬০,০০০ | |
| খেলার সরঞ্জাম | | ৪০,০০০ | ১,২৮,৬৫০ |
| **মোট সম্পদ** | | | ১,৯১,৫০০ |

**উত্তর:** মোট সম্পদ ১,৯১,৫০০ টাকা।

প্রশ্ন ▶ ৭ ২০১৭ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য মিতালী সংঘের প্রাপ্তি ও প্রদান হিসাব নিম্নরূপ:

**মিতালী সংঘ**
**প্রাপ্তি ও প্রদন হিসাব**
৩১ ডিসেম্বর, ২০১৭

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| উদ্বৃত্ত (০১-০১-১৭) | ৩০,০০০ | মজুরি | ৫,০০০ |
| প্রবেশ ফি | ২,৫০০ | বেতন | ৯,০০০ |
| চাঁদা | ২০,০০০ | ভাড়া | ২,০০০ |
| আপ্যায়ন থেকে মুনাফা | ১,০০০ | মেরামত | ১,০০০ |
| খবরের কাগজ বিক্রয় | ৩,৫০০ | বিবিধ খরচ | ৩,০০০ |
| | | আসবাবপত্র | ১৮,০০০ |
| | | উদ্বৃত্ত (৩১-১২-১৭) | ২০,০০০ |
| | ৫৮,০০০ | | ৫৮,০০০ |

২০১৭ সালের ১ জানুয়ারি মিতালী সংঘের সম্পদ ছিল: বিনিয়োগ ৪০,০০০ টাকা, আসবাবপত্র ৩০,০০০ টাকা, খেলার সরঞ্জাম ২০,০০০ টাকা।
**অন্যান্য তথ্য:** ১. প্রাপ্ত চাঁদার ২,০০০ টাকা বিগত বছরের, ৩,০০০ টাকা পরবর্তী বছরের, পক্ষান্তরে চলতি বছরের চাঁদা বাবদ ৪,০০০ টাকা অনাদায়ী আছে। ২. প্রারম্ভিক আসবাবপত্রের ওপর ১০% অবচয় ধার্য করো। ৩. বিগত বছরের বকেয়া বেতন ২,০০০ টাকা চলতি বছরে পরিশোধ করা হয়েছে।

ক. চলতি বছরের চাঁদার পরিমাণ নির্ণয় করো। ২
খ. প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. ২০১৭ সালের আয়-ব্যয় হিসাব তৈরি করো। ৪

**৭ নং প্রশ্নের সমাধান**

ক চলতি বছরের চাঁদার পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| চাঁদা | ২০,০০০ | |
| বাদ: বিগত বছরের চাঁদা | (২,০০০) | |
| | ১৮,০০০ | |
| বাদ: পরবর্তী বছরের অগ্রিম চাঁদা | (৩,০০০) | |
| | ১৫,০০০ | |

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| যোগ: চলতি বছরের অনাদায়ী চাঁদা | ৪,০০০ | |
| **চলতি বছরের চাঁদার পরিমাণ** | | ১৯,০০০ |

**উত্তর:** চলতি বছরের চাঁদার পরিমাণ ১৯,০০০ টাকা।

খ প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **প্রারম্ভিক সম্পদসমূহ:** | | |
| নগদ উদ্বৃত্ত | ৩০,০০০ | |
| বিনিয়োগ | ৪০,০০০ | |
| আসবাবপত্র | ৩০,০০০ | |
| খেলার সরঞ্জাম | ২০,০০০ | |
| বিগত বছরের অনাদায়ী চাঁদা | ২,০০০ | |
| **মোট প্রারম্ভিক সম্পদ** | | ১,২২,০০০ |
| **বাদ: প্রারম্ভিক দায়সমূহ:** | | |
| বিগত বছরের বকেয়া বেতন | | (২,০০০) |
| **প্রারম্ভিক মূলধন** | | ১,২০,০০০ |

**উত্তর:** প্রারম্ভিক মূলধন ১,২০,০০০ টাকা।

গ

**মিতালী সংঘ**
**আয়-ব্যয় বিবরণী**
২০১৭ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **আয়সমূহ:** | | | |
| চাঁদা আয় (ক থেকে প্রাপ্ত) | | ১৯,০০০ | |
| প্রবেশ ফি | | ২,৫০০ | |
| আপ্যায়ন থেকে মুনাফা | | ১,০০০ | |
| খবরের কাগজ বিক্রয় | | ৩,৫০০ | |
| **মোট আয়** | | | ২৬,০০০ |
| **বাদ: ব্যয়সমূহ:** | | | |
| মজুরি | | ৫,০০০ | |
| বেতন | ৯,০০০ | | |
| বাদ: বিগত বছরের বকেয়া বেতন | (২,০০০) | ৭,০০০ | |
| ভাড়া | | ২,০০০ | |
| মেরামত | | ১,০০০ | |
| বিবিধ খরচ | | ৩,০০০ | |
| আসবাবপত্রের অবচয় (৩০,০০০ × ১০%) | | ৩,০০০ | |
| **মোট ব্যয়** | | | (২১,০০০) |
| **আয় উদ্বৃত্ত** | | | ৫,০০০ |

**উত্তর:** আয় উদ্বৃত্ত ৫,০০০ টাকা।

**প্রশ্ন ▶৮** 'বাঁধন' রক্তদানকারী একটি প্রতিষ্ঠান। বিভিন্ন শ্রেণির দাতাদের সমন্বয়ে এই প্রতিষ্ঠানটি পরিচালিত হয়। ২০১৮ সালের ৩০ জুন তারিখে প্রতিষ্ঠানটির প্রাপ্তি প্রদান হিসাব নিম্নরূপ:

**ডেবিট** **ক্রেডিট**

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| নগদ উদ্বৃত্ত (১-৭-২০১৭) | ৫০,০০০ | যাতায়াত ব্যয় | ১৫,০০০ |
| চাঁদা | ১০,০০০ | রক্তদানে আনুষ্ঠানিক ব্যয় | ২০,০০০ |
| বেসরকারি প্রতিষ্ঠান হতে প্রাপ্ত অনুদান | ২০,০০০ | ফ্রিজ ক্রয় | ৪০,০০০ |
| সরকারি অনুদান (৪০% মুনাফা জাতীয়) | ৮০,০০০ | ভাড়া (১০ মাস) | ২৪,০০০ |

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| | | মনিহারি | ১,০০০ |
| | | নগদ উদ্বৃত্ত (৩০.০৬.২০১৮) | ৬০,০০০ |
| | ১,৬০,০০০ | | ১,৬০,০০০ |

**অন্যান্য তথ্য:** ১. সংগঠনটিতে ২০০ জন সদস্য আছে এবং প্রত্যেকে বার্ষিক ১৫০ টাকা করে চাঁদা প্রদান করে। ২. স্থায়ী সম্পদের ওপর ১০% অবচয় করতে হবে। ৩. ব্যবহৃত মনিহারির পরিমাণ ৪০০ টাকা এবং বকেয়া মনিহারি ৭০০ টাকা। ৪. বেসরকারি প্রতিষ্ঠান হতে প্রাপ্ত অনুদান দ্বারা একটি কল্যাণ তহবিল সৃষ্টি করতে হবে।

ক. অব্যবহৃত মনিহারির পরিমাণ নিরূপণ করো। ২

খ. ২০১৮ সালের মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. 'বাঁধন'-এর আয়-ব্যয় বিবরণী প্রস্তুত করো। ৪

**৮ নং প্রশ্নের সমাধান**

ক অব্যবহৃত মনিহারির পরিমাণ নিরূপণ:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| মনিহারি | ১,০০০ | |
| যোগ: বকেয়া মনিহারি | ৭০০ | |
| | ১,৭০০ | |
| বাদ: ব্যবহৃত মনিহারি | (৪০০) | |
| **অব্যবহৃত মনিহারি পরিমাণ** | | ১,৩০০ |

**উত্তর:** অব্যবহৃত মনিহারি পরিমাণ ১,৩০০ টাকা।

খ মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নিরূপণ:

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| যাতায়াত ব্যয় | | ১৫,০০০ | |
| রক্তদানে আনুষ্ঠানিক ব্যয় | | ২০,০০০ | |
| ফ্রিজের অবচয় (নোট-১) | | ৪,০০০ | |
| ভাড়া | ২৪,০০০ | | |
| যোগ: বকেয়া (২৪,০০০ × ২/১০) | ৪,৮০০ | ২৮,৮০০ | |
| মনিহারি (ব্যবহৃত) | | ৪০০ | |
| **মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ** | | | ৬৮,২০০ |

**উত্তর:** মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ ৬৮,২০০ টাকা।

**নোট-১:** ফ্রিজ ক্রয়ের তারিখ উল্লেখ না থাকায় পূর্ণ বছরের অবচয় ধার্য করা হয়েছে।

গ

**'বাঁধন'**

**আয়-ব্যয় বিবরণী**

২০১৮ সালের ৩০ জুন তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **আয়সমূহ:** | | | |
| চাঁদা | ১০,০০০ | | |
| যোগ: অনাদায়ী চাঁদা | ২০,০০০ | ৩০,০০০ | |
| সরকারি অনুদান (৮০,০০০ × ৪০%) | | ৩২,০০০ | |
| **মোট আয়** | | | ৬২,০০০ |
| **বাদ: ব্যয়সমূহ:** | | | |
| মোট মুনাফা জাতীয় ব্যয় (খ থেকে প্রাপ্ত) | | | (৬৮,২০০) |
| **আয়াতিরিক্ত ব্যয়** | | | (৬,২০০) |

**উত্তর:** আয়াতিরিক্ত ব্যয় ৬,২০০ টাকা।

**প্রশ্ন ▶ ৯** নিচে সামান্তা ওয়েলফেয়ার এসোসিয়েশনের ২০১৭ সালের ৩১ ডিসেম্বর তারিখের প্রাপ্তি প্রদান হিসাব দেয়া হলো—

**সামান্তা ওয়েলফেয়ার এসোসিয়েশন**
**প্রাপ্তি ও প্রদান হিসাব**
**ডেবিট** ২০১৭ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য **ক্রেডিট**

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| ব্যাংক জমার উদ্বৃত্ত (১-১-১৭) | ১,৮০,০০০ | সাময়িকী ক্রয় | ৫,০০০ |
| সদস্যদের চাঁদা | ৫০,০০০ | মুদ্রণ ব্যয় | ১২,০০০ |
| অনুদান | ৮০,০০০ | দুস্থদের সহায়তার ব্যয় | ১,০০,০০০ |
| বিবিধ আয় | ৭০,০০০ | মনিহারি | ৫,০০০ |
| | | খেলাধুলায় ব্যয় | ২,০০০ |
| | | ঘর ভাড়া | ১৫,০০০ |
| | | ডাক ও তার খরচ | ৪,০০০ |
| | | ব্যাংক উদ্বৃত্ত (৩১-১২-১৭) | ২,৩৭,০০০ |
| | ৩,৮০,০০০ | | ৩,৮০,০০০ |

১-১-২০১৭ তারিখে সম্পত্তির পরিমাণ ছিল: আসবাবপত্র ৮০,০০০ টাকা, অফিস সরঞ্জাম ১৫,০০০ টাকা।

**অন্যান্য তথ্য:**

১. ঘর ভাড়া ৩ মাসের বকেয়া আছে এবং বিগত বছরের বকেয়া চাঁদা ৩,০০০ টাকা।
২. মোট ৩০০ জন সদস্য ২০০ টাকা করে চাঁদা প্রদান করে।
৩. অনুদানের ১/৪ অংশ দ্বারা কল্যাণ তহবিল গঠন করতে হবে। অবশিষ্টাংশ মুনাফা হিসেবে বিবেচিত হবে।

ক. মুনাফা জাতীয় প্রাপ্তির পরিমাণ কত? ২
খ. সামান্তা ওয়েলফেয়ার এসোসিয়েশনের আয়-ব্যয় বিবরণী প্রস্তুত করো। ৪
গ. ২০১৭ সালের ৩১ ডিসেম্বর তারিখে এসোসিয়েশনের আর্থিক অবস্থা প্রদর্শন করো। ৪

**৯ নং প্রশ্নের সমাধান**

**ক** মুনাফা জাতীয় প্রাপ্তির পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| সদস্যদের চাঁদা | ৫০,০০০ | |
| বিবিধ আয় | ৭০,০০০ | |
| অনুদান (৩/৪ অংশ) | ৬০,০০০ | |
| **মুনাফা জাতীয় প্রাপ্তি** | | ১,৮০,০০০ |

**উত্তর:** মুনাফা জাতীয় প্রাপ্তির পরিমাণ ১,৮০,০০০ টাকা।

**খ**

**সামান্তা ওয়েলফেয়ার এসোসিয়েশন**
**আয়-ব্যয় বিবরণী**
২০১৭ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **আয়সমূহ:** | | | |
| সদস্যদের চাঁদা | ৫০,০০০ | | |
| বাদ: বিগত বছরের অনাদায়ী | (৩,০০০) | | |
| | ৪৭,০০০ | | |
| যোগ: অনাদায়ী | ১৩,০০০ | ৬০,০০০ | |
| অনুদান (৩/৪) অংশ | | ৬০,০০০ | |
| বিবিধ আয় | | ৭০,০০০ | |
| **মোট আয়** | | | ১,৯০,০০০ |
| **বাদ: ব্যয়সমূহ:** | | | |
| সাময়িকী ক্রয় | | ৫,০০০ | |
| মুদ্রণ ব্যয় | | ১২,০০০ | |
| দুস্থদের সহায়তার ব্যয় | | ১,০০,০০০ | |
| মনিহারি | | ৫,০০০ | |

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| ঘর ভাড়া | ১৫,০০০ | | |
| যোগ: বকেয়া $\left[\frac{১৫০০০}{৯} \times ৩\right]$ | ৫,০০০ | ২০,০০০ | |
| খেলাধুলার ব্যয় | | ২,০০০ | |
| ডাক ও তার ব্যয় | | ৪,০০০ | |
| **মোট ব্যয়** | | | (১,৪৮,০০০) |
| **ব্যয়াতিরিক্ত আয়** | | | ৪২,০০০ |

**উত্তর:** ব্যয়াতিরিক্ত আয় ৪২,০০০ টাকা।

গ

**সামান্তা ওয়েলফেয়ার এসোসিয়েশন**
**আর্থিক অবস্থার বিবরণী**
৩১ ডিসেম্বর, ২০১৭

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **সম্পদসমূহ:** | | | |
| ব্যাংক উদ্বৃত্ত | | ২,৩৭,০০০ | |
| অনাদায়ী চাঁদা | | ১৩,০০০ | |
| আসবাবপত্র | | ৮০,০০০ | |
| অফিস সরঞ্জাম | | ১৫,০০০ | |
| **মোট সম্পদ** | | | ৩,৪৫,০০০ |
| **দায়সমূহ ও মূলধন তহবিল:** | | | |
| বকেয়া ভাড়া | | ৫,০০০ | |
| কল্যাণ তহবিল | | ২০,০০০ | |
| মূলধন তহবিল (গণনা-১) | ২,৭৮,০০০ | | |
| যোগ: ব্যয়াতিরিক্ত আয় | ৪২,০০০ | ৩,২০,০০০ | |
| **মোট দায় ও মূলধন তহবিল** | | | ৩,৪৫,০০০ |

**উত্তর:** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৩,৪৫,০০০ টাকা।

**গণনা-১:** প্রারম্ভিক মূলধন তহবিল নিরূপণ:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **প্রারম্ভিক সম্পদসমূহ:** | | |
| আসবাবপত্র | ৮০,০০০ | |
| অফিস সরঞ্জাম | ১৫,০০০ | |
| ব্যাংক জমার উদ্বৃত্ত | ১,৮০,০০০ | |
| বিগত বছরের অনাদায়ী চাঁদা | ৩,০০০ | |
| **মোট প্রারম্ভিক সম্পদ** | | ২,৭৮,০০০ |
| **বাদ: প্রারম্ভিক দায়সমূহ:** | | |
| | | (০) |
| **প্রারম্ভিক মূলধন তহবিল** | | ২,৭৮,০০০ |

**প্রশ্ন ▶১০** 'ব্রাদার্স ইউনিয়ন' একটি ফুটবল ক্লাব। ক্লাবটির ২০১৭ সালের ৩১ ডিসেম্বর তারিখের প্রাপ্তি ও প্রদান হিসাবটি নিম্নরূপ:

**ডেবিট** **ক্রেডিট**

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| ব্যাংক উদ্বৃত্ত (১.১.২০১৭) | ১৮,০০,০০০ | খেলাধুলা বাবদ ব্যয় | ৫০,০০০ |
| চাঁদা (২০১৬ সালের ৮,০০০ টাকা এবং ২০১৮ সালের ১৫,০০০ টাকাসহ) | ২,৫০,০০০ | খেলাধুলার সরঞ্জাম ক্রয় | ২,০০,০০০ |
| | | ডাক খরচ | ৫৫,০০০ |
| ভর্তি ফি | ৪৫,০০০ | প্রাঙ্গণ রক্ষণাবেক্ষণ | ২৫,০০০ |

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| টুর্নামেন্ট ফান্ড বাবদ প্রাপ্তি | ৫৫,০০০ | টুর্নামেন্ট ফান্ড বাবদ ব্যয় | ৫০,০০০ |
| | | বেতন | ১,২০,০০০ |
| | | ব্যাংক উদ্বৃত্ত (৩১.১২.২০১৭) | ১৬,৫০,০০০ |
| | ২১,৫০,০০০ | | ২১,৫০,০০০ |

২০১৭ সালের ১ জানুয়ারি তারিখে সম্পদ ছিল: খেলাধুলা সরঞ্জাম ৫,০০,০০০ টাকা, আসবাবপত্র ২,০০,০০০ টাকা, টুর্নামেন্ট ফান্ড ২০,০০০ টাকা।

**অন্যান্য তথ্য:** ১. ডাক খরচ ১১ মাসের জন্য প্রদান করা হয়েছে। ২. বেতন ২০,০০০ টাকা অগ্রিম প্রদান করা হয়েছে। ৩. আসবাবপত্রের ওপর ১৫% অবচয় ধার্য করতে হবে। ৪. চলতি সালের ১৫,০০০ টাকা চাঁদা অনাদায়ী আছে।

ক. সমাপনী টুর্নামেন্ট ফান্ডের পরিমাণ কত? ২

খ. ব্রাদার্স ইউনিয়নের আয়-ব্যয় বিবরণী প্রস্তুত করো। ৪

গ. সমাপনী মূলধন তহবিল ২৫,১৫,০০০ টাকা ধরে ব্রাদার্স ইউনিয়নের আর্থিক অবস্থা প্রদর্শন করো। ৪

**১০ নং প্রশ্নের সমাধান**

**ক** সমাপনী টুর্নামেন্ট ফান্ডের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| প্রারম্ভিক টুর্নামেন্ট ফান্ড | ২০,০০০ | |
| যোগ: ফান্ড বাবদ প্রাপ্তি | ৫৫,০০০ | |
| | ৭৫,০০০ | |
| বাদ: ফান্ড বাবদ ব্যয় | (৫০,০০০) | |
| **সমাপনী টুর্নামেন্ট ফান্ড** | | ২৫,০০০ |

**উত্তর:** সমাপনী টুর্নামেন্ট ফান্ডের পরিমাণ ২৫,০০০ টাকা।

**খ**

**ব্রাদার্স ইউনিয়ন**
**আয়-ব্যয় বিবরণী**
২০১৭ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **আয়সমূহ:** | | | |
| চাঁদা | ২,৫০,০০০ | | |
| বাদ: বিগত বছরের চাঁদা প্রাপ্তি | (৮,০০০) | | |
| | ২,৪২,০০০ | | |
| বাদ: আগামী বছরের চাঁদা প্রাপ্তি | (১৫,০০০) | | |
| | ২,২৭,০০০ | | |
| যোগ: চলতি বছরের অনাদায়ী চাঁদা | ১৫,০০০ | ২,৪২,০০০ | |
| ভর্তি ফি | | ৪৫,০০০ | |
| **মোট আয়** | | | ২,৮৭,০০০ |
| **বাদ: ব্যয়সমূহ:** | | | |
| খেলাধুলা বাবদ ব্যয় | | ৫০,০০০ | |
| ডাক খরচ | ৫৫,০০০ | | |
| যোগ: বকেয়া | ৫,০০০ | ৬০,০০০ | |
| প্রাঙ্গণ রক্ষণাবেক্ষণ | | ২৫,০০০ | |
| বেতন | ১,২০,০০০ | | |
| বাদ: অগ্রিম | (২০,০০০) | ১,০০,০০০ | |
| আসবাপত্রের অবচয় | | ৩০,০০০ | |
| **মোট ব্যয়** | | | (২,৬৫,০০০) |
| **ব্যয়াতিরিক্ত আয়** | | | ২৭,০০০ |

**উত্তর:** ব্যয়াতিরিক্ত আয় ২৭০০০ টাকা।

গ

**ব্রাদার্স ইউনিয়ন**
**আর্থিক অবস্থার বিবরণী**
৩১ ডিসেম্বর, ২০১৭

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **সম্পদসমূহ** | | | |
| ব্যাংক উদ্বৃত্ত | | ১৬,৫০,০০০ | |
| খেলাধুলার সরঞ্জাম | ৫,০০,০০০ | | |
| যোগ: ক্রয় | ২,০০,০০০ | ৭,০০,০০০ | |
| আসবাবপত্র | ২,০০,০০০ | | |
| বাদ: পুঞ্জীভূত অবচয় | (৩০,০০০) | ১,৭০,০০০ | |
| অনাদায়ী চাঁদা | | ১৫,০০০ | |
| অগ্রিম বেতন | | ২০,০০০ | |
| **মোট সম্পদ** | | | ২৫,৫৫,০০০ |
| **দায়সমূহ ও মূলধন তহবিল** | | | |
| বকেয়া ডাক খরচ | | ৫,০০০ | |
| অগ্রিম চাঁদা | | ১৫,০০০ | |
| ঋণ | | ২০,০০০ | |
| সমাপনী মূলধন তহবিল (প্রশ্নে প্রদত্ত) | | ২৫,১৫,০০০ | |
| **মোট দায় ও মূলধন তহবিল** | | | ২৫,৫৫,০০০ |

**উত্তর:** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ২৫,৫৫,০০০ টাকা।

প্রশ্ন ▶ ১১

**সংহতি যুব সংঘ**
**প্রাপ্তি ও প্রদান হিসাব**
**ডেবিট** ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য **ক্রেডিট**

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| ব্যাংক জমার উদ্বৃত্ত (১.১.১৮) | ৫০,০০০ | বেতন | ৪০,০০০ |
| চাঁদা | ৯০,০০০ | প্রাঙ্গাণ রক্ষণাবেক্ষণ | ১০,০০০ |
| রাষ্ট্রপতির অনুদান | ২০,০০০ | প্রাঙ্গাণ রক্ষকদের মজুরি | ৮,০০০ |
| ভর্তি ফি (৫০% মুনাফা জাতীয়) | ১০,০০০ | মনিহারি | ৫,০০০ |
| বিনিয়োগ হতে লাভ | ৫,০০০ | অভিকর | ৩,০০০ |
| | | অফিস খরচাবলি | ৪,০০০ |
| | | মোটর সাইকেল | ৫০,০০০ |
| | | প্রাঙ্গাণ উন্নয়ন | ৩০,০০০ |
| | | টেলিফোন বিল | ২,০০০ |
| | | ব্যাংক জমার উদ্বৃত্ত (৩১.১২.১৮) | ২৩,০০০ |
| | ১,৭৫,০০০ | | ১,৭৫,০০০ |

**অন্যান্য তথ্য:** ১. বছরের প্রারম্ভে ক্লাবের অন্যান্য সম্পদ ও দায় ছিল: দালানকোঠা ৫০,০০০ টাকা, বিনিয়োগ ২০,০০০ টাকা, সাজসরঞ্জাম ৩০,০০০ টাকা এবং বন্ধকি ঋণ ১০,০০০ টাকা। ২. বেতনের মধ্যে ৫,০০০ টাকা বিগত বছরের এবং পরবর্তী বছরের ২,০০০ টাকা অন্তর্ভুক্ত রয়েছে। ৩. বিগত বছরের চাঁদা বাবদ ৭,০০০ টাকা পাওয়া গেছে। চলতি বছরের চাঁদা বাবদ ৪,০০০ টাকা পাওনা রয়েছে। ৪. অব্যবহৃত মনিহারি ৫০০ টাকা ৫. দালানকোঠা ও সাজসরঞ্জামের ওপর ৮% হারে অবচয় ধার্য করতে হবে।

ক. প্রারম্ভিক দায়ের পরিমাণ নির্ণয় করো। ২
খ. সংহতি যুব সংঘের ২০১৬ সালের আয় বা ব্যয়ের আধিক্য পরিমাপ করো। ৪
গ. ৩১ ডিসেম্বর তারিখে সংহতি যুব সংঘের মোট সম্পদ নির্ণয় করো। ৪

## ১১ নং প্রশ্নের সমাধান

ক প্রারম্ভিক দায়ের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| বন্ধকি ঋণ | ১০,০০০ | |
| বকেয়া বেতন | ৫,০০০ | |
| **মোট প্রারম্ভিক দায়** | | ১৫,০০০ |

**উত্তর:** প্রারম্ভিক দায়ের পরিমাণ ১৫,০০০ টাকা।

খ

**সংহতি যুব সংঘ**
**আয়-ব্যয় বিবরণী**
২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **আয়সমূহ:** | | | |
| চাঁদা | ৯০,০০০ | | |
| বাদ: বিগত বছরের চাঁদা প্রাপ্তি | (৭,০০০) | | |
| | ৮৩,০০০ | | |
| যোগ: চলতি বছরের অনাদায়ী চাঁদা | ৪,০০০ | ৮৭,০০০ | |
| ভর্তি ফি ($^1/_2$ মুনাফা জাতীয়) | | ৫,০০০ | |
| বিনিয়োগ হতে লাভ | | ৫,০০০ | |
| **মোট আয়** | | | ৯৭,০০০ |
| **বাদ: ব্যয়সমূহ:** | | | |
| বেতন | ৪০,০০০ | | |
| বাদ: বিগত বছরের বকেয়া | (৫,০০০) | | |
| | ৩৫,০০০ | | |
| বাদ: পরবর্তী বছরের অগ্রিম | (২,০০০) | ৩৩,০০০ | |
| প্রাঙ্গণ রক্ষণাবেক্ষণ | | ১০,০০০ | |
| প্রাঙ্গণ রক্ষকদের মজুরি | | ৮,০০০ | |
| মনিহারি | ৫,০০০ | | |
| বাদ: অব্যবহৃত | (৫০০) | ৪,৫০০ | |
| অভিকর | | ৩,০০০ | |
| অফিস খরচাবলি | | ৪,০০০ | |
| টেলিফোন বিল | | ২,০০০ | |
| দালানকোঠার অবচয় | | ৪,০০০ | |
| সাজসরঞ্জামের অবচয় | | ২,৪০০ | |
| **মোট ব্যয়** | | | (৭০,৯০০) |
| **ব্যয়াতিরিক্ত আয়** | | | ২৬,১০০ |

**উত্তর:** ব্যয়াতিরিক্ত আয় ২৬,১০০ টাকা।

গ

**সংহতি যুব সংঘ**
**আর্থিক অবস্থার বিবরণী (আংশিক)**
৩১ ডিসেম্বর, ২০১৮

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **সম্পদসমূহ** | | | |
| বিনিয়োগ | | ২০,০০০ | |
| দালানকোঠা | ৫০,০০০ | | |
| বাদ: পুঞ্জীভূত অবচয় | (৪,০০০) | ৪৬,০০০ | |
| সাজসরঞ্জাম | ৩০,০০০ | | |
| বাদ: পুঞ্জীভূত অবচয় | (২,৪০০) | ২৭,৬০০ | |

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| অব্যবহৃত মনিহারি | | ৫০০ | |
| মোটর সাইকেল | | ৫০,০০০ | |
| প্রাঙ্গণ উন্নয়ন | | ৩০,০০০ | |
| অনাদায়ী চাঁদা | | ৪,০০০ | |
| অগ্রিম বেতন | | ২,০০০ | |
| ব্যাংক জমার উদ্বৃত্ত | | ২৩,০০০ | |
| **মোট সম্পদ** | | | ২,০৩,১০০ |

**উত্তর:** মোট সম্পদের পরিমাণ ২,০৩,১০০ টাকা।

**প্রশ্ন ▶ ১২** রাবেয়া চৌধুরী তার এলাকার মেয়েদের উচ্চ শিক্ষা প্রদান করার জন্য 'পদ্মা' নামের একটি NGO পরিচালনা করেন। NGO টি বর্তমানে ৪০০ শিক্ষার্থীকে বিশ্ববিদ্যালয়ের পর্যায়ের পড়াশোনা করার ব্যয় প্রদান করে। ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে NGO টির প্রাপ্তি ও প্রদান হিসাব নিম্নরূপ –

**প্রাপ্তি ও প্রদান হিসাব**

**ডেবিট** ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য **ক্রেডিট**

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| নগদ তহবিল (১-১-২০১৮) | ৪,৭০,০০০ | NGO ভবন (দালান) (০১-০১-২০১৮) | ২,০০,০০০ |
| চাঁদা-২০১৭ | ৬০,০০০ | মেরামত ও রক্ষণাবেক্ষণ | ২০,০০০ |
| চাঁদা-২০১৮ | ২,০০,০০০ | শিক্ষা ব্যয় | ২,০০,০০০ |
| চাঁদা-২০১৯ | ১৫,০০০ | অফিস পরিচালনা ব্যয় | ৫০,০০০ |
| অনুদান | ২৫,০০০ | বৃত্তি প্রদান | ৪০,০০০ |
| ভর্তি ফি (মূলধন জাতীয়) | ৪,০০,০০০ | বার্ষিক বনভোজন ব্যয় | ২০,০০০ |
| | | বিভিন্ন দিবস পালন খরচ | ৫,০০০ |
| | | আসবাবপত্র (০১-০১-২০১৮) | ৫০,০০০ |
| | | ম্যাগাজিন প্রকাশনা ব্যয় | ৩,০০০ |
| | | নগদ তহবিল (৩১-১২-২০১৮) | ৫,৮২,০০০ |
| | ১১,৭০,০০০ | | ১১,৭০,০০০ |

**অন্যান্য তথ্য:** ১. অনুদানের সম্পূর্ণ অর্থ দ্বারা পাঠ্যপুস্তক তহবিল তৈরি করতে হবে। ২. স্থায়ী সম্পদের ওপর ৫% অবচয় ধার্য করতে হবে। ৩. ২০১৯ সালের জন্য ১০,০০০ টাকা বৃত্তি প্রদান করা হয়েছে।

ক. নিট স্থায়ী সম্পদের পরিমাণ নিরূপণ করো। ২

খ. ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে NGO টির নিট আয়ের পরিমাণ নিরূপণ করো। ৪

গ. NGO-টির সমাপনী আর্থিক অবস্থা প্রদর্শন করো। (প্রারম্ভিক মূলধন তহবিল ৫,৩০,০০০ টাকা ধরে) ৪

**১২ নং প্রশ্নের সমাধান**

**ক** নিট স্থায়ী সম্পদের পরিমাণ নিরূপণ

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| NGO ভবন (দালান) | ২,০০,০০০ | |
| বাদ: পুঞ্জীভূত অবচয় | (১০,০০০) | ১,৯০,০০০ |
| আসবাবপত্র | ৫০,০০০ | |
| বাদ: পুঞ্জীভূত অবচয় | (২,৫০০) | ৪৭,৫০০ |
| **নিট স্থায়ী সম্পদ** | | ২,৩৭,৫০০ |

**উত্তর:** নিট স্থায়ী সম্পদ ২,৩৭,৫০০ টাকা।

খ

**'পদ্মা'**
**আয়-ব্যয় বিবরণী**
২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **আয়সমূহ:** | | | |
| চাঁদা | | | ২,০০,০০০ |
| **বাদ: ব্যয়সমূহ:** | | | |
| মেরামত ও রক্ষণাবেক্ষণ | | ২০,০০০ | |
| শিক্ষা ব্যয় | | ২,০০,০০০ | |
| অফিস পরিচালনা ব্যয় | | ৫০,০০০ | |
| বার্ষিক বনভোজন ব্যয় | | ২০,০০০ | |
| বিভিন্ন দিবস পালন খরচ | | ৫,০০০ | |
| ম্যাগাজিন প্রকাশনা ব্যয় | | ৩,০০০ | |
| বৃত্তি প্রদান | ৪০,০০০ | | |
| বাদ: অগ্রিম | (১০,০০০) | ৩০,০০০ | |
| NGO ভবনের (দালান) অবচয় | | ১০,০০০ | |
| আসবাবপত্রের অবচয় | | ২,৫০০ | |
| **মোট ব্যয়** | | | (৩,৪০,৫০০) |
| **আয়াতিরিক্ত ব্যয়** | | | (১,৪০,৫০০) |

**উত্তর:** আয়াতিরিক্ত ব্যয় ১,৪০,৫০০ টাকা।

গ

**"পদ্মা"**
**আর্থিক অবস্থার বিবরণী**
৩১ ডিসেম্বর, ২০১৮

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **সম্পদসমূহ:** | | | |
| নিট স্থায়ী সম্পদ | | ২,৩৭,৫০০ | |
| নগদ তহবিল | | ৫,৮২,০০০ | |
| অগ্রিম বৃত্তি প্রদান | | ১০,০০০ | |
| **মোট সম্পদ** | | | ৮,২৯,৫০০ |
| **দায়সমূহ ও মূলধন তহবিল:** | | | |
| পাঠ্যপুস্তক তহবিল | | ২৫,০০০ | |
| অগ্রিম চাঁদা | | ১৫,০০০ | |
| ভর্তি ফি | | ৪,০০,০০০ | |
| মূলধন তহবিল | ৫,৩০,০০০ | | |
| বাদ: আয়াতিরিক্ত ব্যয় | (১,৪০,৫০০) | ৩,৮৯,৫০০ | |
| **মোট দায় ও মূলধন তহবিল** | | | ৮,২৯,৫০০ |

**উত্তর:** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৮,২৯,৫০০ টাকা।

**প্রশ্ন ▶১৩** তারিক আনাম ২০১৭ সালে তারিক সংঘ নামে একটি সংঘ প্রতিষ্ঠা করেন। এ সংঘের মূলধন তহবিলের পরিমাণ ২,১১,৮০০ টাকা।

**তারিক সংঘ**
**প্রাপ্তি ও প্রদান হিসাব**
ডেবিট ৩১ ডিসেম্বর, ২০১৭ সালের ক্রেডিট

| প্রাপ্তিসমূহ | | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|---|
| ব্যালেন্স বি/ডি | | ৫,৫০০ | বেতন | ৩০,০০০ |
| চাঁদা: ২০১৬ | ১,৮০০ | | সাধারণ খরচাবলি | ৮,০০০ |
| চাঁদা: ২০১৭ | ৮৮,০০০ | | নাট্যাভিনয় খরচ | ২,৪০০ |
| চাঁদা: ২০১৮ | ৪,৫০০ | ৯৪,৩০০ | সংবাদপত্র | ৬,০০০ |

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| অনুদান | ১৫,০০০ | পৌরকর | ৪,০০০ |
| নাট্যাভিনয় টিকেট বিক্রয় | ৭,৪০০ | দান-খয়রাত | ১৫,০০০ |
| পুরাতন খবরের কাগজ বিক্রয় | ২,৮০০ | সরকারি বন্ড | ২০,০০০ |
| | | খাদ্যসামগ্রী ক্রয় | ৫,৬০০ |
| | | ব্যালেন্স সি/ডি | ৩৪,০০০ |
| | ১,২৫,০০০ | | ১,২৫,০০০ |

**অন্যান্য তথ্য:** ১. সংঘে মোট ৫০০ জন সদস্য রয়েছে। প্রত্যেকের বার্ষিক চাঁদার হার ২০০ টাকা করে। ২০১৬ সালের চাঁদা এখনও অনাদায়ী রয়েছে ২,০০০ টাকা। ২. পৌরকরের পরিমাণ বার্ষিক ৪,০০০ টাকা হিসাবে প্রত্যেক বছরে ৩১ মার্চ পর্যন্ত প্রদত্ত হয়। ৩. বেতন বকেয়া রয়েছে ৬,০০০ টাকা। ৪. সরকারি বন্ডের ওপর ৬% হারে ৬ মাসের সুদ অনাদায়ী রয়েছে। ৫. বছরের শুরুতে দালানকোঠা ২,০০,০০০ টাকা ও খাদ্যসামগ্রী ১,৫০০ টাকা ছিল। ৬. বছর শেষে খাদ্যসামগ্রীর সমাপনী উদ্বৃত্ত রয়েছে ১,৮০০ টাকা।

ক. ব্যবহৃত খাদ্যসামগ্রীর পরিমাণ নির্ণয় করো। ২

খ. ২০১৭ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য তারিক সংঘের আয় ব্যয় বিবরণী প্রস্তুত করো। ৪

গ. চলতি বছর শেষে তারিক সংঘের সম্পদ ও দায়ের পরিমাণ নির্ণয় করো। ৪

## ১৩ নং প্রশ্নের সমাধান

ক ব্যবহৃত খাদ্যসামগ্রীর পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| প্রারম্ভিক খাদ্যসামগ্রীর মজুদ | ১,৫০০ | |
| যোগ: খাদ্যসামগ্রী ক্রয় | ৫,৬০০ | |
| | ৭,১০০ | |
| বাদ: সমাপনী খাদ্যসামগ্রীর মজুদ | (১,৮০০) | |
| **ব্যবহৃত খাদ্যসামগ্রীর পরিমাণ** | | ৫,৩০০ |

**উত্তর:** ব্যবহৃত খাদ্যসামগ্রীর পরিমাণ ৫,৩০০ টাকা।

খ

**তারিক সংঘ**
**আয়-ব্যয় বিবরণী**
২০১৭ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **আয়সমূহ:** | | | |
| চাঁদা | ৮৮,০০০ | | |
| যোগ: অনাদায়ী [(৫০০ × ২০০) - ৮৮,০০০] | ১২,০০০ | ১,০০,০০০ | |
| নাট্যাভিনয়ের টিকেট বিক্রয় | | ৭,৪০০ | |
| পুরাতন খবরের কাগজ বিক্রয় | | ২,৮০০ | |
| সরকারি বন্ডের সুদ [(২০,০০০ × ৬%) × ৬/১২] | | ৬০০ | |
| **মোট আয়** | | | ১,১০,৮০০ |
| **বাদ: ব্যয়সমূহ:** | | | |
| বেতন | ৩০,০০০ | | |
| যোগ: বকেয়া | ৬,০০০ | ৩৬,০০০ | |
| সাধারণ খরচাবলি | | ৮,০০০ | |
| নাট্যাভিনয় খরচ | | ২,৪০০ | |
| সংবাদপত্র | | ৬,০০০ | |
| পৌরকর | ৪,০০০ | | |
| যোগ: বিগত বছরের অগ্রিম (৪,০০০ × ৩/১২) | ১,০০০ | | |
| | ৫,০০০ | | |
| বাদ: চলতি বছরের অগ্রিম (৪,০০০ × ৩/১২) | (১,০০০) | ৪,০০০ | |
| ব্যবহৃত খাদ্যসামগ্রীর ব্যয় (ক থেকে প্রাপ্ত) | | ৫,৩০০ | |
| দান-খয়রাত | | ১৫,০০০ | |
| **মোট ব্যয়** | | | (৭৬,৭০০) |
| **আয় উদ্বৃত্ত** | | | ৩৪,১০০ |

**উত্তর:** আয় উদ্বৃত্ত ৩৪,১০০ টাকা।

গ

**তারিক সংঘ**
**আর্থিক অবস্থার বিবরণী**
৩১ ডিসেম্বর, ২০১৭

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **সম্পদসমূহ** | | | |
| সমাপনী নগদ তহবিল | | ৩৪,০০০ | |
| চলতি বছরের অনাদায়ী চাঁদা | | ১২,০০০ | |
| বিগত বছরের অনাদায়ী চাঁদা | | ২,০০০ | |
| সরকারি কাজের অনাদায়ী সুদ | | ৬০০ | |
| খাদ্যসামগ্রীর সমাপনী উদ্বৃত্ত | | ১,৮০০ | |
| সরকারি বন্ড | | ২০,০০০ | |
| দালানকোঠা | | ২,০০,০০০ | |
| অগ্রিম পৌরকর | | ১,০০০ | |
| **মোট সম্পদ** | | | ২,৭১,৪০০ |
| দায়সমূহ ও মূলধন তহবিল | | | |
| অগ্রিম চাঁদা | | ৪,৫০০ | |
| বকেয়া বেতন | | ৬,০০০ | |
| মূলধন তহবিল | ২,১১,৮০০ | | |
| যোগ: অনুদান | ১৫,০০০ | | |
| | ২,২৬,৮০০ | | |
| যোগ: আয় উদ্বৃত্ত | ৩৪,১০০ | ২,৬০,৯০০ | |
| **মোট দায় ও মূলধন তহবিল** | | | ২,৭১,৪০০ |

**উত্তর:** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ২,৭১,৪০০ টাকা।

প্রশ্ন ▶ ১৪ মি. হাসান একজন ইঞ্জিনিয়ার। তার প্রতিষ্ঠানের নাম হাউজ মডেল ডিজাইন। ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের প্রাপ্তি ও প্রদান হিসাব নিম্নে দেয়া হলো —

**প্রাপ্তি ও প্রদান হিসাব**

ডেবিট ক্রেডিট

| প্রাপ্তিসমূহ | | টাকা | প্রদানসমূহ | | টাকা |
|---|---|---|---|---|---|
| উদ্বৃত্ত (০১-০১-২০১৮) | | | বেতন | | ৬০,০০০ |
| নগদ তহবিল | ১০,০০০ | | অফিস ভাড়া | | ৩০,০০০ |
| ব্যাংক জমা | ২০,০০০ | ৩০,০০০ | ছাপা ও মনিহারি | | ১০,০০০ |
| ডিজাইন ফিস | | ২,৫০,০০০ | ডিজাইন সামগ্রী ক্রয় | | ২০,০০০ |
| অন্যান্য আয় | | ২০,০০০ | বিদ্যুৎ বিল | | ৫,০০০ |
| | | | অন্যান্য খরচ | | ৩,০০০ |
| | | | আপ্যায়ন খরচ | | ৫,০০০ |
| | | | আয়কর | | ২৭,০০০ |
| | | | উত্তোলন | | ১৫,০০০ |
| | | | ডিজাইন যন্ত্রপাতি ক্রয় | | ১,২০,০০০ |
| | | | জের (৩১-১২-২০১৮) | | |
| | | | নগদ তহবিল | ২,০০০ | |
| | | | ব্যাংক জমা | ৩,০০০ | ৫,০০০ |
| | | ৩,০০,০০০ | | | ৩,০০,০০০ |

২০১৮ সালের ১ জানুয়ারি তারিখে সম্পদসমূহ ছিল: ডিজাইন যন্ত্রপাতি ২,০০,০০০ টাকা, আসবাবপত্র ৫০,০০০ টাকা এবং পুস্তক ৩০,০০০ টাকা।

**অন্যান্য তথ্য:** (১) আসবাবপত্র ও যন্ত্রপাতির ওপর যথাক্রমে ৫% ও ১০% অবচয় ধার্য করতে হবে। (২) ডিজাইন ফি অনাদায়ী আছে ২০,০০০ টাকা।

ক. প্রারম্ভিক মূলধন তহবিল নির্ণয় করো। ২
খ. মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. মোট সম্পদের পরিমাণ নির্ণয় করো। ৪

**১৪ নং প্রশ্নের সমাধান**

ক প্রারম্ভিক মূলধন তহবিল নিরূপণ:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **প্রারম্ভিক সম্পদসমূহ:** | | |
| ডিজাইন যন্ত্রপাতি | ২,০০,০০০ | |
| আসবাবপত্র | ৫০,০০০ | |
| পুস্তক | ৩০,০০০ | |
| নগদ তহবিল | ১০,০০০ | |
| ব্যাংক জমা | ২০,০০০ | |
| **মোট প্রারম্ভিক সম্পদ** | | ৩,১০,০০০ |
| **বাদ: প্রারম্ভিক দায়সমূহ:** | | ০ |
| **প্রারম্ভিক মূলধন তহবিল** | | ৩,১০,০০০ |

**উত্তর:** প্রারম্ভিক মূলধন তহবিল ৩,১০,০০০ টাকা।

খ মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নিরূপণ:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| বেতন | ৬০,০০০ | |
| ডিজাইন সামগ্রী ক্রয় | ২০,০০০ | |
| অফিস ভাড়া | ৩০,০০০ | |
| ছাপা ও মনিহারি | ১০,০০০ | |
| বিদ্যুৎ বিল | ৫,০০০ | |
| অন্যান্য খরচ | ৩,০০০ | |
| আপ্যায়ন খরচ | ৫,০০০ | |
| আসবাবপত্রের অবচয় (৫০,০০০ × ৫%) | ২,৫০০ | |
| ডিজাইন যন্ত্রপাতির অবচয় (২,০০,০০০ × ১০%) | ২০,০০০ | |
| **মুনাফা জাতীয় ব্যয়** | | ১,৫৫,৫০০ |

**উত্তর:** মোট মুনাফা জাতীয় ব্যয় ১,৫৫,৫০০ টাকা।
**টীকা:** যন্ত্রপাতি ক্রয়ের নির্দিষ্ট তারিখ উল্লেখ না থাকায় এর ওপর অবচয় ধার্য করা হয় নি।

গ মোট সম্পদের পরিমাণ নিরূপণ:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| ডিজাইন যন্ত্রপাতি | ২,০০,০০০ | |
| যোগ: নতুন ক্রয় | ১,২০,০০০ | |
| | ৩,২০,০০০ | |
| বাদ: পুঞ্জীভূত অবচয় | (২০,০০০) | ৩,০০,০০০ |
| আসবাবপত্র | ৫০,০০০ | |
| বাদ: পুঞ্জীভূত অবচয় | (২,৫০০) | ৪৭,৫০০ |
| পুস্তক | | ৩০,০০০ |
| অনাদায়ী ডিজাইন ফি | | ২০,০০০ |
| নগদ তহবিল | | ২,০০০ |
| ব্যাংক তহবিল | | ৩,০০০ |
| **মোট সম্পদ** | | ৪,০২,৫০০ |

**উত্তর:** মোট সম্পদের পরিমাণ ৪,০২,৫০০ টাকা।

**প্রশ্ন ▶ ১৫** ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য পূবালী ক্লাবের প্রাপ্তি ও প্রদান হিসাব নিম্নে দেয়া হলো –

**প্রাপ্তি ও প্রদান হিসাব**

ডেবিট ৩১ ডিসেম্বর ২০১২ তারিখে সমাপ্ত বছরের জন্য ক্রেডিট

| প্রাপ্তিসমূহ | | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|---|
| নগদ তহবিল (০১-০১-২০১৮) | | ৭,৩০০ | বেতন ও মজুরি | ১১,০০০ |
| চাঁদা: ২০১৭ | ৭০০ | | রক্ষণাবেক্ষণ খরচ | ২,০০০ |
| ২০১৮ | ৩০,০০০ | | প্রাঙ্গণ উন্নয়ন | ২৫,০০০ |
| ২০১৯ | ১,০০০ | ৩১,৭০০ | ছাপা ও মনিহারি | ১,০০০ |
| হলঘর ভাড়া | | ৬,০০০ | নগদ তহবিল (৩১-১২-২০১৮) | ৮,০০০ |
| পুরাতন কাগজ বিক্রয় | | ২,০০০ | | |
| | | ৪৭,০০০ | | ৪৭,০০০ |

১ জানুয়ারি ২০১৮ তারিখে উক্ত সংঘের সম্পত্তি ছিল: প্রাঙ্গণ ৯০,০০০ টাকা; ক্রীড়া সরঞ্জাম ২০,০০০ টাকা, আসবাবপত্র ১৫,০০০ টাকা এবং মনিহারি মজুদ ২,০০০ টাকা। (১) বিগত বছরের চাঁদা এখনো অনাদায়ী আছে ৮০০ টাকা, চলতি বছরের ১,২০০ টাকা। (২) আসবাবপত্রের ওপর অবচয় ১০% ধরতে হবে।

ক. উপর্যুক্ত তথ্য হতে প্রারম্ভিক মূলধন তহবিল নির্ণয় করো। ২
খ. উপর্যুক্ত তথ্য হতে মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. উপর্যুক্ত তথ্য হতে নিট স্থায়ী সম্পত্তির পরিমাণ নির্ণয় করো। ৪

**১৫ নং প্রশ্নের সমাধান**

**ক** প্রারম্ভিক মূলধন তহবিল নিরূপণ:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **প্রারম্ভিক সম্পদসমূহ:** | | |
| নগদ তহবিল | ৭,৩০০ | |
| অনাদায়ী চাঁদা | ১,৫০০ | |
| প্রাঙ্গণ | ৯০,০০০ | |
| ক্রীড়া সরঞ্জাম | ২০,০০০ | |
| আসবাবপত্র | ১৫,০০০ | |
| মনিহারি মজুদ | ২,০০০ | |
| **মোট প্রারম্ভিক সম্পদ** | | ১,৩৫,৮০০ |
| **বাদ: প্রারম্ভিক দায়সমূহ:** | | ০ |
| **প্রারম্ভিক মূলধন তহবিল** | | ১,৩৫,৮০০ |

**উত্তর:** প্রারম্ভিক মূলধন তহবিল ১,৩৫,৮০০ টাকা।

**খ** মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নিরূপণ:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| বেতন ও মজুরি | | ১১,০০০ |
| রক্ষণাবেক্ষণ খরচ | | ২,০০০ |
| ছাপা ও মনিহারি | ১,০০০ | |
| যোগ: প্রারম্ভিক মনিহারি | ২,০০০ | ৩,০০০ |
| আসবাবপত্রের অবচয় (১৫,০০০ × ১০%) | | ১,৫০০ |
| **মুনাফা জাতীয় ব্যয়** | | ১৭,৫০০ |

**উত্তর:** মুনাফা জাতীয় ব্যয় ১৭,৫০০ টাকা।

**গ** নিট স্থায়ী সম্পত্তির পরিমাণ নিরূপণ:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| প্রাঙ্গণ | ৯০,০০০ | |
| যোগ: প্রাঙ্গণ উন্নয়ন | ২৫,০০০ | ১,১৫,০০০ |
| আসবাবপত্র | ১৫,০০০ | |
| বাদ: পুঞ্জীভূত অবচয় | (১,৫০০) | ১৩,৫০০ |
| ক্রীড়া সরঞ্জাম | | ২০,০০০ |
| **নিট স্থায়ী সম্পদ** | | ১,৪৮,৫০০ |

**উত্তর:** নিট স্থায়ী সম্পত্তি ১,৪৮,৫০০ টাকা।

**প্রশ্ন ▶১৬** ন্যাশনাল ক্লাব একটি সামাজিক সংগঠন। ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে ন্যাশনাল ক্লাব-এর আর্থিক তথ্যাবলি নিম্নরূপ –

| বিবরণ | টাকা |
|---|---|
| মুদ্রণ ব্যয় | ৮০,০০০ |
| সাময়িকী ক্রয় | ১৮,০০০ |
| অনুদান | ২,০০,০০০ |
| চাঁদা | ৪,০০,০০০ |
| টেলিফোন বিল | ১,০০,০০০ |
| চারণ কর | ৪০,০০০ |
| মনিহারি | ৩০,০০০ |
| আসবাবপত্র ক্রয় | ৩,০০,০০০ |
| নগদ তহবিল (১-১-২০১৮) | ১৭,০০,০০০ |
| বেতন | ২৮,০০০ |
| অবচয় | ১৭,০০০ |
| রাষ্ট্রপতির তহবিল হতে সহায়তা প্রাপ্তি | ২,০০,০০০ |

ক. মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ কত? ২
খ. ন্যাশনাল ক্লাবের সমাপনী নগদ তহবিলের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. ন্যাশনাল ক্লাবের আয়-ব্যয় বিবরণী প্রস্তুত করো। ৪

## ১৬ নং প্রশ্নের সমাধান

**ক** মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ নিরূপণ:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| অনুদান | ২,০০,০০০ | |
| রাষ্ট্রপতির তহবিল হতে সহায়তা প্রাপ্তি | ২,০০,০০০ | |
| **মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ** | | ৪,০০,০০০ |

**উত্তর:** মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ ৪,০০,০০০ টাকা।

**খ**

**ন্যাশনাল ক্লাব**
**প্রাপ্তি ও প্রদান হিসাব**
**ডেবিট** ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য **ক্রেডিট**

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| নগদ তহবিল (১-১-২০১৮) | ১৭,০০,০০০ | মুদ্রণ ব্যয় | ৮০,০০০ |
| অনুদান | ২,০০,০০০ | সাময়িকী ক্রয় | ১৮,০০০ |
| চাঁদা | ৪,০০,০০০ | টেলিফোন বিল | ১,০০,০০০ |
| রাষ্ট্রপতির তহবিল থেকে সহায়তা প্রাপ্তি | ২,০০,০০০ | চারণ কর | ৪০,০০০ |
| | | মনিহারি | ৩০,০০০ |
| | | আসবাবপত্র ক্রয় | ৩,০০,০০০ |
| | | বেতন | ২৮,০০০ |
| | | নগদ তহবিল (৩১-১২-২০১৮) | ১৯,০৪,০০০ |
| | ২৫,০০,০০০ | | ২৫,০০,০০০ |

**উত্তর:** সমাপনী নগদ তহবিল ১৯,০৪,০০০ টাকা।

**গ**

**ন্যাশনাল ক্লাব**
**আয়-ব্যয় বিবরণী**
২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **আয়সমূহ:** | | | |
| চাঁদা | | | ৪,০০,০০০ |

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **বাদ: ব্যয়সমূহ:** | | | |
| মুদ্রণ ব্যয় | | ৮০,০০০ | |
| সাময়িকী ক্রয় | | ১৮,০০০ | |
| টেলিফোন বিল | | ১,০০,০০০ | |
| চারণ কর | | ৪০,০০০ | |
| মনিহারি | | ৩০,০০০ | |
| বেতন | | ২৮,০০০ | |
| অবচয় | | ১৭,০০০ | |
| **মোট ব্যয়** | | | (৩,১৩,০০০) |
| **ব্যয়াতিরিক্ত আয়** | | | ৮৭,০০০ |

**উত্তর:** ব্যয়াতিরিক্ত আয় ৮৭,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ১৭** ব্র্যাক বিশ্ববিদ্যালয় নির্দিষ্ট ট্রাস্ট বোর্ড দ্বারা পরিচালিত একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়, দেশের শিক্ষার মান উন্নয়নে বিশ্ববিদ্যালয়টি অনেক অবদান রেখেছে। ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে বিশ্ববিদ্যালয়টির প্রাপ্তি ও প্রদান হিসাব নিম্নরূপ:

**ডেবিট** **ক্রেডিট**

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| নগদ উদ্বৃত্ত (০১-০১-২০১৮) | ৮,০০,০০০ | ল্যাব উন্নয়ন ব্যয় | ১৮,০০,০০০ |
| সেমিস্টার ফি বাবদ আয় | ৮২,০০,০০০ | ল্যাব রক্ষণাবেক্ষণ ব্যয় | ৫০,০০০ |
| কোর্স ফি বাবদ আয় | ৯০,০০,০০০ | বিদ্যুৎ বিল | ১,২০,০০০ |
| সরকারি তহবিল হতে প্রাপ্তি (মূলধন জাতীয়) | ১৫,০০,০০০ | শিক্ষকদের সম্মানী | ৪৮,০০,০০০ |
| পরীক্ষার ফি | ১২,০০,০০০ | ওয়াই-ফাই মেশিন সংস্থাপন | ৪,০০,০০০ |
| | | দুস্থদের সেবা প্রদান | ৮০,০০০ |
| | | বনভোজন ব্যয় | ২,৫০,০০০ |
| | | পরীক্ষা সংক্রান্ত ব্যয় | ২,২০,০০০ |
| | | সমাপনী নগদ | ১,২৯,৮০,০০০ |
| | ২,০৭,০০,০০০ | | ২,০৭,০০,০০০ |

ক. উপরোক্ত তথ্যের আলোকে মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নিরূপণ করো। ৪

গ. ২০১৮ সালে বিশ্ববিদ্যালয়টির আয়-ব্যয় বিবরণী প্রস্তুত করো। ৪

**১৭ নং প্রশ্নের সমাধান**

**ক** মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ নিরূপণ:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| ল্যাব উন্নয়ন ব্যয় | ১৮,০০,০০০ | |
**উত্তর: মূলধন হিসাবের উদ্বৃত্ত:** অয়ন ১,১১,৪৭৯ টাকা; শিমুল ৯২,৪০৩ টাকা; শিমুল ৮১,৩১৮ টাকা।

**প্রশ্ন ▶৩** রাম, সাম, যদু একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। তারা লাভ-লোকসান যথাক্রমে ৩ : ২ : ১ অনুপাতে বণ্টন করে নেয়। ২০১৭ সালের ১ জানুয়ারি তারিখে তাদের মূলধন ছিল যথাক্রমে ৪৫,০০০ টাকা, ৩৫,০০০ টাকা ও ২৫,০০০ টাকা। রাম বছরের মাঝামাঝি সময় ব্যবসায়ে ১০,০০০ টাকা অতিরিক্ত মূলধন প্রদান করে এবং একই তারিখে সাম কারবারে ১০,০০০ টাকা ঋণস্বরূপ প্রদান করে। অংশীদারগণ প্রত্যেকে ব্যবসায় হতে প্রত্যেক মাসের শেষ তারিখে ৫০০ টাকা করে নগদ উত্তোলন করে। এছাড়া যদু ব্যবসায় হতে ১,৫০০ টাকা মূল্যের পণ্য উত্তোলন করে, যা হিসাবভুক্ত হয়নি। চুক্তি অনুযায়ী সাম সার্বক্ষণিক দায়িত্ব পালন করায় মাসিক ৪০০ টাকা করে বেতন পাবে। অংশীদারগণের মূলধন ও উত্তোলনের ওপর বার্ষিক ১০% হারে সুদ ধার্য করতে হবে। সামের বেতন চার্জ করার পর কিন্তু অন্যান্য সমন্বয়গুলো সাধন করার পূর্বে ২০১৭ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য ব্যবসায়ের লাভ ৪৪,৫০০ টাকায় উপনীত হয়।

ক. অংশীদারদের মূলধন ও উত্তোলনের সুদ নির্ণয় করো। ২
খ. লাভ-লোকসান আবণ্টন হিসাব প্রস্তুত করে মুনাফার বণ্টন দেখাও। ৪
গ. অংশীদারদের মূলধন হিসাব তৈরি করো। ৪

## ৩ নং প্রশ্নের সমাধান

**ক** অংশীদারদের মূলধন ও উত্তোলনের সুদ নির্ণয়:

**মূলধনের সুদ:**

রাম = {(৪৫,০০০ × ১০%) + (১০,০০০ × ১০% × ১/২)} = ৫,০০০ টাকা।
সাম = (৩৫,০০০ × ১০%) = ৩,৫০০ টাকা।
যদু = (২৫,০০০ × ১০%) = ২,৫০০ টাকা।

**উত্তোলনের সুদ:**

রাম = (৫০০ × ১০% × ৫.৫) = ২৭৫ টাকা।
সাম = (৫০০ × ১০% × ৫.৫) = ২৭৫ টাকা।
যদু = (৫০০ × ১০% × ৫.৫) = ২৭৫ টাকা।

**নোট:** পণ্য উত্তোলনের ওপর সুদ ধার্য করা হয় না।

**খ**

**রাম, সাম ও যদু**
**লাভ-লোকসান আবণ্টন হিসাব**

ডেবিট ২০১৭ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য ক্রেডিট

| বিবরণ | | টাকা | বিবরণ | | টাকা |
|---|---|---|---|---|---|
| অংশীদারদের মূলধন হিসাব: (মূলধনের সুদ) (ক থেকে প্রাপ্ত) | | | বিশদ আয় বিবরণী (নিট লাভ) | | ৪৪,৫০০ |
| রাম | ৫,০০০ | | অংশীদারদের মূলধন হিসাব: (উত্তোলনের সুদ) | | |
| সাম | ৩,৫০০ | | রাম | ২৭৫ | |
| যদু | ২,৫০০ | ১১,০০০ | সাম | ২৭৫ | |
| সামের ঋণ হিসাব: | | | যদু | ২৭৫ | ৮২৫ |
| ঋণের সুদ (১০,০০০ × ৬% × ১/২) | | ৩০০ | যদুর মূলধন হিসাব: (পণ্য উত্তোলন) | | ১,৫০০ |
| অংশীদারদের মূলধন হিসাব: (বণ্টনযোগ্য মুনাফার অংশ) | | | | | |
| রাম (৩০,৭২৫ × ৩/৬) | ১৭,৭৬২ | | | | |
| সাম (৩০,৭২৫ × ২/৬) | ১১,৮৪২ | | | | |
| যদু (৩০,৭২৫ × ১/৬) | ৫,৯২১ | ৩৫,৫২৫ | | | |
| | | ৪৬,৮২৫ | | | ৪৬,৮২৫ |

**উত্তর: মুনাফার অংশ:** রাম ১৭,৭৬২ টাকা; সাম ১১,৮৪২ টাকা; যদু ৫,৯২১ টাকা।

**গণনা:** অংশীদারদের মুনাফার অংশ:

রাম (৩০,৭২৫ × ৩/৬) = ১৭,৭৬২
সাম (৩০,৭২৫ × ২/৬) = ১১,৮৪২
যদু (৩০,৭২৫ × ১/৬) = ৫,৯২১

**গ**

**রাম, সাম ও যদু**
**মূলধন হিসাব**

ডেবিট ক্রেডিট

| তারিখ | বিবরণ | রাম (টাকা) | সাম (টাকা) | যদু (টাকা) | তারিখ | বিবরণ | রাম (টাকা) | সাম (টাকা) | যদু (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০১৭ | | | | | ২০১৭ | | | | |
| ডিসে.-৩১ | উত্তোলন হিসাব (৫০০ × ১২) | ৬,০০০ | ৬,০০০ | ৬,০০০ | জানু.-১ | ব্যালেন্স বি/ডি | ৪৫,০০০ | ৩৫,০০০ | ২৫,০০০ |
| " ৩১ | **লাভ-লোকসান আবণ্টন হিসাব:** | | | | জুলাই-১ | নগদান হিসাব (অতিরিক্ত মূলধন) | ১০,০০০ | | |
| | উত্তোলনের সুদ | ২৭৫ | ২৭৫ | ২৭৫ | ডিসে.-৩১ | বেতন হিসাব (৪০০ × ১২) | | ৪,৮০০ | |
| | পণ্য উত্তোলন | - | - | ১,৫০০ | ডিসে.-৩১ | **লাভ-লোকসান আবণ্টন হিসাব:** | | | |
| | ব্যালেন্স সি/ডি | ৭১,৪৮৭ | ৪৮,৮৬৭ | ২৫,৬৪৬ | | মূলধনের সুদ | ৫,০০০ | ৩,৫০০ | ২,৫০০ |
| | | | | | | মুনাফার অংশ | ১৭,৭৬২ | ১১,৮৪২ | ৫,৯২১ |
| | | ৭৭,৭৬২ | ৫৫,১৪২ | ৩৩,৪২১ | | | ৭৭,৭৬২ | ৫৫,১৪২ | ৩৩,৪২১ |
| | | | | | ২০১৮ | | | | |
| | | | | | জানু.-১ | ব্যালেন্স বি/ডি | ৭১,৪৮৭ | ৪৮,৮৬৭ | ২৫,৬৪৬ |

**উত্তর: সমাপনী মূলধনের উদ্বৃত্ত:** রাম ৭১,৪৮৭ টাকা; সাম ৪৮,৮৬৭ টাকা এবং যদু ২৫,৬৪৬ টাকা।

**প্রশ্ন ▶৪** ২০১৮ সালে ১ জানুয়ারি তারিখে আশা ও কণা একটি অংশীদারি ব্যবসায় আরম্ভ করল। ব্যবসায়ের মোট প্রারম্ভিক মূলধন ছিল ১,১০,০০০ টাকা যার ২/৪ অংশ সরবরাহ করে আশা এবং ২/৪ অংশ কণা। একই অনুপাতে লাভ-লোকসান বণ্টন করতে হবে। বার্ষিক ১০% হারে মূলধনের সুদ ধার্য করতে হবে এবং বেতন বাবদ বার্ষিক ৩,০০০ টাকা কণার হিসাবে ক্রেডিট করতে হবে। ৩১-১২-১৮ তারিখে অংশীদারগণ প্রত্যেকে ১২,০০০ টাকা অতিরিক্ত মূলধন আনয়ন করে। মূলধনের ওপর সুদ এবং বেতন চার্জ করার পূর্বে ৩১-১২-১৮ তারিখে সমাপ্ত বছরের মুনাফার পরিমাণ দাঁড়ায় ৪০,০০০ টাকা।

ক. আশা ও কণার প্রারম্ভিক মূলধন নির্ণয় করো। ২
খ. লাভ-লোকসান বণ্টন হিসাব তৈরি করো। ৪
গ. অংশীদারদের চলতি হিসাব তৈরি করো। ৪

**৪ নং প্রশ্নের সমাধান**

**ক** অংশীদারদের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নিরূপণ:

| বিবরণ | টাকা |
|---|---|
| আশার প্রারম্ভিক মূলধন (১,১০,০০০ × ২/৪) | ৫৫,০০০ |
| কণার প্রারম্ভিক মূলধন (১,১০,০০০ × ২/৪) | ৫৫,০০০ |

**উত্তর: প্রারম্ভিক মূলধন:** আশা ৫৫,০০০ টাকা এবং কণা ৫৫,০০০ টাকা।

**খ**

**আশা এবং কণা**
**লাভ-লোকসান আবণ্টন হিসাব**
**ডেবিট** ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য **ক্রেডিট**

| বিবরণ | | টাকা | বিবরণ | টাকা |
|---|---|---|---|---|
| **অংশীদারদের চলতি হিসাব:** (মূলধনের সুদ) | | | **বিশদ আয় বিবরণী** (নিট লাভ) | ৪০,০০০ |
| আশা (৫৫,০০০ × ১০%) | ৫,৫০০ | | | |
| কণা (৫৫,০০০ × ১০%) | ৫,৫০০ | | | |
| **কণার চলতি হিসাব:** (বেতন) | | | | |
| **অংশীদারদের চলতি হিসাব:** (মুনাফার অংশ) | | | | |
| আশা | ১৩,০০০ | | | |
| কণা | ১৩,০০০ | ২৬,০০০ | | |
| | | ৪০,০০০ | | ৪০,০০০ |

**উত্তর: বণ্টনযোগ্য মুনাফা:** আশা ১৩,০০০ টাকা ও কণা ১৩,০০০ টাকা।

**গণনা:** বণ্টনযোগ্য মুনাফা বণ্টন:

মুনাফা বণ্টন অনুপাত = আশা ঃ কণা = ২/৪ ঃ ২/৪ = ২/৪ × ৪ ঃ ২/৪ × ৪ = ২ ঃ ২

মুনাফার অংশ:

আশা = (২৬,০০০ × ২/৪) = ১৩,০০০ টাকা

কণা = (২৬,০০০ × ২/৪) = ১৩,০০০ টাকা

**গ সমাধান:**

**আশা ও কণা**
**ডেবিট** **চলতি হিসাব** **ক্রেডিট**

| তারিখ | বিবরণ | আশা (টাকা) | কণা (টাকা) | তারিখ | বিবরণ | আশা (টাকা) | কণা (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| ২০১৮ ডিসে.-৩১ | ব্যালেন্স সি/ডি | ১৮,৫০০ | ২১,৫০০ | ২০১৮ ডিসে.-৩১ | **অংশীদারদের লাভ-লোকসান বণ্টন হিসাব:** | | |
| | | | | | মূলধনের সুদ | ৫,৫০০ | ৫,৫০০ |
| | | | | | বেতন | | ৩,০০০ |
| | | | | | মুনাফার অংশ | ১৩,০০০ | ১৩,০০০ |
| | | ১৮,৫০০ | ২১,৫০০ | | | ১৮,৫০০ | ২১,৫০০ |
| | | | | ২০১৯ জানু.-১ | ব্যালেন্স বি/ডি | ১৮,৫০০ | ২১,৫০০ |

**উত্তর: চলতি হিসাবের উদ্বৃত্ত:** আশা ১৮,৫০০ টাকা ও কণা ২১,৫০০ টাকা।

**প্রশ্ন ▶৫** জসিম, সাগর ও নয়ন তিনজন অংশীদার। যারা মূলধন অনুপাতে লাভ ক্ষতি বণ্টন করে। ২০১৮ সালের ১ জানুয়ারি তারিখে তাদের মূলধন উদ্বৃত্ত ছিল যথাক্রমে ৬৫,০০০ টাকা, ৪০,০০০ টাকা এবং ২৫,০০০ টাকা। ব্যবসায়িক দায়িত্ব পালনের জন্য সাগর ও নয়ন প্রতিমাসে যথাক্রমে ৫০০ ও ৬০০ টাকা করে বেতন পাবে। বছরের মাঝামাঝি সময়ে সাগর ব্যবসায়ে ১০,০০০ টাকা ঋণ

সরবরাহ করে। অংশীদারগণ প্রত্যেকে প্রতি মাসের শেষ তারিখে ৫০০ টাকা করে নগদ উত্তোলন করে। মূলধন এবং উত্তোলনের ওপর ১০% হারে সুদ ধার্য করতে হবে। ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে ব্যবসায়ের নিট লাভ ছিল ৪০,০০০ টাকা।

ক. ঋণের সুদের পরিমাণ নির্ণয় করো। ২

খ. লাভ-লোকসান আবণ্টন হিসাব প্রস্তুত করো। ৪

গ. অংশীদারদের মূলধন হিসাব প্রস্তুত করো। ৪

**৫ নং প্রশ্নের সমাধান**

**ক** ঋণের সুদের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| ঋণের সুদ (১০,০০০ × ৬% × $^{৬}/_{১২}$) | ৩০০ | |
| **ঋণের সুদের পরিমাণ** | | ৩০০ |

**উত্তর:** ঋণের সুদ ৩০০ টাকা।

**খ**

**জসিম, সাগর ও নয়ন**
**লাভ-লোকসান আবণ্টন হিসাব**

ডেবিট — ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য — ক্রেডিট

| বিবরণ | | টাকা | বিবরণ | | টাকা |
|---|---|---|---|---|---|
| অংশীদারদের চলতি হিসাব: (মূলধনের সুদ) | | | বিশদ আয় বিবরণী (নিট লাভ) | | ৪০,০০০ |
| জসিম (৬৫,০০০ × ১০%) | ৬,৫০০ | | অংশীদারদের চলতি হিসাব: (উত্তোলনের সুদ) | | |
| সাগর (৪০,০০০ × ১০%) | ৪,০০০ | | জসিম (৫০০ × ১০% × ৫.৫) | ২৭৫ | |
| নয়ন (২৫,০০০ × ১০%) | ২,৫০০ | ১৩,০০০ | সাগর (৫০০ × ১০% × ৫.৫) | ২৭৫ | |
| সাগরের চলতি হিসাব: (ঋণের সুদ) | | ৩০০ | নয়ন (৫০০ × ১০% × ৫.৫) | ২৭৫ | ৮২৫ |
| অংশীদারদের চলতি হিসাব: (বেতন) | | | | | |
| সাগর (১২ × ৫০০) | | ৬,০০০ | | | |
| নয়ন (১২ × ৬০০) | | ৭,২০০ | | | |
| অংশীদারদের চলতি হিসাব: (মুনাফার অংশ) [গণনা] | | | | | |
| জসিম | ৭,১৬৩ | | | | |
| সাগর | ৪,৪০৮ | | | | |
| নয়ন | ২,৭৫৪ | ১৪,৩২৫ | | | |
| | | ৪০,৮২৫ | | | ৪০,৮২৫ |

**উত্তর: মুনাফার অংশ:** জসিম ৭,১৬৩ টাকা; সাগর ৪,৪০৮ টাকা; নয়ন ২,৭৫৪ টাকা।

**গণনা:** মুনাফার অনুপাত = ৬৫,০০০ ঃ ৪০,০০০ ঃ ২৫,০০০ = ৬৫ ঃ ৪০ ঃ ২৫ = ১৩ ঃ ৮ ঃ ৫

**বণ্টনযোগ্য মুনাফা:**

$$\text{জসিম} = \left(১৪,৩২৫ \times \frac{১৩}{২৬}\right) = ৭,১৬৩ \text{ টাকা}$$

$$\text{সাগর} = \left(১৪,৩২৫ \times \frac{৮}{২৬}\right) = ৪,৪০৮ \text{ টাকা}$$

$$\text{নয়ন} = \left(১৪,৩২৫ \times \frac{৫}{২৬}\right) = ২,৭৫৪ \text{ টাকা}$$

**গ**

ডেবিট — **অংশীদারদের মূলধন হিসাব** — ক্রেডিট

| তারিখ | বিবরণ | জসিম (টাকা) | সাগর (টাকা) | নয়ন (টাকা) | তারিখ | বিবরণ | জসিম (টাকা) | সাগর (টাকা) | নয়ন (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০১৮ ডিসে.-৩১ | ব্যালেন্স সি/ডি | ৬৫,০০০ | ৪০,০০০ | ২৫,০০০ | ২০১৮ জানু.-১ | ব্যালেন্স বি/ডি | ৬৫,০০০ | ৪০,০০০ | ২৫,০০০ |
| | | ৬৫,০০০ | ৪০,০০০ | ২৫,০০০ | | | ৬৫,০০০ | ৪০,০০০ | ২৫,০০০ |
| | | | | | ২০১৯ জানু.-১ | ব্যালেন্স বি/ডি | ৬৫,০০০ | ৪০,০০০ | ২৫,০০০ |

**উত্তর: মূলধন হিসাবের উদ্বৃত্ত:** জসিম ৬৫,০০০ টাকা; সাগর ৪০,০০০ টাকা এবং নয়ন ২৫,০০০ টাকা।

**নোট:** মূলধন অনুপাতে লাভ-ক্ষতি বণ্টিত হলে অংশীদারদের মূলধন হিসাব স্থায়ী পদ্ধতিতে সংরক্ষণ করতে হয়।

**প্রশ্ন ▶৬** সুমি, শিউলি ও প্রিয়াংকা ১ জানুয়ারি ২০১৭ তারিখে যথাক্রমে ৮০,০০০ টাকা, ৬০,০০০ টাকা ও ৫০,০০০ টাকা মূলধন এনে একটি অংশীদারি ব্যবসায় আরম্ভ করে এবং ২ ঃ ২ ঃ ১ হারে লাভ-ক্ষতি বণ্টনে সম্মত হয়। মূলধন ও উত্তোলনের ওপর যথাক্রমে ৫% ও ৮% সুদ ধরতে হবে। শিউলি মাসে ৫০০ টাকা বেতন পাবে। সারা বছরে তাদের উত্তোলন ছিল যথাক্রমে ৬,০০০ টাকা, ৫,০০০ টাকা ও ৪,০০০ টাকা। উত্তোলনের ওপর ৪৫০ টাকা, ৩৫০ টাকা ও ৩০০ টাকা সুদ ধার্য করা হয়। শিউলির বেতন ধার্যের পর কিন্তু অন্যান্য সমন্বয় সাধনের পূর্বে ব্যবসায়ের নিট লাভ ৫৬,০০০ টাকা হয়। শিউলি তার বেতনের টাকা এখনো তুলে নেয়নি।

ক. অংশীদারদের মূলধনের সুদ নির্ণয় করো। ২
খ. লাভ-লোকসান বণ্টন হিসাব তৈরি করো। ৪
গ. অংশীদারদের মূলধন হিসাব তৈরি করো। ৪

**৬ নং প্রশ্নের সমাধান**

**ক** অংশীদারদের মূলধনের সুদ নির্ণয়:

সুমি = (৮০,০০০ × ৫%) = ৪,০০০ টাকা;
শিউলি = (৬০,০০০ × ৫%) = ৩,০০০ টাকা;
প্রিয়াংকা = (৫০,০০০ × ৫%) = ২,৫০০ টাকা।

**উত্তর: মূলধনের সুদ:** সুমি ৪,০০০ টাকা; শিউলি ৩,০০০ টাকা; প্রিয়াংকা ২,৫০০ টাকা।

**খ**

**সুমি, শিউলি, প্রিয়াংকা**
**লাভ-লোকসান আবণ্টন হিসাব**

ডেবিট ২০১৭ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য ক্রেডিট

| বিবরণ | | টাকা | বিবরণ | | টাকা |
|---|---|---|---|---|---|
| অংশীদারদের মূলধন হিসাব: (মূলধনের সুদ) | | | বিশদ আয় বিবরণী (নিট লাভ) | | ৫৬,০০০ |
| সুমি | ৪,০০০ | | অংশীদারদের মূলধন হিসাব: (উত্তোলনের সুদ) | | |
| শিউলি | ৩,০০০ | | সুমি | ৪৫০ | |
| প্রিয়াংকা | ২,৫০০ | ৯,৫০০ | শিউলি | ৩৫০ | |
| অংশীদারদের মূলধন হিসাব: (মুনাফার অংশ) | | | প্রিয়াংকা | ৩০০ | ১,১০০ |
| সুমি | ১৯,০৪০ | | | | |
| শিউলি | ১৯,০৪০ | | | | |
| প্রিয়াংকা | ৯,৫২০ | ৪৭,৬০০ | | | |
| | | ৫৭,১০০ | | | ৫৭,১০০ |

**উত্তর: মুনাফার অংশ:** সুমি ১৯,০৪০ টাকা; শিউলি ১৯,০৪০ টাকা; প্রিয়াংকা ৯,৫২০ টাকা।

**গ**

**সুমি, শিউলি ও প্রিয়াংকা**

ডেবিট **অংশীদারদের মূলধন হিসাব (পরিবর্তনশীল পদ্ধতি)** ক্রেডিট

| তারিখ | বিবরণ | সুমি (টাকা) | শিউলি (টাকা) | প্রিয়াংকা (টাকা) | তারিখ | বিবরণ | সুমি (টাকা) | শিউলি (টাকা) | প্রিয়াংকা (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০১৭ | | | | | ২০১৭ | | | | |
| ডিসে.-৩১ | উত্তোলন হিসাব | ৬,০০০ | ৫,০০০ | ৪,০০০ | জানু.-১ | নগদান হিসাব | ৮০,০০০ | ৬০,০০০ | ৫০,০০০ |
| " ৩১ | লাভ-লোকসান আবণ্টন হিসাব: | | | | ডিসে.-৩১ | বিশদ আয় বিবরণী (বেতন) | | ৬,০০০ | |
| | উত্তোলনের সুদ | ৪৫০ | ৩৫০ | ৩০০ | ডিসে.-৩১ | লাভ-লোকসান আবণ্টন হিসাব: | | | |
| " ৩১ | ব্যালেন্স সি/ডি | ৯৬,৫৯০ | ৮২,৬৯০ | ৫৭,৭২০ | | মূলধনের সুদ | ৪,০০০ | ৩,০০০ | ২,৫০০ |
| | | | | | | মুনাফার অংশ | ১৯,০৪০ | ১৯,০৪০ | ৯,৫২০ |
| | | ১,০৩,০৪০ | ৮৮,০৪০ | ৬২,০২০ | | | ১,০৩,০৪০ | ৮৮,০৪০ | ৬২,০২০ |
| | | | | | ২০১৮ | | | | |
| | | | | | জানু.-১ | ব্যালেন্স বি/ডি | ৯৬,৫৯০ | ৮২,৬৯০ | ৫৭,৭২০ |

**উত্তর: মূলধন হিসাবের উদ্বৃত্ত:** সুমি ৯৬,৫৯০ টাকা; শিউলি ৮২,৬৯০ টাকা এবং প্রিয়াংকা ৫৭,৭২০ টাকা।

**প্রশ্ন ▶৭** A, B এবং C একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। তারা কারবারের লাভ-লোকসান যথাক্রমে ২ ঃ ২ ঃ ১ অনুপাতে ভাগ করবেন। ২০১৮ সালে ১ জানুয়ারি তারিখে তাদের মূলধন ছিল যথাক্রমে ৫০,০০০ টাকা, ৪০,০০০ টাকা এবং ৩০,০০০ টাকা। মূলধন ও উত্তোলনের ওপর ১০% সুদ পাবেন। A সার্বিক দায়িত্ব পালনের জন্য মাসিক ৫০০ টাকা করে বেতন পাবেন। সম্ভাব্য লাভের প্রত্যাশায় প্রত্যেক অংশীদার প্রতি মাসের প্রথমে ২০০ টাকা করে নগদ উত্তোলন করেন। মি. A ১ জুলাই তারিখে ১০,০০০ টাকা অতিরিক্ত মূলধন আনয়ন করেন। মি. A, মি. C-কে এই মর্মে নিশ্চয়তা দেয় যে, লাভের অংশ বাবদ কমপক্ষে ৫,০০০ টাকা পাবেন। উপরিউক্ত সমন্বয় সাধনের পূর্বে ২০১৭ সালের ৩১ ডিসেম্বর তারিখে ব্যবসায়ের লাভ হয়েছিল ৩০,০০০ টাকা।

ক. A-এর মূলধনের সুদ কত? ২
খ. লাভ-লোকসান আবণ্টন হিসাব প্রস্তুত করো। ৪
গ. অংশীদারদের মূলধন হিসাব তৈরি করো। ৪

## ৭ নং প্রশ্নের সমাধান

**ক** A-এর মূলধনের সুদ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| প্রারম্ভিক মূলধনের সুদ (৫০,০০০ × ১০%) | ৫,০০০ | |
| অতিরিক্ত মূলধনের সুদ (১০,০০০ × ১০% × $^{৬}/_{১২}$) | ৫০০ | |
| **মূলধনের সুদ** | | ৫,৫০০ |

**উত্তর:** A-এর মূলধনের সুদ ৫,৫০০ টাকা।

**খ**

**A, B ও C**
**লাভ-লোকসান আবণ্টন হিসাব**

ডেবিট ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখের জন্য ক্রেডিট

| বিবরণ | | টাকা | বিবরণ | | টাকা |
|---|---|---|---|---|---|
| অংশীদারদের মূলধন হিসাব: (মূলধনের সুদ) | | | বিশদ আয় বিবরণী (নিট লাভ) | | ৩০,০০০ |
| A | ৫,৫০০ | | অংশীদারদের মূলধন হিসাব: (উত্তোলনের সুদ) | | |
| B | ৪,০০০ | | A | ১৩০ | |
| C | ৩,০০০ | ১২,৫০০ | B | ১৩০ | |
| A-এর মূলধন হিসাব (বেতন) (৫০০ × ১২) | | ৬,০০০ | C | ১৩০ | ৩৯০ |
| অংশীদারদের মূলধন হিসাব: (মুনাফার অংশ) | | | | | |
| A | ২,১৩৪ | | | | |
| B | ৪,৭৫৬ | | | | |
| C | ৫,০০০ | ১১,৮৯০ | | | |
| | | ৩০,৩৯০ | | | ৩০,৩৯০ |

**উত্তর: মুনাফার অংশ:** A ২,১৩৪ টাকা; B ৪,৭৫৬ টাকা; C ৫,০০০ টাকা।

**গণনা-১:** অংশীদারদের প্রত্যেকের উত্তোলনের সুদের পরিমাণ = ২০০ × ১০% × $^{১৩}/_{২}$ = ১৩০ টাকা

**গণনা-২:** বণ্টনযোগ্য মুনাফার অংশ:

C-এর মুনাফার আনুপাতিক অংশ ১১,৮৯০ × $^{১}/_{৫}$ = ২,৩৭৮ টাকা

A ক্ষতিপূরণ দিবে = ৫,০০০ – ২,৩৭৮ = ২,৬২২ টাকা

A: (৪,৭৫৬ – ২,৬২২) = ২,১৩৪ টাকা

B: (১১,৮৯০ × $^{২}/_{৫}$) = ৪,৭৫৬ টাকা

C: (২,৩৭৮ + ২,৬২২) = ৫,০০০ টাকা

**গ**

**অংশীদারদের মূলধন হিসাব**
**(পরিবর্তনশীল পদ্ধতি)**

ডেবিট ক্রেডিট

| তারিখ | বিবরণ | A (টাকা) | B (টাকা) | C (টাকা) | তারিখ | বিবরণ | A (টাকা) | B (টাকা) | C (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০১৮ | | | | | ২০১৮ | | | | |
| ডিসে.-৩১ | উত্তোলন হিসাব | ২,৪০০ | ২,৪০০ | ২,৪০০ | জানু.-১ | ব্যালেন্স বি/ডি | ৫০,০০০ | ৪০,০০০ | ৩০,০০০ |
| " ৩১ | লাভ-লোকসান আবণ্টন হিসাব: | | | | জুলাই-১ | নগদান হিসাব | ১০,০০০ | | |
| | উত্তোলনের সুদ | ১৩০ | ১৩০ | ১৩০ | ডিসে.-৩১ | লাভ-লোকসান আবণ্টন হিসাব: | | | |
| " ৩১ | ব্যালেন্স সি/ডি | ৭১,১০৪ | ৪৬,২২৬ | ৩৫,৪৭০ | | মূলধনের সুদ | ৫,৫০০ | ৪,০০০ | ৩,০০০ |
| | | | | | | বেতন | ৬,০০০ | | |
| | | | | | | মুনাফার অংশ | ২,১৩৪ | ৪,৭৫৬ | ৫,০০০ |
| | | ৭৩,৬৩৪ | ৪৮,৭৫৬ | ৩৮,০০০ | | | ৭৩,৬৩৪ | ৪৮,৭৫৬ | ৩৮,০০০ |
| | | | | | ২০১৯ | | | | |
| | | | | | জানু.-১ | ব্যালেন্স বি/ডি | ৭১,১০৪ | ৪৬,২২৬ | ৩৫,৪৭০ |

**উত্তর: মূলধন হিসাবের উদ্বৃত্ত:** A ৭১,১০৪ টাকা; B ৪৬,২২৬ টাকা এবং C ৩৫,৪৭০ টাকা।

**প্রশ্ন ▶৮** প্রান্ত, শিহাব এবং প্রিয়ম একটি ব্যবসায়ের তিনজন অংশীদার। ২০১৮ সালের ১ জানুয়ারি তারিখে তাদের মূলধন ছিল যথাক্রমে ৩,০০,০০০ টাকা, ২,০০,০০০ টাকা এবং ১,০০,০০০ টাকা। তারা ব্যবসায়ের লাভ-লোকসান ৩ ঃ ২ ঃ ১ অনুপাতে বণ্টন করে নেয়। অংশীদারি চুক্তি মোতাবেক মূলধনের ওপর বার্ষিক ৪% হারে সুদ ধার্য করতে হবে। শিহাব তার সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য ব্যবসায় থেকে মাসিক ১,৫০০ টাকা করে বেতন পাবে। সম্ভাব্য মুনাফার প্রত্যাশায় অংশীদারগণ প্রত্যেকে বার্ষিক ১২,০০০ টাকা করে নগদ উত্তোলন করে। এছাড়াও প্রিয়ম ব্যবসায় হতে ২,৫০০ টাকার পণ্য উত্তোলন করে যা হিসাবভুক্ত হয় নি। শিহাবের বেতন ডেবিট করার পর, কিন্তু অন্যান্য সমন্বয়সাধন করার পূর্বে ব্যবসায়ের নিট লাভ ৫৩,০০০ টাকায় উপনীত হয়।

ক. অংশীদারদের মূলধনের ওপর মোট সুদের পরিমাণ নির্ণয় করো। ২

খ. অংশীদারদের লাভ-লোকসান আবণ্টন হিসাব প্রস্তুত করো। ৪

গ. শিহাবের মূলধন হিসাব প্রস্তুত করো (শিহাবের বণ্টনযোগ্য মুনাফা ১০,৫০০ টাকা ধরে)। ৪

**৮ নং প্রশ্নের সমাধান**

**ক** অংশীদারদের মূলধনের ওপর মোট সুদের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| প্রান্তের মূলধনের সুদ (৩,০০,০০০ × ৪%) | ১২,০০০ | |
| শিহাবের মূলধনের সুদ (২,০০,০০০ × ৪%) | ৮,০০০ | |
| প্রিয়মের মূলধনের সুদ (১,০০,০০০ × ৪%) | ৪,০০০ | |
| **মোট মূলধনের সুদ** | | ২৪,০০০ |

**উত্তর:** মোট মূলধনের সুদের পরিমাণ ২৪,০০০ টাকা।

**খ**

**প্রান্ত, শিহাব এবং প্রিয়ম**
**লাভ-লোকসান আবণ্টন হিসাব**

ডবিট ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য **ক্রেডিট**

| বিবরণ | | টাকা | বিবরণ | টাকা |
|---|---|---|---|---|
| **অংশীদারদের মূলধন হিসাব** (মূলধনের সুদ) | | | **বিশদ আয় বিবরণী** (নিট লাভ) | ৫৩,০০০ |
| প্রান্ত | ১২,০০০ | | **প্রিয়ম এর মূলধন হিসাব:** (পণ্য উত্তোলন) | ২,৫০০ |
| শিহাব | ৮,০০০ | | | |
| প্রিয়ম | ৪,০০০ | ২৪,০০০ | | |
| **অংশীদারদের মূলধন হিসাব:** (বণ্টনযোগ্য মুনাফা) | | | | |
| প্রান্ত | ১৫,৭৫০ | | | |
| শিহাব | ১০,৫০০ | | | |
| প্রিয়ম | ৫,২৫০ | ৩১,৫০০ | | |
| | | ৫৫,৫০০ | | ৫৫,৫০০ |

**উত্তর: বণ্টনযোগ্য মুনাফার অংশ:** প্রান্ত ১৫,৭৫০ টাকা; শিহাব ১০,৫০০ টাকা; প্রিয়ম ৫,২৫০ টাকা।

**গ**

**শিহাবের মূলধন হিসাব**
**(পরিবর্তনশীল মূলধন পদ্ধতি)**

ডেবিট ক্রেডিট

| তারিখ | বিবরণ | টাকা | তারিখ | বিবরণ | টাকা |
|---|---|---|---|---|---|
| ২০১৮ | | | ২০১৮ | | |
| ডিসে.-৩১ | উত্তোলন হিসাব | ১২,০০০ | জানু.-১ | ব্যালেন্স বি/ডি | ২,০০,০০০ |
| ডিসে.-৩১ | ব্যালেন্স সি/ডি | ২,২৪,৫০০ | ডিসে.-৩১ | **লাভ-লোকসান আবণ্টন হিসাব:** | |
| | | | | মূলধনের সুদ | ৮,০০০ |
| | | | | বণ্টনযোগ্য মুনাফা | ১০,৫০০ |
| | | | | **লাভ-লোকসান হিসাব:** | |
| | | | | বেতন | ১৮,০০০ |
| | | ২,৩৬,৫০০ | | | ২,৩৬,৫০০ |
| | | | ২০১৯ | | |
| | | | জানু.-১ | ব্যালেন্স বি/ডি | ২,২৪,৫০০ |

**উত্তর:** শিহাবের সমাপনী মূলধন ২,২৪,৫০০ টাকা।

**প্রশ্ন ▶ ৯** জামাল, কামাল ও গাজী একটি কারবারের তিনজন অংশীদার। ২০১৮ সালের ১ জানুয়ারি তারিখে তারা যথাক্রমে ৬০,০০০ টাকা, ৫০,০০০ টাকা ও ৪০,০০০ টাকা আনয়ন করে ব্যবসায় আরম্ভ করেন। চুক্তি অনুযায়ী প্রতি মাসে জামাল ৫০০ টাকা এবং গাজী ৪০০ টাকা করে বেতন পাবে। জামাল প্রতি মাসের বেতনের টাকা নগদ গ্রহণ করে কিন্তু গাজী এ পর্যন্ত বেতনের টাকা গ্রহণ করেনি। সারা বছর ধরে জামাল প্রতি মাসের ১ম তারিখে ৮০০ টাকা, কামাল মাসের মাঝামাঝি সময়ে ৬০০ টাকা এবং গাজী মাসের শেষ তারিখে ৪০০ টাকা করে নগদ উত্তোলন করে। অংশীদারি চুক্তি অনুযায়ী প্রত্যেক অংশীদারের মূলধনের ওপর ১০% এবং উত্তোলনের ওপর ৫% হারে সুদ ধার্য করতে হবে। কারবারের লাভ-লোকসান ৪ ঃ ৪ ঃ ২ অনুপাতে বণ্টিত হবে।
গাজীর বেতন চার্জ করার পর কিন্তু অন্যান্য সমন্বয়সাধনের পূর্বে ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য কারবারের লাভ ১,২৪,৯০০ টাকায় উপনীত হয়। জামাল ও কামাল যৌথভাবে গাজীকে এই মর্মে নিশ্চয়তা দেয় যে সে বছরে মুনাফার অংশ বাবদ কমপক্ষে ২২,০০০ টাকা পাবে।

ক. লাভ-লোকসান বণ্টন হিসাবে প্রদর্শিত হবে না-এরূপ খরচের পরিমাণ নিরূপণ করো। ২
খ. লাভ-লোকসান বণ্টন হিসাব প্রস্তুত করো। ৪
গ. জামাল ও গাজীর মূলধন হিসাব প্রস্তুত করো। (মুনাফার অংশ জামাল ৪১,২২৫ টাকা, গাজী ২২,০০০ টাকা)। ৪

## ৯ নং প্রশ্নের সমাধান

**ক** লাভ-লোকসান বণ্টন হিসাবে প্রদর্শিত হবে না এরূপ খরচের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| গাজীর বেতন (৪০০ × ১২) | ৪,৮০০ | |
| মোট | | ৪,৮০০ |

**উত্তর:** লাভ-লোকসান আবণ্টন হিসাবে প্রদর্শিত হবে না ৪,৮০০ টাকা।

**খ**

### জামাল, কামাল,গাজী
### লাভ-লোকসান আবণ্টন হিসাব

ডেবিট ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য ক্রেডিট

| বিবরণ | | টাকা | বিবরণ | | টাকা |
|---|---|---|---|---|---|
| **অংশীদারদের মূলধন হিসাব:** (মূলধনের সুদ) | | | **বিশদ আয় বিবরণী** (নিট লাভ) | | ১,২৪,৯০০ |
| জামাল | ৬,০০০ | | **অংশীদারদের মূলধন হিসাব:** (উত্তোলনের সুদ) (গণনা-১) | | |
| কামাল | ৫,০০০ | | জামাল | ২৬০ | |
| গাজী | ৪,০০০ | ১৫,০০০ | কামাল | ১৮০ | |
| **জামালের বেতন হিসাব:** বেতন (৫০০ × ১২) | | ৬,০০০ | গাজী | ১১০ | ৫৫০ |
| **অংশীদারদের মূলধন হিসাব:** (মুনাফার অংশ) | | | | | |
| জামাল | ৪১,২২৫ | | | | |
| কামাল | ৪১,২২৫ | | | | |
| গাজী | ২২,০০০ | ১,০৪,৪৫০ | | | |
| | | ১,২৫,৪৫০ | | | ১,২৫,৪৫০ |

**উত্তর:** বণ্টনযোগ্য মুনাফা: জামাল ৪১,২২৫ টাকা, কামাল ৪১,২২৫ টাকা, গাজী ২২,০০০ টাকা।

**গণনা:**

**১. উত্তোলনের সুদ:**
জামাল (৮০০ × ৫% × $^{১৩}/_{২}$) = ২৬০ টাকা
কামাল (৬০০ × ৫% × ৬) = ১৮০ টাকা
গাজী (৪০০ × ৫% $^{১১}/_{২}$) = ১১০ টাকা

**২. বণ্টনযোগ্য মুনাফা:**

| | |
|---|---|
| বণ্টনযোগ্য মোট মুনাফা | ১,০৪,৪৫০ |
| বাদ: গাজীকে নিশ্চয়তা বাবদ প্রদান | ২২,০০০ |
| **অবশিষ্ট** | ৮২,৪৫০ |

∴ জামালের মুনাফার অংশ (৮২,৪৫০ × $^{৪}/_{৮}$) = ৪১,২২৫ টাকা
কামালের মুনাফার অংশ (৮২,৪৫০ × $^{৪}/_{৮}$) = ৪১,২২৫ টাকা

**গ**

### অংশীদারদের মূলধন হিসাব

ডেবিট ক্রেডিট

| তারিখ | বিবরণ | জামাল (টাকা) | গাজী (টাকা) | তারিখ | বিবরণ | জামাল (টাকা) | গাজী (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| ২০১৮ | | | | ২০১৮ | | | |
| ডিসে.-৩১ | উত্তোলন হিসাব | ৯,৬০০ | ৪,৮০০ | জানু.-১ | ব্যালেন্স বি/ডি | ৬০,০০০ | ৪০,০০০ |
| ডিসে.-৩১ | **লাভ-লোকসান আবণ্টন হিসাব:** | | | ডিসে.-৩১ | **লাভ লোকসান হিসাব:** | | |
| | উত্তোলনের সুদ | ২৬০ | ১১০ | | বেতন | | ৪,৮০০ |
| ডিসে.-৩১ | ব্যালেন্স সি/ডি | ৯৭,৩৬৫ | ৬৫,৮৯০ | ডিসে.-৩১ | **লাভ-লোকসান আবণ্টন হিসাব:** | | |
| | | | | | মূলধনের সুদ | ৬,০০০ | ৪,০০০ |
| | | | | | মুনাফার অংশ | ৪১,২২৫ | ২২,০০০ |
| | | ১,০৭,২২৫ | ৭০,৮০০ | ২০১৯ | | ১,০৭,২২৫ | ৭০,৮০০ |
| | | | | জানু.-১ | ব্যালেন্স বি/ডি | ৯৭,৩৬৫ | ৬৫,৮৯০ |

**উত্তর: মূলধনের জের:** জামাল ৯৭,৩৬৫ টাকা, গাজী ৬৫,৮৯০ টাকা।

**প্রশ্ন ▶১০** ঈষা, ঊষা ও শিষা ২০১৮ সালের ১ জানুয়ারি মোট ১,৫০,০০০ টাকার মূলধন নিয়ে ব্যবসায় আরম্ভ করে। অংশীদারগণ সিদ্ধান্ত নেয় ৩ ঃ ২ ঃ ১ অনুপাতে লাভ-ক্ষতি বণ্টন করবে এবং মূলধন ও উত্তোলনের ওপর ৫% সুদ ধার্য করা হবে। ঈষা বছরে ব্যবসায় হতে ৮,৮০০ টাকা বেতন পাবে তার বেতনের অর্ধেক ঊষার হিসাবে চার্জ করা হবে। ঈষা ১ এপ্রিল ৮,০০০ টাকা, ঊষা বছরে ৬,০০০ টাকা ও শিষা ৫,০০০ টাকা ব্যবসায় হতে নগদ উত্তোলন করে। এছাড়া শিষা ২,০০০ টাকার পণ্য ব্যবসায় হতে উত্তোলন করে, যা হিসাবের খাতায় লিপিবদ্ধ হয়েছে। অংশীদারদের মূলধন বিনিয়োগের পরিমাণ ছিল তাদের লাভ-লোকসান বণ্টন অনুপাতের সমান। উপর্যুক্ত তথ্য বিবেচনা করার পূর্বে ৩১ ডিসেম্বর ২০১৮ তারিখে ব্যবসায়ের লাভ ছিল ৫০,০০০ টাকা।

ক. মূলধনের ও উত্তোলনের সুদের জাবেদা দাখিলা দেখাও। (ব্যাখ্যার প্রয়োজন নাই) ২

খ. অংশীদারগণের লাভ-ক্ষতি আবণ্টন হিসাব প্রস্তুত করো। ৪

গ. অংশীদারদের মূলধন হিসাব প্রস্তুত করো। ৪

**১০ নং প্রশ্নের সমাধান**

**ক**

**ঈষা, ঊষা ও শিষা**
**জাবেদা বই**

| তারিখ | হিসাব শিরোনাম | খ: পৃ: | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|---|---|
| ২০১৮ | | | | |
| ডিসে.-৩১ | লাভ-লোকসান আবণ্টন হিসাব (মূলধনের সুদ) | | ৭,৫০০ | |
| | অংশীদারদের মূলধন হিসাব | | | ৭,৫০০ |
| ” | অংশীদারদের মূলধন হিসাব | | ৫৭৫ | |
| | লাভ-লোকসান আবণ্টন হিসাব (উত্তোলনের সুদ) | | | ৫৭৫ |
| | **মোট** | | ৮,০৭৫ | ৮,০৭৫ |

**উত্তর:** জাবেদার যোগফল ৮,০৭৫ টাকা।

**নোট:** কোনো নির্দিষ্ট তারিখে উত্তোলন করলে সেক্ষেত্রে ঐ নির্দিষ্ট তারিখ হতে হিসাবকালের শেষ তারিখ পর্যন্ত সময়ের সুদ গণনা করতে হবে। এখানে ঈষা এপ্রিল ১ তারিখে উত্তোলন করায় ৯ মাসের সুদ ধার্য করা হয়েছে।

**খ**

**ঈষা, ঊষা ও শিষা**
**লাভ-লোকসান আবণ্টন হিসাব**

**ডেবিট** ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য **ক্রেডিট**

| বিবরণ | | টাকা | বিবরণ | | টাকা |
|---|---|---|---|---|---|
| **অংশীদারদের মূলধন হিসাব:** (মূলধনের সুদ) | | | **বিশদ আয় বিবরণী** (নিট লাভ) | | ৫০,০০০ |
| ঈষা | ৩,৭৫০ | | **অংশীদারের মূলধন হিসাব:** (উত্তোলনের সুদ) | | |
| ঊষা | ২,৫০০ | | ঈষা | ৩০০ | |
| শিষা | ১,২৫০ | ৭,৫০০ | ঊষা | ১৫০ | |
| **ঈষার মূলধন হিসাব:** (বেতন হিসাব) | | ৪,৪০০ | শিষা | ১২৫ | ৫৭৫ |
| **অংশীদারদের মূলধন হিসাব:** (মুনাফার অংশ) | | | | | |
| ঈষা | ১৯,৩৩৭ | | | | |
| ঊষা | ১২,৮৯২ | | | | |
| শিষা | ৬,৪৪৬ | ৩৮,৬৭৫ | | | |
| | | ৫০,৫৭৫ | | | ৫০,৫৭৫ |

**উত্তর: বণ্টনযোগ্য মুনাফার অংশ:** ঈষা ১৯,৩৩৭ টাকা; ঊষা ১২,৮৯২ টাকা; শিষা ৬,৪৪৬ টাকা।

**গ**

**ঈষা, ঊষা ও শিষা**

**ডেবিট** **মূলধন হিসাব** **ক্রেডিট**

| তারিখ | বিবরণ | ঈষা (টাকা) | ঊষা (টাকা) | শিষা (টাকা) | তারিখ | বিবরণ | ঈষা (টাকা) | ঊষা (টাকা) | শিষা (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০১৮ | | | | | ২০১৮ | | | | |
| ডিসে.-৩১ | উত্তোলন হিসাব | ৮,০০০ | ৬,০০০ | ৫,০০০ | জানু.-১ | নগদান হিসাব | ৭৫,০০০ | ৫০,০০০ | ২৫,০০০ |
| ডিসে.-৩১ | পণ্য উত্তোলন | | | ২,০০০ | ডিসে.-৩১ | ঊষার মূলধন হিসাব | | | |
| | ঈষার মূলধন হিসাব | | | | | (বেতনের নিশ্চয়তা) | ৪,৪০০ | | |

| তারিখ | বিবরণ | ঈষা (টাকা) | উষা (টাকা) | শিষা (টাকা) | তারিখ | বিবরণ | ঈষা (টাকা) | উষা (টাকা) | শিষা (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | (বেতনের নিশ্চয়তা) | | ৪,৮০০ | | ডিসে.-৩১ | **লাভ-লোকসান আবণ্টন হিসাব:** | | | |
| ডিসে.-৩১ | **লাভ লোকসান আবণ্টন হিসাব:** | | | | | মূলধনের সুদ | ৩,৭৫০ | ২,৫০০ | ১,২৫০ |
| | উত্তোলনের সুদ | ৩০০ | ১৫০ | ১২৫ | | বেতন | ৪,৮০০ | | |
| " ৩১ | বেতন হিসাব | ৯৮,৫৮৭ | ৫৪,৮৪২ | ২৫,৫৭১ | | মুনাফার অংশ | ১৯,৩৩৭ | ১২,৮৯২ | ৬,৪৪৬ |
| ডিসে.-৩১ | ব্যালেন্স সি/ডি | ১,০৬,৮৮৭ | ৬৫,৩৯২ | ৩২,৬৯৬ | | | ১,০৬,৮৮৭ | ৬৫,৩৯২ | ৩২,৬৯৬ |
| | | | | | ২০১৯ জানু.-১ | ব্যালেন্স বি/ডি | ৯৮,৫৮৭ | ৫৪,৮৪২ | ২৫,৫৭১ |

**উত্তর: সমাপনী মূলধনের জের:** ঈষা ৯৮,৫৮৭ টাকা; উষা ৫৪,৮৪২ টাকা; শিষা ২৫,৫৭১ টাকা।

**প্রশ্ন ▶ ১১** কলি, মলি ও জলি ২০১৮ সালের জুলাই ১ তারিখে সম-অংশীদারিত্বের ভিত্তিতে এবং সমপরিমাণ মূলধন নিয়ে ঢাকার বেইলী রোডে 'লেডিস কর্ণার' নামে একটি প্রসাধনী ব্যবসায় শুরু করে। তাদের প্রণীত অংশীদারি চুক্তিপত্রের বিষয়বস্তু এবং উক্ত হিসাবকালের সংঘটিত লেনদেনগুলো নিম্নরূপ:

১. ব্যবসায়ের পণ্য ক্রয় ও অন্যান্য খরচ বাবদ তারা মোট ৬,০০,০০০ টাকা বিনিয়োগ করে।
২. মূলধন ও উত্তোলনের ওপর ১০% সুদ ধার্য করতে হবে।
৩. কলি বিক্রয় প্রসারের জন্য মাসিক ৫,০০০ টাকা বেতন পাবে।
৪. মুনাফার প্রত্যাশায় কলি, মলি ও জলি প্রত্যেক মাসের শেষে ৫০০ টাকা উত্তোলন করেছে।
৫. মলি ব্যবসায় থেকে পণ্য উত্তোলন করেছে ২,৫০০ টাকা।
৬. ১.১২.২০১৮ তারিখে নগদ অর্থের প্রয়োজনে কলি ব্যবসায়ে ৫,০০০ টাকা ঋণ সরবরাহ করেছে।

উপর্যুক্ত সমন্বয় সাধনের পূর্বে ৩১ ডিসেম্বর ২০১৮ তারিখে ব্যবসায়ের নিট মুনাফা দাঁড়ায় ১,৫০,০০০ টাকা। উল্লেখ্য 'লেডিস কর্ণার'-এর হিসাবকাল শেষ হয় ৩১ ডিসেম্বর তারিখে।

ক. কলির বেতন বাবদ প্রাপ্য টাকার পরিমাণ নির্ণয় করো। ২
খ. লাভ-লোকসান আবণ্টন হিসাব প্রস্তুত করো। ৪
গ. মলি ও জলির মূলধন হিসাব প্রস্তুত করো। ৪

**১১ নং প্রশ্নের সমাধান**

**ক** কলির বেতন বাবদ প্রাপ্য টাকার পরিমাণ নির্ণয়:

কলির প্রাপ্য বেতন = (৫,০০০ × ৬) টাকা = ৩০,০০০ টাকা।

**উত্তর:** কলির প্রাপ্য বেতনের পরিমাণ ৩০,০০০ টাকা।

**খ**

**'লেডিস কর্ণার'**
**লাভ-লোকসান আবণ্টন হিসাব**

**ডেবিট** ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য **ক্রেডিট**

| বিবরণ | | টাকা | বিবরণ | | টাকা |
|---|---|---|---|---|---|
| **অংশীরদের মূলধন হিসাব:** (মূলধনের সুদ) | | | **বিশদ আয় বিবরণী** (নিট লাভ) | | ১,৫০,০০০ |
| কলি | ১০,০০০ | | **অংশীদারদের মূলধন হিসাব:** (উত্তোলনের সুদ) | | |
| মলি | ১০,০০০ | | কলি | ১২৫ | |
| জলি | ১০,০০০ | ৩০,০০০ | মলি | ১২৫ | |
| **কলির মূলধন হিসাব:** (বেতন) | | ৩০,০০০ | জলি | ১২৫ | ৩৭৫ |
| **কলির ঋণ হিসাব:** (ঋণের সুদ) | | ২৫ | **মলির মূলধন হিসাব** (পণ্য উত্তোলন) | | ২,৫০০ |
| **অংশীদারদের মূলধন হিসাব** (মুনাফার অংশ) | | | | | |
| কলি | ৩০,৯৫০ | | | | |
| মলি | ৩০,৯৫০ | | | | |
| জলি | ৩০,৯৫০ | ৯২,৮৫০ | | | |
| | | ১,৫২,৮৭৫ | | | ১,৫২,৮৭৫ |

**উত্তর: বণ্টনযোগ্য মুনাফার অংশ:** কলি ৩০,৯৫০ টাকা, মলি ৩০,৯৫০ টাকা এবং জলি ৩০,৯৫০ টাকা।

**নোট:** গুণন পদ্ধতিতে উত্তোলনের ওপর ২.৫ মাসের সুদ ধরা হয়েছে।

গ

**লেডিস কর্ণার**
**ডেবিট মূলধন হিসাব ক্রেডিট**

| তারিখ | বিবরণ | মলি (টাকা) | জলি (টাকা) | তারিখ | বিবরণ | মলি (টাকা) | জলি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| ২০১৮ | | | | ২০১৮ | | | |
| ডিসে. ৩১ | উত্তোলন হিসাব | ৬,০০০ | ৬,০০০ | জুলাই ১ | নগদান হিসাব | ২,০০,০০০ | ২,০০,০০০ |
| ” ৩১ | **লাভ-লোকসান আবণ্টন হিসাব:** | | | ডিসে. ৩১ | **লাভ-লোকসান আবণ্টন হিসাব:** | | |
| | উত্তোলনের সুদ | ১২৫ | ১২৫ | | মূলধনের সুদ | ১০,০০০ | ১০,০০০ |
| | পণ্য উত্তোলন | ২,৫০০ | | | বেতন | | |
| ” ৩১ | ব্যালেন্স সি/ডি | ২,৩২,৩২৫ | ২,৩৪,৮২৫ | | মুনাফার অংশ | ৩০,৯৫০ | ৩০,৯৫০ |
| | | ২,৪০,৯৫০ | ২,৪০,৯৫০ | | | ২,৪০,৯৫০ | ২,৪০,৯৫০ |
| | | | | ২০১৯ | | | |
| | | | | জানু. ১ | ব্যালেন্স সি/ডি | ২,৩২,৩২৫ | ২,৩৪,৮২৫ |

**উত্তর: সমাপনী মূলধনের উদ্বৃত্ত:** মলি ২,৩২,৩২৫ টাকা এবং জলি ২,৩৪,৮২৫ টাকা।

## বোর্ড পরীক্ষার প্রশ্ন ও সমাধান

**প্রশ্ন ▶ ১২** হাবিব ও হাসিব ২০১৫ সালের ১ জানুয়ারি তারিখে একটি অংশীদারি কারবার আরম্ভ করে। তাদের কারবারের মোট মূলধন ছিল ৬,০০,০০০ টাকা, যার $\frac{২}{৩}$ ভাগ হাবিব এবং $\frac{১}{৩}$ ভাগ হাসিব সরবরাহ করে। কারবারের লাভ অংশীদারদের মূলধন অনুপাতে বণ্টিত হবে। মূলধন ছাড়াও হাবিব কারবারে ১,০০,০০০ টাকা ঋণস্বরূপ প্রদান করে। কারবারের সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য হাবিব এবং হাসিব প্রতি মাসে যথাক্রমে ৫,০০০ টাকা ও ৪,০০০ টাকা করে বেতন পাবে। হাবিব ও হাসিব কারবার থেকে প্রত্যেক মাসের প্রথম তারিখে যথাক্রমে ৮,০০০ ও ৫,০০০ টাকা করে উত্তোলন করে। এছাড়াও হাসিব ১,২০০ টাকার পণ্য উত্তোলন করে, যা হিসাবভুক্ত হয়নি। তবে পণ্য উত্তোলনের ওপর ৫% হারে সুদ ধার্য হবে। অংশীদারদের বেতন ডেবিট করার পর কিন্তু অন্যান্য সমন্বয়সাধন করার পূর্বে ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখ সমাপ্ত বছরের জন্য মুনাফা ২,৩৮,১৭৫ টাকায় উপনীত হয়। *[ঢা. বো. ১৬]*

ক. অংশীদারদের উত্তোলনের সুদ নির্ণয় করো। ২
খ. লাভ-লোকসান বণ্টন হিসাব তৈরি করো। ৪
গ. অংশীদারদের মূলধন হিসাব তৈরি করো। ৪

**১২ নং প্রশ্নের সমাধান**

ক অংশীদারদের উত্তোলনের সুদ নির্ণয়:

| বিবরণ | টাকা |
|---|---|
| হাসিবের পণ্য উত্তোলনের সুদ (১,২০০ × ৫% × ৬/১২) | ৩০ |

**উত্তর:** উত্তোলনের সুদ ৩০ টাকা।

**নোট:** হাসিবের পণ্য উত্তোলনের ওপর গড় হিসাবে ৬ মাসের সুদ ধার্য করা হয়েছে। চুক্তিতে উল্লিখিত শর্তানুযায়ী অংশীদারদের নগদ উত্তোলনের ওপর কোনো সুদ ধার্য করা হয়নি।

খ

**হাবিব ও হাসিব**
**লাভ-লোকসান আবণ্টন হিসাব**
**ডেবিট** ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য **ক্রেডিট**

| বিবরণ | | টাকা | বিবরণ | টাকা |
|---|---|---|---|---|
| **হাবিব-এর ঋণ হিসাব:** | | | **বিশদ আয় বিবরণী** (নিট লাভ) | ২,৩৮,১৭৫ |
| ঋণের সুদ (গণনা-০২) | | ৩,০০০ | **হাসিবের মূলধন হিসাব:** (পণ্য উত্তোলন) | ১,২০০ |
| **অংশীদারদের মূলধন হিসাব:** (মুনাফার অংশ) (গণনা) | | | **অংশীদারদের মূলধন হিসাব:** (উত্তোলনের সুদ) | |
| হাবিব | ১,৫৭,৬০৩ | | হাসিব (ক থেকে প্রাপ্ত) | ৩০ |
| হাসিব | ৭৮,৮০২ | ২,৩৬,৪০৫ | | |
| | | ২,৩৯,৪০৫ | | ২,৩৯,৪০৫ |

**উত্তর: বণ্টনযোগ্য মুনাফার অংশ:** হাবিব ১,৫৭,৬০৩ টাকা এবং হাসিব ৭৮,৮০২ টাকা।

**প্রয়োজনীয় গণনাকার্য:**

১. বণ্টনযোগ্য মুনাফার অংশ: বণ্টনযোগ্য মুনাফা = ২,৩৬,৪০৫ টাকা
হাবিবের অংশ = (২,৩৬,৪০৫ × ২/৩) = ১,৫৭,৬০৩ টাকা
হাসিবের অংশ = (২,৩৬,৪০৫ × ১/৩) = ৭৮,৮০২ টাকা

২. ঋণের সুদ নির্ণয়:
ঋণের সুদ = (১,০০,০০০ × ৬% × ৬/১২) = ৩,০০০ টাকা

**নোট:** ঋণ গ্রহণের সময় উল্লেখ না থাকায় ৬ মাসের সুদ ধরা হলো এবং সুদের হার উল্লেখ না থাকায় অংশীদারি আইন অনুযায়ী ৬% হারে সুদ ধরা হলো।

গ **হাবিব ও হাসিব**

**ডেবিট** **মূলধন হিসাব** **ক্রেডিট**

| তারিখ | বিবরণ | হাবিব (টাকা) | হাসিব (টাকা) | তারিখ | বিবরণ | হাবিব (টাকা) | হাসিব (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| ২০১৫ | | | | ২০১৫ | | | |
| ডিসে. ৩১ | উত্তোলন হিসাব | ৯৬,০০০ | ৬০,০০০ | জানু. ১ | নগদান হিসাব | ৪,০০,০০০ | ২,০০,০০০ |
| ” ৩১ | **লাভ-লোকসান বণ্টন হিসাব:** | | | ডিসে. ৩১ | বেতন | ৬০,০০০ | ৪৮,০০০ |
| | পণ্য উত্তোলন | | ১,২০০ | ” ৩১ | **লাভ-লোকসান বণ্টন হিসাব:** | | |
| | উত্তোলনের সুদ | | ৩০ | | মুনাফার অংশ | ১,৫৭,৬০৩ | ৭৮,৮০২ |
| ” ৩১ | ব্যালেন্স সি/ডি | ৫,২১,৬০৩ | ২,৬৫,৫৭২ | | | | |
| | | ৬,১৭,৬০৩ | ৩,২৬,৮০২ | ২০১৬ | | ৬,১৭,৬০৩ | ৩,২৬,৮০২ |
| | | | | জানু. ১ | ব্যালেন্স বি/ডি | ৫,২১,৬০৩ | ২,৬৫,৫৭২ |

**উত্তর: মূলধন হিসাবের জের:** হাবিব ৫,২১,৬০৩ টাকা এবং হাসিব ২,৬৫,৫৭২ টাকা।

**গণনা-৩:** বেতন: হাবিব = ৫,০০০ × ১২ = ৬০,০০০ টাকা; হাসিব = ৪,০০০ × ১২ = ৪৮,০০০ টাকা

**প্রশ্ন ▶১৩** নিলয়, নিশাত ও আশিক একটি ব্যবসায়ের অংশীদার। তাদের লাভ-লোকসান বণ্টনের হার যথাক্রমে $\frac{১}{২}$ ঃ $\frac{১}{৩}$ ঃ $\frac{১}{৬}$। ২০১৫ সালের ১ জানুয়ারি তাদের মূলধন হিসাবের উদ্বৃত্ত ছিল: নিলয় ৪,০০,০০০ টাকা, নিশাত ৩,৫০,০০০ টাকা ও আশিক ২,৫০,০০০ টাকা। চুক্তির শর্তানুসারে অংশীদারগণের মূলধনের ওপর ১২% এবং নগদ উত্তোলনের ওপর ১০% হারে সুদ ধার্য হবে। সক্রিয় অংশীদার হিসাবে আশিক মাসিক ৫,০০০ টাকা হারে বেতন পায়। নিলয় প্রতি মাসের প্রথমে ৫,০০০ টাকা হারে সারা বছর ধরে নগদ উত্তোলন করে। নিশাত প্রতি তিন মাস পর পর ১০,০০০ টাকা হারে এবং আশিক বছরের মাঝামাঝি এককালীন ৪০,০০০ টাকা উত্তোলন করে। নিশাত ৩০-৬-২০১৫ তারিখে ৬০,০০০ টাকা অতিরিক্ত মূলধন আনয়ন করে এবং আশিক ১৫% সুদে ১-৪-২০১৫ তারিখে ৮০,০০০ টাকা ঋণ কারবারে সরবরাহ করে।
উপরের সমন্বয়সমূহ সাধনের পূর্বে কারবারের নিট মুনাফা ২,৭৬,৫০০ টাকা ছিল। *[রা. বো. ১৬]*

ক. নিশাতের মূলধনের সুদ নির্ণয় করো। ২
খ. অংশীদারগণের উত্তোলনের সুদ ও আশিকের ঋণের সুদ নির্ণয় করো। ৪
গ. নিশাত ও আশিকের মূলধন হিসাব প্রস্তুত করো (মুনাফার অংশ: নিশাত ৩০,০০০ টাকা, আশিক ১৫,০০০ টাকা।) ৪

**১৩ নং প্রশ্নের সমাধান**

ক নিশাতের মূলধনের সুদ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| প্রারম্ভিক মূলধনের সুদ [৩,৫০,০০০ × ১২%] | ৪২,০০০ | |
| অতিরিক্ত মূলধনের সুদ [৬০,০০০ × ১২% × ৬/১২] | ৩,৬০০ | |
| **মূলধনের সুদ** | | ৪৫,৬০০ |

**উত্তর:** নিশাতের মূলধনের সুদ ৪৫,৬০০ টাকা।

খ অংশীদারগণের উত্তোলনের সুদ ও আশিকের ঋণের সুদ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| নিলয়ের উত্তোলনের সুদ [৫,০০০ × ১০% × ৬.৫] | ৩,২৫০ | |
| নিশাতের উত্তোলনের সুদ [১০,০০০ × ১০% × ১.৫] | ১,৫০০ | |
| আশিকের উত্তোলনের সুদ [৪০,০০০ × ১০% × ৬/১২] | ২,০০০ | |
| | | ৬,৭৫০ |
| আশিকের ঋণের সুদ [৮০,০০০ × ১৫% × ৯/১২] | | ৯,০০০ |

**উত্তর:** উত্তোলনের সুদ: নিলয় ৩,২৫০ টাকা; নিশাত ১,৫০০ টাকা এবং আশিক ২,০০০ টাকা; আশিকের ঋণের সুদ ৯,০০০ টাকা।

গ

**নিশাত ও আশিক**

ডেবিট **মূলধন হিসাব** ক্রেডিট

| তারিখ | বিবরণ | নিশাত (টাকা) | আশিক (টাকা) | তারিখ | বিবরণ | নিশাত (টাকা) | আশিক (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| ২০১৫ | | | | ২০১৫ | | | |
| ডিসে. ৩১ | উত্তোলন | ৪০,০০০ | ৪০,০০০ | জানু. ১ | ব্যালেন্স বি/ডি | ৩,৫০,০০০ | ২,৫০,০০০ |
| ” ৩১ | **লাভ-লোকসান আবণ্টন হিসাব:** | | | জুন ৩০ | নগদান হিসাব | ৬০,০০০ | |
| | উত্তোলনের সুদ | ১,৫০০ | ২,০০০ | ডিসে. ৩১ | **লাভ-লোকসান আবণ্টন হিসাব:** | | |
| ” ৩১ | ব্যালেন্স সি/ডি | ৪,৪৪,১০০ | ৩,১৩,০০০ | | মূলধনের সুদ | ৪৫,৬০০ | ৩০,০০০ |
| | | | | | বেতন | | ৬০,০০০ |
| | | | | | মুনাফার অংশ | ৩০,০০০ | ১৫,০০০ |
| | | ৪,৮৫,৬০০ | ৩,৫৫,০০০ | ২০১৬ | | ৪,৮৫,৬০০ | ৩,৫৫,০০০ |
| | | | | জানু. ১ | ব্যালেন্স বি/ডি | ৪,৪৪,১০০ | ৩,১৩,০০০ |

**উত্তর:** মূলধন হিসাবের জের**:** নিশাত ৪,৪৪,১০০ টাকা এবং আশিক ৩,১৩,০০০ টাকা।

প্রশ্ন ▶১৪ রাফি, রিপন এবং কাফি একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। তাদের লাভ-লোকসানের অনুপাত যথাক্রমে $\frac{১}{২}, \frac{১}{৩}, \frac{১}{৬}$। ২০১৫ সালের ১ জানুয়ারি তারিখে অংশীদারদের মূলধন ছিল**:** রাফি ২,০০,০০০ টাকা, রিপন ১,৫০,০০০ টাকা এবং কাফি-এর ২,০০,০০০ টাকা। রাফি এবং কাফি তাদের সার্বক্ষণিক কাজের জন্য ব্যবসায় থেকে যথাক্রমে ৪,০০০ টাকা এবং ৩,০০০ টাকা করে মাসিক বেতন পাবেন। মূলধন ও উত্তোলনের ওপর বার্ষিক ৫% হারে সুদ ধার্য করতে হবে। প্রত্যেক মাসের শেষ তারিখে রাফি, রিপন এবং কাফি ব্যবসায় থেকে যথাক্রমে ৬,০০০ টাকা, ৩,০০০ টাকা এবং ৩,০০০ টাকা নগদ উত্তোলন করেছিলেন। রাফি ২০১৫ সালের ১ জুলাই তারিখে ২০,০০০ টাকা কারবারে ঋণস্বরূপ প্রদান করেন। রাফি এবং রিপন যৌথভাবে কাফিকে এই মর্মে নিশ্চয়তা প্রদান করেছিলেন যে, কাফি তার বেতন এবং মূলধনের সুদ ছাড়াও লাভের অংশ বাবদ বছরে কমপক্ষে ৩৫,০০০ টাকা পাবেন। উপরোক্ত সমন্বয়গুলো সাধন করার পূর্বে ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য ব্যবসায়ের লাভ ২,০০,০০০ টাকায় উপনীত হয়। *[দি. বো. ১৬]*

ক. অংশীদারদের বার্ষিক উত্তোলনের সুদ এবং রাফির ঋণের সুদ নির্ণয় করো। ২
খ. লাভ-লোকসান বণ্টন হিসাব তৈরি করো। ৪
গ. রাফি এবং রিপনের মূলধন হিসাব তৈরি করো। ৪

**১৪ নং প্রশ্নের সমাধান**

ক অংশীদারদের বার্ষিক উত্তোলনের সুদ এবং রাফির ঋণের সুদ নির্ণয়**:**

উত্তোলনের সুদ নির্ণয়**:**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| রাফি (৬,০০০ × ৫% × ৫.৫) | ১,৬৫০ | |
| রিপন (৩,০০০ × ৫% × ৫.৫) | ৮২৫ | |
| কাফি (৩,০০০ × ৫% × ৫.৫) | ৮২৫ | |
| | | ৩,৩০০ |

রাফির ঋণের সুদ = ২০,০০০ × ৬% × $^{৬}/_{১২}$ = ৬০০ টাকা

**উত্তর: উত্তোলনের সুদ:** রাফি ১,৬৫০ টাকা; রিপন ৮২৫ টাকা; কাফি ৮২৫ টাকা এবং রাফির ঋণের সুদ ৬০০ টাকা।

খ

**রাফি, রিপন ও কাফি**

**লাভ-লোকসান বণ্টন হিসাব**

ডেবিট ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য ক্রেডিট

| বিবরণ | | টাকা | বিবরণ | | টাকা |
|---|---|---|---|---|---|
| **অংশীদারদের মূলধন হিসাব:** (মূলধনের সুদ) | | | **বিশদ আয় বিবরণী** (নিট লাভ) | | ২,০০,০০০ |
| রাফি (২,০০,০০০ × ৫%) | ১০,০০০ | | **অংশীদারদের মূলধন হিসাব:** (ক থেকে) | | |
| রিপন (১,৫০,০০০ × ৫%) | ৭,৫০০ | | (উত্তোলনের সুদ) | | |
| কাফি (২,০০,০০০ × ৫%) | ১০,০০০ | ২৭,৫০০ | রাফি | ১,৬৫০ | |
| **অংশীদারদের মূলধন হিসাব:** (বেতন) | | | রিপন | ৮২৫ | |
| রাফি (৪,০০০ × ১২) | ৪৮,০০০ | | কাফি | ৮২৫ | |
| কাফি (৩,০০০ × ১২) | ৩৬,০০০ | ৮৪,০০০ | | | |
| **রাফির ঋণ হিসাব:** (ঋণের সুদ) (ক থেকে প্রাপ্ত) | | ৬০০ | | | |

| বিবরণ | | টাকা | বিবরণ | টাকা |
|---|---|---|---|---|
| **অংশীদারদের মূলধন হিসাব:** (মুনাফার অংশ) (গণনা) | | | | |
| রাফি | ৩৩,৭২০ | | | |
| রিপন | ২২,৪৮০ | | | |
| কাফি (নিশ্চয়তা) | ৩৫,০০০ | ৯১,২০০ | | |
| | | ২,০৩,৩০০ | | ২,০৩,৩০০ |

**উত্তর: মুনাফার অংশ:** রাফি ৩৩,৭২০ টাকা; রিপন ২২,৪৮০ টাকা ও কাফি ৩৫,০০০ টাকা।

**গণনা-১:** অংশীদারদের মুনাফা বণ্টন অনুপাত $= \frac{১}{২} : \frac{১}{৩} : \frac{১}{৬}$

$= \left(\frac{১}{২} \times ৬\right) : \left(\frac{১}{৩} \times ৬\right) : \left(\frac{১}{৬} \times ৬\right)$ [ভগ্নাংশগুলোর ল. সা. গু. দ্বারা প্রত্যেক ভগ্নাংশকে গুণ করে]

$= ৩ : ২ : ১$

**গণনা-২:** অংশীদারদের মধ্যে মুনাফা বণ্টন:

বণ্টনযোগ্য মুনাফা ৯১,২০০ টাকা, যা ৩ : ২ : ১ অনুপাতে অংশীদারদের মধ্যে বণ্টিত হবে।

সুতরাং,

রাফির অংশ = (৯১,২০০ × ৩/৬) = ৪৫,৬০০ টাকা

রিপনের অংশ = (৯১,২০০ × ২/৬) = ৩০,৪০০ টাকা

কাফির অংশ = (৯১,২০০ × ১/৬) = ১৫,২০০ টাকা

মুনাফা বণ্টন অনুপাত অনুযায়ী কাফির মুনাফা ১৫,২০০ টাকা কিন্তু রাফি ও রিপনের নিশ্চয়তা অনুযায়ী কাফি ব্যবসায় থেকে মুনাফা বাবদ কমপক্ষে ৩৫,০০০ টাকা পাবে।

সুতরাং, কাফির মুনাফার ঘাটতি (৩৫,০০০ – ১৫,২০০) = ১৯,৮০০ টাকা। রাফি ও রিপন তাদের মুনাফা বণ্টন অনুপাত অনুযায়ী এই ঘাটতি বহন করবে।

অতএব, নিশ্চয়তা বাবদ রাফি দিবে (১৯,৮০০ × ৩/৫) = ১১,৮০০ টাকা, নিশ্চয়তা বাবদ রিপন দিবে (১৯,৮০০ × ২/৫) = ৭,৯২০ টাকা

এখন, ব্যবসায় থেকে প্রাপ্য অংশীদারদের প্রকৃত মুনাফা:

রাফি = (৪৫,৬০০ - ১১,৮৮০) = ৩৩,৭২০ টাকা

রিপন = (৩০,৪০০ - ৭,৯২০) = ২২,৪৮০ টাকা

কাফি = (১৫,২০০ + ১১,৮৮০ + ৭,৯২০) = ৩৫,০০০ টাকা

**গ**

**রাফি ও রিপন**

**ডেবিট** **মূলধন হিসাব** **ক্রেডিট**

| তারিখ | বিবরণ | রাফি (টাকা) | রিপন (টাকা) | তারিখ | বিবরণ | রাফি (টাকা) | রিপন (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| ২০১৫ | | | | ২০১৫ | | | |
| ডিসে. ৩১ | উত্তোলন | ৭২,০০০ | ৩৬,০০০ | জানু. ১ | ব্যালেন্স বি/ডি | ২,০০,০০০ | ১,৫০,০০০ |
| " ৩১ | **লাভ-লোকসান বণ্টন হিসাব** | | | ডিসে. ৩১ | **লাভ-লোকসান বণ্টন হিসাব** | | |
| | উত্তোলনের সুদ | ১,৬৫০ | ৮২৫ | | মূলধনের সুদ | ১০,০০০ | ৭,৫০০ |
| " ৩১ | ব্যালেন্স সি/ডি | ২,১৮,০৭০ | ১,৪৩,১৫৫ | | বেতন | ৪৮,০০০ | |
| | | | | | মুনাফার অংশ | ৩৩,৭২০ | ২২,৪৮০ |
| | | ২,৯১,৭২০ | ১,৭৯,৯৮০ | ২০১৬ | | ২,৯১,৭২০ | ১,৭৯,৯৮০ |
| | | | | জানু. ১ | ব্যালেন্স বি/ডি | ২,১৮,০৭০ | ১,৪৩,১৫৫ |

**উত্তর: মূলধন হিসাবের উদ্বৃত্ত:** রাফি ২,১৮,০৭০ টাকা এবং রিপন ১,৪৩,১৫৫ টাকা।

**প্রশ্ন ▶ ১৫** অলক এবং অনিক একটি অংশীদারি ব্যবসায়ের দুজন অংশীদার। তারা ব্যবসায়ের লাভ-লোকসান ৩ : ২ অনুপাতে বণ্টন করে নেয়। ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে উত্তোলন, মুনাফার অংশ এবং অলকের বেতন সমন্বয়ের পর তাদের মূলধন দাঁড়ায় যথাক্রমে ৮২,০০০ টাকা ও ৬৩,২০০ টাকা। পরবর্তীতে দেখা গেল মূলধন ও উত্তোলনের ওপর বার্ষিক ১০% হারে সুদ ধরা হয়নি। অংশীদারদের উত্তোলনের পরিমাণ ছিল যথাক্রমে ১২,০০০ টাকা এবং ৭,৪০০ টাকা। এ উত্তোলনের ওপর সুদ ছিল যথাক্রমে ৬০০ টাকা এবং ৩৭০ টাকা। অলকের বার্ষিক বেতন ৭,২০০ টাকা ডেবিট করার পর কিন্তু মূলধন ও উত্তোলনের সুদ সমন্বয়ের পূর্বে ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের লাভ ৩৫,০০০ টাকায় উপনীত হয়। *[কু. বো. ১৬]*

ক. অংশীদারদের প্রারম্ভিক মূলধন নির্ণয় করো। ২

খ. লাভ-লোকসান সমন্বয় হিসাব প্রস্তুত করো। ৪

গ. অংশীদারদের সমন্বিত মূলধন হিসাব প্রস্তুত করো। ৪

## ১৫ নং প্রশ্নের সমাধান

**ক** অংশীদারদের প্রারম্ভিক মূলধন নির্ণয়:

| বিবরণ | অলক (টাকা) | অনিক (টাকা) |
|---|---|---|
| মূলধন (উত্তোলন, মুনাফার অংশ ও বেতন সমন্বয়ের পর) | ৮২,০০০ | ৬৩,২০০ |
| যোগ: উত্তোলন | ১২,০০০ | ৭,৪০০ |
| | ৯৪,০০০ | ৭০,৬০০ |
| বাদ: বেতন | (৭,২০০) | — |
| | ৮৬,৮০০ | ৭০,৬০০ |
| বাদ: মুনাফার অংশ (৩৫,০০০ × $^{৩}/_{৫}$ = ২১,০০০; ৩৫,০০০ × $^{২}/_{৫}$ = ১৪,০০০) | (২১,০০০) | (১৪,০০০) |
| **প্রারম্ভিক মূলধন** | ৬৫,৮০০ | ৫৬,৬০০ |

**উত্তর: প্রারম্ভিক মূলধন:** অলক ৬৫,৮০০ টাকা এবং অনিক ৫৬,৬০০ টাকা।

**খ**

**অলক ও অনিক**
**লাভ-লোকসান সমন্বয় হিসাব**
**ডেবিট** ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য **ক্রেডিট**

| বিবরণ | | টাকা | বিবরণ | | টাকা |
|---|---|---|---|---|---|
| **অংশীদারদের সমন্বিত মূলধন হিসাব:** (মূলধনের সুদ) | | | **অংশীদারদের সমন্বিত মূলধন হিসাব:** (উত্তোলনের সুদ) | | |
| অলক (৬৫,৮০০ × ১০%) | ৬,৫৮০ | | অলক | ৬০০ | |
| অনিক (৫৬,৬০০ × ১০%) | ৫,৬৬০ | ১২,২৪০ | অনিক | ৩৭০ | ৯৭০ |
| | | | **অংশীদারদের সমন্বিত মূলধন হিসাব:** (ক্ষতির অংশ) | | |
| | | | অলক (১১,২৭০ × $^{৩}/_{৫}$) | ৬,৭৬২ | |
| | | | অনিক (১১,২৭০ × $^{২}/_{৫}$) | ৪,৫০৮ | ১১,২৭০ |
| | | ১২,২৪০ | | | ১২,২৪০ |

**উত্তর: বণ্টনযোগ্য ক্ষতির অংশ:** অলক ৬,৭৬২ টাকা ও অনিক ৪,৫০৮ টাকা।

**গ**

**অলক ও অনিক**
**ডেবিট** **সমন্বিত মূলধন হিসাব** **ক্রেডিট**

| তারিখ | বিবরণ | টাকা | | তারিখ | বিবরণ | টাকা | |
|---|---|---|---|---|---|---|---|
| | | অলক | অনিক | | | অলক | অনিক |
| ২০১৫ | | | | ২০১৫ | | | |
| ডিসে. ৩১ | **লাভ-লোকসান সমন্বয় হিসাব:** | | | ডিসে. ৩১ | ব্যালেন্স বি/ডি | ৮২,০০০ | ৬৩,২০০ |
| | উত্তোলনের সুদ | ৬০০ | ৩৭০ | ” ৩১ | **লাভ-লোকসান সমন্বয় হিসাব:** | | |
| | ক্ষতির অংশ | ৬,৭৬২ | ৪,৫০৮ | | মূলধনের সুদ | ৬,৫৮০ | ৫,৬৬০ |
| ” ৩১ | ব্যালেন্স সি/ডি | ৮১,২১৮ | ৬৩,৯৮২ | | | | |
| | | ৮৮,৫৮০ | ৬৮,৮৬০ | ২০১৬ | | ৮৮,৫৮০ | ৬৮,৮৬০ |
| | | | | জানু. ১ | ব্যালেন্স বি/ডি | ৮১,২১৮ | ৬৩,৯৮২ |

**উত্তর: সমাপনী মূলধনের উদ্বৃত্ত:** অলক ৮১,২১৮ টাকা এবং অনিক ৬৩,৯৮২ টাকা।

**প্রশ্ন ▶ ১৬** রনি, জনি ও মনি একটি অংশীদারি কারবারের অংশীদার। ২০১৫ সালের ১ জানুয়ারি তারিখে তাদের মূলধন ছিল যথাক্রমে ৮০,০০০ টাকা, ৫০,০০০ টাকা এবং ৩০,০০০ টাকা। তাদের চলতি হিসাবের উদ্বৃত্ত ছিল—

রনি ১০,০০০ টাকা (ক্রেডিট)
জনি ৪,০০০ টাকা (ডেবিট)
মনি ৬,০০০ টাকা (ক্রেডিট)

তাদের অংশীদারি চুক্তি অনুযায়ী মূলধন ও চলতি হিসাবের উদ্বৃত্তের ওপর ৬% হারে সুদ ধার্য করতে হবে। ১ জুলাই ২০১৫ তারিখে মনি ১০,০০০ টাকা ঋণ প্রদান করে। রনি তার বেতন বাবদ ৫,০০০ টাকা পাবে। ৩১ ডিসেম্বর ২০১৫ তারিখে কারবারের নিট আয় ছিল ২৭,৬২০ টাকা। *[চ. বো. ১৬]*

ক. অংশীদারগণের চলতি হিসাবের উদ্বৃত্তের ওপর সুদ নির্ণয় করো। ২
খ. লাভ-লোকসান আবণ্টন বিবরণী প্রস্তুত করো। ৪
গ. অংশীদারগণের চলতি হিসাব বিবরণী প্রস্তুত করো। ৪

## ১৬ নং প্রশ্নের সমাধান

**ক** অংশীদারগণের চলতি হিসাবের উদ্বৃত্তের ওপর সুদ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| রনির চলতি হিসাবের উদ্বৃত্তের সুদ (১০,০০০ × ৬%) | ৬০০ | |
| জনির চলতি হিসাবের উদ্বৃত্তের সুদ (৪,০০০ × ৬%) | ২৪০ | |
| মনির চলতি হিসাবের উদ্বৃত্তের সুদ (৬,০০০ × ৬%) | ৩৬০ | ১,২০০ |

**উত্তর: চলতি হিসাবের উদ্বৃত্তের সুদ:** রনি ৬০০ টাকা, জনি ২৪০ টাকা এবং মনি ৩৬০ টাকা।

**খ**

**রনি, জনি ও মনি**
**লাভ-লোকসান আবণ্টন বিবরণী**
২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **বিশদ আয় বিবরণী** (নিট লাভ) | | | ২৭,৬২০ |
| **যোগ: অসমন্বিত আয়সমূহ:** | | | |
| **চলতি হিসাবের সুদ:** | | | |
| জনি (৪,০০০ × ৫%) | | | ২৪০ |
| **বাদ: অসমন্বিত ব্যয়সমূহ:** | | | ২৭,৮৬০ |
| **মূলধনের সুদ:** | | | |
| রনি (৮০,০০০ × ৬%) | ৪,৮০০ | | |
| জনি (৫০,০০০ × ৬%) | ৩,০০০ | | |
| মনি (৩০,০০০ × ৬%) | ১,৮০০ | ৯,৬০০ | |
| **চলতি হিসাবের সুদ:** (ক্রেডিট) | | | |
| রনি (১০,০০০ × ৬%) | ৬০০ | | |
| মনি (৫,০০০ × ৬%) | ৩৬০ | ৯৬০ | |
| রনির বেতন | | ৫,০০০ | |
| মনির ঋণের সুদ (১০,০০০ × ৬% × ৬/১২) | | ৩০০ | (১৫,৮৬০) |
| **বণ্টনযোগ্য মুনাফা** | | | ১২,০০০ |
| **অংশীদারদের চলতি হিসাব:** (মুনাফার অংশ) | | | |
| রনি (১২,০০০ × ১/৩) | | ৪,০০০ | |
| জনি (১২,০০০ × ১/৩) | | ৪,০০০ | |
| মনি (১২,০০০ × ১/৩) | | ৪,০০০ | |
| | | | ১২,০০০ |

**উত্তর:** প্রত্যেকের মুনাফার অংশ ৪,০০০ টাকা।

**নোট:** অংশীদারদের দেওয়া ঋণের সুদের হার উল্লেখ না থাকলে ৬% হারে সুদ ধার্য করতে হবে। অংশীদারি আইন অনুযায়ী চুক্তিপত্রে অংশীদারদের মুনাফা বণ্টনের হার উল্লেখ থাকলে সকল অংশীদারদের মধ্যে সমহারে মুনাফা বণ্টন করা হয়।

**গ**

**রনি, জনি ও মনি**
**চলতি হিসাব বিবরণী**

| তারিখ | বিবরণ | রনি (টাকা) | জনি (টাকা) | মনি (টাকা) |
|---|---|---|---|---|
| ২০১৫ | | | | |
| জানু. ১ | প্রারম্ভিক উদ্বৃত্ত | ১০,০০০ | (৪,০০০) | ৬,০০০ |
| ডিসে. ৩১ | **লাভ-লোকসান আবণ্টন বিবরণী:** | | | |
| | মূলধনের সুদ (খ থেকে) | ৪,৮০০ | ৩,০০০ | ১,৮০০ |
| | চলতি হিসাবের ক্রেডিট উদ্বৃত্তের সুদ (ক থেকে) | ৬০০ | | ৩৬০ |
| | বেতন | ৫,০০০ | | |
| | ঋণের সুদ (খ থেকে) | | | ৩০০ |
| | মুনাফার অংশ (খ থেকে) | ৪,০০০ | ৪,০০০ | ৪,০০০ |
| | | ২৪,৪০০ | ৩,০০০ | ১২,৪৬০ |
| ডিসে. ৩১ | **লাভ-লোকসান আবণ্টন বিবরণী:** | | | |
| | চলতি হিসাবের ডেবিট উদ্বৃত্তের সুদ | | ২৪০ | |
| | **সমাপনী উদ্বৃত্ত** | ২৪,৪০০ | ২,৭৬০ | ১২,৪৬০ |

**উত্তর: চলতি হিসাবের সমাপনী উদ্বৃত্ত:** রনি ২৪,৪০০ টাকা (ক্রেডিট); জনি ২,৭৬০ টাকা (ক্রেডিট) এবং মনি ১২,৪৬০ টাকা (ক্রেডিট)।

**প্রশ্ন ▶১৭** পাপ্পু, প্রিতম ও পাপন একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। তারা ২ ঃ ২ ঃ ১ অনুপাতে লাভ-ক্ষতি বণ্টন করে। ২০১৫ সালের শেষে অংশীদারদের মুনাফার অংশ, উত্তোলন এবং পাপনের বেতন সমন্বয়ের পর তাদের মূলধন হিসাবের উদ্বৃত্ত ছিল যথাক্রমে ৪১,০০০ টাকা, ৩১,৬০০ টাকা এবং ২৭,০০০ টাকা। পরবর্তী পর্যায়ে দেখা গেল যে, মূলধন ও উত্তোলনের ওপর ৫% হারে সুদ ধার্য করার বিধান থাকলেও বিষয় দুটি সমন্বয় হয়নি। তাদের উত্তোলনের পরিমাণ ছিল যথাক্রমে ৯,০০০ টাকা, ৪,৪০০ টাকা ও ৭,০০০ টাকা এবং উত্তোলনের ওপর সুদের পরিমাণ ছিল যথাক্রমে ১৮০ টাকা, ৮০ টাকা ও ১৪০ টাকা। পাপনের বার্ষিক বেতন ৪,০০০ টাকা ডেবিট করার পর কিন্তু মূলধন ও উত্তোলনের সুদ সমন্বয়ের আগে নিট মুনাফা অর্জিত হয়েছিল ২০,০০০ টাকা। অংশীদারেরা এই মর্মে একমত হয়েছিল যে, লাভ-ক্ষতি অনুপাতে তাদের কারবারের মোট মূলধন হবে ১,০০,০০০ টাকা। *[সি. বো. ১৬]*

ক. অংশীদারদের পুনঃসমন্বিত মূলধনের বণ্টন দেখাও। ২
খ. অংশীদারদের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. লাভ-ক্ষতি সমন্বয়ের হিসাব তৈরি করো। ৪

**১৭ নং প্রশ্নের সমাধান**

**ক** অংশীদারদের পুনঃসমন্বিত মূলধনের বণ্টন নিম্নরূপ:

মূলধন বণ্টনের অনুপাত ২ ঃ ২ ঃ ১ এবং মোট মূলধন ১,০০,০০০ টাকা

∴ পাপ্পুর পুনঃসমন্বিত মূলধন = (১,০০,০০০ × ২/৫) = ৪০,০০০ টাকা

প্রিতমের পুনঃসমন্বিত মূলধন = (১,০০,০০০ × ২/৫) = ৪০,০০০ টাকা

পাপনের পুনঃসমন্বিত মূলধন = (১,০০,০০০ × ১/৫) = ২০,০০০ টাকা

**উত্তর: পুনঃসমন্বিত মূলধনের বণ্টন:** পাপ্পু ৪০,০০০ টাকা; প্রিতম ৪০,০০০ টাকা এবং পাপন ২০,০০০ টাকা।

**খ** অংশীদারদের প্রারম্ভিক মূলধন নির্ণয়:

| বিবরণ | পাপ্পু (টাকা) | প্রিতম (টাকা) | পাপন (টাকা) |
|---|---|---|---|
| অংশীদারদের মূলধনের উদ্বৃত্ত (মুনাফার অংশ, উত্তোলন ও বেতন সমন্বয়ের পর) | ৪১,০০০ | ৩১,৬০০ | ২৭,০০০ |
| যোগ: উত্তোলন | ৯,০০০ | ৪,৪০০ | ৭,০০০ |
| | ৫০,০০০ | ৩৬,০০০ | ৩৪,০০০ |
| বাদ: মুনাফার অংশ (২০,০০০ টাকা ২ ঃ ২ ঃ ১ অনুপাতে বণ্টিত) | (৮,০০০) | (৮,০০০) | (৪,০০০) |
| | ৪২,০০০ | ২৮,০০০ | ৩০,০০০ |
| বাদ: পাপনের বেতন | - | - | (৪,০০০) |
| **প্রারম্ভিক মূলধন** | ৪২,০০০ | ২৮,০০০ | ২৬,০০০ |

**উত্তর: প্রারম্ভিক মূলধনের উদ্বৃত্ত:** পাপ্পু ৪২,০০০ টাকা; প্রিতম ২৮,০০০ টাকা এবং পাপন ২৬,০০০ টাকা।

**গ**

**পাপ্পু, প্রিতম ও পাপন**
**লাভ-ক্ষতি সমন্বয় হিসাব**

| বিবরণ | | টাকা | বিবরণ | | টাকা |
|---|---|---|---|---|---|
| **অংশীদারদের সমন্বিত মূলধন হিসাব:** (মূলধনের সুদ) | | | **অংশীদারদের সমন্বিত মূলধন হিসাব:** (উত্তোলনের সুদ) | | |
| পাপ্পু (৪২,০০০ × ৫%) | ২,১০০ | | পাপ্পু | ১৮০ | |
| প্রিতম (২৮,০০০ × ৫%) | ১,৪০০ | | প্রিতম | ৮০ | |
| পাপন (২৬,০০০ × ৫%) | ১,৩০০ | ৪,৮০০ | পাপন | ১৪০ | ৪০০ |
| | | | **অংশীদারদের সমন্বিত মূলধন হিসাব:** (ক্ষতির অংশ) (গণনা) | | |
| | | | পাপ্পু | ১,৭৬০ | |
| | | | প্রিতম | ১,৭৬০ | |
| | | | পাপন | ৮৮০ | ৪,৪০০ |
| | | ৪,৮০০ | | | ৪,৮০০ |

**উত্তর: সমন্বিত ক্ষতির অংশ:** পাপ্পু ১,৭৬০ টাকা; প্রিতম ১,৭৬০ টাকা ও পাপন ৮৮০ টাকা।

**গণনা:** সমন্বিত ক্ষতির অংশ:

পাপ্পুর অংশ: (৪,৪০০ × ২/৫) = ১,৭৬০ টাকা।

প্রিতমের অংশ: (৪,৪০০ × ২/৫) = ১,৭৬০ টাকা।

পাপনের অংশ: (৪,৪০০ × ১/৫) = ৮৮০ টাকা।

**প্রশ্ন ▶১৮** জসিম, আমিন ও সাদি একটি অংশীদারি ব্যবসায়ের তিনজন অংশীদার। তারা ব্যবসায়ের লাভ বা ক্ষতি ৩ ঃ ২ ঃ ১ অনুপাতে বণ্টন করে নেন। ২০১৫ সালের ১ জানুয়ারি তারিখে জসিম ১,০০,০০০ টাকা, আমিন ৮০,০০০ টাকা ও সাদি ৬০,০০০ টাকা মূলধন আনয়ন করেন। অংশীদারদের চুক্তি অনুসারে—

১. অংশীদারদের মূলধন ও উত্তোলনের ওপর যথাক্রমে ১০% ও ৫% হারে সুদ ধরতে হবে।
২. সাদি ব্যবসায়ে সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য প্রতি মাসে ১,০০০ টাকা করে বেতন পাবেন।
অংশীদারগণ বছরের মাঝামাঝি সময়ে নগদ উত্তোলন করেন, যা জসিম ১০,০০০ টাকা, আমিন ১৫,০০০ টাকা এবং সাদি ৮,০০০ টাকা। নগদ উত্তোলন ছাড়াও সাদি ১,৫০০ টাকার পণ্য উত্তোলন করেন। জসিম ০১-১০-২০১৫ তারিখে ২০,০০০ টাকা অতিরিক্ত মূলধন আনয়ন করেন।
উপরের সমন্বয়গুলো বিবেচনার পূর্বে ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে মুনাফার পরিমাণ ছিল ৬৯,৩৫০ টাকা। আমিন ও সাদি জসিমকে যৌথভাবে নিশ্চয়তা প্রদান করে যে, জসিমের বণ্টনযোগ্য মুনাফা ২১,০০০ টাকার কম হবে না। *[য. বো. ১৬]*

ক. অংশীদারদের মূলধনের সুদ নির্ণয় করো। ২
খ. লাভ-লোকসান আবণ্টন হিসাব প্রস্তুত করো। ৪
গ. অংশীদারদের মূলধন হিসাব প্রস্তুত করো। ৪

**১৮ নং প্রশ্নের সমাধান**

**ক** অংশীদারদের মূলধনের সুদ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| জসিম [{(১,০০,০০০ × ১০%) + (২০,০০০ × ১০%) × ${}^{৩}/_{১২}$}] | ১০,৫০০ | |
| আমিন (৮০,০০০ × ১০%) | ৮,০০০ | |
| সাদি (৬০,০০০ × ১০%) | ৬,০০০ | |
| | | ২৪,৫০০ |

**উত্তর: অংশীদারদের মূলধনের সুদ:** জসিম ১০,৫০০ টাকা; আমিন ৮,০০০ টাকা এবং সাদি ৬,০০০ টাকা।

**খ**

**জসিম, আমিন ও সাদি**
**লাভ-লোকসান আবণ্টন হিসাব**

**ডেবিট** ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য **ক্রেডিট**

| বিবরণ | | টাকা | বিবরণ | | টাকা |
|---|---|---|---|---|---|
| **অংশীদারদের মূলধন হিসাব:** (মূলধনের সুদ) (ক থেকে) | | | **বিশদ আয় বিবরণী** (নিট লাভ) | | ৬৯,৩৫০ |
| জসিম | ১০,৫০০ | | **অংশীদারদের মূলধন হিসাব:** (উত্তোলনের সুদ) | | |
| আমিন | ৮,০০০ | | জসিম (১০,০০০ × ৫% × ${}^{৬}/_{১২}$) | ২৫০ | |
| সাদি | ৬,০০০ | ২৪,৫০০ | আমিন (১৫,০০০ × ৫% × ${}^{৬}/_{১২}$) | ৩৭৫ | |
| | | | সাদি (৮,০০০ × ৫% × ${}^{৬}/_{১২}$) | ২০০ | ৮২৫ |
| **সাদির মূলধন হিসাব:** (বেতন) (১,০০০ × ১২) | | ১২,০০০ | **সাদির মূলধন হিসাব:** (পণ্য উত্তোলন) | | ১,৫০০ |
| **অংশীদারদের মূলধন হিসাব:** (মুনাফার অংশ) | | | | | |
| জসিম | ২১,০০০ | | | | |
| আমিন | ৯,৪৫০ | | | | |
| সাদি | ৪,৭২৫ | ৩৫,১৭৫ | | | |
| | | ৭১,৬৭৫ | | | ৭১,৬৭৫ |

**উত্তর: বণ্টনযোগ্য মুনাফার অংশ:** জসিম ২১,০০০ টাকা; আমিন ৯,৪৫০ টাকা ও সাদি ৪,৭২৫ টাকা।

মুনাফা বণ্টন অনুপাত: ৩ : ২ : ১
বণ্টনযোগ্য মুনাফা = ৩৫,১৭৫ টাকা
অনুপাত অনুসারে মুনাফার অংশ:
জসিম = (৩১,১৭৫ × ${}^{৩}/_{৬}$) = ১৭,৫৮৭.৫০ টাকা
আমিন: (৩৫,১৭৫ × ${}^{২}/_{৬}$) = ১১,৭২৫ টাকা
সাদি: (৩৫,১৭৫ × ${}^{১}/_{৬}$) = ৫,৮৬২.৫০ টাকা
এখানে, জসিমের মুনাফার নিশ্চয়তার ঘাটতি হলো (২১,০০০ − ১৭,৫৮৭.৫০) = ৩,৪১২.৫০ টাকা। জসিমের এই ঘাটতি আমিন ও সাদি ২ : ১ অনুপাতে বহন করবে যা নিচে দেওয়া হলো—
আমিন = (৩,৪১২.৫০ × ${}^{২}/_{৩}$) = ২,২৭৫ টাকা
সাদি = (৩,৪১২.৫০ × ${}^{১}/_{৩}$) = ১,১৩৭.৫০ টাকা
সুতরাং জসিমের মুনাফা ঘাটতি সমন্বয় করার পর মুনাফার অংশ হলো—
জসিম = (১৭,৫৮৫.৫০ + ৩,৪১২.৫০) = ২১,০০০ টাকা
আমিন = (১১,৭২৫ - ২,২৭৫) = ৯,৪৫০ টাকা
সাদি = (৫,৮৬২.৫০ - ১,১৩৭.৫০) = ৪,৭২৫ টাকা

গ

**জসিম, আমিন ও সাদি**

**ডেবিট মূলধন হিসাব ক্রেডিট**

| তারিখ | বিবরণ | জসিম (টাকা) | আমিন (টাকা) | সাদি (টাকা) | তারিখ | বিবরণ | জসিম (টাকা) | আমিন (টাকা) | সাদি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০১৫ | | | | | ২০১৫ | | | | |
| ডিসে.-৩১ | উত্তোলন হিসাব | ১০,০০০ | ১৫,০০০ | ৮,০০০ | জানু.-১ | নগদান হিসাব | ১,০০,০০০ | ৮০,০০০ | ৬০,০০০ |
| ডিসে.-৩১ | **লাভ-লোকসান আবণ্টন হিসাব:** | | | | অক্টো.-১ | নগদান হিসাব | ২০,০০০ | - | - |
| | উত্তোলনের সুদ | ২৫০ | ৩৭৫ | ২০০ | ডিসে.-৩১ | **লাভ-লোকসান আবণ্টন হিসাব:** | | | |
| | পণ্য উত্তোলন | - | - | ১,৫০০ | | মূলধনের সুদ | ১০,৫০০ | ৮,০০০ | ৬,০০০ |
| | | | | | | বেতন | - | - | ১২,০০০ |
| ”৩১ | ব্যালেন্স সি/ডি | ১,৪১,২৫০ | ৮২,০৭৫ | ৭৩,০২৫ | | মুনাফার অংশ | ২১,০০০ | ৯,৪৫০ | ৪,৭২৫ |
| | | ১,৫১,৫০০ | ৯৭,৪৫০ | ৮২,৭২৫ | | | ১,৫১,৫০০ | ৯৭,৪৫০ | ৮২,৭২৫ |
| | | | | | ২০১৬ | | | | |
| | | | | | জানু.-১ | ব্যালেন্স বি/ডি | ১,৪১,২৫০ | ৮২,০৭৫ | ৭৩,০২৫ |

**উত্তর: সমাপনী মূলধনের উদ্বৃত্ত:** জসিম ১,৪১,২৫০ টাকা; আমিন ৮২,০৭৫ টাকা এবং সাদি ৭৩,০২৫ টাকা।

**প্রশ্ন ▶ ১৯** আবুল ও বাবুল একটি অংশীদারি ব্যবসায়ের দুজন অংশীদার ৩ ঃ ২ অনুপাতে লাভ-ক্ষতি ভোগ করে। অংশীদারি চুক্তির শর্ত অনুযায়ী অংশীদারগণ মূলধনের ওপর বার্ষিক শতকরা ১০% হারে সুদ এবং বাবুল বেতন বাবদ ৪,৫০০ টাকা পাওয়ার অধিকারী। বছরব্যাপী উত্তোলনের ওপর ধার্যকৃত সুদ আবুল ৪০০ টাকা এবং বাবুল ৪০০ টাকা। অংশীদারগণের উত্তোলন ও মূলধনের সুদ এবং বাবুলের বেতন হিসাবভুক্তির পূর্বে ৩০ জুন ২০১৪ তারিখে নিট মুনাফার পরিমাণ ছিল ২৫,৮০০ টাকা।

| উদ্বৃত্তসমূহ | আবুল টাকা | বাবুল টাকা |
|---|---|---|
| মূলধন (১-৭-২০১৩) | ৩০,০০০ | ১০,০০০ |
| চলতি হিসাব (১-৭-২০১৩) | ক্রে. ১,২৮০ | ডে. ৫০০ |
| বছরব্যাপী উত্তোলন | ১২,০০০ | ১২,০০০ |

*[ব. বো. ১৬]*

ক. অংশীদারগণের মূলধন হিসাব প্রস্তুত করো। ২
খ. অংশীদারগণের লাভ-লোকসান আবণ্টন হিসাব প্রস্তুত করো। ৪
গ. অংশীদারগণের চলতি হিসাব প্রস্তুত করো। ৪

**১৯ নং প্রশ্নের সমাধান**

ক

**আবুল ও বাবুল**
**মূলধন হিসাব**

**ডেবিট** (স্থায়ী মূলধন পদ্ধতি) **ক্রেডিট**

| তারিখ | বিবরণ | আবুল (টাকা) | বাবুল (টাকা) | তারিখ | বিবরণ | আবুল (টাকা) | বাবুল (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| ২০১৪ | | | | ২০১৩ | | | |
**ফাইজা লিমিটেড**
**নগদ প্রবাহ বিবরণী**
২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| পরিচালন কার্যক্রম হতে নিট নগদ প্রবাহ (খ থেকে প্রাপ্ত) | | ৫৯,২০০ |
| **বিনিয়োগ কার্যক্রম হতে নগদ প্রবাহ :** | | |
| বিনিয়োগ ক্রয় | (৮,০০০) | |
| সরঞ্জামাদি বিক্রয় | ৬,৬০০ | |
| **বিনিয়োগ কার্যাবলিতে নিট নগদ ব্যবহার** | | (১,৪০০) |
| **অর্থায়ন কার্যক্রম হতে নগদ প্রবাহ :** | | |
| লভ্যাংশ প্রদান | (৩২,৮০০) | |
| প্রদেয় বন্ড পরিশোধ | (৪০,০০০) | |
| সাধারণ শেয়ার মূলধন ইস্যু | ১০,০০০ | |
| **অর্থায়ন কার্যাবলিতে নিট নগদ বহিঃপ্রবাহ** | | (৬২,৮০০) |
| **নিট নগদ হ্রাস** | | (৫,০০০) |
| যোগ: প্রারম্ভিক নগদ উদ্বৃত্ত | | ৩৫,৪০০ |
| **সমাপনী নগদ উদ্বৃত্ত** | | ৩০,৪০০ |

**উত্তর :** নিট নগদ হ্রাস ৫,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ১৩** নিম্নলিখিত তুলনামূলক উদ্বর্তপত্র বা আর্থিক অবস্থার বিবরণীটি Sundarban group of Companies-এর হিসাবের বই থেকে নেয়া হয়েছে:

**Sundarban group of Companies**
**তুলনামূলক আর্থিক অবস্থার বিবরণী**
২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখের

| শেয়ার মূলধন ও দায়সমূহ | ৩১.১২.২০১৮ | ৩১.১২.২০১৭ | সম্পত্তিসমূহ | ৩১.১২.২০১৮ | ৩১.১২.২০১৭ |
|---|---|---|---|---|---|
| শেয়ার মূলধন | ১,৩০,০০০ | ১,০০,০০০ | ভূমি ও দালানকোঠা | ১,৫৬,০০০ | ১,২০,০০০ |
| সংরক্ষিত আয় | ১,১৭,৮০০ | ৭৮,৮০০ | পুঞ্জীভূত অবচয় | (৩৯,৬০০) | (২৫,২০০) |
| ঋণপত্র | ৯০,০০০ | ১,২০,০০০ | যন্ত্রপাতি | ৪৫,০০০ | ৬০,০০০ |
| প্রদেয় হিসাব | ২০,৪০০ | ২৮,২০০ | মজুদ মাল | ১,০৮,০০০ | ১,১৩,৪০০ |
| | | | প্রাপ্য হিসাব | ৫১,০০০ | ৪৫,৬০০ |
| | | | নগদ তহবিল ও ব্যাংকে জমা | ৩৭,৮০০ | ১৩,২০০ |
| | ৩,৫৮,২০০ | ৩,২৭,০০০ | | ৩,৫৮,২০০ | ৩,২৭,০০০ |

**অতিরিক্ত তথ্য :** ১. বছরের বিক্রয়ের পরিমাণ ছিল ৫,৮৬,৮০০ টাকা; ২. বছরের নিট আয় ছিল ৬৩,০০০ টাকা; ৩. অবচয় ব্যয়ের পরিমাণ ছিল ১৪,৪০০ টাকা; ৪. লভ্যাংশ নগদে প্রদান করা হয়েছিল ২৪,০০০ টাকা।

ক. দায়সমূহের হ্রাস-বৃদ্ধির পরিমাণ নির্ণয় করো। ২
খ. আর্থিক/অর্থায়ন কার্যক্রম বাবদ নগদ প্রবাহ অথবা প্রদানের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. ২০১৮ সালের জন্য Sundarban group of Companies-এর নগদ প্রবাহ বিবরণী প্রস্তুত করো (পরোক্ষ পদ্ধতি)। ৪

**১৩ নং প্রশ্নের সমাধান**

ক দায়সমূহের হ্রাস-বৃদ্ধির পরিমাণ নির্ণয় :

| বিবরণ | সমাপনী দায়সমূহ (টাকা) | প্রারম্ভিক দায়সমূহ (টাকা) | পার্থক্য | মন্তব্য |
|---|---|---|---|---|
| শেয়ার মূলধন | ১,৩০,০০০ | ১,০০,০০০ | ৩০,০০০ | বৃদ্ধি |
| ঋণপত্র | ৯০,০০০ | ১,২০,০০০ | ৩০,০০০ | হ্রাস |
| প্রদেয় হিসাব | ২০,৪০০ | ২৮,২০০ | ৭,৮০০ | হ্রাস |

**উত্তর:** শেয়ার মূলধন বৃদ্ধি ৩০,০০০ টাকা; ঋণপত্র হ্রাস ৩০,০০০ টাকা এবং প্রদেয় হিসাব হ্রাস ৭,৮০০ টাকা।

**খ** আর্থিক/অর্থায়ন কার্যাবলি বাবদ নগদ প্রবাহের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **অর্থায়ন কার্যাবলির নগদ প্রবাহ :** | | |
| শেয়ার ইস্যু | ৩০,০০০ | |
| ঋণপত্র পরিশোধ | (৩০,০০০) | |
| লভ্যাংশ পরিশোধ | (২৪,০০০) | |
| **অর্থায়ন কার্যাবলিতে নিট নগদ ব্যবহার** | | (২৪,০০০) |

**উত্তর:** অর্থায়ন কার্যাবলিতে নিট নগদ ব্যবহার ২৪,০০০ টাকা।

**গ**

**Sundarban group of Companies**
**নগদ প্রবাহ বিবরণী**
২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **পরিচালন কার্যাবলি হতে নগদ প্রবাহ :** | | |
| নিট আয় | | ৬৩,০০০ |
| নিট মুনাফাকে পরিচালন কার্যক্রম হতে নিট নগদ প্রবাহে পরিণত করার জন্য সমন্বয়সমূহ : | | |
| অবচয় ব্যয় | ১৪,৪০০ | |
| প্রাপ্য হিসাব বৃদ্ধি | (৫,৪০০) | |
| মজুদ মাল হ্রাস | ৫,৪০০ | |
| প্রদেয় হিসাব হ্রাস | (৭,৮০০) | ৬,৬০০ |
| পরিচালন কার্যাবলি হতে নিট নগদ সরবরাহ | | ৬৯,৬০০ |
| **বিনিয়োগ কার্যাবলি হতে নগদ প্রবাহ :** | | |
| ভূমি ও দালানকোঠা ক্রয় | (৩৬,০০০) | |
| যন্ত্রপাতি বিক্রয় | ১৫,০০০ | |
| বিনিয়োগ কার্যাবলিতে নিট নগদ ব্যবহার | | (২১,০০০) |
| অর্থায়ন কার্যাবলি হতে নগদ প্রবাহ (খ থেকে) | | (২৪,০০০) |
| **নিট নগদ বৃদ্ধি** | | ২৪,৬০০ |
| যোগ : প্রারম্ভিক হাতে নগদ | | ১৩,২০০ |
| **সমাপনী নগদ উদ্বৃত্ত** | | ৩৭,৮০০ |

**উত্তর:** চলতি বছরের নগদ বৃদ্ধি ২৪,৬০০ টাকা এবং সমাপনী নগদ উদ্বৃত্ত ৩৭,৮০০ টাকা।

**প্রশ্ন ▶ ১৪** রূপালী মটরস্-এর ২০১৭ ও ২০১৮ সালের আর্থিক বিবরণী বিশ্লেষণ করে নিম্নোক্ত হিসাবগুলোর হ্রাস-বৃদ্ধি পাওয়া গিয়েছে।

১. প্রাপ্য হিসাবের বৃদ্ধি ৫,৪০০ টাকা;
২. মজুদ পণ্য হ্রাস ৯,৪০০ টাকা;
৩. ভূমি ও দালানকোঠা নগদে ক্রয় ৩৬,০০০ টাকা;
৪. প্রদেয় হিসাবের হ্রাস ৭,৮০০ টাকা;
৫. প্রদেয় বন্ড নগদে পরিশোধ ৩০,০০০ টাকা;
৬. সাধারণ শেয়ার ইস্যু ৩৮,০০০ টাকা;
৭. নিট মুনাফা ৬৩,০০০ টাকা;
৮. লভ্যাংশ পরিশোধ ২৪,০০০ টাকা;
৯. অবচয় খরচ ১৪,৪০০ টাকা;
১০. প্রদেয় বন্ড নগদে পরিশোধ এবং সাধারণ শেয়ার নগদে ইস্যু করা হয়েছিল।
১১. প্রদেয় সুদ বৃদ্ধি ৫,০০০ টাকা;
১২. প্রদেয় খরচ হ্রাস ১,০০০ টাকা;
১৩. নগদ প্রারম্ভিক উদ্বৃত্ত ৩৮,৫০০ টাকা; নগদ সমাপনী উদ্বৃত্ত ৬৪,১০০ টাকা।

ক. চলতি দায় হ্রাস বা বৃদ্ধির পরিমাণ নির্ণয় করো। ২
খ. বিনিয়োগ এবং অর্থায়ন কার্যক্রম হতে নগদ প্রবাহের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখে একটি নগদ প্রবাহ বিবরণী প্রস্তুত করো। ৪

**১৪ নং প্রশ্নের সমাধান**

ক চলতি দায় হ্রাস-বৃদ্ধির পরিমাণ নির্ণয় করো :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| প্রদেয় হিসাবের হ্রাস | (৭,৮০০) | |
| প্রদেয় সুদ বৃদ্ধি | ৫,০০০ | |
| প্রদেয় খরচ হ্রাস | (১,০০০) | |
| **চলতি দায় হ্রাস** | | (৩,৮০০) |

**উত্তর:** চলতি দায় হ্রাস ৩,৮০০ টাকা।

খ

**রূপালী মটরস্**
**নগদ প্রবাহ বিবরণী**
২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **বিনিয়োগ কার্যক্রম হতে নগদ প্রবাহ :** | | |
| ভূমি ও দালানকোঠা ক্রয় | (৩৬,০০০) | |
| **বিনিয়োগ কার্যক্রম হতে নগদ ব্যবহার** | | (৩৬,০০০) |
| **অর্থায়ন কার্যক্রম হতে নগদ প্রবাহ :** | | |
| প্রদেয় বন্ড পরিশোধ | (৩০,০০০) | |
| সাধারণ শেয়ার ইস্যু | ৩৮,০০০ | |
| লভ্যাংশ পরিশোধ | (২৪,০০০) | |
| **অর্থায়ন কার্যক্রমে নিট নগদ বহিঃপ্রবাহ** | | (১৬,০০০) |

**উত্তর:** বিনিয়োগ কার্যক্রম হতে নিট নগদ ব্যবহার ৩৬,০০০ টাকা ও অর্থায়ন কার্যক্রম হতে নিট নগদ বহিঃপ্রবাহ ১৬,০০০ টাকা।

গ

**রূপালী মটরস্**
**নগদ প্রবাহ বিবরণী (পরোক্ষ পদ্ধতি)**
২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **পরিচালন কার্যক্রম হতে নগদ প্রবাহ :** | | |
| নিট মুনাফা | | ৬৩,০০০ |
| **নিট মুনাফাকে পরিচালন কার্যক্রম হতে নিট নগদ প্রবাহে পরিণত করার সমন্বয়সমূহ:** | | |
| প্রাপ্য হিসাবের বৃদ্ধি | (৫,৪০০) | |
| মজুদ পণ্য হ্রাস | ৯,৪০০ | |
| অবচয় | ১৪,৪০০ | |
| চলতি দায় হ্রাস (ক থেকে প্রাপ্ত) | (৩,৮০০) | ১৪,৬০০ |
| **পরিচালন কার্যক্রম হতে নিট নগদ প্রবাহ** | | ৭৭,৬০০ |
| **বিনিয়োগ কার্যক্রম হতে নিট নগদ ব্যবহার** (খ হতে প্রাপ্ত) | | (৩৬,০০০) |
| **অর্থায়ন কার্যক্রম হতে নিট নগদ বহিঃপ্রবাহ** (খ হতে প্রাপ্ত) | | (১৬,০০০) |
| **নিট নগদ বৃদ্ধি** | | ২৫,৬০০ |
| যোগ : প্রারম্ভিক নগদ উদ্বৃত্ত | | ৩৮,৫০০ |
| **সমাপনী নগদ উদ্বৃত্ত** | | ৬৪,১০০ |

**উত্তর:** নিট নগদ বৃদ্ধি ২৫,৬০০ টাকা।

প্রশ্ন ▶ ১৫

**বাংলালিংক কমিউনিকেশন লিমিটেড**
**বিশদ আয় বিবরণী**
২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| বিক্রয় | | ১,০০,০০০ |

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **বাদ : বিক্রীত পণ্যের ব্যয়:** | | |
| প্রারম্ভিক মজুদ | ১৫,০০০ | |
| ক্রয় | ১,০৫,০০০ | |
| | ১,২০,০০০ | |
| বাদ: সমাপনী মজুদ পণ্য | (৪৭,০০০) | (৭৩,০০০) |
| **মোট মুনাফা** | | ২৭,০০০ |
| বাদ : পরিচালন খরচ (অবচয় ৮,০০০ টাকাসহ) | ১৬,০০০ | |
| আয়কর | ৪,০০০ | (২০,০০০) |
| **নিট মুনাফা** | | ৭,০০০ |

**বাংলালিংক কমিউনিকেশন লিমিটেড**
**সংরক্ষিত আয় বিবরণী**
২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| প্রারম্ভিক সংরক্ষিত আয় | ৭,০০০ | |
| **যোগ: চলতি বছরের নিট মুনাফা** | ৭,০০০ | |
| | ১৪,০০০ | |
| বাদ: লভ্যাংশ প্রদান | (৪,০০০) | |
| **সমাপনী সংরক্ষিত আয়** | | ১০,০০০ |

**আর্থিক অবস্থার বিবরণী (তুলনামূলক)**

| সম্পদসমূহ | ২০১৮ (টাকা) | ২০১৭ (টাকা) | দায় ও মালিকানা স্বত্ব | ২০১৮ (টাকা) | ২০১৭ (টাকা) |
|---|---|---|---|---|---|
| নগদ তহবিল | ১,০০০ | ২০,০০০ | প্রদেয় হিসাব | ৩৯,০০০ | ১৪,০০০ |
| প্রাপ্য হিসাব | ২০,০০০ | ৫,০০০ | প্রদেয় কর | ৩,০০০ | ১,০০০ |
| মজুদ পণ্য | ৪৭,০০০ | ১৫,০০০ | ট্রেজারি স্টক | ৪০,০০০ | |
| অগ্রিম খরচাবলি | ৩,০০০ | ২,০০০ | সাধারণ শেয়ার | ৭০,০০০ | ৭০,০০০ |
| স্থায়ী সম্পদ | ৯১,০০০ | ৫০,০০০ | সংরক্ষিত আয় | ১০,০০০ | ৭,০০০ |
| **মোট সম্পদ** | ১,৬২,০০০ | ৯২,০০০ | **মোট দায় ও মালিকানা স্বত্ব** | ১,৬২,০০০ | ৯২,০০০ |

**অন্যান্য তথ্য:** ট্রেজারি স্টক নগদে ইস্যু করা হয়েছে। বইমূল্যে স্থায়ী সম্পদ বিক্রয় ৫,০০০ টাকা।

ক. নতুন ক্রয়কৃত স্থায়ী সম্পদের পরিমাণ নির্ণয় করো। ২
খ. পরিচালন কার্যক্রম হতে নগদ প্রবাহ নির্ণয় করো। ৪
গ. একটি নগদ প্রবাহ বিবরণী প্রস্তুত করো। ৪

**১৫ নং প্রশ্নের সমাধান**

**ক** নতুন ক্রয়কৃত স্থায়ী সম্পদের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| স্থায়ী সম্পদের সমাপনী উদ্বৃত্ত | ৯১,০০০ | |
| যোগ : অবচয় | ৮,০০০ | |
| | ৯৯,০০০ | |
| যোগ : বিক্রীত সম্পদ | ৫,০০০ | |
| | ১,০৪,০০০ | |
| বাদ : প্রারম্ভিক স্থায়ী সম্পদ | (৫০,০০০) | |
| **নতুন ক্রয়কৃত স্থায়ী সম্পদ** | | ৫৪,০০০ |

**উত্তর:** নতুন ক্রয়কৃত স্থায়ী সম্পদের পরিমাণ ৫৪,০০০ টাকা।

**খ** পরিচালন কার্যক্রম হতে নগদ প্রবাহ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **পরিচালন কার্যক্রম হতে নগদ প্রবাহ :** | | |
| নিট মুনাফা | | ৭,০০০ |

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **নিট মুনাফাকে পরিচালন কার্যক্রম হতে নিট নগদ প্রবাহ পরিণত করার সমন্বয়সমূহ :** | | |
| অবচয় | ৮,০০০ | |
| প্রাপ্য হিসাবের বৃদ্ধি | (১৫,০০০) | |
| মজুদ পণ্য বৃদ্ধি | (৩২,০০০) | |
| অগ্রিম খরচাবলি বৃদ্ধি | (১,০০০) | |
| প্রদেয় হিসাবের বৃদ্ধি | ২৫,০০০ | |
| প্রদেয় কর বৃদ্ধি | ২,০০০ | (১৩,০০০) |
| **পরিচালন কার্যক্রম হতে নিট নগদ প্রবাহ** | | (৬,০০০) |

**উত্তর:** পরিচালন কার্যক্রম হতে নিট নগদ প্রবাহ ৬,০০০ টাকা।

গ

**বাংলালিংক কমিউনিকেশন লিমিটেড**
**নগদ প্রবাহ বিবরণী**
২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| পরিচালন কার্যক্রম হতে নিট নগদ বহিঃপ্রবাহ (খ হতে প্রাপ্ত) | | (৬,০০০) |
| **বিনিয়োগ কার্যক্রম হতে নগদ প্রবাহ :** | | |
| স্থায়ী সম্পদ ক্রয় (ক হতে প্রাপ্ত) | (৫৪,০০০) | |
| স্থায়ী সম্পদ বিক্রয় | ৫,০০০ | |
| **বিনিয়োগ কার্যক্রমে নিট নগদ ব্যবহার** | | (৪৯,০০০) |
| **অর্থায়ন কার্যক্রম হতে নগদ প্রবাহ :** | | |
| ট্রেজারি স্টক ইস্যু | ৪০,০০০ | |
| লভ্যাংশ প্রদান | (৪,০০০) | |
| **অর্থায়ন কার্যক্রম হতে নিট নগদ সরবরাহ** | | ৩৬,০০০ |
| **নিট নগদ হ্রাস** | | (১৯,০০০) |
| যোগ: প্রারম্ভিক উদ্বৃত্ত | | ২০,০০০ |
| **সমাপনী নগদ উদ্বৃত্ত** | | ১,০০০ |

**উত্তর:** নিট নগদ হ্রাস ১৯,০০০ টাকা।

## বোর্ড পরীক্ষার প্রশ্ন ও সমাধান

**প্রশ্ন ▶ ১৬** নদী লি.-এর আর্থিক অবস্থার বিবরণী নিচে দেয়া হলো:

| বিবরণ | ২০১৫ (টাকা) | ২০১৪ (টাকা) |
|---|---|---|
| **সম্পদসমূহ** | | |
| নগদ | ১৫,০০০ | ১০,০০০ |
| অন্যান্য চলতি সম্পদ | ৯০,০০০ | ৬৩,০০০ |
| বিনিয়োগ (দীর্ঘমেয়াদি) | ১০,০০০ | ৫৩,০০০ |
| কলকব্জা | ৩,৩৫,০০০ | ২,১৫,০০০ |
| পুঞ্জীভূত অবচয় – কলকব্জা | (২০,০০০) | (৪০,০০০) |
| **মোট** | ৪,৩০,০০০ | ৩,০১,০০০ |
| **দায়সমূহ ও মালিকানা স্বত্ব** | | |
| চলতি দায় | ৪৫,০০০ | ২৭,০০০ |
| দীর্ঘমেয়াদি ঋণ | ৭৫,০০০ | |
| সাধারণ শেয়ার | ২,৫৪,০০০ | ২,৫৪,০০০ |
| সংরক্ষিত আয় | ৫৬,০০০ | ২০,০০০ |
| **মোট** | ৪,৩০,০০০ | ৩,০১,০০০ |

**অন্যান্য তথ্য:** ১. ২০১৫ সালের নিট মুনাফা ৩৬,০০০ টাকা। ২. কলকব্জা বিক্রয় ৮,০০০ টাকা, যার ক্রয়মূল্য ও পুঞ্জীভূত অবচয় ছিল যথাক্রমে ৬০,০০০ টাকা ও ৪৮,০০০ টাকা। ৩. চলতি বছরের কলকব্জার অবচয় ২৮,০০০ টাকা। ৪. নগদে কলকব্জা ক্রয় ১,৮০,০০০ টাকা। *[ঢা. বো. ১৬]*

ক. কলকব্জা বিক্রয়জনিত লাভ/ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ২

খ. পরোক্ষ পদ্ধতিতে পরিচালন কার্যক্রম থেকে নিট নগদ প্রবাহের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. একটি নগদ প্রবাহ বিবরণী প্রস্তুত করো। ৪

**১৬ নং প্রশ্নের সমাধান**

ক কলকব্জা বিক্রয়জনিত লাভ/ক্ষতি নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| কলকব্জার ক্রয়মূল্য | ৬০,০০০ | |
| বাদ: পুঞ্জীভূত অবচয় | (৪৮,০০০) | |
| পুস্তকমূল্য | | ১২,০০০ |
| বাদ: বিক্রয়মূল্য | | (৮,০০০) |
| **বিক্রয়জনিত ক্ষতি** | | ৪,০০০ |

**উত্তর:** কলকব্জা বিক্রয়জনিত ক্ষতি ৪,০০০ টাকা।

খ

**নদী লি.**

**নগদ প্রবাহ বিবরণী (আংশিক)**

২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **পরিচালন কার্যক্রম থেকে নিট নগদ প্রবাহ:** | | |
| নিট মুনাফা | | ৩৬,০০০ |
| **নিট মুনাফাকে পরিচালন কার্যক্রম থেকে নিট নগদ প্রবাহে পরিণত করার সমন্বয়সমূহ:** | | |
| অন্যান্য চলতি সম্পদ বৃদ্ধি (৯০,০০০ – ৬৩,০০০) | (২৭,০০০) | |
| চলতি দায় বৃদ্ধি (৪৫,০০০ – ২৭,০০০) | ১৮,০০০ | |
| অবচয় | ২৮,০০০ | |
| কলকব্জা বিক্রয়জনিত ক্ষতি | ৪,০০০ | ২৩,০০০ |
| **পরিচালন কার্যাবলি থেকে নিট নগদ অন্তঃপ্রবাহ** | | ৫৯,০০০ |

**উত্তর:** পরিচালন কার্যাবলি থেকে নিট নগদ অন্তঃপ্রবাহ ৫৯,০০০ টাকা।

গ

**নদী লি.**

**নগদ প্রবাহ বিবরণী (পরোক্ষ পদ্ধতি)**

২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| পরিচালন কার্যক্রম থেকে নিট নগদ প্রবাহ (খ থেকে প্রাপ্ত) | | ৫৯,০০০ |
| **বিনিয়োগ কার্যক্রম থেকে নগদ প্রবাহ:** | | |
| কলকব্জা বিক্রয় | ৮,০০০ | |
| বিনিয়োগ বিক্রয় (৫৩,০০০ - ১০,০০০) | ৪৩,০০০ | |
| কলকব্জা ক্রয় | (১,৮০,০০০) | |
| **বিনিয়োগ কার্যক্রমে নিট নগদ ব্যবহার** | | (১,২৯,০০০) |
| **অর্থায়ন কার্যক্রম থেকে নগদ প্রবাহ:** | | |
| দীর্ঘমেয়াদি ঋণ গ্রহণ | ৭৫,০০০ | |
| **অর্থায়ন কার্যক্রম থেকে নিট নগদ সরবরাহ** | | ৭৫,০০০ |
| **নিট নগদ বৃদ্ধি** | | ৫,০০০ |
| যোগ: প্রারম্ভিক নগদ তহবিল | | ১০,০০০ |
| **সমাপনী নগদ তহবিল** | | ১৫,০০০ |

**উত্তর:** নিট নগদ বৃদ্ধি ৫,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ১৭** নিচের তথ্যাবলি অর্পা কোং-এর হিসাব বই থেকে গৃহীত—

| | টাকা |
|---|---|
| নিট মুনাফা (আয় বিবরণী অনুযায়ী) | ২,৭৫,০০০ |
| প্রাপ্য হিসাব বৃদ্ধি | ২৫,০০০ |
| প্রদেয় হিসাব হ্রাস | ২০,০০০ |
| মজুদ পণ্য হ্রাস | ৩৫,০০০ |
| অবচয় খরচ | ২৫,০০০ |
| প্রদেয় খরচ হ্রাস | ১৫,০০০ |
| অগ্রিম খরচ বৃদ্ধি | ৫,০০০ |
| আসবাবপত্র ক্রয় | ৫০,০০০ |
| পুরাতন আসবাবপত্র বিক্রয় | ৮০,০০০ |
| দালান সম্প্রসারণ | ১,২৫,০০০ |
| দীর্ঘমেয়াদি বিনিয়োগ বিক্রয় | ১,৫০,০০০ |
| অন্য কোম্পানির শেয়ারে বিনিয়োগ | ৩০,০০০ |
| প্রদত্ত ঋণের আসল টাকা আদায় | ৫০,০০০ |
| নতুন সাধারণ শেয়ার ইস্যু: প্রতিটি ১০ টাকা মূল্যের ১০,০০০ শেয়ার প্রতি শেয়ারে অধিহার ১ টাকা | |
| লভ্যাংশ প্রদান | ৪০,০০০ |
| বন্ড পরিশোধ | ৫০,০০০ |

*[রা. বো. ১৬]*

ক. অর্থসংস্থান কার্যক্রমের নিট নগদ প্রবাহ নির্ণয় করো। ২

খ. পরিচালন কার্যক্রমের নিট নগদ প্রবাহ নির্ণয় করো। ৪

গ. বিনিয়োগ কার্যক্রম থেকে নিট নগদ প্রবাহ নির্ণয় করো। ৪

## ১৭ নং প্রশ্নের সমাধান

**ক** অর্থসংস্থান কার্যক্রমের নিট নগদ প্রবাহ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| সাধারণ শেয়ার ইস্যু (১১ × ১০,০০০) | ১,১০,০০০ | |
| লভ্যাংশ প্রদান | (৪০,০০০) | |
| বন্ড পরিশোধ | (৫০,০০০) | |
| **অর্থসংস্থান কার্যক্রম থেকে নিট নগদ অন্তঃপ্রবাহ** | | ২০,০০০ |

**উত্তর:** অর্থসংস্থান কার্যক্রমের নিট নগদ অন্তঃপ্রবাহ ২০,০০০ টাকা।

**খ**

**অর্পা কোং**
**নগদ প্রবাহ বিবরণী**
... সালের ... তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **পরিচালন কার্যক্রমের নিট নগদ প্রবাহ:** | | |
| নিট মুনাফা | | ২,৭৫,০০০ |
| **নিট মুনাফাকে নগদ পরিচালন কার্যাবলিতে রূপান্তর করার জন্য সমন্বয়সাধন:** | | |
| প্রদেয় খরচ হ্রাস | (১৫,০০০) | |
| প্রাপ্য হিসাব বৃদ্ধি | (২৫,০০০) | |
| প্রদেয় হিসাব হ্রাস | (২০,০০০) | |
| মজুদ পণ্য হ্রাস | ৩৫,০০০ | |
| অবচয় খরচ | ২৫,০০০ | |
| অগ্রিম খরচ বৃদ্ধি | (৫,০০০) | (৫,০০০) |
| **পরিচালন কার্যক্রম থেকে নিট নগদ অন্তঃপ্রবাহ** | | ২,৭০,০০০ |

**উত্তর:** পরিচালন কার্যক্রমের নিট নগদ অন্তঃপ্রবাহ ২,৭০,০০০ টাকা।

গ

**অর্পা কোং**
**নগদ প্রবাহ বিবরণী**
... সালের ... তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **বিনিয়োগ কার্যক্রম থেকে নগদ প্রবাহ:** | | |
| আসবাবপত্র ক্রয় | (৫০,০০০) | |
| পুরাতন আসবাবপত্র বিক্রয় | ৮০,০০০ | |
| দালান সম্প্রসারণ | (১,২৫,০০০) | |
| দীর্ঘমেয়াদি বিনিয়োগ বিক্রয় | ১,৫০,০০০ | |
| অন্য কোম্পানির শেয়ারে বিনিয়োগ | (৩০,০০০) | |
| প্রদত্ত ঋণের আসল টাকা আদায় | ৫০,০০০ | |
| **বিনিয়োগ কার্যক্রম থেকে নিট নগদ অন্তঃপ্রবাহ** | | ৭৫,০০০ |

**উত্তর:** বিনিয়োগ কার্যক্রম থেকে নিট নগদ অন্তঃপ্রবাহ ৭৫,০০০ টাকা।

প্রশ্ন ▶ ১৮ লোটাস কোম্পানির তুলনামূলক আর্থিক অবস্থার বিবরণী নিচে দেয়া হলো—

**আর্থিক অবস্থার বিবরণী**

| দায়সমূহ | ২০১৪ টাকা | ২০১৫ টাকা | সম্পদসমূহ | ২০১৪ টাকা | ২০১৫ টাকা |
|---|---|---|---|---|---|
| প্রদেয় হিসাব | ৮,৫০০ | ৭,০০০ | নগদ তহবিল | ৬,৭০০ | ৯,০০০ |
| অবচয় সঞ্চিতি | ৪,০০০ | ৫,৫০০ | প্রাপ্য হিসাব | ১২,০০০ | ১১,৫০০ |
| বন্ধকি ঋণ | ১০,০০০ | ৫,০০০ | মজুদ পণ্য | ৩২,৫০০ | ৩৩,০০০ |
| শেয়ার মূলধন | ৪০,০০০ | ৫০,০০০ | অগ্রিম ব্যয় | ৮০০ | ১,০০০ |
| শেয়ার অধিহার | | ২,০০০ | সরঞ্জাম | ২১,০০০ | ২৮,০০০ |
| অবণ্টিত মুনাফা | ১০,৫০০ | ১৩,০০০ | | | |
| | ৭৩,০০০ | ৮২,৫০০ | | ৭৩,০০০ | ৮২,৫০০ |

**অন্যান্য তথ্য:** ১. নিট আয় ১২,৫০০ টাকা। ২. সরঞ্জামের অবচয় খরচ ২,৫০০ টাকা। ৩. সম্পূর্ণ অবচিত সরঞ্জামটির ক্রয়মূল্য ছিল ১,০০০ টাকা। ৪. বন্ধকি ঋণের অর্ধেক পরিশোধ করা হয়েছে। *[কু. বো. ১৬]*

ক. ২০১৫ সালের ক্রয়কৃত সরঞ্জামের মূল্য নির্ণয় করো। ২
খ. পরোক্ষ পদ্ধতি ব্যবহার করে পরিচালন কার্যাবলির নিট নগদ প্রবাহ নির্ণয় করো। ৪
গ. পরোক্ষ পদ্ধতি ব্যবহার করে সমাপনী নগদ তহবিল নির্ণয় করো। ৪

**১৮ নং প্রশ্নের সমাধান**

ক ২০১৫ সালে ক্রয়কৃত সরঞ্জামের মূল্য নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| সমাপনী সরঞ্জাম | ২৮,০০০ | |
| যোগ: সম্পূর্ণ অবচিত সরঞ্জামের ক্রয়মূল্য | ১,০০০ | |
| | ২৯,০০০ | |
| বাদ: প্রারম্ভিক সরঞ্জাম | (২১,০০০) | |
| **ক্রয়কৃত সরঞ্জামের মূল্য** | | ৮,০০০ |

**উত্তর:** ক্রয়কৃত সরঞ্জামের মূল্য ৮,০০০ টাকা।

খ

**লোটাস কোম্পানি**
**নগদ প্রবাহ বিবরণী**
২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **পরিচালন কার্যাবলি থেকে নিট নগদ প্রবাহ:** | | |
| নিট আয় | | ১২,৫০০ |

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **নিট আয়কে নগদ পরিচালন কার্যাবলিতে রূপান্তর করার জন্য সমন্বয়সাধন:** | | |
| প্রাপ্য হিসাব হ্রাস | ৫০০ | |
| মজুদ পণ্য বৃদ্ধি | (৫০০) | |
| অগ্রিম ব্যয় বৃদ্ধি | (২০০) | |
| অবচয় | ২,৫০০ | |
| প্রদেয় হিসাব হ্রাস | (১,৫০০) | ৮০০ |
| **পরিচালন কার্যাবলি থেকে নিট নগদ অন্তঃপ্রবাহ** | | ১৩,৩০০ |

**উত্তর:** পরিচালন কার্যাবলি থেকে নিট নগদ অন্তঃপ্রবাহ ১৩,৩০০ টাকা।

গ

**লোটাস কোম্পানি**
**নগদ প্রবাহ বিবরণী**
২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| পরিচালন কার্যাবলি থেকে নগদ অন্তঃপ্রবাহ (খ থেকে প্রাপ্ত) | | ১৩,৩০০ |
| **বিনিয়োগ কার্যক্রম থেকে নগদ প্রবাহ:** | | |
| যন্ত্রপাতি ক্রয় | | (৮,০০০) |
| **অর্থায়ন কার্যক্রম থেকে নগদ প্রবাহ:** | | |
| শেয়ার ইস্যু (১০,০০০ + ২,০০০) | ১২,০০০ | |
| বন্ধকি ঋণ পরিশোধ | (৫,০০০) | |
| লভ্যাংশ প্রদান (গণনা-১) | (১০,০০০) | |
| **অর্থায়ন কার্যক্রমে নিট নগদ ব্যবহার** | | (৩,০০০) |
| **নিট নগদ বৃদ্ধি** | | ২,৩০০ |
| যোগ: প্রারম্ভিক নগদ তহবিল | | ৬,৭০০ |
| **সমাপনী নগদ তহবিল** | | ৯,০০০ |

**উত্তর:** নিট নগদ বৃদ্ধি ২,৩০০ টাকা।

**গণনা-১:** **আবণ্টিত মুনাফা**

| বিবরণ | টাকা | বিবরণ | টাকা |
|---|---|---|---|
| লভ্যাংশ প্রদান (পার্থক্য টাকা) | ১০,০০০ | ব্যালেন্স বি/ডি | ১০,৫০০ |
| ব্যালেন্স সি/ডি | ১৩,০০০ | নিট আয় | ১২,৫০০ |
| | ২৩,০০০ | | ২৩,০০০ |

**প্রশ্ন ▶ ১৯** ২০১৫ সালের ৩১ মার্চের রূপসা কোম্পানি লিমিটেড-এর তথ্যাবলি নিম্নে দেয়া হলো—

| হিসাবের নাম | টাকা |
|---|---|
| নিট আয় | ৩,৭৫,০০০ |
| প্রদেয় হিসাব দেয়া হলো | ৪,০০,০০০ |
| বন্ড পরিশোধ | ২,০০,০০০ |
| সুনাম অবলোপন | ৩০,০০০ |
| সরঞ্জাম বিক্রয়জনিত লাভ | ১৫,০০০ |
| বন্ড বিক্রয় | ৩,০০,০০০ |
| ভূমি ক্রয় | ৫,০০,০০০ |
| ভূমি বিক্রয় | ৬,০০,০০০ |
| সরঞ্জাম ক্রয় | ৩,০০,০০০ |
| অগ্রাধিকার শেয়ার ইস্যু | ৫,০০,০০০ |
| সাধারণ শেয়ার ইস্যু | ১০,০০,০০০ |
| প্রাপ্য হিসাব থেকে আদায় | ৭,০০,০০০ |
| আসবাবপত্র বিক্রয় | ১,০০,০০০ |

*[চি. বো. ১৬]*

ক. পরোক্ষ পদ্ধতিতে পরিচালন কার্যক্রমের নগদ প্রবাহ বিবরণী প্রস্তুত করো। ২
খ. বিনিয়োগ কার্যক্রমের নগদ প্রবাহ বিবরণী প্রস্তুত করো। ৪
গ. অর্থায়ন কার্যক্রমের নগদ প্রবাহ বিবরণী প্রস্তুত করো। ৪

## ১৯ নং প্রশ্নের সমাধান

ক

**রূপসা কোম্পানি লিমিটেড**
**নগদ প্রবাহ বিবরণী (আংশিক)**
২০১৫ সালের ৩১ মার্চ তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **পরিচালন কার্যাবলি থেকে নগদ প্রবাহ:** | | |
| নিট আয় | | ৩,৭৫,০০০ |
| **নিট আয়কে নগদে রূপান্তরের জন্য প্রয়োজনীয় সমন্বয়সমূহ:** | | |
| সুনাম অবলোপন | ৩০,০০০ | |
| সরঞ্জাম বিক্রয়ের লাভ | (১৫,০০০) | ১৫,০০০ |
| **পরিচালন কার্যাবলি থেকে নিট নগদ সরবরাহ** | | ৩,৯০,০০০ |

**উত্তর:** পরিচালন কার্যাবলি থেকে নিট নগদ সরবরাহ ৩,৯০,০০০ টাকা।

**নোট:** প্রদেয় হিসাবকে দেওয়া হলো ও প্রাপ্য হিসাব থেকে আদায় প্রত্যক্ষ পদ্ধতিতে পরিচালন কার্যক্রমে যথাক্রমে নগদ বহিঃপ্রবাহ ও অন্তঃপ্রবাহ হিসেবে অন্তর্ভুক্ত হবে।

খ

**রূপসা কোম্পানি লিমিটেড**
**নগদ প্রবাহ বিবরণী (আংশিক)**
২০১৫ সালের ৩১ মার্চ তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **বিনিয়োগ কার্যাবলি থেকে নগদ প্রবাহ:** | | |
| ভূমি ক্রয় | (৫,০০,০০০) | |
| ভূমি বিক্রয় | ৬,০০,০০০ | |
| সরঞ্জাম ক্রয় | (৩,০০,০০০) | |
| আসবাবপত্র বিক্রয় | ১,০০,০০০ | |
| **বিনিয়োগ কার্যাবলিতে নিট নগদ ব্যবহার** | | (১,০০,০০০) |

**উত্তর:** বিনিয়োগ কার্যাবলিতে নিট নগদ ব্যবহার ১,০০,০০০ টাকা।

গ

**রূপসা কোম্পানি লিমিটেড**
**নগদ প্রবাহ বিবরণী (আংশিক)**
২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **অর্থায়ন কার্যাবলি থেকে নগদ প্রবাহ:** | | |
| বন্ড পরিশোধ | (২,০০,০০০) | |
| বন্ড বিক্রয় | ৩,০০,০০০ | |
| অগ্রাধিকার শেয়ার ইস্যু | ৫,০০,০০০ | |
| সাধারণ শেয়ার ইস্যু | ১০,০০,০০০ | |
| **অর্থায়ন কার্যাবলি থেকে নিট নগদ সরবরাহ** | | ১৬,০০,০০০ |

**উত্তর:** অর্থায়ন কার্যাবলি থেকে নিট নগদ সরবরাহ ১৬,০০,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ২০** ডাকাতিয়া লিমিটেড-এর ২০১৫ সালের আয় বিবরণী ও অন্যান্য তথ্য নিম্নরূপ—

**ডাকাতিয়া লিমিটেড**
**আয় বিবরণী**
২০১৫ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | | টাকা |
|---|---|---|
| রাজস্ব | | ৬৫,৮৩,০০০ |
| বাদ: পরিচালন ব্যয় (অবচয় বাদে) | ৪৯,২০,০০০ | |
| অবচয় | ৮,৮০,০০০ | ৫৮,০০,০০০ |
| কর পূর্ব আয় | | ৭,৮৩,০০০ |
| বাদ: আয়কর | | ৩,৫৩,০০০ |
| কর পরবর্তী আয় | | ৪,৩০,০০০ |

নিম্নে কতিপয় সম্পত্তি ও দায়ের প্রারম্ভিক ও সমাপনী জের দেয়া হলো—

| বিবরণ | সমাপনী টাকা | প্রারম্ভিক টাকা |
|---|---|---|
| নগদ | ৬,৭২,০০০ | ১,৩০,০০০ |
| প্রাপ্য হিসাব | ৭,৭৫,০০০ | ৬,১০,০০০ |
| মজুদ পণ্য | ৮,৩৪,০০০ | ৮,৬৭,০০০ |
| প্রদেয় হিসাব | ৫,২১,০০০ | ৫,০১,০০০ |

**অন্যান্য তথ্য:** ১. একটি মেশিন ২,৭০,০০০ টাকায় বিক্রি করা হয় এবং অন্য একটি মেশিন ৭,৫০,০০০ টাকায় ক্রয় করা হয়। *[য. বো. ১৬]*

ক. পরিচালন ব্যয়ের জন্য নগদ কত টাকা প্রদান করা হয় তা নির্ণয় করো। ২

খ. পরিচালন সংক্রান্ত নিট নগদ প্রবাহ নির্ণয় করো। (পরোক্ষ পদ্ধতিতে) ৪

গ. বিনিয়োগ ও অর্থায়ন সংক্রান্ত নিট নগদ প্রবাহ নির্ণয় করো। ৪

**২০ নং প্রশ্নের সমাধান**

ক পরিচালন ব্যয়ের জন্য নগদ প্রদানের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| পরিচালন ব্যয় (অবচয় খরচ বাদে) | ৪৯,২০,০০০ | |
| যোগ: প্রারম্ভিক প্রদেয় হিসাব | ৫,০১,০০০ | |
| | ৫৪,২১,০০০ | |
| বাদ: সমাপনী প্রদেয় হিসাব | (৫,২১,০০০) | |
| **পরিচালন খরচ বাবদ নগদ প্রদান** | | ৪৯,০০,০০০ |

**উত্তর:** পরিচালন খরচ বাবদ নগদ প্রদান ৪৯,০০,০০০ টাকা।

খ

**ডাকাতিয়া লিমিটেড**
**নগদ প্রবাহ বিবরণী (আংশিক)**
২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **পরিচালন কার্যাবলির নগদ প্রবাহ:** | | |
| নিট আয় (করপরবর্তী আয়) | | ৪,৩০,০০০ |
| **নিট আয়কে নগদে রূপান্তরের জন্য প্রয়োজনীয়/সমন্বয়সমূহ:** | | |
| অবচয় খরচ | ৮,৮০,০০০ | |
| নতুন আয়কর সঞ্চিতি বৃদ্ধি (নোট-১) | ৩,৫৩,০০০ | |
| প্রাপ্য হিসাব বৃদ্ধি | (১,৬৫,০০০) | |
| মজুদ পণ্য হ্রাস | ৩৩,০০০ | |
| প্রদেয় হিসাব বৃদ্ধি | ২০,০০০ | ১১,২১,০০০ |
| **পরিচালন কার্যক্রম থেকে নিট নগদ প্রবাহ** | | ১৫,৫১,০০০ |

**উত্তর:** পরিচালন কার্যক্রম থেকে নিট নগদ প্রবাহ ১৫,৫১,০০০ টাকা।

**নোট-১:** আয় বিবরণীর আয়কর (নতুন আয়কর সঞ্চিতি) হিসাবকে প্রদেয় আয়কর ধরে সমাধান করা হলো। কারণ প্রতিষ্ঠান যে বছরে আয় অর্জন করে তার আয়কর পরবর্তী বছরে প্রদান করে থাকে।

গ

**ডাকাতিয়া লিমিটেড**
**নগদ প্রবাহ বিবরণী (আংশিক)**
২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখের সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **বিনিয়োগ কার্যাবলির নগদ প্রবাহ:** | | |
| মেশিন বিক্রয় | ২,৭০,০০০ | |
| মেশিন ক্রয় | (৭,৫০,০০০) | |
| **বিনিয়োগ কার্যক্রমে নিট নগদ ব্যবহার** | | (৪,৮০,০০০) |
| **অর্থায়ন কার্যাবলির নগদ প্রবাহ:** | | ০ |

**উত্তর:** বিনিয়োগ কার্যক্রমে নিট নগদ ব্যবহার ৪,৮০,০০০ টাকা এবং অর্থায়ন কার্যক্রমের নগদ প্রবাহ ০ টাকা।

প্রশ্ন ▶ ২১

**XYZ লি.**
**আর্থিক অবস্থার বিবরণী**
৩১ ডিসেম্বর

| বিবরণ | ২০১৪ (টাকা) | ২০১৫ (টাকা) |
|---|---|---|
| **সম্পদসমূহ:** | | |
| হাতে নগদ | ১০,০০০ | ২১,০০০ |
| প্রাপ্য হিসাব | ২০,০০০ | ৩০,০০০ |
| মজুদ পণ্য | ৩০,০০০ | ২৬,০০০ |
| যন্ত্রপাতি | ৫০,০০০ | ৭০,০০০ |
| অবচয় সঞ্চিতি— যন্ত্রপাতি | (৫,০০০) | (১০,০০০) |
| মোট | ১,০৫,০০০ | ১,৩৭,০০০ |
| **দায় ও মালিকানা স্বত্ব:** | | |
| প্রদেয় হিসাব | ১৫,০০০ | ৯,০০০ |
| বকেয়া খরচ | | ২,০০০ |
| সাধারণ শেয়ার মূলধন (প্রতিটি ১০ টাকা) | ৬০,০০০ | ৯০,০০০ |
| রক্ষিত আয় | ৩০,০০০ | ৩৬,০০০ |
| মোট | ১,০৫,০০০ | ১,৩৭,০০০ |

**অন্যান্য তথ্য:** ১. ২০১৫ সালে নিট মুনাফা হয় ১০,০০০ টাকা। ২. নগদে যন্ত্রপাতি ক্রয় ২০,০০০ টাকা। ৩. নগদ লভ্যাংশ প্রদান ৪,০০০ টাকা। ৪. প্রতিটি ১০ টাকা মূল্যের ৩০,০০০ টাকার সাধারণ শেয়ার ইস্যু করা হয়েছে। *[ব. বো. ১৬]*

ক. বিনিয়োগ কার্যক্রম থেকে নগদ প্রবাহের পরিমাণ নির্ণয় করো। ২
খ. অর্থায়ন কার্যক্রম থেকে নগদ প্রবাহের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. প্রত্যক্ষ পদ্ধতিতে পরিচালন কার্যক্রম থেকে নগদ প্রবাহের পরিমাণ নির্ণয় করো। ৪

**২১ নং প্রশ্নের সমাধান**

ক বিনিয়োগ কার্যক্রম থেকে নগদ প্রবাহের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **বিনিয়োগ কার্যক্রম থেকে নিট নগদ প্রবাহ:** | | |
| যন্ত্রপাতি ক্রয় | (২০,০০০) | |
| **বিনিয়োগ কার্যক্রমে নিট নগদ ব্যবহার** | | (২০,০০০) |

**উত্তর:** বিনিয়োগ কার্যক্রমে নিট নগদ ব্যবহার ২০,০০০ টাকা।

খ অর্থায়ন কার্যক্রম থেকে নগদ প্রবাহের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **অর্থায়ন কার্যক্রম থেকে নিট নগদ প্রবাহ:** | | |
| সাধারণ শেয়ার ইস্যু | ৩০,০০০ | |
| লভ্যাংশ প্রদান | (৪,০০০) | |
| **অর্থায়ন কার্যক্রম থেকে নিট নগদ সরবরাহ** | | ২৬,০০০ |

**উত্তর:** অর্থায়ন কার্যক্রম থেকে নিট নগদ সরবরাহ ২৬,০০০ টাকা।

গ প্রত্যক্ষ পদ্ধতিতে পরিচালন কার্যক্রম হতে নগদ প্রবাহের পরিমাণ নিরূপণ করতে বললেও বিক্রয় ও ক্রয় সম্পর্কিত কোনো তথ্য দেয়া নেই। তাই প্রত্যক্ষ পদ্ধতিতে পরিচালন কার্যক্রম থেকে নগদ প্রবাহ নির্ণয় করা সম্ভব নয়।

প্রশ্ন ▶ ২২ পূবালী লি. এর নিম্নলিখিত তথ্যাবলি প্রদত্ত হলো :

| বিবরণ | টাকা |
|---|---|
| নিট আয় | ৫,০০,০০০ |
| অবচয় হিসাব | ৭০,০০০ |
| যন্ত্রপাতি বিক্রয়ে ক্ষতি | ৩০,০০০ |
| প্রাপ্য হিসাব বৃদ্ধি | ৫০,০০০ |
| মজুদ পণ্য হ্রাস | ২০,০০০ |
| প্রদেয় হিসাব বৃদ্ধি | ৪০,০০০ |

| বিবরণ | টাকা |
|---|---|
| সাধারণ শেয়ার ইস্যু | ১,০০,০০০ |
| লভ্যাংশ প্রদান | ৪০,০০০ |
| বন্ড পরিশোধ | ৩০,০০০ |
| বন্ড ইস্যু | ৫০,০০০ |

*[ঢা.বো. ১৫]*

ক. অনগদ লেনদেনের সমষ্টি নির্ণয় করো। ২
খ. পরিচালন কার্যক্রম হতে নিট নগদ প্রবাহ নির্ণয় করো। ৪
গ. অর্থসংস্থান কার্যক্রম হতে নিট নগদ প্রবাহ নির্ণয় করো। ৪

**২২ নং প্রশ্নের সমাধান**

ক অনগদ লেনদেনের সমষ্টি নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| অবচয় হিসাব | ৭০,০০০ | |
| যন্ত্রপাতি বিক্রয়জনিত ক্ষতি | ৩০,০০০ | |
| **মোট অনগদ লেনদেনের সমষ্টি** | | ১,০০,০০০ |

**উত্তর :** অনগদ লেনদেনের সমষ্টি ১,০০,০০০ টাকা।

খ

**পূবালী লিমিটেড**
**নগদ প্রবাহ বিবরণী (আংশিক)**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **পরিচালন কার্যাবলি হতে নগদ প্রবাহ :** | | |
| নিট আয় | | ৫,০০,০০০ |
| **নিট মুনাফাকে পরিচালন কার্যক্রম হতে নিট নগদ প্রবাহে পরিণত করার জন্য সমন্বয়সমূহ:** | | |
| অবচয় হিসাব | ৭০,০০০ | |
| যন্ত্রপাতি বিক্রয়ে ক্ষতি | ৩০,০০০ | |
| প্রাপ্য হিসাব বৃদ্ধি | (৫০,০০০) | |
| মজুদ পণ্য হ্রাস | ২০,০০০ | |
| প্রদেয় হিসাব বৃদ্ধি | ৪০,০০০ | ১,১০,০০০ |
| **পরিচালন কার্যাবলি হতে নিট নগদ সরবরাহ** | | ৬,১০,০০০ |

**উত্তর :** পরিচালন কার্যাবলি হতে নিট নগদ সরবরাহ ৬,১০,০০০ টাকা।

গ অর্থায়ন কার্যক্রম হতে নিট নগদ প্রবাহ নিরূপণ :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **অর্থায়ন কার্যাবলি হতে নগদ প্রবাহ :** | | |
| সাধারণ শেয়ার ইস্যু | ১,০০,০০০ | |
| লভ্যাংশ প্রদান | (৪০,০০০) | |
| বন্ড পরিশোধ | (৩০,০০০) | |
| বন্ড ইস্যু | ৫০,০০০ | |
| **অর্থায়ন কার্যাবলি হতে নিট নগদ সরবরাহ** | | ৮০,০০০ |

**উত্তর :** অর্থায়ন কার্যাবলি হতে নিট নগদ সরবরাহ ৮০,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ২৩** রহমান কোম্পানি লি.-এর তুলনামূলক আর্থিক অবস্থার বিবরণী নিচে দেয়া হলো :

**রহমান কোম্পানি লি.**
**তুলনামূলক আর্থিক অবস্থার বিবরণী (আংশিক)**

| সম্পদসমূহ | টাকা | | দায়সমূহ | টাকা | |
|---|---|---|---|---|---|
| | ২০১৪ | ২০১৩ | | ২০১৪ | ২০১৩ |
| নগদ | ৫২,০০০ | ১২,০০০ | চলতি দায় | ১,২০,০০০ | ৪৫,০০০ |
| প্রাপ্য হিসাব | ৭৫,০০০ | ৪৩,০০০ | দীর্ঘমেয়াদি ঋণ | ১,৫৫,০০০ | |
| মজুদ পণ্য | ১,০৫,০০০ | ৫৭,০০০ | শেয়ার মূলধন | ২,১০,০০০ | ১,৬৩,০০০ |
| স্থায়ী সম্পত্তি | ৩,০১,০০০ | ৯৬,০০০ | | | |

২০১৪ সালে কোম্পানির নিট লাভ ছিল ৫৫,০০০ টাকা এবং ৭,০০০ টাকা নগদ লভ্যাংশ প্রদান করেছিল। অবচয়ের পরিমাণ ছিল ১৫,০০০ টাকা। তাছাড়া কোম্পানি ২০১৪ সালের ২,২০,০০০ টাকার স্থায়ী সম্পত্তিও ক্রয় করেছিল যার জন্য কোম্পানিকে ১,৫৫,০০০ টাকার দীর্ঘমেয়াদি ঋণপত্র ইস্যু করতে হয়েছিল। *[রা.বো. ১৫]*

ক. উপরোক্ত আর্থিক অবস্থার বিবরণী হতে অনগদ লেনদেনের পরিমাণ নির্ণয় করো। ২
খ. পরিচালন কার্যক্রম থেকে নগদ প্রবাহ বিবরণী প্রস্তুত করো। ৪
গ. বিনিয়োগ এবং অর্থায়ন কার্যক্রম থেকে নগদ প্রবাহ বিবরণী প্রস্তুত করো। ৪

**২৩ নং প্রশ্নের সমাধান**

ক অনগদ লেনদেনের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| অবচয় | ১৫,০০০ | |
| ঋণপত্র ইস্যু স্থায়ী সম্পদ ক্রয় | ১,৫৫,০০০ | |
| **অনগদ লেনদেনের পরিমাণ** | | ১,৭০,০০০ |

**উত্তর :** অনগদ লেনদেনের পরিমাণ ১,৭০,০০০ টাকা।

খ

**রহমান কোম্পানি লি.**
**নগদ প্রবাহ বিবরণী**
২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **পরিচালন কার্যক্রম হতে নিট নগদ প্রবাহ:** | | |
| নিট লাভ | | ৫৫,০০০ |
| **নিট লাভকে পরিচালন কার্যক্রম হতে নগদ প্রবাহে সমন্বয় :** | | |
| অবচয় | ১৫,০০০ | |
| প্রাপ্য হিসাব বৃদ্ধি (৭৫,০০০ – ৪৩,০০০) | (৩২,০০০) | |
| মজুদ পণ্য বৃদ্ধি (১,০৫,০০০ – ৫৭,০০০) | (৪৮,০০০) | |
| চলতি দায় বৃদ্ধি (১,২০,০০০ – ৪৫,০০০) | ৭৫,০০০ | ১০,০০০ |
| **পরিচালন কার্যক্রম হতে নিট নগদ প্রবাহ** | | ৬৫,০০০ |

**উত্তর :** পরিচালন কার্যক্রম হতে নগদ প্রবাহ ৬৫,০০০ টাকা।

গ

**রহমান কোম্পানি লি.**
**নগদ প্রবাহ বিবরণী**
২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **বিনিয়োগ কার্যক্রম হতে নগদ প্রবাহ :** | | |
| স্থায়ী সম্পত্তি ক্রয় (২,২০,০০০ – ১,৫৫,০০০) | (৬৫,০০০) | |
| **বিনিয়োগ কার্যক্রম হতে নিট নগদ বহিঃপ্রবাহ** | | (৬৫,০০০) |
| **অর্থায়ন কার্যক্রম হতে নগদ প্রবাহ :** | | |
| শেয়ার ইস্যু | ৪৭,০০০ | |
| লভ্যাংশ প্রদান | (৭,০০০) | |
| **অর্থায়ন কার্যক্রম হতে নিট নগদ প্রবাহ** | | ৪০,০০০ |

**উত্তর :** বিনিয়োগ কার্যাবলিতে নিট নগদ ব্যবহার ৬৫,০০০ টাকা; অর্থায়ন কার্যাবলি হতে নিট নগদ সরবরাহ ৪০,০০০ টাকা।

**প্রশ্ন ▶২৪** তিতাস কোম্পানির তুলনামূলক আর্থিক অবস্থার বিবরণী নিচে দেয়া হলো :

**তিতাস কোম্পানি**
**তুলনামূলক আর্থিক অবস্থার বিবরণী**

| বিবরণ | ২০১৪ (টাকা) | ২০১৩ (টাকা) |
|---|---|---|
| **সম্পত্তিসমূহ :** | | |
| যন্ত্রপাতি (নিট) | ১,১৭,৫০০ | ১,১৫,০০০ |
| মজুদ পণ্য | ৪১,৫০০ | ৫১,০০০ |
| প্রাপ্য হিসাব | ৭০,৫০০ | ৬৭,০০০ |
| নগদ | ২৩,৫০০ | ১৩,০০০ |
| অগ্রিম খরচ | ৪,৫০০ | ৫,৫০০ |
| | ২,৫৭,৫০০ | ২,৫১,৫০০ |

| বিবরণ | ২০১৪ (টাকা) | ২০১৩ (টাকা) |
|---|---|---|
| **মূলধন ও দায় :** | | |
| শেয়ার মূলধন | ১,৫০,০০০ | ১,৫০,০০০ |
| সংরক্ষিত আয় | ২৬,৫০০ | ১৭,৫০০ |
| বকেয়া খরচ | ২০,০০০ | ২০,৫০০ |
| প্রদেয় হিসাব | ৬১,০০০ | ৬৩,৫০০ |
| | ২,৫৭,৫০০ | ২,৫১,৫০০ |

**অন্যান্য তথ্য:** ১. পরিচালন ব্যয় ছিল ১,০০,০০০ টাকা। ২. বাকিতে পণ্য ক্রয় ১,২৫,০০০ টাকা। ৩. বিক্রয়ের পরিমাণ ২,৫০,০০০ টাকা। ৪. অবচয় ছিল ৭,৫০০ টাকা। ৫. কোম্পানি ১,০০০ টাকা সুদ এবং ৭,০০০ টাকা আয়কর প্রদান করেছে। *[য.বো. ১৫]*

ক. যন্ত্রপাতির ক্রয়মূল্য নির্ণয় করো। ২

খ. প্রাপ্য হিসাবের নিকট হতে নগদ প্রাপ্তি ও প্রদেয় হিসাবকে নগদে পরিশোধ নির্ণয় করো। ৪

গ. পরোক্ষ পদ্ধতিতে পরিচালন কার্যক্রম দ্বারা নগদ প্রবাহ বিবরণী প্রস্তুত করো। ৪

**২৪ নং প্রশ্নের সমাধান**

ক যন্ত্রপাতির ক্রয়মূল্য নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| যন্ত্রপাতির সমাপনী মূল্য | | ১,১৭,৫০০ |
| বাদ : যন্ত্রপাতির প্রারম্ভিক মূল্য | ১,১৫,০০০ | |
| বাদ : অবচয় | (৭,৫০০) | (১,০৭,৫০০) |
| **যন্ত্রপাতির ক্রয়মূল্য** | | ১০,০০০ |

**উত্তর :** নতুন যন্ত্রপাতির ক্রয়মূল্য ১০,০০০ টাকা।

খ প্রাপ্য হিসাবের নিকট হতে নগদ প্রাপ্তি নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| প্রাপ্য হিসাব (প্রারম্ভিক জের) | ৬৭,০০০ | |
| যোগ : বিক্রয়ের পরিমাণ | ২,৫০,০০০ | |
| | ৩,১৭,০০০ | |
| বাদ : প্রাপ্য হিসাব (সমাপনী জের) | (৭০,৫০০) | |
| **প্রাপ্য হিসাব হতে নগদ প্রাপ্তি** | | ২,৪৬,৫০০ |

প্রদেয় হিসাবকে নগদ পরিশোধ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| বাকিতে পণ্য ক্রয় | ১,২৫,০০০ | |
| যোগ : প্রদেয় হিসাব হ্রাস (৬৩,৫০০ – ৬১,০০০) | ২,৫০০ | |
| **প্রদেয় হিসাবকে নগদ পরিশোধ** | | ১,২৭,৫০০ |

**উত্তর :** প্রাপ্য হিসাব হতে নগদ প্রাপ্তি ২,৪৬,৫০০ টাকা এবং প্রদেয় হিসাবকে নগদ পরিশোধ ১,২৭,৫০০ টাকা।

গ

**তিতাস কোম্পানি**
**নগদ প্রবাহ বিবরণী (পরোক্ষ পদ্ধতি)**
২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **পরিচালন কার্যাবলি হতে নগদ প্রবাহ :** | | |
| নিট আয় (২৬,৫০০ – ১৭,৫০০) | | ৯,০০০ |
| **নিট মুনাফাকে পরিচালন কার্যক্রম হতে নিট নগদ প্রবাহে পরিণত করার জন্য সমন্বয়সমূহ:** | | |
| অবচয় | ৭,৫০০ | |
| প্রাপ্য হিসাবের বৃদ্ধি | (৩,৫০০) | |
| মজুদ পণ্যের হ্রাস | ৯,৫০০ | |
| প্রদেয় হিসাবের হ্রাস | (২,৫০০) | |
| অগ্রিম খরচ হ্রাস | ১,০০০ | |
| বকেয়া খরচ হ্রাস | (৫০০) | ১১,৫০০ |
| **পরিচালন কার্যাবলি হতে নিট নগদ সরবরাহ** | | ২০,৫০০ |

**উত্তর :** পরিচালন কার্যাবলি নিট নগদ সরবরাহ ২০,৫০০ টাকা।

চতুর্থ অধ্যায়

# যৌথ মূলধনী কোম্পানির মূলধন

পরীক্ষায় কমন পেতে অনন্য প্রশ্ন ও সমাধান | পৃষ্ঠা ১ বোর্ড পরীক্ষার প্রশ্ন ও সমাধান | পৃষ্ঠা ১৮ উত্তর সংকেতসহ সৃজনশীল প্রশ্ন | পৃষ্ঠা ৩৪

## পরীক্ষায় কমন পেতে অনন্য প্রশ্ন ও সমাধান

**প্রশ্ন ▶ ১** বাহার ফুডস লিমিটেড প্রতিটি ১০ টাকা মূল্যের ২০,০০০ শেয়ারে বিভক্ত মোট ২,০০,০০০ টাকার অনুমোদিত মূলধনে নিবন্ধিত হলো। কোম্পানি ১০,০০০ শেয়ার ১০% অধিহারে জনসাধারণের নিকট বিক্রয়ের উদ্দেশ্যে বিজ্ঞাপন প্রচার করল। ১২,০০০ শেয়ারের আবেদন পাওয়া গেল। শেয়ারগুলো বণ্টন করে অতিরিক্ত আবেদনের টাকা ফেরত দেয়া হলো। কোম্পানি ২,০০০ শেয়ার ইস্যুর মাধ্যমে একটি মেশিন ক্রয় করে যার মূল্য ২৪,০০০ টাকা এবং ১,০০০ শেয়ার ইস্যুর মাধ্যমে জমি ক্রয় করেন যার মূল্য ১৬,০০০ টাকা।

ক. কোম্পানির ইস্যুকৃত শেয়ার মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২
খ. কোম্পানির হিসাব বইতে জাবেদা দাখিলা দাও। ৪
গ. ব্যাংক হিসাব প্রস্তুত করো ও কোম্পানির মোট সম্পদের পরিমাণ নির্ণয় করো। ৪

**১ নং প্রশ্নের সমাধান**

**ক** কোম্পানির ইস্যুকৃত শেয়ার মূলধনের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| জনসাধারণের নিকট ইস্যু (১০,০০০ × ১০) | ১,০০,০০০ | |
| মেশিনের বিনিময়ে ইস্যু (২,০০০ × ১০) | ২০,০০০ | |
| জমির বিনিময়ে ইস্যু (১,০০০ × ১০) | ১০,০০০ | |
| **ইস্যুকৃত শেয়ার** | | ১,৩০,০০০ |

**উত্তর:** ইস্যুকৃত শেয়ার মূলধন ১,৩০,০০০ টাকা।

**খ**

**বাহার ফুডস লিমিটেড**
**জাবেদা দাখিলা**

| তারিখ | হিসাবের শিরোনাম ও ব্যাখ্যা | খ: পৃ: | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|---|---|
| | ব্যাংক হিসাব (১১ × ১২,০০০) | | ১,৩২,০০০ | |
| | শেয়ার আবেদন হিসাব | | | ১,৩২,০০০ |
| | (প্রতিটি ১০ টাকা মূল্যের ১২,০০০ শেয়ারের আবেদন শেয়ার প্রতি ১ টাকা অধিহারে পাওয়া গেল) | | | |
| | শেয়ার আবেদন হিসাব (১১ × ১২,০০০) | | ১,৩২,০০০ | |
| | শেয়ার মূলধন হিসাব (১০ × ১০,০০০) | | | ১,০০,০০০ |
| | শেয়ার অধিহার হিসাব (১ × ১০,০০০) | | | ১০,০০০ |
| | ব্যাংক হিসাব (১১ × ২,০০০) | | | ২২,০০০ |
| | (বণ্টিত ১০,০০০ শেয়ার আবেদনের টাকা শেয়ার মূলধন ও শেয়ার অধিহার হিসাবে স্থানান্তর করা হলো এবং অতিরিক্ত আবেদনের টাকা ফেরত প্রদান করা হলো) | | | |
| | মেশিন হিসাব | | ২৪,০০০ | |
| | শেয়ার মূলধন হিসাব (১০ × ২,০০০) | | | ২০,০০০ |
| | শেয়ার অধিহার হিসাব (২ × ২,০০০) | | | ৪,০০০ |
| | (২,০০০ শেয়ারের বিনিময়ে মেশিন ক্রয় করা হলো) | | | |
| | ভূমি হিসাব | | ১৬,০০০ | |
| | শেয়ার মূলধন হিসাব (১০ × ১,০০০) | | | ১০,০০০ |
| | শেয়ার অধিহার হিসাব (৬ × ১,০০০) | | | ৬,০০০ |
| | (১,০০০ শেয়ারের বিনিময়ে জমি ক্রয় করা হলো) | | | |
| | **মোট** | | ৩,০৪,০০০ | ৩,০৪,০০০ |

**উত্তর:** জাবেদার যোগফল ৩,০৪,০০০ টাকা।

গ

**বাহার ফুডস লিমিটেড**

**ব্যাংক হিসাব** **হিসাবের কোড নং—**

| তারিখ | হিসাবের নাম | জা.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | জের ডেবিট | জের ক্রেডিট |
|---|---|---|---|---|---|---|
| | শেয়ার আবেদন হিসাব (১১ × ১২,০০০) | | ১,৩২,০০০ | | ১,৩২,০০০ | |
| | শেয়ার আবেদন হিসাব (১১ × ২,০০০) | | | ২২,০০০ | ১,১০,০০০ | |

**বাহার ফুডস লিমিটেড**

**আর্থিক অবস্থার বিবরণী (আংশিক)**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **সম্পদসমূহ** | | |
| **স্থায়ী সম্পদ:** | | |
| মেশিন | ২৪,০০০ | |
| ভূমি | ১৬,০০০ | |
| **চলতি সম্পদ:** | | |
| ব্যাংক জমা (১,৩২,০০০ - ২২,০০০) | ১,১০,০০০ | |
| **মোট সম্পদ** | | ১,৫০,০০০ |

**উত্তর:** ব্যাংক জমা ১,১০,০০০ টাকা এবং মোট সম্পদ ১,৫০,০০০ টাকা।

**প্রশ্ন ▶২** দোলনা লিমিটেড ২৫,০০,০০০ টাকার অনুমোদিত মূলধনসহ নিবন্ধিত হয় যা প্রতিটি ১০০ টাকা মূল্যের ২৫,০০০ শেয়ারে বিভক্ত। কোম্পানি ২০,০০০ শেয়ার ১০% অধিহারে ১১০ টাকায় বিক্রির উদ্দেশ্য বিবরণপত্র প্রচার করে। জনসাধারণ ২২,০০০ শেয়ারের জন্য আবেদন করে। ইস্যুকৃত শেয়ারসমূহ যথাসময়ে বিলি করা হয়। অতিরিক্ত আবেদনের টাকা সংশ্লিষ্ট আবেদনকারীরদের ফেরত দেওয়া হয়।

ক. শেয়ার অধিহারের পরিমাণ নির্ণয় করো। ২

খ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

গ. আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

**২ নং প্রশ্নের সমাধান**

ক শেয়ার অধিহারের পরিমাণ নির্ণয়:

শেয়ার অধিহার = বিলিকৃত শেয়ার × শেয়ার প্রতি অধিহার = (২০,০০০ × ১০) টাকা = ২,০০,০০০ টাকা।

এখানে, শেয়ার প্রতি অধিহার = শেয়ার প্রতি অভিহিত মূল্য × ১০% = (১০০ × ১০%) = ১০ টাকা

**উত্তর:** শেয়ার অধিহারের পরিমাণ ২,০০,০০০ টাকা।

খ

**দোলনা লিমিটেড**

**জাবেদা দাখিলা**

| তারিখ | হিসাব শিরোনাম ও ব্যাখ্যা | খ: পৃ: | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|---|---|
| | ব্যাংক হিসাব (২২,০০০ × ১১০) | | ২৪,২০,০০০ | |
| | শেয়ার আবেদন হিসাব | | | ২৪,২০,০০০ |
| | (শেয়ার প্রতি ১০ টাকা অধিহারে প্রতিটি ১০০ টাকা মূল্যের ২২,০০০ শেয়ারের আবেদন পাওয়া গেল) | | | |
| | শেয়ার আবেদন হিসাব (২২,০০০ × ১১০) | | ২৪,২০,০০০ | |
| | শেয়ার মূলধন হিসাব (২০,০০০ × ১০০) | | | ২০,০০,০০০ |
| | শেয়ার অধিহার হিসাব (২০,০০০ × ১০) | | | ২,০০,০০০ |
| | ব্যাংক হিসাব (২,০০০ × ১১০) | | | ২,২০,০০০ |
| | (২০,০০০ শেয়ার আবেদনের টাকা শেয়ার মূলধন হিসাবে স্থানান্তর করা হলো এবং অবশিষ্ট আবেদনের টাকা সংশ্লিষ্ট আবেদনকারীদের ফেরত দেওয়া হলো) | | | |
| | **মোট** | | ৪৮,৪০,০০০ | ৪৮,৪০,০০০ |

**উত্তর:** জাবেদার যোগফল ৪৮,৪০,০০০ টাকা।

গ

**দোলনা লিমিটেড**
**আর্থিক অবস্থার বিবরণী**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **সম্পদসমূহ** | | |
| **চলতি সম্পদ:** | | |
| ব্যাংক জমা (২৪,২০,০০০ - ২,২০,০০০) | | ২২,০০,০০০ |
| **মোট সম্পদ** | | ২২,০০,০০০ |
| **শেয়ার মালিকদের স্বত্ব ও দায়সমূহ** | | |
| **অনুমোদিত মূলধন:** | | |
| প্রতিটি ১০ টাকা মূল্যের ২৫,০০০ শেয়ার | | ২৫,০০,০০০ |
| **ইস্যুকৃত, বিলিকৃত ও পরিশোধিত মূলধন:** | | |
| প্রতিটি ১০০ টাকা মূল্যের ২০,০০০ শেয়ার | | ২০,০০,০০০ |
| **সঞ্চিতি ও উদ্বৃত্ত:** | | |
| শেয়ার অধিহার | | ২,০০,০০০ |
| **শেয়ার মালিকদের স্বত্ব ও মোট দায়** | | ২২,০০,০০০ |

**উত্তর:** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ২২,০০,০০০ টাকা।

**প্রশ্ন ▶৩** ডেল্টা ফার্মা লিমিটেড-এর অনুমোদিত মূলধন ৫০,০০,০০০ টাকা। যা প্রতিটি ১০ টাকা মূল্যের ৫,০০,০০০ শেয়ারে বিভক্ত। কোম্পানি অনুমোদিত মূলধনের ৮০% শেয়ার ১০% অবহারে বিক্রয়ের উদ্দেশ্যে ইস্যু করল। কোম্পানি ইস্যুকৃত শেয়ারের চাইতে ১০% অধিক আবেদনপত্র পেয়েছিল। অতিরিক্ত আবেদনের সম্পূর্ণই সংশ্লিষ্ট আবেদনকারীদের ফেরত দেওয়া হলো। জাওয়াদ এন্টারপ্রাইজ শেয়ার বিক্রয়ের দায়িত্ব গ্রহণ করায় তাদেরকে শেয়ার প্রতি ০.৫০ টাকা হারে কমিশন বাবদ পরিশোধ করা হয়।

ক. জাওয়াদ এন্টারপ্রাইজকে কমিশন বাবদ কত টাকা পরিশোধ করা হয়েছে তা নির্ণয় করো। ২
খ. কোম্পানির হিসাব বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও। ৪
গ. ব্যাংক হিসাব ও আর্থিক অবস্থার বিবরণীর সম্পত্তি পার্শ্ব দেখাও। ৪

**৩ নং প্রশ্নের সমাধান**

**ক** জাওয়াদ এন্টারপ্রাইজকে কমিশন বাবদ প্রদত্ত টাকার পরিমাণ নির্ণয়:

কমিশন = ইস্যুকৃত শেয়ার × কমিশনের হার = ৪,০০,০০০ × ০.৫০ = ২,০০,০০০ টাকা

এখানে, ইস্যুকৃত শেয়ার (৫,০০,০০০ × ৮০%) = ৪,০০,০০০ শেয়ার

**উত্তর:** কমিশন বাবদ প্রদত্ত টাকার পরিমাণ ২,০০,০০০ টাকা।

**খ**

**ডেল্টা ফার্মা লিমিটেড**
**জাবেদা দাখিলা**

| তারিখ | হিসাব শিরোনাম ও ব্যাখ্যা | খ: পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| | ব্যাংক হিসাব (৪,৪০,০০০ × ৯) | | ৩৯,৬০,০০০ | |
| | শেয়ার আবেদন হিসাব | | | ৩৯,৬০,০০০ |
| | (শেয়ার প্রতি ১ টাকা অবহারে প্রতিটি ১০ টাকা মূল্যের ৪,৪০,০০০ শেয়ারের আবেদন পাওয়া গেল) | | | |
| | শেয়ার আবেদন হিসাব | | ৩৯,৬০,০০০ | |
| | শেয়ার অবহার হিসাব (৪,০০,০০০ × ১) | | ৪,০০,০০০ | |
| | শেয়ার মূলধন হিসাব (৪,০০,০০০ × ১০) | | | ৪০,০০,০০০ |
| | ব্যাংক হিসাব (৪০,০০০ × ৯) | | | ৩,৬০,০০০ |
| | (৪,০০,০০০ শেয়ার আবেদনের টাকা শেয়ার মূলধন ও শেয়ার অবহার হিসাবে স্থানান্তর করা হলো এবং অবশিষ্ট শেয়ার আবেদনের টাকা সংশ্লিষ্ট আবেদনকারীদের ফেরত দেওয়া হলো) | | | |
| | অবলেখকের কমিশন হিসাব | | ২,০০,০০০ | |
| | ব্যাংক হিসাব | | | ২,০০,০০০ |
| | (অবলেখকের কমিশন প্রদান করা হলো) | | | |
| | **মোট** | | ৮৫,২০,০০০ | ৮৫,২০,০০০ |

**উত্তর:** জাবেদার যোগফল ৮৫,২০,০০০ টাকা।

গ **ব্যাংক হিসাব** হিসাবের কোড নং—

| তারিখ | বিবরণ | জা:পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | জের | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট | ক্রেডিট |
| | শেয়ার আবেদন হিসাব | | ৩৯,৬০,০০০ | | ৩৯,৬০,০০০ | |
| | শেয়ার আবেদন হিসাব | | | ৩,৬০,০০০ | ৩৬,০০,০০০ | |
| | অবলেখকের কমিশন | | | ২,০০,০০০ | ৩৪,০০,০০০ | |

**ডেল্টা ফার্মা লিমিটেড**
**আর্থিক অবস্থার বিবরণী (আংশিক)**

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **সম্পদসমূহ** | | | |
| **চলতি সম্পদ:** | | | |
| ব্যাংক জমা | | | ৩৪,০০,০০০ |
| **অসমন্বিত ব্যয়:** | | | |
| অবলেখকের কমিশন | | ২,০০,০০০ | |
| শেয়ার অবহার | | ৪,০০,০০০ | ৬,০০,০০০ |
| **মোট সম্পদ** | | | ৪০,০০,০০০ |

**উত্তর:** ব্যাংক হিসাবের ডেবিট জের ৩৪,০০,০০০ টাকা এবং মোট সম্পদ ৪০,০০,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ৪** বাদশা ডায়িং লি. ১০ টাকা মূল্যের ২৫,০০০ শেয়ারে বিভক্ত ২,৫০,০০০ টাকার অনুমোদিত মূলধন নিয়ে গঠিত। কোম্পানি ৫,০০০ শেয়ারের বিনিময়ে ঝিনুক লি. থেকে এক খণ্ড জমি ক্রয় করে। অবশিষ্ট শেয়ার হতে ১৫,০০০ শেয়ার ১০% অবহারে জনসাধারণের নিকট বিক্রির জন্য আবেদনপত্র আহ্বান করে। ২৫,০০০ শেয়ারের আবেদন জমা পড়ে। যথারীতি ১৫,০০০ শেয়ার বিক্রি করা হয় এবং অতিরিক্ত আবেদনের জন্য রিফান্ড ওয়ারেন্ট ইস্যু করা হয়।

ক. শেয়ার প্রতি অবহার ও মোট অবহার নির্ণয় করো। ২
খ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪
গ. আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

**৪ নং প্রশ্নের সমাধান**

ক **শেয়ার প্রতি অবহার ও মোট অবহারের পরিমাণ নির্ণয়:**

শেয়ার প্রতি অবহার = শেয়ার প্রতি অভিহিত মূল্য × অবহারের শতকরা হার
= (১০ × ১০%)
= ১ টাকা

মোট অবহার = বিলিকৃত শেয়ার × শেয়ার প্রতি অবহার
= (১৫,০০০ × ১) টাকা
= ১৫,০০০ টাকা

**উত্তর:** শেয়ার প্রতি অবহার ১ টাকা এবং মোট অবহার ১৫,০০০ টাকা।

**টীকা:** জমি ক্রয় বাবদ শেয়ারের জন্য 'অবহার' ধার্য হবে না।

খ **বাদশা ডায়িং লি.**
**জাবেদা দাখিলা**

| তারিখ | হিসাব শিরোনাম ও ব্যাখ্যা | খ: পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| | ভূমি হিসাব | | ৫০,০০০ | |
| | শেয়ার মূলধন হিসাব | | | ৫০,০০০ |
| | (প্রতিটি ১০ টাকা মূল্যের ৫,০০০ শেয়ারের বিনিময়ে জমি ক্রয় করা হলো) | | | |
| | ব্যাংক হিসাব | | ২,২৫,০০০ | |
| | শেয়ার আবেদন হিসাব | | | ২,২৫,০০০ |
| | (প্রতি শেয়ার ১০ টাকা মূল্যে অবহার বাদে ২৫,০০০ শেয়ারের আবেদনের টাকা পাওয়া গেল) | | | |

| তারিখ | হিসাব শিরোনাম ও ব্যাখ্যা | খ: পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| | শেয়ার আবেদন হিসাব<br>শেয়ার অবহার হিসাব<br>    শেয়ার মূলধন হিসাব<br>(শেয়ার প্রতি ১০ টাকা মূল্যে ১ টাকা অবহারসহ ১৫,০০০ শেয়ার মূলধন হিসাবে স্থানান্তর করা হলো) | | ১,৩৫,০০০<br>১৫,০০০ | <br><br>১,৫০,০০০ |
| | শেয়ার আবেদন হিসাব<br>    ব্যাংক হিসাব<br>(অতিরিক্ত ১০,০০০ শেয়ারের আবেদনের টাকা ফেরত দেওয়া হলো) | | ৯০,০০০ | <br>৯০,০০০ |
| | **মোট** | | ৫,১৫,০০০ | ৫,১৫,০০০ |

**উত্তর:** জাবেদার যোগফল ৫,১৫,০০০ টাকা।

গ

**বাদশা ডায়িং লি.**
**আর্থিক অবস্থার বিবরণী**

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **সম্পদসমূহ** | | | |
| **স্থায়ী সম্পদ:** | | | |
| ভূমি | | | ৫০,০০০ |
| **চলতি সম্পদ:** | | | |
| ব্যাংক জমা (২,২৫,০০০ – ৯০,০০০) | | | ১,৩৫,০০০ |
| **অসমন্বিত ব্যয়:** | | | |
| শেয়ার অবহার | | | ১৫,০০০ |
| **মোট সম্পদ** | | | ২,০০,০০০ |
| **শেয়ার মালিকদের স্বত্ব ও দায়সমূহ** | | | |
| **শেয়ার মূলধন:** | | | |
| **অনুমোদিত মূলধন:** | | | |
| প্রতিটি ১০ টাকা মূল্যের ২৫,০০০ শেয়ার | | | ২,৫০,০০০ |
| **ইস্যুকৃত, বিলিকৃত ও আদায়কৃত মূলধন:** | | | |
| প্রতিটি ১০ টাকা মূল্যের ২০,০০০ শেয়ার | | | ২,০০,০০০ |
| **শেয়ার মালিকদের স্বত্ব ও মোট দায়** | | | ২,০০,০০০ |

**উত্তর:** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ২,০০,০০০ টাকা।

**প্রশ্ন ▶৫** গ্রিন বাংলা কোম্পানি লি. ১০ টাকা মূল্যের ১০,০০,০০০ শেয়ারে নিবন্ধিত হলো। কোম্পানি উল্লিখিত শেয়ার থেকে ৭,০০,০০০ শেয়ার ১২ টাকা মূল্যে ইস্যু করল। মোট ৬,০০,০০০ শেয়ারের আবেদন পাওয়া গেল। সকল শেয়ার বণ্টিত হলো। দায় গ্রাহক সকল ইস্যুকৃত শেয়ারের দায়িত্ব গ্রহণ করল। এজন্য তাদেরকে ৫,০০০ টাকা কমিশন বাবদ প্রদান করা হলো।

ক. ব্যাংক হিসাব প্রস্তুত করো। ২
খ. কোম্পানির বইতে জাবেদা দাখিলা দাও। ৪
গ. আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

**৫ নং প্রশ্নের সমাধান**

ক

**গ্রিন বাংলা কোম্পানি লি.**
**ব্যাংক হিসাব**

হিসাবের কোড নং—

| তারিখ | বিবরণ | জা:পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | জের | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট | ক্রেডিট |
| | শেয়ার আবেদন হিসাব | | ৭২,০০,০০০ | | ৭২,০০,০০০ | |
| | দায়গ্রাহকের কমিশন হিসাব | | | ৫,০০০ | ৭১,৯৫,০০০ | |

**উত্তর:** ব্যাংক হিসাবের জের ৭১,৯৫,০০০ টাকা (ডেবিট)।

খ

**গ্রিন বাংলা কোম্পানি লি.**
**জাবেদা দাখিলা**

| তারিখ | হিসাব শিরোনাম ও ব্যাখ্যা | খ: পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| | ব্যাংক হিসাব (৬,০০,০০০ × ১২)<br>    শেয়ার আবেদন হিসাব<br>(২ টাকা অধিহারসহ ৬,০০,০০০ শেয়ারের আবেদনের টাকা পাওয়া গেল) | | ৭২,০০,০০০ | ৭২,০০,০০০ |
| | শেয়ার আবেদন হিসাব<br>    শেয়ার মূলধন হিসাব (৬,০০,০০০ × ১০)<br>    শেয়ার অধিহার হিসাব (৬,০০,০০০ × ২)<br>(শেয়ার আবেদনের টাকা শেয়ার মূলধন ও শেয়ার অধিহারে স্থানান্তর করা হলো) | | ৭২,০০,০০০ | ৬০,০০,০০০<br>১২,০০,০০০ |
| | দায়গ্রাহকের কমিশন হিসাব<br>    ব্যাংক হিসাব<br>(দায়গ্রাহকের কমিশন প্রদান করা হলো) | | ৫,০০০ | ৫,০০০ |
| | **মোট** | | ১,৪৪,০৫,০০০ | ১,৪৪,০৫,০০০ |

**উত্তর:** জাবেদার যোগফল ১,৪৪,০৫,০০০ টাকা।

গ

**গ্রিন বাংলা কোম্পানি লি.**
**আর্থিক অবস্থার বিবরণী**

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **সম্পদসমূহ** | | | |
| **চলতি সম্পদ:** | | | |
| ব্যাংক হিসাব | | | ৭১,৯৫,০০০ |
| **অলিক সম্পদ:** | | | |
| দায়গ্রাহকের কমিশন | | | ৫,০০০ |
| **মোট সম্পদ** | | | ৭২,০০,০০০ |
| **শেয়ারহোল্ডারদের স্বত্ব ও দায়** | | | |
| **অনুমোদিত মূলধন:** | | | |
| প্রতিটি ১০ টাকা করে ১০,০০,০০০ শেয়ার | | | ১,০০,০০,০০০ |
| **ইস্যুকৃত শেয়ার:** | | | |
| প্রতিটি ১০ টাকা করে ৭,০০,০০০ শেয়ার | | | ৭০,০০,০০০ |
| **আদায়কৃত মূলধন:** | | | |
| প্রতিটি ১০ টাকা করে ৬,০০,০০০ শেয়ার | | | ৬০,০০,০০০ |
| **সঞ্চিতি ও উদ্বৃত্ত:** | | | |
| শেয়ার অধিহার | | | ১২,০০,০০০ |
| **শেয়ারহোল্ডারদের স্বত্ব ও দায়** | | | ৭২,০০,০০০ |

**উত্তর:** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৭২,০০,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ৬** জিরানী কোম্পানি লি.-এর অনুমোদিত মূলধন ৫,০০,০০০ টাকা, যা প্রতিটি ১০০ টাকা মূল্যের। কোম্পানি মোট শেয়ার-এর ৫০% শেয়ার (১০% অবহারে) বিক্রির উদ্দেশ্যে জনসাধারণের কাছে প্রচার করে। ইস্যুকৃত শেয়ারের চেয়ে ১০% শেয়ারের আবেদন কম পাওয়া যায়। অবলেখককে শেয়ার প্রতি ০.৬০ টাকা করে দস্তুরি প্রদান করা হয়। শেয়ারের মূল্য এককালীন প্রদেয়।

ক. অনুমোদিত শেয়ার-এর সংখ্যা কত? ২
খ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও। ৪
গ. আর্থিক অবস্থার বিবরণী তৈরি করো। ৪

**৬ নং প্রশ্নের সমাধান**

ক অনুমোদিত শেয়ার সংখ্যা নির্ণয়:

$$\text{অনুমোদিত শেয়ার} = \frac{\text{অনুমোদিত শেয়ার মূলধন}}{\text{শেয়ার প্রতি অভিহিত মূল্য}} = \left(\frac{৫,০০,০০০}{১০০}\right) = ৫,০০০ \text{ শেয়ার}$$

**উত্তর:** অনুমোদিত শেয়ার ৫,০০০ শেয়ার।

খ

**জিরানী কোম্পানি লি.**
**জাবেদা দাখিলা**

| তারিখ | হিসাব শিরোনাম ও ব্যাখ্যা | খ: পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| | ব্যাংক হিসাব (২,২৫০ × ৯০) | | ২,০২,৫০০ | |
| | শেয়ার আবেদন হিসাব | | | ২,০২,৫০০ |
| | (শেয়ার প্রতি ১০ টাকা অবহার বাদে প্রতিটি ১০০ টাকা মূল্যের ২,২৫০ শেয়ারের আবেদন পাওয়া গেল) | | | |
| | শেয়ার আবেদন হিসাব | | ২,০২,৫০০ | |
| | শেয়ার অবহার হিসাব (২,২৫০ × ১০) | | ২২,৫০০ | |
| | শেয়ার মূলধন হিসাব (২,২৫০ × ১০০) | | | ২,২৫,০০০ |
| | (২,২৫০ শেয়ার আবেদনের টাকা শেয়ার মূলধন ও শেয়ার অবহার হিসাবে স্থানান্তর করা হলো) | | | |
| | অবলেখকের কমিশন হিসাব (২,২৫০ × ০.৬০) | | ১,৩৫০ | |
| | ব্যাংক হিসাব | | | ১,৩৫০ |
| | (অবলেখকের কমিশন প্রদান করা হলো) | | | |
| | **মোট** | | ৪,২৮,৮৫০ | ৪,২৮,৮৫০ |

**উত্তর:** জাবেদার যোগফল ৪,২৮,৮৫০ টাকা।

গ

**জিরানী কোম্পানি লি.**
**আর্থিক অবস্থার বিবরণী**

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **সম্পদসমূহ** | | | |
| **চলতি সম্পদ:** | | | |
| ব্যাংক জমা (২,০২,৫০০ – ১,৩৫০) | | ২,০১,১৫০ | |
| **অসমন্বিত ব্যয়:** | | | |
| শেয়ার অবহার | ২২,৫০০ | | |
| শেয়ার অবলেখকের কমিশন | ১,৩৫০ | ২৩,৮৫০ | ২,২৫,০০০ |
| **মোট সম্পদ** | | | ২,২৫,০০০ |
| **শেয়ার মালিকদের স্বত্ব ও দায়সমূহ** | | | |
| **শেয়ার মূলধন:** | | | |
| **অনুমোদিত মূলধন:** | | | |
| প্রতিটি ১০০ টাকা মূল্যের ৫,০০০ শেয়ার | | | ৫,০০,০০০ |
| **ইস্যুকৃত মূলধন:** | | | |
| প্রতিটি ১০০ টাকা মূল্যের ২,৫০০ শেয়ার | | | ২,৫০,০০০ |
| **বিলিকৃত ও আদায়কৃত মূলধন:** | | | |
| প্রতি শেয়ার ১০০ টাকা দরে ২,২৫০ শেয়ার | | | ২,২৫,০০০ |
| **শেয়ার মালিকদের স্বত্ব ও মোট দায়** | | | ২,২৫,০০০ |

**উত্তর:** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ২,২৫,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ৭** মেঘনা লি. প্রতিটি ১০ টাকা মূল্যের ৫,০০,০০০ শেয়ার নিয়ে নিবন্ধিত হয়। কোম্পানি ৮০,০০০ শেয়ার জনসাধারণের নিকট ইস্যু করে। কোম্পানি শেয়ার বিক্রয়ের জন্য অবলেখকের কমিশন বাবদ ইস্যুকৃত শেয়ারের ১% এবং ১০,০০০ টাকা নগদ প্রদান করতে চুক্তিবদ্ধ হয়। ৭৫,০০০ শেয়ারের আবেদনপত্র পাওয়া গেল এবং শেয়ারগুলো যথারীতি বণ্টিত হলো। এছাড়াও কোম্পানি ১০,০০০ শেয়ার উদ্যোক্তাদের মধ্যে বিনামূল্যে বিতরণ করে।

ক. অবলেখকের কমিশনের পরিমাণ নির্ণয় করো। ২
খ. কোম্পানির বইতে জাবেদা দাখিলা দেখাও। ৪
গ. ব্যাংক জমার উদ্বৃত্ত ৭,২০,০০০ টাকা ধরে কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

## ৭ নং প্রশ্নের সমাধান

**ক** অবলেখকের কমিশনের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| শেয়ার বাবদ প্রদান (৮০,০০০ × ১% × ১০) | ৮,০০০ | |
| নগদে প্রদান | ১০,০০০ | |
| **মোট অবলেখকের কমিশন** | | ১৮,০০০ |

**উত্তর:** মোট অবলেখকের কমিশন ১৮,০০০ টাকা।

**খ**

**মেঘনা লি.**
**জাবেদা দাখিলা**

| তারিখ | হিসাব শিরোনাম ও ব্যাখ্যা | খ: পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| | ব্যাংক হিসাব (৭৫,০০০ × ১০) | | ৭,৫০,০০০ | |
| | শেয়ার আবেদন হিসাব | | | ৭,৫০,০০০ |
| | (প্রতিটি ১০ টাকা মূল্যের ৭৫,০০০ শেয়ারের আবেদনের টাকা পাওয়া গেল) | | | |
| | শেয়ার আবেদন হিসাব | | ৭,৫০,০০০ | |
| | শেয়ার মূলধন হিসাব | | | ৭,৫০,০০০ |
| | (শেয়ার আবেদনের টাকা শেয়ার মূলধন হিসাবে স্থানান্তর করা হলো) | | | |
| | ব্যাংক হিসাব (৫,০০০ × ১০) | | ৫০,০০০ | |
| | শেয়ার মূলধন হিসাব (নোট) | | | ৫০,০০০ |
| | (প্রতিটি ১০ টাকা মূল্যের ৫,০০০ শেয়ার অবলেখক ক্রয় করলো) | | | |
| | অবলেখকের কমিশন হিসাব (ক থেকে প্রাপ্ত) | | ১৮,০০০ | |
| | ব্যাংক হিসাব | | | ১০,০০০ |
| | শেয়ার মূলধন হিসাব | | | ৮,০০০ |
| | (অবলেখকের কশিমন হিসাবভুক্ত করা হলো) | | | |
| | সুনাম হিসাব | | ১,০০,০০০ | |
| | শেয়ার মূলধন হিসাব | | | ১,০০,০০০ |
| | (বিনামূল্যে উদ্যোক্তাদের শেয়ার বিতরণ হিসাবভুক্ত করা হলো) | | | |
| | **মোট** | | ১৬,৬৮,০০০ | ১৬,৬৮,০০০ |

**উত্তর:** জাবেদার যোগফল ১৬,৬৮,০০০ টাকা।

**গ**

**মেঘনা লি.**
**আর্থিক অবস্থার বিবরণী**

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **সম্পদসমূহ** | | | |
| **স্থায়ী সম্পদ:** | | | |
| সুনাম | | | ১,০০,০০০ |
| **চলতি সম্পদ:** | | | |
| ব্যাংক জমার উদ্বৃত্ত (প্রশ্নে প্রদত্ত) | | | ৭,২০,০০০ |
| **অসমন্বিত ব্যয়:** | | | |
| অবলেখকের কমিশন | | | ১৮,০০০ |
| অনিশ্চিত হিসাব | | | ৭০,০০০ |
| **মোট সম্পদ** | | | ৯,০৮,০০০ |
| **শেয়ার মালিকদের স্বত্ব ও দায়সমূহ** | | | |
| **শেয়ার মূলধন:** | | | |
| **অনুমোদিত মূলধন:** | | | |
| প্রতিটি ১০ টাকা মূল্যের ৫,০০,০০০ শেয়ার | | | ৫০,০০,০০০ |
| **ইস্যুকৃত, বিলিকৃত ও পরিশোধিত মূলধন:** | | | |
| প্রতিটি ১০ টাকা মূল্যের ৯০,৮০০ শেয়ার | | | ৯,০৮,০০০ |
| **মোট দায় ও মালিকানা স্বত্ব** | | | ৯,০৮,০০০ |

**উত্তর:** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৯,০৮,০০০ টাকা এবং অনিশ্চিত হিসাব ৭০,০০০ টাকা (সম্পদ পাশে)।

**নোট:** অবলেখকের শেয়ার বিক্রয়ের ঝুঁকি বহন করে অর্থাৎ ইস্যুকৃত শেয়ার বিক্রি না হলে অবলেখক ক্রয় করবে। এ কারণে জনসাধারণের নিকট থেকে প্রাপ্ত কম আবেদন (৮০,০০০ − ৭৫,০০০) = ৫,০০০ শেয়ার অবলেখক নগদে ক্রয় করবে।

প্রশ্ন ▶৮ এনরুট কোম্পানি লিমিটেড প্রতিটি ২০ টাকা মূল্যের ২০,০০০ শেয়ারে বিভক্ত, ৪,০০,০০০ টাকার শেয়ার মূলধন নিয়ে নিবন্ধিত হলো। ২০১৭ সালের ১ জুলাই তারিখে, কোম্পানি ১৫,০০০ শেয়ার ২০% অধিহারে বিক্রয়ের জন্য প্রচারপত্র ইস্যু করে। ১৫ জুলাই ২০,০০০ শেয়ারের আবেদনপত্র গৃহীত হয়। ১৫,০০০ শেয়ার বিলি করার পর ৩০ আগস্ট অতিরিক্ত আবেদনের টাকা ফেরত প্রদান করা হয়।

ক. শেয়ার অধিহার ও ফেরত প্রদানকৃত অর্থের পরিমাণ কত? ২
খ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪
গ. আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

**৮ নং প্রশ্নের সমাধান**

ক শেয়ার অধিহার ও ফেরত প্রদানকৃত অর্থের পরিমাণ নির্ণয়:

শেয়ার অধিহার: শেয়ার প্রতি = (২০ × ২০%) = ৪ টাকা
মোট = (১৫,০০০ × ৪) = ৬০,০০০ টাকা

ফেরত প্রদানকৃত অর্থের পরিমাণ = (৫,০০০ × ২৪) = ১,২০,০০০ টাকা

**উত্তর:** শেয়ার অধিহার ৬০,০০০ টাকা ও ফেরত প্রদানকৃত অর্থের পরিমাণ ১,২০,০০০ টাকা।

খ

**এনরুট কোম্পানি লিমিটেড**
**জাবেদা দাখিলা**

| তারিখ | হিসাব শিরোনাম ও ব্যাখ্যা | খ.পৃ. | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|---|---|
| ২০১৭ জুলাই-১৫ | ব্যাংক হিসাব (২৪ × ২০,০০০) | | ৪,৮০,০০০ | |
| | শেয়ার আবেদন হিসাব | | | ৪,৮০,০০০ |
| | (২০% অধিহারসহ প্রতিটি ২০ টাকা মূল্যের ২০,০০০ শেয়ারের আবেদন গৃহীত হলো) | | | |
| আগস্ট-৩০ | শেয়ার আবেদন হিসাব (২৪ × ২০,০০০) | | ৪,৮০,০০০ | |
| | শেয়ার মূলধন হিসাব (২০ × ১৫,০০০) | | | ৩,০০,০০০ |
| | শেয়ার অধিহার হিসাব (৪ × ১৫,০০০) | | | ৬০,০০০ |
| | ব্যাংক হিসাব (২৪ × ৫,০০০) | | | ১,২০,০০০ |
| | (শেয়ার আবেদনের টাকা শেয়ার মূলধন ও শেয়ার অধিহার হিসাবে স্থানান্তর এবং অতিরিক্ত আবেদনকৃত ৫,০০০ শেয়ারের টাকা ফেরত দেয়া হলো) | | | |
| | **মোট** | | ৯,৬০,০০০ | ৯,৬০,০০০ |

**উত্তর:** জাবেদার যোগফল ৯,৬০,০০০ টাকা।

গ

**এনরুট কোম্পানি লিমিটেড**
**আর্থিক অবস্থার বিবরণী**
৩১ ডিসেম্বর, ২০১৭

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **সম্পদসমূহ** | | |
| **চলতি সম্পদ:** | | |
| ব্যাংক হিসাব (৪,৮০,০০০ – ১,২০,০০০) | ৩,৬০,০০০ | |
| **মোট সম্পদ** | | ৩,৬০,০০০ |
| **শেয়ার মালিকদের স্বত্ব ও দায়সমূহ** | | |
| **শেয়ার মূলধন:** | | |
| **অনুমোদিত মূলধন:** | | |
| প্রতিটি ২০ টাকা মূল্যের ২০,০০০ শেয়ার | | ৪,০০,০০০ |
| **ইস্যুকৃত, বিলিকৃত ও আদায়কৃত শেয়ার মূলধন:** | | |
| প্রতিটি ২০ টাকা মূল্যের ১৫,০০০ শেয়ার | ৩,০০,০০০ | |
| **সঞ্চিতি ও উদ্বৃত্ত:** | | |
| শেয়ার অধিহার | ৬০,০০০ | |
| **শেয়ার মালিকদের স্বত্ব** | | ৩,৬০,০০০ |

**উত্তর:** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৩,৬০,০০০ টাকা।

প্রশ্ন ▶ ৯

**তনু লি.**
**তুলনামূলক আর্থিক অবস্থার বিবরণী**

| বিবরণ | ২০১৭ (টাকা) | ২০১৮ (টাকা) |
|---|---|---|
| **সম্পদসমূহ** | | |
| নগদ | | ৩৩,০০০ |
| প্রাপ্য হিসাব | ৫০,০০০ | ১,৫০,০০০ |
| মজুদ পণ্য | ৮৫,০০০ | ৭৭,০০০ |
| যন্ত্রপাতি | ৫০,০০০ | ৬০,০০০ |
| পুঞ্জীভূত অবচয় | (৫,০০০) | (১০,০০০) |
| **মোট সম্পদ** | ১,৮০,০০০ | ৩,১০,০০০ |
| **শেয়ার মালিকদের স্বত্ব ও দায়** | | |
| সাধারণ শেয়ার (প্রতিটি শেয়ারের মূল্য ১০ টাকা) | ১,০০,০০০ | ১,৭৫,০০০ |
| সংরক্ষিত আয় | ৭০,০০০ | ১,২৫,০০০ |
| প্রদেয় হিসাব | ১০,০০০ | ১০,০০০ |
| **শেয়ার মালিকদের স্বত্ব ও মোট দায়** | ১,৮০,০০০ | ৩,১০,০০০ |

২০১৮ সালে ৭,৫০০ শেয়ার ইস্যু করা হয়। যার বিপরীতে ১০,০০০ শেয়ারের আবেদন পাওয়া যায়। অতিরিক্ত আবেদন প্রাপ্ত শেয়ার ফেরত দেওয়া হয়। চলতি বছরে ১০% নগদ লভ্যাংশ প্রদান করা হয়।

ক. লভ্যাংশের পরিমাণ কত? নিরূপণ করো। ২
খ. শেয়ার ইস্যু সংক্রান্ত লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যা ব্যতিত) ৪
গ. পরোক্ষ পদ্ধতিতে নগদ প্রবাহ বিবরণী প্রস্তুত করো। ৪

**৯ নং প্রশ্নের সমাধান**

ক লভ্যাংশের পরিমাণ নির্ণয়:

লভ্যাংশ = ইস্যুকৃত শেয়ার মূলধন × ১০% = ১,৭৫,০০০ × ১০% = ১৭,৫০০ টাকা

**উত্তর:** লভ্যাংশের পরিমাণ ১৭,৫০০ টাকা।

খ শেয়ার ইস্যু সংক্রান্ত লেনদেনগুলোর জাবেদা:

| তারিখ | হিসাব শিরোনাম ও ব্যাখ্যা | খ: পৃ: | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|---|---|
| ২০১৮ | ব্যাংক হিসাব (১০,০০০ × ১০) | | ১,০০,০০০ | |
| | শেয়ার আবেদন হিসাব | | | ১,০০,০০০ |
| | শেয়ার আবেদন হিসাব | | ১,০০,০০০ | |
| | শেয়ার মূলধন হিসাব | | | ৭৫,০০০ |
| | ব্যাংক হিসাব | | | ২৫,০০০ |
| | **মোট** | | ২,০০,০০০ | ২,০০,০০০ |

**উত্তর:** জাবেদার যোগফল ২,০০,০০০ টাকা।

গ

**তনু লি.**
**নগদ প্রবাহ বিবরণী (পরোক্ষ পদ্ধতি)**
২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **পরিচালন কার্যাবলির নিট নগদ প্রবাহ:** | | |
| নিট আয় (গণনা-১) | | ৭২,৫০০ |
| **নিট আয়কে পরিচালন কার্যাবলি হতে নিট নগদ প্রবাহে রূপান্তরের জন্য প্রয়োজনীয় সমন্বয়:** | | |
| অবচয় খরচ | ৫,০০০ | |
| প্রাপ্য হিসাব বৃদ্ধি | (১,০০,০০০) | |
| মজুদ পণ্য হ্রাস | ৮,০০০ | (৮৭,০০০) |
| **পরিচালন কার্যাবলি হতে নিট নগদ প্রবাহ** | | (১৪,৫০০) |
| **বিনিয়োগ কার্যাবলি হতে নগদ প্রবাহ:** | | |
| যন্ত্রপাতি ক্রয় | (১০,০০০) | |
| **বিনিয়োগ কার্যাবলিতে নিট নগদ ব্যবহার** | | (১০,০০০) |

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **অর্থায়ন কার্যাবলি হতে নিট নগদ প্রবাহ:** | | |
| শেয়ার ইস্যু | ৭৫,০০০ | |
| লভ্যাংশ প্রদান (ক থেকে প্রাপ্ত) | (১৭,৫০০) | |
| **অর্থায়ন কার্যাবলিতে নিট নগদ সরবরাহ** | | ৫৭,৫০০ |
| **নিট নগদ বৃদ্ধি/সমাপনী নগদ উদ্বৃত্ত** | | ৩৩,০০০ |

**উত্তর:** সমাপনী নগদ উদ্বৃত্ত ৩৩,০০০ টাকা।

**গণনা-১:** নিট আয় নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| সমাপনী সংরক্ষিত আয় | ১,২৫,০০০ | |
| যোগ: নগদ লভ্যাংশ (ক থেকে প্রাপ্ত) | ১৭,৫০০ | |
| | ১,৪২,৫০০ | |
| বাদ: প্রারম্ভিক সংরক্ষিত আয় | (৭০,০০০) | |
| **নিট আয়** | | ৭২,৫০০ |

**প্রশ্ন ▶১০** রুবেল লিমিটেড প্রতিটি ১০ টাকা মূল্যের ২,০০,০০০ সাধারণ শেয়ার অনুমোদিত। কোম্পানি ১,৫০,০০০ শেয়ার বিক্রয়ের সিদ্ধান্ত গ্রহণ করে এবং শেয়ারগুলো নিম্নোক্তভাবে বিক্রয় করা হয়:

জানু. ৫ ৫০,০০০ শেয়ারের (প্রতিটি ২ টাকা অধিহারসহ) বিনিময়ে জমি ক্রয় করা হয়।
" ১৫ অবশিষ্ট শেয়ারগুলো ২ টাকা অধিহারে বিক্রয়ের জন্য পত্রিকায় বিজ্ঞাপন দেয়া হয়।
" ২০ ১,২০,০০০ শেয়ারের আবেদন পাওয়া যায়।
" ২৫ অতিরিক্ত আবেদনের টাকা ফেরত দেয়া হয়।
" ৩১ শেয়ার বিক্রয়ের জন্য ১০,০০০ টাকা কমিশন প্রদান করা হলো।

ক. মোট শেয়ার অধিহারের পরিমাণ নির্ণয় করো। ২
খ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা প্রদান করো। ৪
গ. ৩১ জানুয়ারি তারিখে কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

**১০ নং প্রশ্নের সমাধান**

**ক** শেয়ার অধিহারের পরিমাণ নির্ণয়:

শেয়ার অধিহার = ইস্যুকৃত শেয়ার × শেয়ার প্রতি অধিহার = (১,৫০,০০০ × ২) টাকা = ৩,০০,০০০ টাকা

**উত্তর:** শেয়ার অধিহার ৩,০০,০০০ টাকা।

**খ**

**রুবেল লিমিটেড**
**জাবেদা দাখিলা**

| তারিখ | হিসাব শিরোনাম ও ব্যাখ্যা | খ:পৃ: | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|---|---|
| জানু.-৫ | ভূমি হিসাব | | ৬,০০,০০০ | |
| | শেয়ার মূলধন হিসাব | | | ৫,০০,০০০ |
| | শেয়ার অধিহার হিসাব | | | ১,০০,০০০ |
| | (প্রতিটি ১০ টাকা মূল্যের ৫০,০০০ শেয়ারের বিনিময়ে জমি ক্রয় করা হলো ২ টাকা অধিহারসহ) | | | |
| " ২০ | ব্যাংক হিসাব | | ১৪,৪০,০০০ | |
| | শেয়ার আবেদন হিসাব | | | ১৪,৪০,০০০ |
| | (প্রতিটি ১০ টাকা মূল্যের ১,২০,০০০ শেয়ারের আবেদনের টাকা শেয়ার প্রতি ২ টাকা অধিহারসহ পাওয়া গেল) | | | |
| " ২৫ | শেয়ার আবেদন হিসাব | | ১৪,৪০,০০০ | |
| | শেয়ার মূলধন হিসাব | | | ১০,০০,০০০ |
| | শেয়ার অধিহার হিসাব | | | ২,০০,০০০ |
| | ব্যাংক হিসাব | | | ২,৪০,০০০ |
| | (১,০০,০০০ শেয়ার আবেদনের টাকা শেয়ার মূলধন ও অধিহার হিসাবে স্থানান্তর করা হলো এবং অবশিষ্ট ফেরত দেয়া হলো) | | | |

| তারিখ | হিসাব শিরোনাম ও ব্যাখ্যা | খ:পৃ: | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|---|---|
| " ৩১ | অবলেখকের কমিশন হিসাব | | ১০,০০০ | |
| | ব্যাংক হিসাব | | | ১০,০০০ |
| | (অবলেখকের কমিশন প্রদান করা হলো) | | | |
| | মোট | | ৩৪,৯০,০০০ | ৩৪,৯০,০০০ |

**উত্তর:** জাবেদার যোগফল ৩৪,৯০,০০০ টাকা।

গ

**রুবেল লিমিটেড**
**আর্থিক অবস্থার বিবরণী**
৩১ জানুয়ারি, ......

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **সম্পদসমূহ** | | |
| **স্থায়ী সম্পদ:** | | |
| ভূমি | ৬,০০,০০০ | |
| **চলতি সম্পদ:** | | |
| ব্যাংক জমার উদ্বৃত্ত | ১১,৯০,০০০ | |
| **অসমন্বয়কৃত ব্যয়:** | | |
| অবলেখকের কমিশন | ১০,০০০ | |
| **মোট সম্পদ** | | ১৮,০০,০০০ |
| **শেয়ার মালিকদের স্বত্ব ও দায়সমূহ** | | |
| **শেয়ার মূলধন** | | |
| **অনুমোদিত মূলধন:** | | |
| প্রতিটি ১০ টাকা মূল্যের ২,০০,০০০ শেয়ার | | ২০,০০,০০০ |
| **ইস্যুকৃত, বিলিকৃত ও পরিশোধিত মূলধন:** | | |
| প্রতিটি ১০ টাকা মূল্যের ১,৫০,০০০ শেয়ার | ১৫,০০,০০০ | |
| **সঞ্চিতি ও উদ্বৃত্ত:** | | |
| শেয়ার অধিহার | ৩,০০,০০০ | |
| **শেয়ার মালিকদের স্বত্ব** | | ১৮,০০,০০০ |

**উত্তর:** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ১৮,০০,০০০ টাকা।

**প্রশ্ন ▶১১** তিতাস কোম্পানি লি. প্রতিটি ৫০ টাকা মূল্যের ২০,০০০ শেয়ার অনুমোদিত মূলধন নিয়ে গঠিত। কোম্পানি উহা হতে ১৬,০০০ শেয়ার ১০০% অধিহারে জনসাধারণের নিকট বিক্রির উদ্দেশ্যে ইস্যু করে। কোম্পানি মোট ১৫,০০০ শেয়ারের আবেদন পেল। আবেদনকৃত শেয়ার যথারীতি বণ্টন করা হলো।

ক. পরিশোধিত মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২
খ. কোম্পানির বইতে প্রয়োজনীয় জাবেদা ও ব্যাংক হিসাব প্রস্তুত করো। ৪
গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণীতে শেয়ার মূলধন ও শেয়ার অধিহার উপস্থাপন করো। ৪

**১১ নং প্রশ্নের সমাধান**

ক পরিশোধিত মূলধনের পরিমাণ নির্ণয়:
পরিশোধিত মূলধন = বিলিকৃত শেয়ার × শেয়ার প্রতি মূল্য = (১৫,০০০ × ৫০) টাকা = ৭,৫০,০০০ টাকা
**উত্তর:** পরিশোধিত মূলধন ৭,৫০,০০০ টাকা।

খ

**তিতাস কোম্পানি লি.**
**জাবেদা দাখিলা**

| তারিখ | হিসাবের নাম ও ব্যাখ্যা | খ. পৃ. | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|---|---|
| | ব্যাংক হিসাব (১০০ × ১৫,০০০) | | ১৫,০০,০০০ | |
| | শেয়ার আবেদন হিসাব | | | ১৫,০০,০০০ |
| | (শেয়ার প্রতি ৫০ টাকা অধিহারসহ প্রতিটি ৫০ টাকা মূল্যের ১৫,০০০ শেয়ারের আবেদন পাওয়া গেল) | | | |

| তারিখ | হিসাবের নাম ও ব্যাখ্যা | খ. পৃ. | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|---|---|
| | শেয়ার আবেদন হিসাব (১০০ × ১৫,০০০) | | ১৫,০০,০০০ | |
| | শেয়ার মূলধন হিসাব (৫০ × ১৫,০০০) | | | ৭,৫০,০০০ |
| | শেয়ার অধিহার হিসাব (৫০ × ১৫,০০০) | | | ৭,৫০,০০০ |
| | (শেয়ার আবেদনের টাকা মূলধন হিসাব ও শেয়ার অধিহার হিসাবে স্থানান্তর করা হলো) | | | |
| | **মোট** | | ৩০,০০,০০০ | ৩০,০০,০০০ |

**তিতাস কোম্পানি লি.**

**ব্যাংক হিসাব** হিসাবের কোড নং—

| তারিখ | বিবরণ | জা:পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | জের ডেবিট | জের ক্রেডিট |
|---|---|---|---|---|---|---|
| | শেয়ার আবেদন হিসাব | | ১৫,০০,০০০ | | ১৫,০০,০০০ | |

**উত্তর:** জাবেদার যোগফল ৩০,০০,০০০ টাকা এবং ব্যাংক হিসাবের ডেবিট জের ১৫,০০,০০০ টাকা।

**গ**

**তিতাস কোম্পানি লি.**
**আর্থিক অবস্থার বিবরণী (আংশিক)**
.............. তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **শেয়ার মালিকদের স্বত্ব ও দায়সমূহ** | | |
| **শেয়ার মূলধন:** | | |
| **অনুমোদিত মূলধন:** | | |
| প্রতিটি ৫০ টাকা মূল্যের ২০,০০০ শেয়ার | | ১০,০০,০০০ |
| **ইস্যুকৃত মূলধন:** | | |
| প্রতিটি ৫০ টাকা মূল্যের ১৬,০০০ শেয়ার | | ৮,০০,০০০ |
| **বিলিকৃত ও পরিশোধিত মূলধন:** | | |
| প্রতিটি ৫০ টাকা মূল্যের ১৫,০০০ শেয়ার | | ৭,৫০,০০০ |
| **সঞ্চিতি ও উদ্বৃত্ত:** | | |
| শেয়ার অধিহার | | ৭,৫০,০০০ |
| | | ১৫,০০,০০০ |

**উত্তর:** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ১৫,০০,০০০ টাকা।

**প্রশ্ন ▶১২** আলী লি. প্রতি শেয়ার ৪০ টাকা মূল্যের ২০,০০০ শেয়ারে বিভক্ত ৮,০০,০০০ টাকা অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত। কোম্পানির সমস্ত শেয়ার ১০% অধিমূল্যে বা অধিহারে জনসাধারণের নিকট বিক্রয়ের উদ্দেশ্যে বিজ্ঞাপন প্রচার করে ইস্যুকৃত সমস্ত শেয়ারের জন্য আবেদনপত্র পাওয়া গেল। শেয়ারগুলো যথাসময়ে বণ্টন করা হলো।

ক. প্রতি শেয়ারের অধিহারের পরিমাণ নির্ণয় করো। ২
খ. কোম্পানি বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও। ৪
গ. কোম্পানির বইতে আর্থিক বিবরণী প্রস্তুত করো। ৪

**১২ নং প্রশ্নের সমাধান**

**ক** প্রতি শেয়ারে অধিহারের পরিমাণ নির্ণয়:
প্রতি শেয়ারের অধিহার = (৪০ × ১০%) = ৪ টাকা।
**উত্তর:** প্রতি শেয়ারে অধিহারের পরিমাণ ৪ টাকা।

**খ**

**আলী লি.**
**জাবেদা দাখিলা**

| তারিখ | হিসাবের শিরোনাম ও ব্যাখ্যা | খ. পৃ. | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|---|---|
| | ব্যাংক হিসাব | | ৮,৮০,০০০ | |
| | শেয়ার আবেদন হিসাব | | | ৮,৮০,০০০ |
| | (প্রতিটি ৪০ টাকা মূল্যের ২০,০০০ শেয়ার আবেদনের টাকাসহ শেয়ার প্রতি ৪ টাকা অধিহারের টাকা পাওয়া গেল) | | | |

| তারিখ | হিসাবের শিরোনাম ও ব্যাখ্যা | খ. পৃ. | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|---|---|
| | শেয়ার আবেদন হিসাব | | ৮,৮০,০০০ | |
| | শেয়ার অধিহার হিসাব | | | ৮০,০০০ |
| | শেয়ার মূলধন হিসাব | | | ৮,০০,০০০ |
| | (শেয়ার আবেদনের টাকা শেয়ার অধিহার ও শেয়ার মূলধন হিসাবে স্থানান্তর করা হলো) | | | |
| | **মোট** | | ১৭,৬০,০০০ | ১৭,৬০,০০০ |

**উত্তর:** জাবেদার যোগফল ১৭,৬০,০০০ টাকা।

গ

**আলী লি.**
**আর্থিক অবস্থার বিবরণী**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **সম্পদসমূহ** | | |
| **চলতি সম্পদ:** | | |
| ব্যাংক জমার উদ্বৃত্ত | ৮,৮০,০০০ | |
| **মোট সম্পদ** | | ৮,৮০,০০০ |
| **শেয়ার মালিকদের স্বত্ব ও দায়সমূহ** | | |
| **শেয়ার মূলধন:** | | |
| **অনুমোদিত মূলধন:** | | |
| প্রতিটি ৪০ টাকা মূল্যের ৪০,০০০ শেয়ার | | ৮,০০,০০০ |
| **ইস্যুকৃত, বিলিকৃত ও পরিশোধিত মূলধন:** | | |
| প্রতিটি ৪০ টাকা মূল্যের ৪০,০০০ শেয়ার | ৮,০০,০০০ | |
| **সঞ্চিতি ও উদ্বৃত্তসমূহ:** | | |
| শেয়ার অধিহার | ৮০,০০০ | |
| **শেয়ার মালিকদের স্বত্ব** | | ৮,৮০,০০০ |

**উত্তর:** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৮,৮০,০০০ টাকা।

**প্রশ্ন ▶১৩** হাফসা লিমিটেড প্রতিটি ৪০ টাকা মূল্যের ১,০০,০০০ শেয়ারে বিভক্ত ৪০,০০,০০০ টাকা অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত। কোম্পানি এর ৬০,০০০ শেয়ার সমমূল্যে ইস্যুর জন্য পত্রিকায় বিজ্ঞাপন প্রচার করে। ইস্যুকৃত শেয়ার অপেক্ষা ২৫% বেশি শেয়ারের জন্য আবেদনপত্র জমা হয় এবং কোম্পানি যথাসময়ে ইস্যুকৃত সমস্ত শেয়ার বিলি করে এবং অতিরিক্ত আবেদনের অর্থ সংশ্লিষ্ট আবেদনকারীদের ফেরত দেয়।

ক. বেশি জমা শেয়ার সংখ্যা নির্ণয় করো। ২
খ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪
গ. আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

**১৩ নং প্রশ্নের সমাধান**

ক বেশি জমা শেয়ার সংখ্যা নির্ণয়:

আবেদন বেশি পায় = ৬০,০০০ × ২৫% = ১৫,০০০ শেয়ার
**উত্তর:** বেশি জমা শেয়ার সংখ্যা ১৫,০০০ শেয়ার

খ

**হাফসা লিমিটেড**
**জাবেদা দাখিলা**

| তারিখ | হিসাব শিরোনাম ও ব্যাখ্যা | খ:পৃ: | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|---|---|
| | ব্যাংক হিসাব | | ৩০,০০,০০০ | |
| | শেয়ার আবেদন হিসাব | | | ৩০,০০,০০০ |
| | (প্রতিটি ৪০ টাকা মূল্যের শেয়ারের আবেদনের টাকা পাওয়া গেল) | | | |
| | শেয়ার আবেদন হিসাব | | ৩০,০০,০০০ | |
| | শেয়ার মূলধন হিসাব | | | ২৪,০০,০০০ |
| | ব্যাংক হিসাব | | | ৬,০০,০০০ |
| | (বণ্টিত ৬০,০০০ শেয়ারের আবেদনের টাকা শেয়ার মূলধনে স্থানান্তর করা হলো ও অতিরিক্ত আবেদনের টাকা ফেরত দেয়া হলো) | | | |
| | **মোট** | | ৬০,০০,০০০ | ৬০,০০,০০০ |

**উত্তর:** জাবেদার যোগফল ৬০,০০,০০০ টাকা।

গ

**হাফসা লিমিটেড**
**আর্থিক অবস্থার বিবরণী**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **সম্পদসমূহ** | | |
| **চলতি সম্পদ:** | | |
| ব্যাংক জমা (৩০,০০,০০০ – ৬,০০,০০০) | ২৪,০০,০০০ | |
| **মোট সম্পদ** | | ২৪,০০,০০০ |
| **শেয়ার মালিকদের স্বত্ব ও দায়সমূহ** | | |
| **শেয়ার মূলধন** | | |
| **অনুমোদিত মূলধন:** | | |
| প্রতিটি ৪০ টাকা মূল্যের ১,০০,০০০ শেয়ার | | ৪০,০০,০০০ |
| **ইস্যুকৃত, বিলিকৃত ও পরিশোধিত মূলধন:** | | |
| প্রতিটি ৪০ টাকা মূল্যের ৬০,০০০ শেয়ার | ২৪,০০,০০০ | |
| **শেয়ার মালিকদের স্বত্ব** | | ২৪,০০,০০০ |

**উত্তর:** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ২৪,০০,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ১৪** সূর্য কোম্পানি লিমিটেড প্রতিটি ৫০ টাকা মূল্যের ২,০০,০০০টি শেয়ারে বিভক্ত ১,০০,০০,০০০ টাকার অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত হয়। কোম্পানি প্রতি শেয়ার ১০% অধিহারে ১,৬০,০০০ শেয়ার ইস্যু করার সিদ্ধান্ত গ্রহণ করল। কোম্পানি ইস্যুকৃত শেয়ার অপেক্ষা ২০,০০০ শেয়ারের বেশি আবেদন পেল এবং ইস্যুকৃত শেয়ারগুলো যথারীতি বণ্টিত হলো। অতিরিক্ত আবেদনের টাকা ফেরত দেওয়া হলো। কোম্পানির পরিচালনা পর্ষদ কোম্পানির আইনজীবীকে প্রাথমিক খরচাবলি বাবদ ২,০০০ শেয়ার বিক্রয়মূল্যে প্রদান করে।

ক. প্রতি শেয়ারের বিক্রয়মূল্য নির্ণয় করো। ২
খ. উপর্যুক্ত তথ্যের আলোকে কোম্পানির বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪
গ. উপর্যুক্ত তথ্যের আলোকে কোম্পানির ব্যাংক হিসাব এবং শেয়ার অধিহার হিসাব প্রস্তুত করো। ৪

**১৪ নং প্রশ্নের সমাধান**

ক প্রতি শেয়ারের বিক্রয়মূল্য নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| শেয়ার প্রতি অভিহিত মূল্য | ৫০ | |
| শেয়ার প্রতি অধিহার: শেয়ার প্রতি অভিহিত মূল্য × শেয়ার প্রতি অধিহার = (৫০ টাকা × ১০%) | ৫ | |
| **প্রতিটি শেয়ারের বিক্রয়মূল্য** | | ৫৫ |

**উত্তর:** প্রতিটি শেয়ারের বিক্রয়মূল্য ৫৫ টাকা।

খ

**সূর্য কোম্পানি লিমিটেড**
**জাবেদা দাখিলা**

| তারিখ | হিসাবের শিরোনাম ও ব্যাখ্যা | খ.পৃ. | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|---|---|
| | ব্যাংক হিসাব | | ৯৯,০০,০০০ | |
| | শেয়ার আবেদন হিসাব | | | ৯৯,০০,০০০ |
| | (প্রতিটি ৫০ টাকা মূল্যের ১,৮০,০০০ শেয়ার আবেদনের টাকা শেয়ার প্রতি ৫ টাকা অধিহার পাওয়া গেল) | | | |
| | শেয়ার আবেদন হিসাব | | ৯৯,০০,০০০ | |
| | শেয়ার মূলধন হিসাব | | | ৮০,০০,০০০ |
| | শেয়ার অধিহার হিসাব | | | ৮,০০,০০০ |
| | ব্যাংক হিসাব | | | ১১,০০,০০০ |
| | (ইস্যুকৃত শেয়ারের আবেদনের টাকা মূলধন হিসাবে স্থানান্তর করা হলো এবং অতিরিক্ত আবেদনের টাকা ফেরত দেয়া হলো।) | | | |
| | প্রাথমিক খরচ হিসাব | | ১,১০,০০০ | |
| | শেয়ার মূলধন হিসাব | | | ১,০০,০০০ |
| | শেয়ার অধিহার হিসাব | | | ১০,০০০ |
| | (আইনজীবীকে প্রাথমিক খরচাবলি বাবদ ৫৫ টাকা মূল্যের ২,০০০ শেয়ার ইস্যু করা হলো) | | | |
| | **মোট** | | ১,৯৯,১০,০০০ | ১,৯৯,১০,০০০ |

**উত্তর:** জাবেদার যোগফল ১,৯৯,১০,০০০ টাকা।

গ

**সূর্য কোম্পানি লিমিটেড**

**ব্যাংক হিসাব** **হিসাব কোড নং..........**

| তারিখ | বিবরণ | জা. পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | জের | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
| | শেয়ার আবেদন হিসাব | | ৯৯,০০,০০০ | | ৯৯,০০,০০০ | |
| | শেয়ার আবেদন হিসাব | | | ১১,০০,০০০ | ৮৮,০০,০০০ | |

**শেয়ার অধিহার হিসাব** **হিসাব কোড নং..........**

| তারিখ | বিবরণ | জা. পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | জের | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
| | শেয়ার আবেদন হিসাব | | | ৮,০০,০০০ | | ৮,০০,০০০ |
| | প্রাথমিক খরচ হিসাব | | | ১০,০০০ | | ৮,১০,০০০ |

**উত্তর:** ব্যাংক হিসাব (ডেবিট) ৮৮,০০,০০০ টাকা; শেয়ার অধিহার (ক্রেডিট) ৮,১০,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ১৫** মেঘনা কোম্পানি লি. প্রতিটি ১০০ টাকা মূল্যের ২৫,০০০ শেয়ারে নিবন্ধিত হলো। কোম্পানি ১৮,০০০ শেয়ারে ১০ টাকা অধিহারে জনসাধারণের নিকট বিক্রয়ের উদ্দেশ্যে ইস্যু করে। কোম্পানি সর্বমোট ২০,০০০ শেয়ারের আবেদনপত্র পেল। অতিরিক্ত আবেদনের টাকা সংশ্লিষ্ট আবেদনকারীকে ফেরত দেয়া হলো।

ক. শেয়ার অধিহারের পরিমাণ নির্ণয় করো। ২

খ. মেঘনা কোম্পানি লি.-এর জাবেদা বই প্রস্তুত করো। ৪

গ. মেঘনা কোম্পানি লি.-এর ব্যাংক হিসাব প্রস্তুত করো। ৪

**১৫ নং প্রশ্নের সমাধান**

ক শেয়ারের অধিহারের পরিমাণ নিরূপণ:

শেয়ার অধিহার = ইস্যুকৃত শেয়ার × শেয়ার প্রতি অধিহার

= ১৮,০০০ × ১০ = ১,৮০,০০০ টাকা

**উত্তর:** শেয়ার অধিহারের পরিমাণ ১,৮০,০০০ টাকা।

খ

**মেঘনা কোম্পানি লি.**

**জাবেদা দাখিলা**

| তারিখ | হিসাবের নাম ও ব্যাখ্যা | খ. পৃ. | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|---|---|
| | ব্যাংক হিসাব | | ২২,০০,০০০ | |
| | শেয়ার আবেদন হিসাব | | | ২২,০০,০০০ |
| | (শেয়ার প্রতি ১০ টাকা অধিহারসহ প্রতিটি ১০০ টাকা মূল্যের ২০,০০০ শেয়ারের আবেদন পাওয়া গেল) | | | |
| | শেয়ার আবেদন হিসাব | | ২২,০০,০০০ | |
| | শেয়ার মূলধন হিসাব | | | ১৮,০০,০০০ |
| | শেয়ার অধিহার হিসাব | | | ১,৮০,০০০ |
| | ব্যাংক হিসাব | | | ২,২০,০০০ |
| | (শেয়ার আবেদনের অর্থ শেয়ার মূলধন ও অধিহার হিসাবে স্থানান্তর করা হলো এবং অতিরিক্ত শেয়ার আবেদনের অর্থ ফেরত দেয়া হলো) | | | |
| | মোট | | ৪৪,০০,০০০ | ৪৪,০০,০০০ |

**উত্তর:** জাবেদার যোগফল ৪৪,০০,০০০ টাকা।

গ

**মেঘনা কোম্পানি লি.**

**ব্যাংক হিসাব** হিসাবের কোড নং.............

| তারিখ | বিবরণ | জা: পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | জের | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট টাকা | ক্রেডিট |
| | শেয়ার আবেদন হিসাব | | ২২,০০,০০০ | | ২২,০০,০০০ | |
| | শেয়ার আবেদন হিসাব | | | ২,২০,০০০ | ১৯,৮০,০০০ | |

**উত্তর:** ব্যাংক হিসাব ১৯,৮০,০০০ টাকা।

**প্রশ্ন ▶১৬** রবি কোম্পানি লিমিটেড প্রতি শেয়ার ২০ টাকা মূল্যের ১০,০০০ খানি শেয়ারে বিভক্ত, ২,০০,০০০ টাকার অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত। কোম্পানি সম্পূর্ণ অনুমোদিত মূলধন সংগ্রহের উদ্দেশ্যে প্রতি শেয়ার ১০% অধিহারে জনসাধারণের নিকট আবণ্টনের জন্য ইস্যু করল। ইস্যুকৃত শেয়ারের সমপরিমাণ শেয়ারের আবেদন পাওয়া গেল এবং তা যথারীতি বণ্টিত হলো।

ক. শেয়ার অধিহারের পরিমাণ নির্ণয় করো। ২

খ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা প্রদান করো। ৪

গ. আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

**১৬ নং প্রশ্নের সমাধান**

**ক** শেয়ার অধিহারের পরিমাণ নির্ণয়:

শেয়ার অধিহার = বিলিকৃত শেয়ার সংখ্যা × শেয়ার প্রতি অধিহার

= ১০,০০০ × (২০ × ১০%)

= ১০,০০০ × ২

= ২০,০০০ টাকা।

**উত্তর:** শেয়ার অধিহার ২০,০০০ টাকা।

**খ**

**রবি কোম্পানি লিমিটেড**

**জাবেদা দাখিলা**

| তারিখ | হিসাব শিরোনাম ও ব্যাখ্যা | খ.পৃ. | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|---|---|
| | ব্যাংক হিসাব | | ২,২০,০০০ | |
| | শেয়ার আবেদন হিসাব | | | ২,২০,০০০ |
| | (প্রতিটি ২০ টাকা দরে ১০% অধিহারসহ ১০,০০০ শেয়ারের আবেদনের টাকা প্রাপ্তি) | | | |
| | শেয়ার আবেদন হিসাব | | ২,২০,০০০ | |
| | শেয়ার মূলধন হিসাব | | | ২,০০,০০০ |
| | শেয়ার অধিহার হিসাব | | | ২০,০০০ |
| | (বণ্টনকৃত শেয়ার আবেদনের অর্থ শেয়ার মূলধন হিসাবে স্থানান্তর করা হলো) | | | |
| | **মোট** | | ৪,৪০,০০০ | ৪,৪০,০০০ |

**উত্তর:** জাবেদার যোগফল ৪,৪০,০০০ টাকা।

**গ**

**রবি কোম্পানি লিমিটেড**

**আর্থিক অবস্থার বিবরণী**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **সম্পদসমূহ** | | |
| **চলতি সম্পদ:** | | |
| ব্যাংক হিসাব | ২,২০,০০০ | |
| **মোট সম্পদ** | | ২,২০,০০০ |
| **শেয়ার মালিকদের স্বত্ব ও দায়সমূহ** | | |
| **শেয়ার মূলধন:** | | |
| **অনুমোদিত মূলধন:** | | |
| প্রতিটি ২০ টাকা মূল্যের ১০,০০০ শেয়ার | | ২,০০,০০০ |
| **ইস্যুকৃত ও বিলিকৃত মূলধন:** | | |
| প্রতিটি ২০ টাকা মূল্যের ১০,০০০ শেয়ার | | ২,০০,০০০ |
| **আদায়কৃত মূলধন:** | | |
| প্রতিটি ২০ টাকা মূল্যের ১০,০০০ শেয়ার | ২,০০,০০০ | |
| **সঞ্চিতি ও উদ্বৃত্ত:** | | |
| শেয়ার অধিহার | ২০,০০০ | |
| **শেয়ার মালিকদের স্বত্ব** | | ২,২০,০০০ |

**উত্তর:** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ২,২০,০০০ টাকা।

## বোর্ড পরীক্ষার প্রশ্ন ও সমাধান

**প্রশ্ন ▶ ১৭** যমুনা লিমিটেড প্রতিটি ১০ টাকা মূল্যের ২,০০,০০০ শেয়ারে বিভক্ত ২০,০০,০০০ টাকা অনুমোদিত মূলধনে নিবন্ধিত হয়। কোম্পানি উহার ১,৫০,০০০ শেয়ার ২০% অধিহারে জনসাধারণের কাছে বিক্রয়ের উদ্দেশ্যে ইস্যু করে। কোম্পানি ৪০% অতিরিক্ত আবেদন পায়। ইস্যুকৃত শেয়ারগুলো যথারীতি আবন্টন করা হয় এবং অতিরিক্ত আবেদনের সমুদয় টাকা ফেরত প্রদান করা হয়। শেয়ার প্রতি ০.৫০ টাকা হারে ব্যাংক কমিশন পরিশোধ করা হয়। *[রা. বো. ১৬]*

ক. অতিরিক্ত আবেদনকৃত শেয়ারের সংখ্যা ও এ বাবদ ফেরত প্রদত্ত টাকার পরিমাণ নির্ণয় করো। ২

খ. কোম্পানির হিসাব বইয়ে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

গ. কোম্পানির স্থিতিপত্র প্রস্তুত করো। ৪

### ১৭ নং প্রশ্নের সমাধান

**ক** অতিরিক্ত আবেদনকৃত শেয়ারের সংখ্যা ও এর মূল্য নির্ণয়:

অতিরিক্ত শেয়ার = ১,৫০,০০০ × ৪০% = ৬০,০০০ শেয়ার

শেয়ারের মূল্য = ৬০,০০০ × ১২ = ৭,২০,০০০ টাকা।

**উত্তর:** অতিরিক্ত আবেদনকৃত শেয়ারের সংখ্যা ৬০,০০০ এবং মূল্য ৭,২০,০০০ টাকা।

**খ**

**যমুনা লিমিটেড**
**জাবেদা দাখিলা**

| তারিখ | হিসাব শিরোনাম ও ব্যাখ্যা | খ. পৃ. | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|---|---|
| | ব্যাংক হিসাব (১২ × ২,১০,০০০) | | ২৫,২০,০০০ | |
| | শেয়ার আবেদন হিসাব | | | ২৫,২০,০০০ |
| | ( শেয়ার প্রতি ২ টাকা অধিহারে প্রতিটি ১০ টাকা মূল্যের ২,১০,০০০ শেয়ারের আবেদন পাওয়া গেল) | | | |
| | শেয়ার আবেদন হিসাব (১২ × ২,১০,০০০) | | ২৫,২০,০০০ | |
| | শেয়ার মূলধন হিসাব (১০ × ১,৫০,০০০) | | | ১৫,০০,০০০ |
| | শেয়ার অধিহার হিসাব (২ × ১,৫০,০০০) | | | ৩,০০,০০০ |
| | ব্যাংক হিসাব [ক থেকে প্রাপ্ত] | | | ৭,২০,০০০ |
| | (শেয়ার আবেদনের টাকা মূলধন ও অধিহারে স্থানান্তর করা হলো এবং অতিরিক্ত অর্থ ফেরত দেয়া হলো) | | | |
| | কমিশন হিসাব (১,৫০,০০০ × ০.৫০) | | ৭৫,০০০ | |
| | ব্যাংক হিসাব | | | ৭৫,০০০ |
| | (ব্যাংক কমিশন পরিশোধ করল) | | | |
| | **মোট** | | ৫১,১৫,০০০ | ৫১,১৫,০০০ |

**উত্তর:** জাবেদার যোগফল ৫১,১৫,০০০ টাকা।

**গ**

**যমুনা লিমিটেড**
**স্থিতিপত্র (আর্থিক অবস্থার বিবরণী)**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **সম্পদসমূহ** | | |
| **চলতি সম্পদ:** | | |
| ব্যাংক জমা (২৫,২০,০০০ – ৭,২০,০০০ – ৭৫,০০০) | ১৭,২৫,০০০ | |
| **অসমন্বয়কৃত ব্যয়:** | | |
| কমিশন | ৭৫,০০০ | |
| **মোট সম্পদ** | | ১৮,০০,০০০ |
| **শেয়ার মালিকদের স্বত্ব ও দায়সমূহ** | | |
| **অনুমোদিত মূলধন:** | | |
| প্রতিটি ১০ টাকা করে ২,০০,০০০ শেয়ার | | ২০,০০,০০০ |

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **ইস্যুকৃত, বিলিকৃত ও আদায়কৃত মূলধন:** | | |
| প্রতিটি ১০ টাকা করে ১,৫০,০০০ শেয়ার | | ১৫,০০,০০০ |
| **সঞ্চিতি ও উদ্বৃত্ত:** | | |
| শেয়ার অধিহার | | ৩,০০,০০০ |
| **শেয়ার মালিকদের স্বত্ব** | | ১৮,০০,০০০ |

**উত্তর:** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ১৮,০০,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ১৮** শারমিন টেক্সটাইল লি. প্রতিটি ১০ টাকা মূল্যের ৫০,০০০ শেয়ারে বিভক্ত ৫,০০,০০০ টাকা অনুমোদিত মূলধন নিয়ে ঢাকা স্টক এক্সচেঞ্জে নিবন্ধিত হয়। কোম্পানি উহা হতে ১০,০০০ শেয়ার ১০% অধিহারে সিয়াম মেশিনারিজ লি. কে ইস্যু করে ১৫টি টেক্সটাইল মেশিন সংগ্রহ করে। অবশিষ্ট শেয়ার হতে ৩০,০০০ শেয়ার ১০% অধিহারে জনসাধারণের জন্য ইস্যু করে। মোট ৩৬,০০০ শেয়ারের আবেদন পাওয়া যায়। কোম্পানির পরিচালনা পর্ষদ ৩০,০০০ শেয়ার যথারীতি বণ্টন করে। অতিরিক্ত আবেদনের অর্থ সংশ্লিষ্ট আবেদনকারীকে ফেরত দেয়। জনসাধারণের কাছে ইস্যুকৃত শেয়ারের ওপর অবলেখককে শেয়ার প্রতি ০.৫০ টাকা কমিশন প্রদান করা হয়। *[দি. বো. ১৬]*

ক. ইস্যুকৃত শেয়ারের সংখ্যা ও শেয়ার অধিহারের পরিমাণ নির্ণয় করো। ২
খ. উদ্দীপকের আলোকে প্রয়োজনীয় জাবেদা প্রস্তুত করো। ৪
গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

**১৮ নং প্রশ্নের সমাধান**

**ক** ইস্যুকৃত শেয়ারের সংখ্যা ও শেয়ার অধিহারের পরিমাণ নির্ণয়:
ইস্যুকৃত শেয়ারের সংখ্যা = ১০,০০০ + ৩০,০০০ = ৪০,০০০ শেয়ার
শেয়ার অধিহার = ইস্যুকৃত শেয়ার × শেয়ার প্রতি অধিহার = ৪০,০০০ × (১০ × ১০%) = ৪০,০০০ টাকা।
**উত্তর:** ইস্যুকৃত শেয়ারের সংখ্যা ৪০,০০০ এবং শেয়ার অধিহার ৪০,০০০ টাকা।

**খ**

**শারমিন টেক্সটাইল লি.**
**জাবেদা দাখিলা**

| তারিখ | হিসাব শিরোনাম ও ব্যাখ্যা | খ. পৃ. | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|---|---|
| | মেশিনারিজ হিসাব (১০,০০০ × ১১) | | ১,১০,০০০ | |
| | শেয়ার মূলধন (১০,০০০ × ১০) | | | ১,০০,০০০ |
| | শেয়ার অধিহার (১০,০০০ × ১) | | | ১০,০০০ |
| | (১০% অধিহারে ১০,০০০ শেয়ার ইস্যুর মাধ্যমে মেশিনারিজ ক্রয়) | | | |
| | ব্যাংক হিসাব (৩৬,০০০ × ১১) | | ৩,৯৬,০০০ | |
| | শেয়ার আবেদন হিসাব | | | ৩,৯৬,০০০ |
| | (১০% অধিহারে ৩৬,০০০ শেয়ারের আবেদনপত্র পাওয়া গেল) | | | |
| | শেয়ার আবেদন হিসাব (৩৬,০০০ × ১১) | | ৩,৯৬,০০০ | |
| | শেয়ার মূলধন হিসাব (৩০,০০০ × ১০) | | | ৩,০০,০০০ |
| | শেয়ার অধিহার হিসাব (৩০,০০০ × ১) | | | ৩০,০০০ |
| | ব্যাংক হিসাব (৬,০০০ × ১১) | | | ৬৬,০০০ |
| | (৩০,০০০ শেয়ারের আবেদনের টাকা শেয়ার মূলধন ও শেয়ার অধিহারে স্থানান্তর এবং অতিরিক্ত আবেদনের টাকা ফেরত দেয়া হয়) | | | |
| | অবলেখকের কমিশন হিসাব (৩০,০০০ × ০.৫০) | | ১৫,০০০ | |
| | ব্যাংক হিসাব | | | ১৫,০০০ |
| | (জনসাধারণের নিকট ইস্যুকৃত শেয়ার প্রতি ০.৫০ টাকা হারে কমিশন প্রদান) | | | |
| | **মোট** | | ৯,১৭,০০০ | ৯,১৭,০০০ |

**উত্তর:** জাবেদার যোগফল ৯,১৭,০০০ টাকা।

গ

**শারমিন টেক্সটাইল লি.**
**আর্থিক অবস্থার বিবরণী**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **সম্পদসমূহ** | | |
| **স্থায়ী সম্পদ:** | | |
| মেশিনারিজ | ১,১০,০০০ | |
| **চলতি সম্পদ:** | | |
| ব্যাংক জমা [৩,৯৬,০০০ – (৬৬,০০০ + ১৫,০০০)] | ৩,১৫,০০০ | |
| **অসমন্বিত ব্যয়:** | | |
| দায় গ্রাহকের কমিশন | ১৫,০০০ | |
| **মোট সম্পদ** | | ৪,৪০,০০০ |
| **শেয়ার মালিকদের স্বত্ব ও দায়সমূহ** | | |
| **শেয়ার মূলধন:** | | |
| অনুমোদিত মূলধন: | | |
| প্রতিটি ১০ টাকা দরে ৫০,০০০ শেয়ার | | ৫,০০,০০০ |
| **ইস্যুকৃত, বিলিকৃত ও পরিশোধিত মূলধন:** | | |
| প্রতিটি ১০ টাকা দরে ৪০,০০০ শেয়ার | ৪,০০,০০০ | |
| **সঞ্চিতি ও উদ্বৃত্ত:** | | |
| শেয়ার অধিহার | ৪০,০০০ | |
| **শেয়ার মালিকদের স্বত্ব** | | ৪,৪০,০০০ |

**উত্তর:** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৪,৪০,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ১৯** জোনাকি লিমিটেড প্রতিটি ১০০ টাকা মূল্যের ৫০,০০০ শেয়ারে বিভক্ত মোট ৫০,০০,০০০ টাকা অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত হলো। কোম্পানি মূলধন সংগ্রহের উদ্দেশ্যে প্রতিটি ১১০ টাকা করে ৪০,০০০ শেয়ার বিক্রয়ের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার করে। সর্বমোট ৪৫,০০০ শেয়ারের জন্য আবেদনপত্র পাওয়া গেল। ৪০,০০০ শেয়ার যথারীতি বণ্টিত হলো। অতিরিক্ত আবেদনের টাকা ফেরত প্রদান করা হলো। শেয়ারপ্রতি ০.৮০ টাকা করে অবলেখকের কমিশন এবং ০.৪০ টাকা করে ব্যাংক চার্জ ধার্য করা হলো।

*[কু. বো. ১৬]*

ক. অবলেখকের কমিশন ও ব্যাংক চার্জের পরিমাণ কত? ২
খ. কোম্পানির বইতে জাবেদা দাখিলা দাও। ৪
গ. কোম্পানির উদ্বর্তপত্র প্রস্তুত করো। ৪

**১৯ নং প্রশ্নের সমাধান**

ক অবলেখকের কমিশন ও ব্যাংক চার্জের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা |
|---|---|
| অবলেখকের কমিশন (৪০,০০০ × .৮০) | ৩২,০০০ |
| ব্যাংক চার্জ (৪০,০০০ × ০.৪০) | ১৬,০০০ |

**উত্তর:** অবলেখকের কমিশন ৩২,০০০ টাকা এবং ব্যাংক চার্জ ১৬,০০০ টাকা।

খ

**জোনাকি লিমিটেড**
**জাবেদা দাখিলা**

| তারিখ | হিসাব শিরোনাম ও ব্যাখ্যা | খ. পৃ. | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|---|---|
| | ব্যাংক হিসাব (৪৫,০০০ × ১১০) | | ৪৯,৫০,০০০ | |
| | শেয়ার আবেদন হিসাব | | | ৪৯,৫০,০০০ |
| | (শেয়ার প্রতি ১০ টাকা অধিহারসহ ১১০ টাকা মূল্যে ৪৫,০০০ শেয়ারের আবেদনপত্র পাওয়া গেল ) | | | |

| তারিখ | হিসাব শিরোনাম ও ব্যাখ্যা | খ. পৃ. | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|---|---|
| | শেয়ার আবেদন হিসাব (৪৫,০০০ × ১১০) | | ৪৯,৫০,০০০ | |
| | শেয়ার মূলধন হিসাব (৪০,০০০ × ১০০) | | | ৪০,০০,০০০ |
| | শেয়ার অধিহার হিসাব (৪০,০০০ × ১০) | | | ৪,০০,০০০ |
| | ব্যাংক হিসাব (৫,০০০ × ১১০) | | | ৫,৫০,০০০ |
| | (শেয়ার আবেদনের টাকা মূলধন হিসাব ও অধিহার হিসাবে স্থানান্তর করা হলো এবং অতিরিক্ত টাকা ফেরত দেয়া হলো ) | | | |
| | অবলেখকের কমিশন হিসাব (ক থেকে প্রাপ্ত) | | ৩২,০০০ | |
| | ব্যাংক চার্জ হিসাব | | ১৬,০০০ | |
| | ব্যাংক হিসাব | | | ৪৮,০০০ |
| | (অবলেখকের কমিশন ও ব্যাংক চার্জ ধার্য করা হলো) | | | |
| | মোট | | ৯৯,৪৮,০০০ | ৯৯,৪৮,০০০ |

**উত্তর:** জাবেদার যোগফল ৯৯,৪৮,০০০ টাকা।

গ

**জোনাকি লিমিটেড**

**উদ্বর্তপত্র (আর্থিক অবস্থার বিবরণী)**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **সম্পদসমূহ** | | |
| **চলতি সম্পদ:** | | |
| ব্যাংক জমা | | ৪৩,৫২,০০০ |
| **অসমন্বিত ব্যয়:** | | |
| অবলেখকের কমিশন | ৩২,০০০ | |
| ব্যাংক চার্জ | ১৬,০০০ | ৪৮,০০০ |
| **মোট সম্পদ** | | ৪৪,০০,০০০ |
| **শেয়ার মালিকদের স্বত্ব ও দায়সমূহ** | | |
| **অনুমোদিত মূলধন:** | | |
| প্রতিটি ১০০ টাকা করে ৫০,০০০ শেয়ার | | ৫০,০০,০০০ |
| **ইস্যুকৃত, তলবকৃত ও আদায়কৃত মূলধন:** | | |
| প্রতিটি ১০০ টাকা করে ৪০,০০০ শেয়ার | ৪০,০০,০০০ | |
| **সঞ্চিতি ও উদ্বৃত্ত:** | | |
| শেয়ার অধিহার | ৪,০০,০০০ | |
| **শেয়ার মালিকদের স্বত্ব** | | ৪৪,০০,০০০ |

**উত্তর:** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৪৪,০০,০০০ টাকা।

প্রশ্ন ▶২০ বাটা কোম্পানি লিমিটেড-এর অনুমোদিত মূলধন ১০,০০,০০০ টাকা, যার প্রতিটি ১০০ টাকা মূল্যের শেয়ার। একটি জমি ক্রয়ের জন্য ১,০০০ শেয়ার ইস্যু করা হয়। ১০% বাট্টায় ৬,৫০০ শেয়ার জনসাধারণের উদ্দেশ্যে ইস্যু করা হয়। ৮,০০০ শেয়ারের জন্য আবেদন পাওয়া যায়। অতিরিক্ত আবেদনের টাকা ফেরত দেয়া হয়। *[চ. বো. ১৬]*

ক. শেয়ার বাট্টার পরিমাণ নির্ণয় করো। ২

খ. প্রয়োজনীয় জাবেদা লেখো। (ব্যাখ্যার প্রয়োজন নাই) ৪

গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

**২০ নং প্রশ্নের সমাধান**

ক শেয়ার বাট্টার পরিমাণ নির্ণয়:

শেয়ার বাট্টা = ইস্যুকৃত শেয়ার সংখ্যা × শেয়ার প্রতি বাট্টা = ৬,৫০০ × (১০০ × ১০%) = ৬৫,০০০ টাকা

**উত্তর:** শেয়ার বাট্টার পরিমাণ ৬৫,০০০ টাকা।

খ

**বাটা কোম্পানি লিমিটেড**
**জাবেদা দাখিলা**

| তারিখ | হিসাব শিরোনাম ও ব্যাখ্যা | খ. পৃ. | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|---|---|
| | ভূমি হিসাব (১,০০০ × ১০০) | | ১,০০,০০০ | |
| | শেয়ার মূলধন হিসাব | | | ১,০০,০০০ |
| | ব্যাংক হিসাব (৮,০০০ × ৯০) | | ৭,২০,০০০ | |
| | শেয়ার আবেদন হিসাব | | | ৭,২০,০০০ |
| | শেয়ার আবেদন হিসাব (৮,০০০ × ৯০) | | ৭,২০,০০০ | |
| | শেয়ার বাট্টার হিসাব (ক থেকে প্রাপ্ত) | | ৬৫,০০০ | |
| | শেয়ার মূলধন হিসাব (৬,৫০০ × ১০০) | | | ৬,৫০,০০০ |
| | ব্যাংক হিসাব (১,৫০০ × ৯০) | | | ১,৩৫,০০০ |
| | **মোট** | | ১৫,০৫,০০০ | ১৫,০৫,০০০ |

**উত্তর:** জাবেদার যোগফল ১৫,০৫,০০০ টাকা।

গ

**বাটা কোম্পানি লিমিটেড**
**আর্থিক অবস্থার বিবরণী**
৩১ ডিসেম্বর, ২০১৫

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **সম্পদসমূহ** | | |
| **স্থায়ী সম্পদ:** | | |
| ভূমি | ১,০০,০০০ | |
| **চলতি সম্পদ:** | | |
| ব্যাংক জমা | ৫,৮৫,০০০ | |
| **অসমন্বিত ব্যয়:** | | |
| শেয়ার বাট্টা | ৬৫,০০০ | |
| **মোট সম্পদ** | | ৭,৫০,০০০ |
| **শেয়ার মালিকদের স্বত্ব ও দায়সমূহ** | | |
| **শেয়ার মূলধন:** | | |
| **অনুমোদিত মূলধন:** | | |
| ১০,০০০ শেয়ার প্রতিটি ১০০ টাকা দরে | | ১০,০০,০০০ |
| **ইস্যুকৃত, বিলিকৃত ও পরিশোধিত মূলধন:** | | |
| ৭,৫০০ শেয়ার প্রতিটি ১০০ টাকা দরে | ৭,৫০,০০০ | |
| **শেয়ার মালিকদের স্বত্ব** | | ৭,৫০,০০০ |

**উত্তর:** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৭,৫০,০০০ টাকা।

**প্রশ্ন ▶২১** প্রদীপ টিউবস লিমিটেড-এর অনুমোদিত মূলধন ৫০,০০,০০০ টাকা, যা প্রতিটি ১০ টাকা মূল্যের শেয়ারে বিভক্ত। কোম্পানি অনুমোদিত মূলধনের ৮০% শেয়ার ১০% অবহারে বিক্রয়ের উদ্দেশ্যে বাজারে ছাড়ল। কোম্পানি ইস্যুকৃত মূলধনের ১০% অতিরিক্ত আবেদন গ্রহণ করেছিল কিন্তু অতিরিক্ত আবেদনের সম্পূর্ণই আবেদনকারীদের ফেরত দেয়া হয়।
সায়েম এন্টারপ্রাইজ শেয়ার বিক্রির দায়িত্ব গ্রহণ করায় তাদেরকে ইস্যুকৃত শেয়ারের ৫% কমিশন বাবদ শেয়ার দ্বারা পরিশোধ করা হয়। *[সি. বো. ১৬]*

ক. সায়েম এন্টারপ্রাইজকে কমিশন বাবদ কতগুলো শেয়ার দেয়া হয়েছে এবং এর মূল্য কত? ২
খ. কোম্পানির হিসাব বহিতে জাবেদা দাখিলা দেখাও। ৪
গ. ব্যাংক উদ্বৃত্ত ৩৬,০০,০০০ টাকা ধরে কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী তৈরি করো। ৪

**২১ নং প্রশ্নের সমাধান**

ক কমিশন বাবদ প্রদত্ত শেয়ার ও এর মূল্য নির্ণয়:

ইস্যুকৃত শেয়ার $= \left(\frac{৫০,০০,০০০}{১০}\right) \times ৮০\% = ৪,০০,০০০$ শেয়ার

$\therefore$ কমিশন বাবদ প্রদত্ত শেয়ার $= (৪,০০,০০০ \times ৫\%) = ২০,০০০$ শেয়ার

এবং মূল্য $= (২০,০০০ \times ১০) = ২,০০,০০০$ টাকা

**উত্তর:** কমিশন বাবদ প্রদত্ত ২০,০০০ শেয়ার এবং এর মূল্য ২,০০,০০০ টাকা।

**খ**

**প্রদীপ টিউবস লিমিটেড**
**জাবেদা দাখিলা**

| তারিখ | হিসাব শিরোনাম ও ব্যাখ্যা | খ:পৃ: | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|---|---|
| | ব্যাংক হিসাব (৪,৪০,০০০ × ৯) | | ৩৯,৬০,০০০ | |
| | শেয়ার আবেদন হিসাব | | | ৩৯,৬০,০০০ |
| | (প্রতিটি ১০ টাকা মূল্যের ৪,৪০,০০০ শেয়ারের আবেদনের টাকা শেয়ার প্রতি ১ টাকা অবহারে পাওয়া গেল) | | | |
| | শেয়ার আবেদন হিসাব (৪,৪০,০০০ × ৯) | | ৩৯,৬০,০০০ | |
| | শেয়ার অবহার হিসাব (৪,০০,০০০ × ১) | | ৪,০০,০০০ | |
| | শেয়ার মূলধন হিসাব (৪,০০,০০০ × ১০) | | | ৪০,০০,০০০ |
| | ব্যাংক হিসাব (৪০,০০০ × ৯) | | | ৩,৬০,০০০ |
| | (৪,০০,০০০ শেয়ার আবেদনের টাকা শেয়ার মূলধন হিসাবে স্থানান্তর করা হলো এবং অবশিষ্ট টাকা ফেরত দেয়া হলো) | | | |
| | অবলেখকের কমিশন হিসাব | | ২,০০,০০০ | |
| | শেয়ার মূলধন হিসাব | | | ২,০০,০০০ |
| | (সায়েম এন্টারপ্রাইজকে কমিশন বাবদ শেয়ার দেয়া হলো) | | | |
| | **মোট** | | ৮৫,২০,০০০ | ৮৫,২০,০০০ |

**উত্তর:** জাবেদার যোগফল ৮৫,২০,০০০ টাকা।

**গ**

**প্রদীপ টিউবস**
**আর্থিক অবস্থার বিবরণী**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **সম্পদসমূহ** | | |
| **চলতি সম্পদ:** | | |
| ব্যাংক জমার উদ্বৃত্ত (৩৯,৬০,০০০ – ৩,৬০,০০০) | ৩৬,০০,০০০ | |
| **অসমন্বয়কৃত ব্যয়:** | | |
| অবলেখকের কমিশন | ২,০০,০০০ | |
| শেয়ার অবহার | ৪,০০,০০০ | |
| **মোট সম্পদ** | | ৪২,০০,০০০ |
| **শেয়ার মালিকদের স্বত্ব ও দায়সমূহ** | | |
| **শেয়ার মূলধন:** | | |
| **অনুমোদন মূলধন:** | | |
| প্রতিটি ১০ টাকা মূল্যের ৫,০০,০০০ শেয়ার | | ৫০,০০,০০০ |
| **ইস্যুকৃত, বিলিকৃত ও পরিশোধিত মূলধন:** | | |
| প্রতিটি ১০ টাকা মূল্যের ৪,২০,০০০ শেয়ার | ৪২,০০,০০০ | |
| **শেয়ার মালিকদের স্বত্ব** | | ৪২,০০,০০০ |

**উত্তর:** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৪২,০০,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ২২** বুবেল লিমিটেড প্রতিটি ১০ টাকা মূল্যের ২,০০,০০০ সাধারণ শেয়ারে অনুমোদিত। কোম্পানি ১,৫০,০০০ শেয়ার বিক্রয়ের সিদ্ধান্ত গ্রহণ করে। শেয়ারগুলো নিম্নোক্তভাবে বিক্রয় করা হয়—

২০১৫
জানু. ৫ ৫০,০০০ শেয়ারের (প্রতিটি ২ টাকা অধিহারসহ) বিনিময়ে জমি ক্রয় করা হয়।
" ১৫ অবশিষ্ট শেয়ারগুলো ২ টাকা অধিহারে বিক্রয়ের জন্য পত্রিকায় বিজ্ঞাপন দেয়া হয়।
" ২০ ১,২০,০০০ শেয়ারের আবেদন পাওয়া যায়।
" ২৫ অতিরিক্ত আবেদনের টাকা ফেরত দেয়া হয়।
" ৩১ শেয়ার বিক্রয়ের জন্য ১০,০০০ টাকা কমিশন প্রদান করা হলো।

*[য. বো. ১৬]*

ক. মোট শেয়ার অধিহারের পরিমাণ নির্ণয় করো। ২
খ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা প্রদান করো। ৪
গ. ৩১ জানুয়ারি তারিখে কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

**২২ নং প্রশ্নের সমাধান**

ক শেয়ার অধিহারের পরিমাণ নির্ণয়:
শেয়ার অধিহার = ইস্যুকৃত শেয়ার × শেয়ার প্রতি অধিহার = (১,৫০,০০০ × ২) টাকা = ৩,০০,০০০ টাকা
**উত্তর:** শেয়ার অধিহার ৩,০০,০০০ টাকা।

খ
**রুবেল লিমিটেড**
**জাবেদা দাখিলা**

| তারিখ | হিসাব শিরোনাম ও ব্যাখ্যা | খ:পৃ: | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|---|---|
| ২০১৫ | | | ৬,০০,০০০ | |
| জানু.-৫ | ভূমি হিসাব (৫০,০০০ × ১২) | | | ৫,০০,০০০ |
| | শেয়ার মূলধন হিসাব (৫০,০০০ × ১০) | | | ১,০০,০০০ |
| | শেয়ার অধিহার হিসাব (৫০,০০০ × ২) | | | |
| | (প্রতিটি ১০ টাকা মূল্যের ৫০,০০০ শেয়ারের বিনিময়ে জমি ক্রয় করা হলো ২ টাকা অধিহারসহ) | | | |
| " ২০ | ব্যাংক হিসাব (১,২০,০০০ × ১২) | | ১৪,৪০,০০০ | |
| | শেয়ার আবেদন হিসাব | | | ১৪,৪০,০০০ |
| | (প্রতিটি ১০ টাকা মূল্যের ১,২০,০০০ শেয়ারের আবেদনের টাকা শেয়ার প্রতি ২ টাকা অধিহারসহ পাওয়া গেল) | | | |
| " ২৫ | শেয়ার আবেদন হিসাব (১,২০,০০০ × ১২) | | ১৪,৪০,০০০ | |
| | শেয়ার মূলধন হিসাব (১,০০,০০০ × ১০) | | | ১০,০০,০০০ |
| | শেয়ার অধিহার হিসাব (১,০০,০০০ × ২) | | | ২,০০,০০০ |
| | ব্যাংক হিসাব (২০,০০০ × ১২) | | | ২,৪০,০০০ |
| | (১,০০,০০০ শেয়ার আবেদনের টাকা শেয়ার মূলধন ও অধিহার হিসাবে স্থানান্তর করা হলো এবং অবশিষ্ট ফেরত দেয়া হলো) | | | |
| " ৩১ | অবলেখকের কমিশন হিসাব | | ১০,০০০ | |
| | ব্যাংক হিসাব | | | ১০,০০০ |
| | (অবলেখকের কমিশন প্রদান করা হলো) | | | |
| | **মোট** | | ৩৪,৯০,০০০ | ৩৪,৯০,০০০ |

**উত্তর:** জাবেদার যোগফল ৩৪,৯০,০০০ টাকা।

গ
**রুবেল লিমিটেড**
**আর্থিক অবস্থার বিবরণী**
৩১ জানুয়ারি, ২০১৫

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **সম্পদসমূহ** | | |
| **স্থায়ী সম্পদ:** | | |
| ভূমি | ৬,০০,০০০ | |
| **চলতি সম্পদ:** | | |
| ব্যাংক জমার উদ্বৃত্ত (১৪,৪০,০০০ – ২,৪০,০০০ – ১০,০০০) | ১১,৯০,০০০ | |
| **অসমন্বয়কৃত ব্যয়:** | | |
| অবলেখকের কমিশন | ১০,০০০ | |
| **মোট সম্পদ** | | ১৮,০০,০০০ |
| **শেয়ার মালিকদের স্বত্ব ও দায়সমূহ** | | |
| **শেয়ার মূলধন** | | |
| **অনুমোদিত মূলধন:** | | |
| প্রতিটি ১০ টাকা মূল্যের ২,০০,০০০ শেয়ার | | ২০,০০,০০০ |

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **ইস্যুকৃত, বিলিকৃত ও পরিশোধিত মূলধন:** | | |
| প্রতিটি ১০ টাকা মূল্যের ১,৫০,০০০ শেয়ার | ১৫,০০,০০০ | |
| **সঞ্চিতি ও উদ্বৃত্ত:** | | |
| শেয়ার অধিহার | ৩,০০,০০০ | |
| **শেয়ার মালিকদের স্বত্ব** | | ১৮,০০,০০০ |

**উত্তর:** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ১৮,০০,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ২৩** নাহিদ লিমিটেড প্রতিটি ৩০ টাকা মূল্যের ৩০,০০০ শেয়ারে বিভক্ত ৯,০০,০০০ টাকা অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত। কোম্পানির ৯০% শেয়ার ১০% অধিহারে বাজারে বিক্রি করার জন্য বিবরণপত্র ইস্যু করে। ২৮,০০০ শেয়ারের জন্য আবেদনপত্র পাওয়া গেল। ইস্যুকৃত শেয়ারগুলো যথাসময়ে বিলি করা হলো এবং অতিরিক্ত আবেদনের টাকা সংশ্লিষ্ট আবেদনকারীদের ফেরত দেয়া হলো। আরও ৫০০ শেয়ার ১০% অধিহারে ইস্যুর বিনিময়ে একটি কম্পিউটার ক্রয় করা হলো। *[ব. বো. ১৬]*

ক. সংরক্ষিত মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২

খ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

**২৩ নং প্রশ্নের সমাধান**

**ক** সংরক্ষিত মূলধনের পরিমাণ নির্ণয়:

সংরক্ষিত মূলধন = (অনুমোদিত শেয়ার – ইস্যুকৃত শেয়ার) × প্রতিটি শেয়ারের মূল্য

= [৩০,০০০ – {(৩০,০০০ × ৯০%) + ৫০০}] × ৩০

= [৩০,০০০ – ২৭,৫০০] × ৩০ = ৭৫,০০০ টাকা

**উত্তর:** সংরক্ষিত মূলধন ৭৫,০০০ টাকা।

**খ**

**নাহিদ লিমিটেড**
**জাবেদা দাখিলা**

| তারিখ | হিসাব শিরোনাম ও ব্যাখ্যা | খ:পৃ: | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|---|---|
| | ব্যাংক হিসাব (২৮,০০০ × ৩৩) | | ৯,২৪,০০০ | |
| | শেয়ার আবেদন | | | ৯,২৪,০০০ |
| | (প্রতিটি ৩০ টাকা মূল্যের ২৮,০০০ শেয়ার আবেদনের টাকা শেয়ার প্রতি ৩ টাকা অধিহার পাওয়া গেল) | | | |
| | শেয়ার আবেদন হিসাব (২৮,০০০ × ৩৩) | | ৯,২৪,০০০ | |
| | শেয়ার অধিহার হিসাব (২৭,০০০ × ৩) | | | ৮১,০০০ |
| | শেয়ার মূলধন হিসাব (২৭,০০০ × ৩০) | | | ৮,১০,০০০ |
| | ব্যাংক হিসাব (১,০০০ × ৩৩) | | | ৩৩,০০০ |
| | (২৭,০০০ শেয়ার আবেদনের টাকা শেয়ার মূলধন ও অধিহার হিসাবে স্থানান্তর করা হলো এবং অতিরিক্ত আবেদনের টাকা ফেরত দেয়া হলো) | | | |
| | অফিস সরঞ্জাম হিসাব (৫০০ × ৩৩) | | ১৬,৫০০ | |
| | শেয়ার মূলধন হিসাব (৫০০ × ৩০) | | | ১৫,০০০ |
| | শেয়ার অধিহার হিসাব (৫০০ × ৩) | | | ১,৫০০ |
| | (অধিহারসহ ৫০০ শেয়ার ইস্যুর মাধ্যমে কম্পিউটার ক্রয় করা হলো) | | | |
| | **মোট** | | ১৮,৬৪,৫০০ | ১৮,৬৪,৫০০ |

**উত্তর:** জাবেদার যোগফল ১৮,৬৪,৫০০ টাকা।

**গ**

**নাহিদ লিমিটেড**
**আর্থিক অবস্থার বিবরণী**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **সম্পদসমূহ** | | |
| **স্থায়ী সম্পদ:** | | |
| অফিস সরঞ্জাম | ১৬,৫০০ | |

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **চলতি সম্পদ:** | | |
| ব্যাংক জমা (৯,২৪,০০০ - ৩৩,০০০) | ৮,৯১,০০০ | |
| **মোট সম্পদ** | | ৯,০৭,৫০০ |
| **শেয়ার মালিকদের স্বত্ব ও দায়সমূহ** | | |
| **শেয়ার মূলধন:** | | |
| **অনুমোদিত মূলধন:** | | |
| ৩০,০০০ শেয়ার প্রতিটি ৩০ টাকা দরে | | ৯,০০,০০০ |
| **ইস্যুকৃত, বিলিকৃত ও পরিশোধিত মূলধন:** | | |
| ২৭,৫০০ শেয়ার প্রতিটি ৩০ টাকা দরে | ৮,২৫,০০০ | |
| **সঞ্চিতি ও উদ্বৃত্ত:** | | |
| শেয়ার অধিহার | ৮২,৫০০ | |
| **শেয়ার মালিকদের স্বত্ব** | | ৯,০৭,৫০০ |

**উত্তর:** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৯,০৭,৫০০ টাকা।

**প্রশ্ন ▶২৪** গোমতি কোম্পানি লিমিটেড প্রতিটি ১০ টাকা মূল্যের ৪,০০,০০০ শেয়ারে বিভক্ত ৪০,০০,০০০ টাকা অনুমোদিত মূলধনে নিবন্ধিত হলো। কোম্পানি প্রতি শেয়ার ৫ টাকা অধিহারে ৩,০০,০০০ শেয়ার বিক্রির জন্য ইস্যু করল। ৩,৮০,০০০ শেয়ারের আবেদন পাওয়া গেল। ৩,০০,০০০ শেয়ার আবেদনকারীদের মধ্যে বণ্টিত হলো। অতিরিক্ত আবেদনের টাকা সংশ্লিষ্ট আবেদনকারীদের ফেরত দেয়া হলো। *[ঢা. বো. ১৫]*

ক. কোম্পানির ব্যাংক হিসাব প্রস্তুত করো। ২
খ. কোম্পানির হিসাব বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪
গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

**২৪ নং প্রশ্নের সমাধান**

**ক**

**গোমতি কোম্পানি লিমিটেড**

**ব্যাংক হিসাব** হিসাবের কোড নং.............

| তারিখ | বিবরণ | জা: পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | জের ডেবিট | জের ক্রেডিট |
|---|---|---|---|---|---|---|
| | শেয়ার আবেদন হিসাব | | ৫৭,০০,০০০ | | ৫৭,০০,০০০ | |
| | শেয়ার আবেদন হিসাব | | | ১২,০০,০০০ | ৪৫,০০,০০০ | |

**উত্তর:** ব্যাংক জমা ৪৫,০০,০০০ টাকা।

**খ**

**গোমতি কোম্পানি লিমিটেড**

**জাবেদা দাখিলা**

| তারিখ | হিসাব শিরোনাম ও ব্যাখ্যা | খ:পৃ: | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|---|---|
| | ব্যাংক হিসাব | | ৫৭,০০,০০০ | |
| | শেয়ার আবেদন হিসাব | | | ৫৭,০০,০০০ |
| | (প্রতিটি ১০ টাকা মূল্যের ৩,৮০,০০০ শেয়ার আবেদনের টাকা শেয়ার প্রতি ৫ টাকা অধিহারে পাওয়া গেলো) | | | |
| | শেয়ার আবেদন হিসাব | | ৫৭,০০,০০০ | |
| | শেয়ার মূলধন হিসাব | | | ৩০,০০,০০০ |
| | শেয়ার অধিহার হিসাব | | | ১৫,০০,০০০ |
| | ব্যাংক হিসাব | | | ১২,০০,০০০ |
| | (৩,০০,০০০ শেয়ার আবেদনের টাকা শেয়ার মূলধনে স্থানান্তর করা হলো এবং ৮০,০০০ শেয়ার আবেদনের টাকা ফেরত প্রদান করা হলো) | | | |
| | **মোট** | | ১,১৪,০০,০০০ | ১,১৪,০০,০০০ |

**উত্তর:** জাবেদার যোগফল ১,১৪,০০,০০০ টাকা।

গ

**গোমতি কোম্পানি লিমিটেড**
**আর্থিক অবস্থার বিবরণী**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **সম্পদসমূহ** | | |
| **চলতি সম্পদ:** | | |
| ব্যাংক জমা | ৪৫,০০,০০০ | |
| **মোট সম্পদ** | | ৪৫,০০,০০০ |
| **শেয়ার মালিকদের স্বত্ব ও দায়সমূহ** | | |
| **শেয়ার মূলধন:** | | |
| **অনুমোদিত মূলধন:** | | |
| ৪,০০,০০০ শেয়ার প্রতিটি ১০ টাকা করে | | ৪০,০০,০০০ |
| **ইস্যুকৃত, বিলিকৃত ও আদায়কৃত মূলধন:** | | |
| ৩,০০,০০০ শেয়ার প্রতিটি ১০ টাকা করে | ৩০,০০,০০০ | |
| **সঞ্চিতি ও উদ্বৃত্তসমূহ:** | | |
| শেয়ার অধিহার | ১৫,০০,০০০ | |
| **শেয়ার মালিকদের স্বত্ব** | | ৪৫,০০,০০০ |

**উত্তর:** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৪৫,০০,০০০ টাকা।

প্রশ্ন ▶ ২৫ বিক্রমপুর কোম্পানি লি. প্রতিটি ১০ টাকা মূল্যের ১,০০,০০০ সাধারণ শেয়ার এবং ১০ টাকা মূল্যের ৪,০০,০০০, ১২% অগ্রাধিকারের শেয়ারে নিবন্ধিত। কোম্পানি ১০% অধিহারে ৬০,০০০ সাধারণ শেয়ার এবং ৫% অবহারে ২,৫০,০০০, ১২% অগ্রাধিকার শেয়ার জনসাধারণের মধ্যে বিক্রয়ের জন্য প্রচারপত্র ইস্যু করে। কোম্পানি ৭৫,০০০ সাধারণ শেয়ার এবং ৩,৭৫,০০০ অগ্রাধিকার শেয়ারের জন্য আবেদন পায়। নির্ধারিত সংখ্যক শেয়ার যথারীতি বিলি করা হয় এবং অতিরিক্ত আবেদনের টাকা যথাযথ আবেদনকারীদের মধ্যে ফেরত দেয়া হয়। *[রা.বো. ১৫]*

ক. শেয়ার ইস্যু সংক্রান্ত ব্যাংক বহির্ভূত জাবেদা দেখাও। ২
খ. কোম্পানির হিসাব বইতে ব্যাংক হিসাব দেখাও। ৪
গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী তৈরি করো। ৪

**২৫ নং প্রশ্নের সমাধান**

ক

**বিক্রমপুর কোম্পানি লি.**
**জাবেদা দাখিলা**

| তারিখ | হিসাব শিরোনাম ও ব্যাখ্যা | খ:পৃ: | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|---|---|
| | শেয়ার অবহার হিসাব [(০.৫ × ২,৫০,০০০)] | | ১,২৫,০০০ | |
| | শেয়ার মূলধন হিসাব | | | ১,২৫,০০০ |
| | (শেয়ার প্রতি .৫ টাকা করে ২,৫০,০০০ শেয়ারের অবহার হিসাবভুক্ত করা হলো) | | | |

খ

**বিক্রমপুর কোম্পানি লি.**
**ব্যাংক হিসাব** হিসাবের কোড নং.............

| তারিখ | বিবরণ | জা: পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | জের ডেবিট | জের ক্রেডিট |
|---|---|---|---|---|---|---|
| | (ক) শেয়ার আবেদন হিসাব (৭৫,০০০ × ১১ + ৩,৭৫,০০০ × ৯.৫) | | ৪৩,৮৭,৫০০ | | ৪৩,৮৭,৫০০ | |
| | (খ) শেয়ার আবেদন হিসাব (১৫,০০০ × ১১ + ১,২৫,০০০ × ৯.৫) | | | ১৩,৫২,৫০০ | | ৩০,৩৫,০০০ |

**উত্তর:** ব্যাংক হিসাবের উদ্বৃত্ত ৩০,৩৫,০০০ টাকা।

গ

**বিক্রমপুর কোম্পানি লি.**
**আর্থিক অবস্থার বিবরণী**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **সম্পদসমূহ** | | |
| **চলতি সম্পদ:** | | |
| ব্যাংক হিসাব | ৩০,৩৫,০০০ | |
| **অসমন্বিত ব্যয়:** | | |
| শেয়ার অবহার | ১,২৫,০০০ | |
| **মোট সম্পদ** | | ৩১,৬০,০০০ |
| **শেয়ার মালিকদের স্বত্ব ও দায়সমূহ** | | |
| **শেয়ার মূলধন:** | | |
| **অনুমোদিত মূলধন:** | | |
| সাধারণ শেয়ার (১০ টাকা করে ১,০০,০০০ শেয়ার) | ১০,০০,০০০ | |
| ১২% অগ্রাধিকার শেয়ার (১০ টাকা করে ৪,০০,০০০ শেয়ার) | ৪০,০০,০০০ | |
| | | ৫০,০০,০০০ |
| **ইস্যুকৃত, বিলিকৃত ও আদায়কৃত মূলধন:** | | |
| সাধারণ শেয়ার (১০ টাকা করে ৬০,০০০) | ৬,০০,০০০ | |
| ১২% অগ্রাধিকার শেয়ার (১০ টাকা করে ২,৫০,০০০) | ২৫,০০,০০০ | |
| **সঞ্চিতি ও উদ্বৃত্ত:** | | |
| শেয়ার অধিহার (১ × ৬০,০০০) | ৬০,০০০ | |
| **শেয়ার মালিকদের স্বত্ব** | | ৩১,৬০,০০০ |

**উত্তর:** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৩১,৬০,০০০ টাকা।

**প্রশ্ন ▶২৬** আজাদ কোম্পানি লিমিটেড প্রতিটি ১০ টাকা মূল্যের ৫,০০,০০০ শেয়ারে বিভক্ত ৫০,০০,০০০ টাকার অনুমোদিত মূলধনসহ নিবন্ধিত হলো। কোম্পানি ৯০,০০০ শেয়ার ১০ টাকা অধিহারসহ আবণ্টনের উদ্দেশ্যে প্রসপেকটাস প্রকাশ করল। সর্বমোট ৩,০০,০০০ শেয়ারের আবেদন পাওয়া গেল। কোম্পানি ৯০,০০০ শেয়ার যথারীতি বণ্টন করল এবং অতিরিক্ত আবেদনের ২,১০,০০০ শেয়ারের টাকা ফেরত দেয়া হলো। শেয়ার ইস্যু সংক্রান্ত খরচ ১০,০০০ টাকা এবং অবলেখকের দস্তুরি ৭,০০০ টাকা চেকের মাধ্যমে প্রদান করা হলো। অবলেখকের দস্তুরি বাদে শেয়ার ইস্যু সংক্রান্ত খরচকে কোম্পানি প্রাথমিক খরচাবলি হিসাবে বিবেচনা করতে হবে। *[দি.বো. ১৫]*

ক. শেয়ার অধিহারের পরিমাণ কত? ২
খ. আজাদ কোম্পানি লিমিটেডের হিসাব বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও। ৪
গ. আজাদ কোম্পানি লিমিটেডের উদ্বর্তপত্র তৈরি করো। ৪

**২৬ নং প্রশ্নের সমাধান**

ক শেয়ার অধিহারের পরিমাণ নিরূপণ:
শেয়ার অধিহার = ৯০,০০০ × ১০ টাকা = ৯,০০,০০০ টাকা
**উত্তর:** শেয়ার অধিহারের পরিমাণ ৯,০০,০০০ টাকা।

খ

**আজাদ কোম্পানি লিমিটেড**
**জাবেদা দাখিলা**

| তারিখ | হিসাব শিরোনাম ও ব্যাখ্যা | খ:পৃ: | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|---|---|
| | ব্যাংক হিসাব | | ৬০,০০,০০০ | |
| | শেয়ার আবেদন হিসাব | | | ৬০,০০,০০০ |
| | (প্রতিটি ২০ টাকা মূল্যের ৩,০০,০০০ শেয়ারের আবেদনের অর্থ শেয়ার প্রতি ১০ টাকা অধিহারে পাওয়া গেল) | | | |
| | শেয়ার আবেদন হিসাব | | ৬০,০০,০০০ | |
| | শেয়ার মূলধন হিসাব | | | ৯,০০,০০০ |
| | শেয়ার অধিহার হিসাব | | | ৯,০০,০০০ |
| | ব্যাংক হিসাব | | | ৪২,০০,০০০ |
| | (বণ্টিত ৯০,০০০ শেয়ারের আবেদনের অর্থ শেয়ার মূলধন ও অধিহার হিসাবে স্থানান্তর করা হলো এবং অতিরিক্ত আবেদনের অর্থ যথারীতি ফেরত দেয়া হলো) | | | |

| তারিখ | হিসাব শিরোনাম ও ব্যাখ্যা | খ:পৃ: | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|---|---|
| | প্রাথমিক খরচ হিসাব | | ১০,০০০ | |
| | অবলেখকের দস্তুরি হিসাব | | ৭,০০০ | |
| | ব্যাংক হিসাব | | | ১৭,০০০ |
| | (চেকের মাধ্যমে প্রাথমিক খরচ ও অবলেখকের দস্তুরি প্রদান করা হলো) | | | |
| | **মোট** | | ১,২০,১৭,০০০ | ১,২০,১৭,০০০ |

**উত্তর:** জাবেদার যোগফল ১,২০,১৭,০০০ টাকা।

**গ**

**আজাদ কোম্পানি লিমিটেড**
**আর্থিক অবস্থার বিবরণী**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **সম্পদসমূহ** | | |
| **চলতি সম্পদ:** | | |
| ব্যাংক জমা (৬০,০০,০০০ – ৪২,০০,০০০ – ১৭,০০০) | ১৭,৮৩,০০০ | |
| **অসমন্বয়কৃত ব্যয়:** | | |
| অবলেখকের দস্তুরি | ৭,০০০ | |
| প্রাথমিক খরচাবলি | ১০,০০০ | |
| **মোট সম্পদ** | | ১৮,০০,০০০ |
| **শেয়ার মালিকদের স্বত্ব ও দায়সমূহ** | | |
| **শেয়ার মূলধন:** | | |
| **অনুমোদিত মূলধন:** | | |
| প্রতিটি ১০ টাকা মূল্যের ৫,০০,০০০ শেয়ার | | ৫০,০০,০০০ |
| **ইস্যুকৃত ও আদায়কৃত মূলধন:** | | |
| প্রতিটি ১০ টাকা মূল্যের ৯০,০০০ শেয়ার | ৯,০০,০০০ | |
| **সঞ্চিতি ও উদ্বৃত্তসমূহ:** | | |
| শেয়ার অধিহার | ৯,০০,০০০ | |
| **শেয়ার মালিকদের স্বত্ব** | | ১৮,০০,০০০ |

**উত্তর:** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ১৮,০০,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ২৭** ডেল্টা ফার্মা লিমিটেড-এর অনুমোদিত মূলধন ২০,০০,০০০ টাকা, যা প্রতিটি ২০ টাকা মূল্যের শেয়ারে বিভক্ত। কোম্পানি অনুমোদিত মূলধনের ৮০% বিক্রয়ের উদ্দেশ্যে ১০% অবহারে (বাট্টায়) বাজারে ইস্যু করে। ইস্যুকৃত শেয়ারের চাইতে ১০% অধিক আবেদন পাওয়া গেল। অতিরিক্ত আবেদন সম্পূর্ণই প্রত্যাখ্যান করা হয়। *[কু.বো., সি.বো. ১৫]*

ক. বাজারে ইস্যুকৃত ও প্রাপ্ত আবেদনের শেয়ার সংখ্যা কত? ২

খ. কোম্পানির হিসাব বহিতে জাবেদা লিখন দেখাও (ব্যাখ্যার প্রয়োজন নাই)। ৪

গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

**২৭ নং প্রশ্নের সমাধান**

**ক** বাজারে ইস্যুকৃত ও প্রাপ্ত আবেদনের শেয়ার সংখ্যা নির্ণয়:

বাজারে ইস্যুকৃত শেয়ার = $\frac{২০,০০,০০০}{২০} \times ৮০\% = ৮০,০০০$ শেয়ার

এবং প্রাপ্ত আবেদনের শেয়ার সংখ্যা = ৮০,০০০ + (৮০,০০০ × ১০%) = ৮৮,০০০ শেয়ার

**উত্তর:** ইস্যুকৃত শেয়ার সংখ্যা ৮০,০০০ এবং প্রাপ্ত আবেদনের শেয়ার সংখ্যা ৮৮,০০০।

**খ**

**ডেল্টা ফার্মা লিমিটেড**
**জাবেদা দাখিলা**

| তারিখ | হিসাব শিরোনাম ও ব্যাখ্যা | খ:পৃ: | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|---|---|
| | ব্যাংক হিসাব | | ১৫,৮৪,০০০ | |
| | শেয়ার আবেদন হিসাব | | | ১৫,৮৪,০০০ |

| তারিখ | হিসাব শিরোনাম ও ব্যাখ্যা | খ:পৃ: | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|---|---|
| | শেয়ার আবেদন হিসাব | | ১৫,৮৪,০০০ | |
| | শেয়ার অবহার হিসাব | | ১,৬০,০০০ | |
| | শেয়ার মূলধন হিসাব | | | ১৬,০০,০০০ |
| | ব্যাংক হিসাব | | | ১,৪৪,০০০ |
| | **মোট** | | ৩৩,২৮,০০০ | ৩৩,২৮,০০০ |

**উত্তর:** জাবেদার যোগফল ৩৩,২৮,০০০ টাকা।

গ

**ডেল্টা ফার্মা লিমিটেড**
**আর্থিক অবস্থার বিবরণী**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **সম্পদসমূহ** | | |
| **চলতি সম্পদ:** | | |
| ব্যাংক জমা (১৫,৮৪,০০০ – ১,৪৪,০০০) | ১৪,৪০,০০০ | |
| **অসমন্বিত ব্যয়:** | | |
| শেয়ার অবহার | ১,৬০,০০০ | |
| **মোট সম্পদ** | | ১৬,০০,০০০ |
| **শেয়ার মালিকদের স্বত্ব ও দায়সমূহ** | | |
| **শেয়ার মূলধন:** | | |
| **অনুমোদিত মূলধন:** | | |
| ১,০০,০০০ শেয়ার প্রতিটি ২০ টাকা করে | | ২০,০০,০০০ |
| **ইস্যুকৃত, বিলিকৃত ও আদায়কৃত মূলধন:** | | |
| প্রতিটি ২০ টাকা করে ৮০,০০০ শেয়ার | ১৬,০০,০০০ | |
| **শেয়ার মালিকদের স্বত্ব** | | ১৬,০০,০০০ |

**উত্তর:** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ১৬,০০,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ২৮** পদ্মা লিমিটেড প্রতিটি ১০ টাকা মূল্যের ৩০,০০০ শেয়ারে বিভক্ত ৩,০০,০০০ টাকা অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত। কোম্পানি ২০,০০০ টি শেয়ার ১০% অধিহারে বিক্রয়ের উদ্দেশ্যে ইস্যু করল। কোম্পানি ২৫,০০০ শেয়ারের আবেদন পেল। ইস্যুকৃত শেয়ারগুলো যথারীতি আবণ্টিত হলো এবং অতিরিক্ত আবেদনের টাকা ফেরত দেয়া হলো। *[চ.বো. ১৫]*

ক. শেয়ার অধিহারের পরিমাণ নির্ণয় করো। ২
খ. জাবেদা দাখিলা দাও। ৪
গ. পদ্মা লিমিটেডে-এর আর্থিক অবস্থার বিবরণী তৈরি করো। ৪

**২৮ নং প্রশ্নের সমাধান**

ক শেয়ারের অধিহারের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| শেয়ার অধিহার [২০,০০০ × (১০ × ১০%)] | ২০,০০০ | |
| | | ২০,০০০ |

**উত্তর:** শেয়ার অধিহার ২০,০০০ টাকা।

খ

**পদ্মা লিমিটেড**
**জাবেদা দাখিলা**

| তারিখ | হিসাব শিরোনাম ও ব্যাখ্যা | খ:পৃ: | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|---|---|
| | ব্যাংক হিসাব | | ২,৭৫,০০০ | |
| | শেয়ার আবেদন হিসাব | | | ২,৭৫,০০০ |
| | (প্রতিটি ১০ টাকা করে ২৫,০০০ শেয়ারের আবেদনের অর্থ শেয়ার প্রতি ১ টাকা অধিহারে পাওয়া গেল) | | | |

| তারিখ | হিসাব শিরোনাম ও ব্যাখ্যা | খ:পৃ: | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|---|---|
| | শেয়ার আবেদন হিসাব | | ২,৭৫,০০০ | |
| | শেয়ার মূলধন হিসাব | | | ২,০০,০০০ |
| | শেয়ার অধিহার হিসাব | | | ২০,০০০ |
| | ব্যাংক হিসাব | | | ৫৫,০০০ |
| | (বণ্টিত ২০,০০০ শেয়ারের আবেদনের অর্থ শেয়ার মূলধন ও শেয়ার অধিহার হিসাবে স্থানান্তরিত করা হলো এবং অতিরিক্ত শেয়ারের আবেদনের অর্থ ফেরত দেয়া হলো) | | | |
| | **মোট** | | ৫,৫০,০০০ | ৫,৫০,০০০ |

**উত্তর:** জাবেদার যোগফল ৫,৫০,০০০ টাকা।

গ

**পদ্মা লিমিটেড**
**আর্থিক অবস্থার বিবরণী**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **সম্পদসমূহ** | | |
| **চলতি সম্পদ:** | | |
| ব্যাংক (২,৭৫,০০০ – ৫৫,০০০) | ২,২০,০০০ | |
| **মোট সম্পদ** | | ২,২০,০০০ |
| **শেয়ার মালিকদের স্বত্ব ও দায়সমূহ** | | |
| **অনুমোদিত মূলধন:** | | |
| প্রতিটি ১০ টাকা করে ৩০,০০০ শেয়ার | | ৩,০০,০০০ |
| **ইস্যুকৃত, বিলিকৃত ও আদায়কৃত মূলধন:** | | |
| প্রতিটি ১০ টাকা করে ২০,০০০ শেয়ার | ২,০০,০০০ | |
| **সঞ্চিতি ও উদ্বৃত্ত:** | | |
| শেয়ার অধিহার | ২০,০০০ | |
| **শেয়ার মালিকদের স্বত্ব** | | ২,২০,০০০ |

**উত্তর:** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ২,২০,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ২৯** ডেল্টা লিমিটেড প্রতিটি ৩৫ টাকা মূল্যের ৩০,০০০ শেয়ারে বিভক্ত, ১০,৫০,০০০ টাকা অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত। কোম্পানি-এর ২৬,০০০ শেয়ার ১০% অধিহারে বাজারে বিক্রি করার জন্য বিবরণপত্র ইস্যু করে। ২৭,০০০ শেয়ারের জন্য আবেদনপত্র পাওয়া গেল। ইস্যুকৃত শেয়ারগুলো যথাসময়ে বিলি করা হলো এবং অতিরিক্ত আবেদনের টাকা সংশ্লিষ্ট আবেদনকারীদের ফেরত দেয়া হলো। *[য. বো. ১৫]*

ক. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও। ২
খ. ব্যাংক হিসাব প্রস্তুত করো। ৪
গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

**২৯ নং প্রশ্নের সমাধান**

ক

**ডেল্টা লিমিটেড**
**জাবেদা দাখিলা**

| তারিখ | হিসাব শিরোনাম ও ব্যাখ্যা | খ:পৃ: | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|---|---|
| | ব্যাংক হিসাব | | ১০,৩৯,৫০০ | |
| | শেয়ার আবেদন হিসাব | | | ১০,৩৯,৫০০ |
| | (প্রতিটি ৩৫ টাকা মূল্যের ৩০,০০০ শেয়ারের আবেদনের টাকা শেয়ার প্রতি ৩.৫ টাকা অধিহারে পাওয়া গেল) | | | |
| | শেয়ার আবেদন হিসাব | | ১০,৩৯,৫০০ | |
| | শেয়ার মূলধন হিসাব | | | ৯,১০,০০০ |
| | শেয়ার অধিহার হিসাব | | | ৯১,০০০ |
| | ব্যাংক হিসাব | | | ৩৮,৫০০ |
| | (২৬,০০০ শেয়ার ইস্যুর অর্থ শেয়ার মূলধন ও শেয়ার অধিহার হিসাবে স্থানান্তর করা হলো এবং অতিরিক্ত আবেদনের অর্থ ফেরত দেয়া হলো) | | | |
| | **মোট** | | ২০,৭৯,০০০ | ২০,৭৯,০০০ |

**উত্তর:** জাবেদার যোগফল ২০,৭৯,০০০ টাকা।

খ

**ডেল্টা লিমিটেড**
**ব্যাংক হিসাব**

হিসাবের কোড নং.............

| অনুপার্জিত বাড়িভাড়া (২৪,০০০ - ৮,০০০) | | ১৬,০০০ | |
| বকেয়া ভাড়া | | ১০,৫০০ | |
| নতুন আয়কর সঞ্চিতি | | ৫,০০০ | |
| প্রস্তাবিত লভ্যাংশ | | ৪০,০০০ | |
| **মোট চলতি দায় ও ভবিষ্যৎ ব্যবস্থা** | | | ১,৩৩,৫০০ |
| **শেয়ার মূলধন ও মোট দায়** | | | ৬,২৬,৭৭৫ |

**উত্তর:** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৬,২৬,৭৭৫ টাকা।

**প্রশ্ন ▶ ২৬** মিতালী কোম্পানি লিমিটেডের অনুমোদিত মূলধন ৫,০০,০০০ টাকা, যা ১০০ টাকা মূল্যের ৫,০০০ শেয়ারে বিভক্ত। ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রস্তুতকৃত রেওয়ামিল নিম্নরূপ–

**মিতালী কোম্পানি লিমিটেড**
**রেওয়ামিল**
**৩১ ডিসেম্বর, ২০১৮**

ডেবিট ক্রেডিট

| বিবরণ | টাকা | বিবরণ | টাকা |
|---|---|---|---|
| ক্রয় | ১,৭৫,০০০ | শেয়ার মূলধন (২,০০০ শেয়ার) | ২,০০,০০০ |
| মজুরি | ১৫,০০০ | বিক্রয় | ২,৯০,০০০ |
| বহন খরচ | ১২,০০০ | বহিঃ ফেরত | ২,০০০ |
| মজুদ পণ্য (০১-০১-২০১৮) | ২০,০০০ | বকেয়া মজুরি | ৭,০০০ |
| অগ্রিম ভাড়া | ৮,০০০ | প্রদেয় হিসাব | ৫৫,০০০ |
| বেতন | ২০,০০০ | | |
| প্রাপ্য হিসাব | ৯৩,০০০ | | |
| বিমা সেলামি | ৩,০০০ | | |
| আসবাবপত্র | ৩৬,০০০ | | |
| কলকব্জা | ৮০,০০০ | | |
| নগদ তহবিল | ৪২,০০০ | | |
| ২০% বিনিয়োগ (০১-০১-২০১৮) | ৫০,০০০ | | |
| | ৫,৫৪,০০০ | | ৫,৫৪,০০০ |

**সমন্বয়সমূহ:** ১. সমাপনী মজুদ পণ্যের মূল্য ১,৫০,০০০ টাকা। ২. সমাপনী মজুদের মধ্যে ৩,০০০ টাকার পণ্য আছে, যা বিক্রীত কিন্তু সরবরাহ করা হয়নি। উক্ত পণ্য বিক্রয় বহিতে লেখা আছে। ৩. ৩১-১০-২০১৮ তারিখে ৫৫,০০০ টাকার মেশিন ক্রয় এবং এর সংস্থাপন ব্যয় ৫,০০০ টাকা এখনো হিসাবের বইতে লেখা হয়নি। ৪. স্থায়ী সম্পদের ওপর ২০% অবচয় ধরতে হবে। ৫. আয়করের জন্য ৩০,০০০ টাকা প্রভিশন রাখতে হবে।

ক. ২০১৮ সালের স্থায়ী সম্পদের অবচয়ের পরিমাণ নির্ণয় করো। ২
খ. ২০১৮ সালের মোট লাভ বা মোট ক্ষতি নির্ণয় করো। ৪
গ. ২০১৮ সালে নিট লাভ বা নিট ক্ষতি নির্ণয় করো। ৪

**২৬ নং প্রশ্নের সমাধান**

**ক** স্থায়ী সম্পদের অবচয় নিরূপণ:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| আসবাবপত্র (৩৬,০০০ × ২০%) | ৭,২০০ | |
| কলকব্জা [(৮০,০০০ × ২০%) + (৬০,০০০ × ২০% × ২/১২)] | ১৮,০০০ | |
| **স্থায়ী সম্পদের অবচয়** | | ২৫,২০০ |

**উত্তর:** স্থায়ী সম্পদের অবচয় ২৫,২০০ টাকা।

**খ**

**মিতালী কোম্পানি লিমিটেড**
**বিশদ আয় বিবরণী (আংশিক)**
২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখের সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| বিক্রয় | | | ২,৯০,০০০ |
| **বাদ: বিক্রীত পণ্যের ব্যয়:** | | | |
| প্রারম্ভিক মজুদ | | ২০,০০০ | |
| ক্রয় | ১,৭৫,০০০ | | |
| বাদ: ফেরত | (২,০০০) | ১,৭৩,০০০ | |
| মজুরি | | ১৫,০০০ | |
| বহন খরচ | | ১২,০০০ | |
| **বিক্রয়যোগ্য পণ্যের ব্যয়** | | ২,২০,০০০ | |
| বাদ: সমাপনী মজুদ | ১,৫০,০০০ | | |
| বাদ: অসরবরাহকৃত বিক্রীত পণ্য | (৩,০০০) | (১,৪৭,০০০) | |
| | | | (৭৩,০০০) |
| **মোট লাভ** | | | ২,১৭,০০০ |

**উত্তর:** মোট লাভ ২,১৭,০০০ টাকা।

গ

**মিতালী কোম্পানি লিমিটেড**
**বিশদ আয় বিবরণী**
২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| মোট লাভ (খ থেকে প্রাপ্ত) | | | ২,১৭,০০০ |
| **বাদ: পরিচালন ব্যয়:** | | | |
| বেতন | | ২০,০০০ | |
| বিমা সেলামি | | ৩,০০০ | |
| অবচয়: | | | |
| আসবাবপত্র (ক থেকে প্রাপ্ত) | ৭,২০০ | | |
| কলকব্জা (ক থেকে প্রাপ্ত) | ১৮,০০০ | ২৫,২০০ | |
| | | | (৪৮,২০০) |
| **পরিচালন মুনাফা** | | | ১,৬৮,৮০০ |
| **যোগ: অপরিচালন আয়:** | | | |
| বিনিয়োগের সুদ | | | ১০,০০০ |
| **করপূর্ব নিট মুনাফা** | | | ১,৭৮,৮০০ |
| বাদ: আয়কর প্রভিশন | | | (৩০,০০০) |
| **করবাদ নিট মুনাফা** | | | ১,৪৮,৮০০ |

**উত্তর:** করবাদ নিট মুনাফা ১,৪৮,৮০০ টাকা।

প্রশ্ন ▶২৭ ঢাকা কোম্পানি লিমিটেড-এর রেওয়ামিল ছিল নিম্নরূপ:

**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০১৮

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| শেয়ার মূলধন (প্রতিটি ১০০ টাকা মূল্যের ২,০০০ শেয়ার) | | ২,০০,০০০ |
| সংরক্ষিত আয় (১-১-২০১৮) | | ৮,০০০ |
| ১০% ঋণপত্র (১-৭-২০১৮) | | ৩১,০০০ |
| ইজারা সম্পদ (১০ বছরের জন্য) | ১,১২,০০০ | |
| মজুদ পণ্য (১-১-২০১৮) | ৬০,০০০ | |
| বিজ্ঞাপন খরচ | ২১,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ২,৪০,০০০ | ২,৯৫,০০০ |
| বাট্টা (প্রাপ্ত ও প্রদত্ত) | ৮০০ | ১,২০০ |
| মজুরি খরচ | ৪,৮০০ | |
| নগদ তহবিল | ৬১,৪০০ | |
| ঋণপত্রের সুদ | ১,০০০ | |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ২৫,০০০ | ১৪,৮০০ |
| ভাড়া খরচ | ৯,০০০ | |
| বেতন খরচ | ১৫,০০০ | |
| | ৫,৫০,০০০ | ৫,৫০,০০০ |

**সমন্বয়সমূহ:** ১. বিনামূল্যে পণ্য বিতরণ ১,৫০০ টাকা। মোট বিজ্ঞাপনের $^{১}/_{৩}$ অংশ অবলোপন করতে হবে। ২. প্রাপ্য হিসাবের ৫% অনাদায়ী পাওনা সঞ্চিতি ধরতে হবে। ৩. নিট লাভের ৫,০০০ টাকা সাধারণ সঞ্চিতিতে স্থানান্তর করো। ৪. আয়কর সঞ্চিতি রাখতে হবে ২,০০০ টাকা। ৫. সমাপনী মজুদ ৮০,০০০ টাকা মূল্যায়ন করা হয়েছে।

ক. সংরক্ষিত আয় বিবরণী প্রস্তুত করো (করবাদ নিট লাভ ২৪,৬০০ টাকা ধরে)। ২
খ. মোট লাভ ৭২,১০০ টাকা ধরে করপূর্ব নিট লাভ নির্ণয় করো। ৪
গ. আর্থিক অবস্থার বিবরণীতে 'শেয়ারহোল্ডারদের স্বত্ব ও দায়ের অংশ' প্রস্তুত করো। ৪

## ২৭ নং প্রশ্নের সমাধান

**ক**

**ঢাকা কোম্পানি লিমিটেড**
**সংরক্ষিত আয় বিবরণী**
২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| প্রারম্ভিক সংরক্ষিত আয় | | ৮,০০০ |
| যোগ: চলতি বছরের নিট লাভ | | ২৪,৬০০ |
| | | ৩২,৬০০ |
| বাদ: সাধারণ সঞ্চিতিতে স্থানান্তর | | ৫,০০০ |
| **সমাপনী সংরক্ষিত আয়** | | ২৭,৬০০ |

**উত্তর:** সমাপনী সংরক্ষিত আয় ২৭,৬০০ টাকা।

**খ**

**ঢাকা কোম্পানি লিমিটেড**
**বিশদ আয় বিবরণী**
২০১৮ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| মোট লাভ (প্রশ্নে প্রদত্ত) | | | ৭২,১০০ |
| **যোগ: পরোক্ষ পরিচালন আয়:** | | | |
| প্রাপ্ত বাট্টা | | | ১,২০০ |
| | | | ৭৩,৩০০ |
| **বাদ: পরিচালন ব্যয়:** | | | |
| বেতন খরচ | | ১৫,০০০ | |
| ভাড়া খরচ | | ৯,০০০ | |
| বিজ্ঞাপন খরচ | ২১,০০০ | | |
| যোগ: বিনামূল্যে পণ্য বিতরণ | ১,৫০০ | | |
| | ২২,৫০০ | | |
| বাদ: বিলম্বিত (২২,৫০০ × $^{২}/_{৩}$) | ১৫,০০০ | | |
| | | ৭,৫০০ | |
| নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতি (২৫,০০০ × ৫%) | | ১,২৫০ | |
| প্রদত্ত বাট্টা | | ৮০০ | |
| ইজারা সম্পত্তি অবলোপন (১,১২,০০০ × $^{১}/_{১০}$) | | ১১,২০০ | ৪৪,৭৫০ |
| **পরিচালন মুনাফা** | | | ২৮,৫৫০ |
| **বাদ: অপরিচালন ব্যয়:** | | | |
| ঋণের সুদ | | ১,০০০ | |
| যোগ: বকেয়া {(৩১,০০০ × ১০% × $^{৬}/_{১২}$) - ১,০০০} | | ৫৫০ | ১,৫৫০ |
| **করপূর্ব নিট লাভ** | | | ২৭,০০০ |

**উত্তর:** করপূর্ব নিট লাভ ২৭,০০০ টাকা।

**গ**

**ঢাকা কোম্পানি লিমিটেড**
**আর্থিক অবস্থার বিবরণী**
৩১ ডিসেম্বর, ২০১৮

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **শেয়ার হোল্ডারদের স্বত্ব ও দায়সমূহ** | | | |
| **শেয়ার মূলধন:** | | | |
| **ইস্যুকৃত ও বিলিকৃত ও পরিশোধিত মূলধন:** | | | |
| প্রতিটি ১০০ টাকা মূল্যের ২,০০০ শেয়ার | | | ২,০০,০০০ |
| **সঞ্চিতি ও উদ্বৃত্ত:** | | | |
| সংরক্ষিত আয় (খসড়া-১) | | ২৮,০০০ | |
| সাধারণ সঞ্চিতি তহবিল | | ৫,০০০ | |
| **মোট সঞ্চিতি ও উদ্বৃত্ত** | | | ৩৩,০০০ |

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **দীর্ঘমেয়াদি দায়:** | | | |
| ১০% ঋণপত্র | | | ৩১,০০০ |
| **চলতি দায়:** | | | |
| প্রদেয় হিসাব | | ১৪,৮০০ | |
| ঋণপত্রের বকেয়া সুদ | | ৫৫০ | |
| আয়কর সঞ্চিতি | | ২,০০০ | |
| **মোট চলতি দায়** | | | ১৭,৩৫০ |
| **শেয়ারহোল্ডারদের স্বত্ব ও মোট দায়** | | | ২,৮১,৩৫০ |

**উত্তর:** শেয়ারহোল্ডারদের স্বত্ব ও মোট দায় ২,৮১,৩৫০ টাকা।

**খসড়া-১:** সংরক্ষিত আয়ের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| প্রারম্ভিক সংরক্ষিত আয় | | ৮,০০০ |
| যোগ: চলতি বছরের নিট লাভ (করপূর্ব) | ২৭,০০০ | |
| বাদ: আয়কর সঞ্চিতি (নতুন) | ২,০০০ | ২৫,০০০ |
| | | ৩৩,০০০ |
| বাদ: সাধারণ সঞ্চিতি তহবিলে স্থানান্তর | | ৫,০০০ |
| **সমাপনী সংরক্ষিত আয়** | | ২৮,০০০ |

**প্রশ্ন ▶ ২৮** তানিয়া কুরিয়ার সার্ভিস লি. এর অনুমোদিত মূলধন ৮০,০০,০০০ টাকা যা ১০ টাকা মূল্যের ৮,০০,০০০ শেয়ারে বিভক্ত। নিম্নে উক্ত কোম্পানির রেওয়ামিল ও সমন্বয়সমূহ উপস্থাপন করা হলো:

**রেওয়ামিল**

৩১ ডিসেম্বর, ২০১৮

| হিসাবের শিরোনাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| অবণ্টিত মুনাফা | | ৪০,০০০ |
| প্রদেয় হিসাব | | ৩০,০০০ |
| বেতন খরচ | ২৮,০০০ | |
| সেবা আয় | | ৩,০০,০০০ |
| সাপ্লাইজ খরচ | ৮,০০০ | |
| দালানকোঠা | ৮০,০০০ | |
| ১৫% ব্যাংক ঋণ | | ৪০,০০০ |
| ব্যাংকে জমা | ৭০,০০০ | |
| প্রাপ্য হিসাব | ৯০,০০০ | |
| প্রদত্ত আয়কর | ১০,০০০ | |
| অগ্রিম ভাড়া | ১২,০০০ | |
| ১০% বিনিয়োগ | ৫২,০০০ | |
| শেয়ার মূলধন (১০ টাকা মূল্যের ২০,০০০ শেয়ার) | | ২,০০,০০০ |
| ডেলিভারি সরঞ্জাম | ২,৪০,০০০ | |
| বিজ্ঞাপন খরচ | ২০,০০০ | |
| | ৬,১০,০০০ | ৬,১০,০০০ |

**সমন্বয়সমূহ:** ১. অগ্রিম ভাড়ার ৮,০০০ টাকার মেয়াদ উত্তীর্ণ হয়েছে। ২. বিনিয়োগের সুদ ৫,২০০ টাকা অনাদায়ী রয়েছে। ৩. ডেলিভারি সরঞ্জামের ওপর ২৪,০০০ টাকা অবচয় ধার্য করতে হবে এবং ঋণের সুদ ৪,০০০ টাকা বকেয়া রয়েছে। ৪. প্রস্তাবিত লভ্যাংশ ২০,০০০ টাকা।

ক. রেওয়ামিলে বর্ণিত বহিঃদায়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. তানিয়া কুরিয়ার সার্ভিসের বিশদ আয় বিবরণী তৈরি করো। ৪

গ. তানিয়া কুরিয়ার সার্ভিসের মোট সম্পদের পরিমাণ নির্ণয় করো। ৪

**২৮ নং প্রশ্নের সমাধান**

ক মোট বহিঃদায়ের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| প্রদেয় হিসাব | ৩০,০০০ | |
| ১৫% ব্যাংক ঋণ | ৪০,০০০ | |
| **মোট বহিঃদায়** | | ৭০,০০০ |

**উত্তর:** মোট বহিঃদায়ের পরিমাণ ৭০,০০০ টাকা।

খ

**তানিয়া কুরিয়ার সার্ভিস লি.**
**বিশদ আয় বিবরণী**
২০১৮ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **আয়সমূহ:** | | |
| সেবা আয় | ৩,০০,০০০ | |
| যোগ: বিনিয়োগের সুদ (৫২,০০০ × ১০%) | ৫,২০০ | |
| **মোট আয়** | | ৩,০৫,২০০ |
| **বাদ: ব্যয়সমূহ:** | | |
| বেতন খরচ | ২৮,০০০ | |
| সাপ্লাইজ খরচ | ৮,০০০ | |
| বিজ্ঞাপন খরচ | ২০,০০০ | |
| ভাড়া খরচ | ৮,০০০ | |
| অবচয় খরচ-ডেলিভারি সরঞ্জাম | ২৪,০০০ | |
| ঋণের সুদ | ৪,০০০ | |
| **মোট ব্যয়** | | ৯২,০০০ |
| **নিট আয়** | | ২,১৩,২০০ |

**উত্তর:** নিট আয় ২,১৩,২০০ টাকা।

গ

**তানিয়া কুরিয়ার সার্ভিস লি.**
**আর্থিক অবস্থার বিবরণী (আংশিক)**
৩১ ডিসেম্বর, ২০১৮

| পরিসম্পদ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **সম্পদসমূহ** | | | |
| **স্থায়ী সম্পদ:** | | | |
| দালানকোঠা | | ৮০,০০০ | |
| ডেলিভারি সরঞ্জাম | ২,৪০,০০০ | | |
| বাদ: পুঞ্জীভূত অবচয় | ২৪,০০০ | ২,১৬,০০০ | |
| **মোট স্থায়ী সম্পদ** | | | ২,৯৬,০০০ |
| **বিনিয়োগ:** | | | |
| ১০% বিনিয়োগ | | | ৫২,০০০ |
| **চলতি সম্পদ:** | | | |
| ব্যাংক জমা | | ৭০,০০০ | |
| প্রাপ্য হিসাব | | ৯০,০০০ | |
| অগ্রিম ভাড়া (১২,০০০ – ৮,০০০) | | ৪,০০০ | |
| বিনিয়োগের অনাদায়ী সুদ | | ৫,২০০ | |
| **মোট চলতি সম্পদ** | | | ১,৬৯,২০০ |
| **মোট সম্পদ** | | | ৫,১৭,২০০ |

**উত্তর:** মোট সম্পদ ৫,১৭,২০০ টাকা।

**প্রশ্ন ▶২৯** রাজিব কোম্পানি লি.-এর ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য মোট লাভ নির্ণয়ের পর নিম্নরূপ খতিয়ানের উদ্বৃত্ত ছিল:

**রাজিব কোম্পানি লি.**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০১৮

| ক্রমিক নং | হিসাবের নাম | খ: পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১. | শেয়ার মূলধন (শেয়ার প্রতি ১০০ টাকা) | | | ১,৫০,০০০ |
| ২. | নগদ উদ্বৃত্ত | | ১,৭৫,০০০ | |
| ৩. | সঞ্চিতি তহবিল | | | ৪০,০০০ |
| ৪. | বিবিধ দেনাদার ও পাওনাদার | | ৬০,০০০ | ২০,০০০ |
| ৫. | ১২% ঋণপত্র (০১-০৭-২০১৭) | | | ৬০,০০০ |
| ৬. | প্রাথমিক খরচ | | ৪০,০০০ | |
| ৭. | অফিস সরঞ্জাম | | ৬০,০০০ | |
| ৮. | পুঞ্জীভূত অবচয় – অফিস সরঞ্জাম | | | ১০,০০০ |
| ৯. | মজুদ পণ্য (৩১-১২-২০১৮) | | ৩০,০০০ | |
| ১০. | মোট লাভ | | | ৯৭,০০০ |
| ১১. | বেতন | | ১৫,০০০ | |
| ১২. | অগ্রিম ভাড়া | | ১২,০০০ | |
| ১৩. | মনিহারি | | ১০,০০০ | |
| ১৪. | আয়কর প্রদান | | ১৫,০০০ | |
| ১৫. | অন্তর্বর্তীকালীন লভ্যাংশ | | ১০,০০০ | |
| ১৬. | সংরক্ষিত আয় (০১-০১-২০১৮) | | | ৫০,০০০ |
| | | | ৪,২৭,০০০ | ৪,২৭,০০০ |

**সমন্বয়সমূহ:** (১) প্রাথমিক খরচের ২৫% অবলোপন করতে হবে। (২) নিট লাভের ১০,০০০ টাকা সঞ্চিতি তহবিলে স্থানান্তর করতে হবে এবং আয়কর সঞ্চিতি রাখতে হবে ১৫,০০০ টাকা। (৩) শেয়ার প্রতি ১০ টাকা করে লভ্যাংশ ঘোষণা করা হয়। (৪) অফিস সরঞ্জামের আয়ুষ্কাল ৫ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ১০,০০০ টাকা।

ক. প্রস্তাবিত লভ্যাংশের পরিমাণ নির্ণয় করো। ২

খ. ২০১৮ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের নিট লাভ বা নিট ক্ষতির পরিমাণ নির্ণয় করো (বিশদ আয় বিবরণী ছক ব্যবহার করে)। ৪

গ. ২০১৮ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের মালিকানা স্বত্ব বিবরণী প্রস্তুত করো যখন নিট লাভ ২৯,৮০০ টাকা। ৪

**২৯ নং প্রশ্নের সমাধান**

**ক** প্রস্তাবিত লভ্যাংশের পরিমাণ নিরূপণ:

$$\text{প্রস্তাবিত লভ্যাংশ} = \frac{\text{শেয়ার মূলধন}}{\text{প্রতি শেয়ারের মূল্য}} \times \text{শেয়ার প্রতি লভ্যাংশ} = \frac{১,৫০,০০০}{১০০} \times ১০ = ১৫,০০০ \text{ টাকা}$$

**উত্তর:** প্রস্তাবিত লভ্যাংশ ১৫,০০০ টাকা।

**খ**

**রাজিব কোম্পানি লি.**
**বিশদ আয় বিবরণী**
২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| মোট লাভ (প্রশ্নপত্রে প্রদত্ত) | | | ৯৭,০০০ |
| **বাদ: পরিচালন ব্যয়:** | | | |
| বেতন | | ১৫,০০০ | |
| মনিহারি | | ১০,০০০ | |
| প্রাথমিক খরচের অবলোপন (৪০,০০০ × ২৫%) | | ১০,০০০ | |
| অফিস সরঞ্জামের অবচয় {(৬০,০০০ - ১০,০০০) ÷৫] | | ১০,০০০ | (৪৫,০০০) |
| **পরিচালন মুনাফা** | | | ৫২,০০০ |

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **বাদ: অপরিচালন ব্যয়:** | | | |
| ঋণপত্রের সুদ | | | ৭,২০০ |
| **করপূর্ব নিট মুনাফা** | | | ৪৪,৮০০ |
| বাদ: আয়কর সঞ্চিতি | | | (১৫,০০০) |
| **নিট মুনাফা** | | | ২৯,৮০০ |

**উত্তর:** নিট মুনাফা ২৯,৮০০ টাকা।

গ

**রাজিব কোম্পানি লি.**
**মালিকানা স্বত্ব বিবরণী**
২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | শেয়ার মূলধন | সঞ্চিতি তহবিল | আবণ্টিত মুনাফা | মোট টাকা |
|---|---|---|---|---|
| প্রারম্ভিক ব্যালেন্স | ১,৫০,০০০ | ৪০,০০০ | ৫০,০০০ | ২,৪০,০০০ |
| নিট মুনাফা চলতি বছরের | | | ২৯,৮০০ | ২৯,৮০০ |
| অন্তর্বর্তীকালীন লভ্যাংশ | | | (১০,০০০) | (১০,০০০) |
| আয়কর প্রদান | | | (১৫,০০০) | (১৫,০০০) |
| সঞ্চিতি তহবিলে স্থানান্তর | | ১০,০০০ | (১০,০০০) | |
| ঘোষিত লভ্যাংশ | | | (১৫,০০০) | (১৫,০০০) |
| সমাপনী ব্যালেন্স | ১,৫০,০০০ | ৫০,০০০ | ২৯,৮০০ | ২,২৯,৮০০ |

**উত্তর:** সমাপনী সংরক্ষিত আয় ২৯,৮০০ টাকা এবং মালিকানা স্বত্ব ২,২৯,৮০০ টাকা।

**প্রশ্ন ▶৩০** ডলফিন লিমিটেড প্রতিটি ১০০ টাকা ৫,০০০ শেয়ার নিয়ে নিবন্ধিত হয়েছিল। কোম্পানির হিসাবের বইপত্র থেকে নিচের রেওয়ামিলটি প্রস্তুত করা হয়েছে:

**ডলফিন লিমিটেড**
**রেওয়ামিল**
২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখের

| ক্রমিক নং | হিসাব শিরোনাম | খ: পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১. | নগদ তহবিল | | ৫০,০০০ | |
| ২. | প্রদেয় নোট | | | ২৫,০০০ |
| ৩. | দালানকোঠা | | ২,৫০,০০০ | |
| ৪. | পণ্য ক্রয় ও বিক্রয় | | ৩,৫০,০০০ | ৫,০০,০০০ |
| ৫. | পণ্য ফেরত | | ৮,৫০০ | ১০,৫০০ |
| ৬. | প্রারম্ভিক মজুদ | | ৩৫,০০০ | |
| ৭. | মজুরি ব্যয় | | ২০,০০০ | |
| ৮. | বেতন ব্যয় | | ২৪,০০০ | |
| ৯. | ভাড়া ব্যয় | | ১৬,০০০ | |
| ১০. | লভ্যাংশ প্রদান | | ২২,০০০ | |
| ১১. | শেয়ার মূলধন (সম্পূর্ণরূপে পরিশোধিত) | | | ২,৫০,০০০ |
| ১২. | প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | | ৮৫,০০০ | ৭৫,০০০ |
| ১৩. | রক্ষিত আয় | | | ১৫,০০০ |
| ১৪. | অফিস সরঞ্জাম | | ৩০,০০০ | |
| ১৫. | ১২% বিনিয়োগ | | ১,২০,০০০ | |
| ১৬. | ১০% ব্যাংক ঋণ | | | ১,৬০,০০০ |
| ১৭. | ব্যাংক ব্যালেন্স | | ২৫,০০০ | |
| | | | ১০,৩৫,৫০০ | ১০,৩৫,৫০০ |

**অন্যান্য তথ্য:** (i) সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ৫২,০০০ টাকা কিন্তু এর বর্তমান বাজারমূল্য ৫০,০০০ টাকা। (ii) প্রাপ্য হিসাবের ৪% অনাদায়যোগ্য বলে বিবেচিত হয়েছে। (iii) মজুরি ব্যয় বকেয়া ২,৫০০ টাকা। (iv) অফিস সরঞ্জামের ওপর ৭.৫% হারে এবং দালানের ওপর ৫% হারে অবচয় ধার্য করতে হবে। (v) কোম্পানি শেয়ার মূলধনের ওপর ১০% হারে লভ্যাংশ ঘোষণা করেছে।

ক. ব্যাংক ঋণের সুদ, বিনিয়োগের সুদ ও স্থায়ী সম্পত্তিসমূহের অবচয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. ২০১৮ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত সমাপ্ত বছরের জন্য কোম্পানির নিট আয় ৮৪,৭৫০ টাকা হয়েছে, এ তথ্যের ভিত্তিতে রক্ষিত আয় বিবরণী প্রস্তুত করো। ৪

গ. ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

**৩০ নং প্রশ্নের সমাধান**

**ক** ব্যাংক ঋণের সুদ, বিনিয়োগের সুদ ও স্থায়ী সম্পত্তির অবচয় নির্ণয়:

ব্যাংক ঋণের সুদ = ১,৬০,০০০ × ১০%
= ১৬,০০০ টাকা

বিনিয়োগের সুদ = ১,২০,০০০ × ১২%
= ১৪,৪০০ টাকা

স্থায়ী সম্পত্তিসমূহের অবচয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| দালানকোঠা (২,৫০,০০০ × ৫%) | ১২,৫০০ | |
| অফিস সরঞ্জাম (৩০,০০০ × ৭.৫%) | ২,২৫০ | |
| **স্থায়ী সম্পত্তিসমূহের অবচয়** | | ১৪,৭৫০ |

**উত্তর:** ব্যাংক ঋণের সুদ ১৬,০০০ টাকা; বিনিয়োগের সুদ ১৪,৪০০ টাকা; অবচয় ১৪,৭৫০ টাকা।

**খ**

**ডলফিন লিমিটেড**
**রক্ষিত আয় বিবরণী**
২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| প্রারম্ভিক রক্ষিত আয় | ১৫,০০০ | |
| যোগ: চলতি বছরের নিট মুনাফা | ৮৪,৭৫০ | |
| | | ৯৯,৭৫০ |
| **বাদ: মুনাফা হতে বণ্টন:** | | |
| লভ্যাংশ প্রদান | ২২,০০০ | |
| ঘোষিত লভ্যাংশ (২,৫০,০০০ × ১০%) | ২৫,০০০ | (৪৭,০০০) |
| **সমাপনী সংরক্ষিত আয়** | | ৫২,৭৫০ |

**উত্তর:** সমাপনী সংরক্ষিত আয় ৫২,৭৫০ টাকা।

**গ**

**ডলফিন লিমিটেড**
**আর্থিক অবস্থার বিবরণী**
৩১ ডিসেম্বর, ২০১৮

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **সম্পদসমূহ** | | | |
| **স্থায়ী সম্পদ:** | | | |
| দালানকোঠা | ২,৫০,০০০ | | |
| বাদ: পুঞ্জীভূত অবচয় | (১২,৫০০) | ২,৩৭,৫০০ | |
| অফিস সরঞ্জাম | ৩০,০০০ | | |
| বাদ: পুঞ্জীভূত অবচয় | (২,২৫০) | ২৭,৭৫০ | |
| **মোট স্থায়ী সম্পদ** | | | ২,৬৫,২৫০ |

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **দীর্ঘমেয়াদি বিনিয়োগ:** | | | |
| ১২% বিনিয়োগ | | | ১,২০,০০০ |
| **চলতি সম্পদ:** | | | |
| নগদ তহবিল | | ৫০,০০০ | |
| ব্যাংক ব্যালেন্স | | ২৫,০০০ | |
| সমাপনী মজুদ পণ্য | | ৫০,০০০ | |
| প্রাপ্য হিসাব | ৮৫,০০০ | | |
| বাদ: অনাদায়ী পাওনা সঞ্চিতি | (৩,৪০০) | ৮১,৬০০ | |
| বিনিয়োগের অনাদায়ী সুদ | | ১৪,৪০০ | |
| **মোট চলতি সম্পদ** | | | ২,২১,০০০ |
| **মোট সম্পদ** | | | ৬,০৬,২৫০ |
| **শেয়ারহোল্ডারদের স্বত্ব ও দায়সমূহ** | | | |
| **শেয়ার মূলধন:** | | | |
| **অনুমোদিত মূলধন:** | | | |
| ৫,০০০ শেয়ার প্রতিটি ১০০ টাকা দরে | | | ৫,০০,০০০ |
| **ইস্যুকৃত, বিলিকৃত ও পরিশোধিত মূলধন:** | | | |
| ২,৫০০ শেয়ার প্রতিটি ১০০ টাকা দরে | | | ২,৫০,০০০ |
| **সঞ্চিতি ও উদ্বৃত্ত:** | | | |
| সমাপনী সংরক্ষিত আয় | | | ৫২,৭৫০ |
| **দীর্ঘমেয়াদি দায়:** | | | |
| ১০% ব্যাংক ঋণ | | | ১,৬০,০০০ |
| **চলতি দায়:** | | | |
| প্রদেয় নোট | | ২৫,০০০ | |
| প্রদেয় হিসাব | | ৭৫,০০০ | |
| বকেয়া মজুরি | | ২,৫০০ | |
| ঋণের বকেয়া সুদ | | ১৬,০০০ | |
| ঘোষণাকৃত লভ্যাংশ | | ২৫,০০০ | |
| **মোট চলতি দায়** | | | ১,৪৩,৫০০ |
| **শেয়ারহোল্ডারদের স্বত্ব ও মোট দায়** | | | ৬,০৬,২৫০ |

**উত্তর:** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৬,০৬,২৫০ টাকা।

**প্রশ্ন ▶৩১** ৪০,০০০ শেয়ারে বিভক্ত ৮,০০,০০০ টাকা অনুমোদিত মূলধনে নিবন্ধিত হয়। ২০১৮ সালে ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানির রেওয়ামিল নিম্নে দেওয়া হলো:

**রেওয়ামিল**

৩১ ডিসেম্বর, ২০১৮

| হিসাবের নাম | খ:পৃ: | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|---|
| শেয়ার মূলধন (প্রতিটি শেয়ার ২০ টাকা মূল্যের ২০,০০০ শেয়ার) | | | ৪,০০,০০০ |
| ৫% বিনিয়োগ | | ১,৮০,০০০ | |
| কলকব্জা ও যন্ত্রপাতি | | ১,৬০,০০০ | |
| মজুদ পণ্য (১.১.১৮) | | ১,৮৬,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | | ৬,১০,০০০ | ১১,১০,০০০ |
| শেয়ার হস্তান্তর ফি | | | ১০,০০০ |
| শিক্ষানবিশ ভাতা | | ৩০,০০০ | |
| সাধারণ সঞ্চিতি | | | ১,০০,০০০ |
| ব্যবস্থাপক পরিচালককে প্রদত্ত ঋণ | | ১,৭০,০০০ | |
| নগদ ও ব্যাংক উদ্বৃত্ত | | ১,১০,০০০ | |
| বাট্টা | | ১৬,০০০ | ১০,০০০ |
| বেতন | | ৫২,০০০ | |

| হিসাবের নাম | খ:পৃ: | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|---|
| ভাড়া | | ২০,০০০ | |
| প্রাথমিক খরচ | | ৩৬,০০০ | |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | | ২,০০,০০০ | ১,০০,০০০ |
| অন্তর্বর্তীকালীন লভ্যাংশ | | ৭০,০০০ | |
| সংরক্ষিত আয় বিবরণীর জের (১.১.১৮) | | | ১,১০,০০০ |
| | | ১৮,৪০,০০০ | ১৮,৪০,০০০ |

**সমন্বয়সমূহ:** ১. সমাপনী মজুদ পণ্য ২,৫০,০০০ টাকায় মূল্যায়ন করা হয়েছে। ২. বিগত দুই মাসের ভাড়া অপরিশোধিত রয়েছে। ৩. প্রস্তাবিত লভ্যাংশের জন্য ১০% সংরক্ষণ করতে হবে। ৪. সাধারণ সঞ্চিতির পরিমাণ ১,২০,০০০ টাকায় উন্নীত করো।

ক. চলতি সম্পদের পরিমাণ নির্ণয় করো। ২
খ. নিট লাভ বা ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪
গ. সংরক্ষিত আয় বিবরণী প্রস্তুত করো। ৪

**৩১ নং প্রশ্নের সমাধান**

**ক** চলতি সম্পদের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| বিনিয়োগের অনাদায়ী সুদ (১,৮০,০০০ × ৫%) | ৯,০০০ | |
| নগদ ও ব্যাংক উদ্বৃত্ত | ১,১০,০০০ | |
| প্রাপ্য হিসাব | ২,০০,০০০ | |
| সমাপনী মজুদ পণ্য | ২,৫০,০০০ | |
| **মোট চলতি সম্পদ** | | ৫,৬৯,০০০ |

**উত্তর:** মোট চলতি সম্পদ ৫,৬৯,০০০ টাকা।

**খ**

**বিশদ আয় বিরবণী**

২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| ব্রিকয় | | | ১১,১০,০০০ |
| **বাদ: বিক্রীত পণ্যের ব্যয়:** | | | |
| মজুদ পণ্য (১.১.১৬) | | ১,৮৬,০০০ | |
| ক্রয় | | ৬,১০,০০০ | |
| | | ৭,৯৬,০০০ | |
| বাদ: সমাপনী মজুদ পণ্য | | (২,৫০,০০০) | (৫,৪৬,০০০) |
| **মোট মুনাফা** | | | ৫,৬৪,০০০ |
| **যোগ: পরোক্ষ পরিচালন আয়:** | | | |
| প্রাপ্ত বাট্টা | | | ১০,০০০ |
| | | | ৫,৭৪,০০০ |
| **বাদ: পরিচালন ব্যয়:** | | | |
| প্রদত্ত বাট্টা | | ১৬,০০০ | |
| বেতন | | ৫২,০০০ | |
| ভাড়া | ২০,০০০ | | |
| যোগ: বকেয়া (২০,০০০ × $^{2}/_{10}$) | ৪,০০০ | ২৪,০০০ | (৯২,০০০) |
| **পরিচালন মুনাফা** | | | ৪,৮২,০০০ |
| **অপরিচালন আয়:** | | | |
| বিনিয়োগের সুদ | ৯,০০০ | | |
| শেয়ার হস্তান্তর ফি | ১০,০০০ | ১৯,০০০ | |
| **বাদ: অপরিচালন ব্যয়:** | | | |
| শিক্ষানবিশ ভাতা | | (৩০,০০০) | |
| **নিট অপরিচালন ব্যয়** | | | (১১,০০০) |
| **নিট মুনাফা** | | | ৪,৭১,০০০ |

**উত্তর:** নিট মুনাফা ৪,৭১,০০০ টাকা।

গ

**সংরক্ষিত আয় বিবরণী**

২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| সংরক্ষিত আয়ের প্রারম্ভিক উদ্বৃত্ত | ১,১০,০০০ | |
| যোগ: চলতি বছরের নিট মুনাফা (খ হতে প্রাপ্ত) | ৪,৭১,০০০ | ৫,৮১,০০০ |
| **বাদ: বন্টনসমূহ:** | | |
| অন্তবর্তীকালীন লভ্যাংশ | ৭০,০০০ | |
| প্রস্তাবিত লভ্যাংশ (৪,০০,০০০ × ১০%) | ৪০,০০০ | |
| সাধারণ সঞ্চিতি তহবিলে স্থানান্তর (১,২০,০০০ - ১,০০,০০০) | ২০,০০০ | (১,৩০,০০০) |
| **সংরক্ষিত আয়ের সমাপনী উদ্বৃত্ত** | | ৪,৫১,০০০ |

**উত্তর:** সংরক্ষিত আয়ের সমাপনী উদ্বৃত্ত ৪,৫১,০০০ টাকা।

**প্রশ্ন ▶৩২** হাশিম লিমিটেড-এর ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রস্তুতকৃত রেওয়ামিলটি নিচে প্রদত্ত হলো:

**হাশিম লিমিটেড**

**রেওয়ামিল**

৩১ ডিসেম্বর, ২০১৮

| ক্রমিক নং | হিসাবের নাম | খ:পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১. | সাধারণ শেয়ার মূলধন | | | ৫,০০,০০০ |
| ২. | ১২% অগ্রাধিকার শেয়ার মূলধন | | | ১,০০,০০০ |
| ৩. | যন্ত্রপাতি | | ৩,০০,০০০ | |
| ৪. | ১২% ঋণপত্র | | | ২,০০,০০০ |
| ৫. | প্রারম্ভিক মজুদ পণ্য | | ২০,০০০ | |
| ৬. | ৮% বিনিয়োগ | | ২,০০,০০০ | |
| ৭. | পণ্য ক্রয় ও পণ্য বিক্রয় | | ৩,৪৫,০০০ | ৬,৯০,০০০ |
| ৮. | বেতন | | ২০,০০০ | |
| ৯. | অগ্রিম খরচ | | ২,০০০ | |
| ১০. | প্রাপ্য ও প্রদেয় হিসাব | | ২০,০০০ | ১৮,০০০ |
| ১১. | বকেয়া বেতন | | | ৮,০০০ |
| ১২. | শেয়ার অধিহার | | | ১৮,০০০ |
| ১৩. | সুনাম | | ২,২০,০০০ | |
| ১৪. | সাধারণ সঞ্চিতি | | | ২০,০০০ |
| ১৫. | অবণ্টিত মুনাফা | | | ৭০,০০০ |
| ১৬. | নগদ তহবিল | | ২,০০,০০০ | |
| ১৭. | ব্যাংক জমা | | ১,৮০,০০০ | |
| ১৮. | অফিস খরচ | | ৮০,০০০ | |
| ১৯. | ভ্যাট চলতি হিসাব | | | ১০,০০০ |
| ২০. | অবলেখকের কমিশন | | ১৭,০০০ | |
| ২১. | শেয়ার হস্তান্তর ফি | | | ৫,০০০ |
| ২২. | অন্তবর্তীকালীন লভ্যাংশ | | ৩৫,০০০ | |
| | | | ১৬,৩৯,০০০ | ১৬,৩৯,০০০ |

**অন্যান্য তথ্য:** i. সমাপনী মজুদ পণ্য ১,৩০,০০০ টাকা। ১২,০০০ টাকার পণ্য সমাপনী মজুদের অন্তর্ভুক্ত যা ক্রেতাদের সরবরাহ করা হয়নি। ii. ক্রয় ও বিক্রয়ের মধ্যে ভ্যাট অন্তর্ভুক্ত আছে। iii. বেতন বকেয়া রয়েছে ৫০০ টাকা। iv. সাধারণ সঞ্চিতি তহবিলে স্থানান্তর ২০,০০০ টাকা। v. অগ্রাধিকার শেয়ারহোল্ডারদের ১২% এবং সাধারণ শেয়ারহোল্ডারগণকে ১০% লভ্যাংশ প্রদানের সিদ্ধান্ত পরিচালনা পর্ষদে গৃহীত হয়। vi. চলতি বছর ব্যবসায়ের করপূর্ব নিট আয়ের পরিমাণ ২,৯৪,৫০০ টাকা।

ক. হাশিম লিমিটেড-এর ভ্যাট চলতি হিসাব তৈরি করো। ২

খ. ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে হাশিম লি.-এর মালিকানা স্বত্ব বিবরণী প্রস্তুত করো। ৪

গ. ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে আর্থিক অবস্থার বিবরণী তৈরি করো। ৪

## ৩২ নং প্রশ্নের সমাধান

ক

**হাশিম লিমিটেড**
**ভ্যাট চলতি হিসাব**

হিসাবের কোড নং—

| তারিখ | বিবরণ | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | জের ডেবিট | জের ক্রেডিট |
|---|---|---|---|---|---|
| ২০১৮ জানু.-১ | ব্যালেন্স বি/ডি | | | | ১০,০০০ |
| ডিসে.-৩১ | ক্রয় হিসাব $\left(\frac{৩,৪৫,০০০ \times ১৫}{১১৫}\right)$ | ৪৫,০০০ | | ৩৫,০০০ | |
| ডিসে.-৩১ | বিক্রয় হিসাব $\left(\frac{৬,৯০,০০০ \times ১৫}{১১৫}\right)$ | | ৯০,০০০ | | ৫৫,০০০ |

**উত্তর:** ভ্যাট চলতি হিসাবের জের ৫৫,০০০ টাকা (ক্রেডিট)।

খ

**হাশিম লিমিটেড**
**মালিকানা স্বত্ব বিবরণী**
২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | সাধরণ শেয়ার মূলধন | অগ্রাধিকার শেয়ার মূলধন | সাধারণ সঞ্চিতি | শেয়ার অধিহার | সংরক্ষিত আয় | মোট |
|---|---|---|---|---|---|---|
| প্রারম্ভিক উদ্বৃত্ত | ৫,০০,০০০ | ১,০০,০০০ | ২০,০০০ | ১৮,০০০ | ৭০,০০০ | ৭,০৮,০০০ |
| নিট লাভ (চলতি বছর) | | | | | ২,৯৪,৫০০ | ২,৯৪,৫০০ |
| অন্তর্বর্তীকালীন লভ্যাংশ | | | | | (৩৫,০০০) | (৩৫,০০০) |
| সাধারণ সঞ্চিতি তহবিলে স্থানান্তর | | | ২০,০০০ | | (২০,০০০) | |
| অগ্রাধিকার শেয়ার লভ্যাংশ | | | | | (১২,০০০) | (১২,০০০) |
| সাধারণ শেয়ার লভ্যাংশ | | | | | (৫০,০০০) | (৫০,০০০) |
| **সমাপনী উদ্বৃত্ত** | ৫,০০,০০০ | ১,০০,০০০ | ৪০,০০০ | ১৮,০০০ | ২,৪৭,৫০০ | ৯,০৫,৫০০ |

**উত্তর:** সমাপনী মালিকানা স্বত্ব ৯,০৫,৫০০ টাকা।

গ

**হাশিম লিমিটেড**
**আর্থিক অবস্থার বিবরণী**
৩১ ডিসেম্বর ২০১৮

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **সম্পদসমূহ** | | | |
| **স্থায়ী সম্পদ:** | | | |
| যন্ত্রপাতি | | ৩,০০,০০০ | |
| সুনাম | | ২,২০,০০০ | |
| **মোট স্থায়ী সম্পদ** | | | ৫,২০,০০০ |
| **দীর্ঘমেয়াদি বিনিয়োগ:** | | | |
| ৮% বিনিয়োগ | | | ২,০০,০০০ |
| **চলতি সম্পদ:** | | | |
| বিনিয়োগের অনাদায়ী সুদ (২,০০,০০০ × ৮%) | | ১৬,০০০ | |
| অগ্রিম খরচ | | ২,০০০ | |
| প্রাপ্য হিসাব | | ২০,০০০ | |
| নগদ তহবিল | | ২,০০,০০০ | |
| ব্যাংক জমা | | ১,৮০,০০০ | |
| সমাপনী মজুদ পণ্য | ১,৩০,০০০ | | |
| বাদ: অসরবরাহকৃত পণ্য | (১২,০০০) | ১,১৮,০০০ | |
| **মোট চলতি সম্পদ** | | | ৫,৩৬,০০০ |
| **অসমন্বয়কৃত ব্যয়:** | | | |
| অবলেখকের কমিশন | | | ১৭,০০০ |
| **মোট সম্পদ** | | | ১২,৭৩,০০০ |

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **শেয়ার মূলধন ও দায়সমূহ** | | | |
| **শেয়ার মূলধন:** | | | |
| **অনুমোদিত মূলধন:** | | | |
| প্রতিটি ..... টাকা মূল্যের .... সাধারণ শেয়ার | | ××× | |
| প্রতিটি ..... টাকা মূল্যের .... অগ্রাধিকার শেয়ার | | ××× | ××× |
| **ইস্যুকৃত, বিলিকৃত ও পরিশোধিত মূলধন:** | | | |
| প্রতিটি .......... টাকা মূল্যের ....... সাধারণ শেয়ার | | ৫,০০,০০০ | |
| প্রতিটি ......... টাকা মূল্যের ........... অগ্রাধিকার শেয়ার | | ১,০০,০০০ | ৬,০০,০০০ |
| **সঞ্চিতি ও উদ্বৃত্ত:** | | | |
| সাধারণ সঞ্চিতি | ২০,০০০ | | |
| যোগ: নতুন স্থানান্তর | ২০,০০০ | ৪০,০০০ | |
| সংরক্ষিত আয় (সমাপনী) | | ২,৪৭,৫০০ | |
| শেয়ার অধিহার | | ১৮,০০০ | |
| **মোট সঞ্চিতি ও উদ্বৃত্ত** | | | ৩,০৫,৫০০ |
| **দীর্ঘমেয়াদি দায়:** | | | |
| ১২% ঋণপত্র | | | ২,০০,০০০ |
| **চলতি দায় ও ভবিষ্যত ব্যবস্থা** | | | |
| ঋণপত্রের বকেয়া সুদ | | ২৪,০০০ | |
| প্রদেয় হিসাব | | ১৮,০০০ | |
| বকেয়া বেতন | ৮,০০০ | | |
| যোগ: চলতি বছরের বকেয়া | ৫০০ | ৮,৫০০ | |
| ভ্যাট চলতি হিসাবের জের | | ৫৫,০০০ | |
| **ঘোষিত লভ্যাংশ:** | | | |
| অগ্রাধিকার শেয়ার | ১২,০০০ | | |
| সাধারণ শেয়ার | ৫০,০০০ | ৬২,০০০ | ১,৬৭,৫০০ |
| **শেয়ার মূলধন ও মোট দায়** | | | ১২,৭৩,০০০ |

**উত্তর:** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ১২,৭৩,০০০ টাকা।

**প্রশ্ন ▶৩৩** নিতু কোম্পানি লিমিটেডের বই হতে নিম্নলিখিত রেওয়ামিল নেয়া হয়েছে –

**নিতু কোম্পানি লিমিটেড**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০১৮

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| শেয়ার মূলধন (প্রতিটি ২০ টাকা করে ২০,০০০ শেয়ার) | | ৪,০০,০০০ |
| দালানকোঠা | ১,৮০,০০০ | |
| কলকব্জা ও যন্ত্রপাতি | ২,৫০,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ২,০০,০০০ | ৪,৬০,০০০ |
| ১২% ঋণপত্র | | ১,০০,০০০ |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ৭৫,০০০ | ২৫,০০০ |
| বেতন | ৬০,০০০ | |
| মজুরি | ৩০,০০০ | |
| ভাড়া | ১৫,০০০ | |
| শেয়ার হস্তান্তর ফি | | ৩,০০০ |
| মজুদ পণ্য (০১-০১-২০১৮) | ৭০,০০০ | |
| বহিঃফেরত | | ৫,০০০ |
| বিমা সেলামি (১৫ মাস) | ১৫,০০০ | |
| সাধারণ খরচাবলি | ৪০,০০০ | |

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| শুল্ক | ১৫,০০০ | |
| ঋণপত্রের সুদ | ৩,০০০ | |
| বিজ্ঞাপন | ৩০,০০০ | |
| কুঋণ সঞ্চিতি | | ৭,০০০ |
| বিক্রয় পরিবহন | ১৭,০০০ | |
| | ১০,০০,০০০ | ১০,০০,০০০ |

**সমন্বয়সমূহ:** ১. বর্ষ শেষে মজুদ পণ্য ১,২৫,০০০ টাকায় মূল্যায়ন করা হয়েছে। ২. মজুরির মধ্যে মেশিন সংস্থাপন ব্যয় অন্তর্ভুক্ত আছে ৫,০০০ টাকা। পক্ষান্তরে মজুরি বকেয়া আছে ৫,০০০ টাকা। ৩. বিজ্ঞাপনের উদ্দেশ্যে বিনামূল্যে পণ্য বিতরণ করা হয়েছে ৫,০০০ টাকা। মোট বিজ্ঞাপনের ৮/১০ ভাগ বিলম্বিত করতে হবে। ৪. ২ মাসের বেতন বকেয়া আছে। ৫. কুঋণ সঞ্চিতি ১০% ধরতে হবে। ৬. দালানকোঠার ১০% এবং কলকব্জার ৫% অবচয় ধার্য করতে হবে।

ক. নিট স্থায়ী সম্পদের পরিমাণ নির্ণয় করো। ২

খ. নিতু কোম্পানি. লি.-এর ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের মোট লাভ বা ক্ষতি নির্ণয় করো। ৪

গ. নিতু কোম্পানি লিমিটেডের ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের নিট লাভ বা ক্ষতি নির্ণয় করো। ৪

**৩৩ নং প্রশ্নের সমাধান**

**ক** নিট স্থায়ী সম্পত্তির পরিমাণ নির্ণয়:

| হিসাব খাত | টাকা | টাকা |
|---|---|---|
| দালানকোঠা | ১,৮০,০০০ | |
| বাদ: পুঞ্জীভূত অবচয় | (১৮,০০০) | ১,৬২,০০০ |
| কলকব্জা | ২,৫০,০০০ | |
| যোগ: সংস্থাপন | ৫,০০০ | |
| | ২,৫৫,০০০ | |
| বাদ: পুঞ্জীভূত অবচয় | (১২,৭৫০) | ২,৪২,২৫০ |
| **নিট স্থায়ী সম্পত্তির পরিমাণ** | | ৪,০৪,২৫০ |

**উত্তর:** নিট স্থায়ী সম্পত্তির পরিমাণ ৪,০৪,২৫০ টাকা।

**টীকা:** মেশিন সংস্থাপন ব্যয়ের সুনির্দিষ্ট কোনো তারিখ না থাকায় পূর্ণ বছরের অবচয় ধার্য করা হলো।

**খ**

**নিতু কোম্পানি লিমিটেড**
**বিশদ আয় বিবরণী (আংশিক)**
২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| নিট বিক্রয় | | | ৪,৬০,০০০ |
| **বাদ: বিক্রীত পণ্যের ব্যয়:** | | | |
| প্রারম্ভিক মজুদ পণ্য | | ৭০,০০০ | |
| ক্রয় | ২,০০,০০০ | | |
| বাদ: ফেরত | (৫,০০০) | | |
| | ১,৯৫,০০০ | | |
| বাদ: পণ্য বিতরণ | (৫,০০০) | | |
| **নিট ক্রয়** | | ১,৯০,০০০ | |
| মজুরি | ৩০,০০০ | | |
| বাদ: সংস্থাপন | (৫,০০০) | | |
| | ২৫,০০০ | | |
| যোগ: বকেয়া | ৫,০০০ | ৩০,০০০ | |
| শুল্ক | | ১৫,০০০ | |
| | | ৩,০৫,০০০ | |
| বাদ: সমাপনী মজুদ পণ্য | | (১,২৫,০০০) | (১,৮০,০০০) |
| **মোট লাভ** | | | ২,৮০,০০০ |

**উত্তর:** মোট লাভ ২,৮০,০০০ টাকা।

গ

**নিতু কোম্পানি লিমিটেড**
**বিশদ আয় বিবরণী (আংশিক)**
২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| মোট লাভ (খ থেকে প্রাপ্ত) | | | ২,৮০,০০০ |
| **বাদ: পরিচালন ব্যয়:** | | | |
| বেতন | ৬০,০০০ | | |
| যোগ: বকেয়া | ১২,০০০ | ৭২,০০০ | |
| ভাড়া | | ১৫,০০০ | |
| বিক্রয় পরিবহন | | ১৭,০০০ | |
| বিমা সেলামি | ১৫,০০০ | | |
| বাদ: অগ্রিম | (৩,০০০) | ১২,০০০ | |
| সাধারণ খরচাবলি | | ৪০,০০০ | |
| বিজ্ঞাপন | ৩০,০০০ | | |
| যোগ: পণ্য বিতরণ | ৫,০০০ | | |
| | ৩৫,০০০ | | |
| বাদ: বিলম্বিত | (২৮,০০০) | ৭,০০০ | |
| নতুন কুঋণ সঞ্চিতি | ৭,৫০০ | | |
| বাদ: পুরাতন কুঋণ সঞ্চিতি | (৭,০০০) | ৫০০ | |
| অবচয়: | | | |
| দালানকোঠা | ১৮,০০০ | | |
| কলকব্জা | ১২,৭৫০ | ৩০,৭৫০ | |
| | | | (১,৯৪,২৫০) |
| **পরিচালন মুনাফা** | | | ৮৫,৭৫০ |
| **অপরিচালন আয়:** | | | |
| শেয়ার হস্তান্তর ফি | | ৩,০০০ | |
| **বাদ: অপরিচালন ব্যয়:** | | | |
| ঋণপত্রের সুদ | ৩,০০০ | | |
| যোগ: বকেয়া | ৯,০০০ | (১২,০০০) | |
| **নিট অপরিচালন ব্যয়** | | | (৯,০০০) |
| **নিট লাভ** | | | ৭৬,৭৫০ |

**উত্তর:** নিট লাভ ৭৬,৭৫০ টাকা।

**প্রশ্ন ▶৩৪** সোনালী কোম্পানি লিমিটেডের হিসাব বহি হতে নিম্নবর্ণিত রেওয়ামিলটি নেয়া হয়েছে:

**সোনালী কোম্পানি লিমিটেড**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০১৮

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| শেয়ার মূলধন (প্রতিটি ১০ টাকা করে ১০,০০০ শেয়ার) | | ১,০০,০০০ |
| ১০% ঋণপত্র (০১-০৭-১৮) | | ৫০,০০০ |
| ক্রয় ও বিক্রয় | ৫০,০০০ | ১,১৫,০০০ |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ২৫,০০০ | ২৫,৮০০ |
| সাধারণ সঞ্চিতি | | ১০,০০০ |
| ইজারা প্রাঙ্গণ | ২০,০০০ | |
| দালানকোঠা | ৪৫,০০০ | |
| কলকব্জা ও যন্ত্রপাতি | ৬০,০০০ | |
| মজুরি | ১০,০০০ | |
| বেতন | ২৪,০০০ | |
| কুঋণ | ১,৩০০ | |
| মজুদ পণ্য (০১-০১-১৮) | ১৭,০০০ | |

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| শেয়ার হস্তান্তর ফি | | ২০০ |
| বিমা সেলামি | ৩,০০০ | |
| আয়কর | ৬,০০০ | |
| সাধারণ খরচাবলি | ১৫,১০০ | |
| বহিঃফেরত | | ২,৫০০ |
| প্রাথমিক খরচাবলি | ৮,৬০০ | |
| কুঋণ সঞ্চিতি | | ১,০০০ |
| বিজ্ঞাপন | ৪,০০০ | |
| লভ্যাংশ প্রদান | ৫,০০০ | |
| সুনাম | ৬,০০০ | |
| আসবাবপত্র | ৩,০০০ | |
| রক্ষিত আয় (প্রারম্ভিক) | | ১০,৮০০ |
| ব্যাংক জমা | ১২,৩০০ | |
| | ৩,১৫,৩০০ | ৩,১৫,৩০০ |

**সমন্বয়সমূহ:** ১. সমাপনী মজুদ পণ্য ৩২,০০০ টাকা। ২. বেতন ৫,০০০ টাকা বকেয়া রয়েছে। ৩. প্রাপ্য হিসাবের ৭০০ টাকা আদায়যোগ্য নহে। অবশিষ্ট প্রাপ্য হিসাবের ১০% নিয়ে কুঋণ সঞ্চিতি তৈরি করতে হবে। ৪. দালানকোঠার ২%, কলকব্জা ও যন্ত্রপাতির ৭১/২% এবং আসবাবপত্রের ১০% অবচয় ধার্য করতে হবে। ৫. বিজ্ঞাপনের ৫০% অংশ বিলম্বিত করতে হবে। ৬. সাধারণ সঞ্চিতি হিসাবে ৫,০০০ টাকা স্থানান্তর করতে হবে। ৭. পরিশোধিত মূলধনের ৫% লভ্যাংশ ঘোষণা করতে হবে। (৮) উপরোক্ত সমন্বয়গুলো ছাড়া ও অন্যান্য ক্ষেত্রে সমন্বয়ের প্রয়োজন থাকলে করতে হবে।

ক. সমাপ্ত বছরের মোট মুনাফার পরিমাণ নির্ণয় করো। ২

খ. কোম্পানির নিট লাভের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. মোট সম্পদ ২,০৫,০৭০ টাকা এবং সমাপনী রক্ষিত আয় ১,৭৭০ টাকা ধরে কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

## ৩৪ নং প্রশ্নের সমাধান

ক

**সোনালী কোম্পানি লিমিটেড**
**বিশদ আয় বিবরণী (আংশিক)**
২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| বিক্রয় | | | ১,১৫,০০০ |
| **বাদ: বিক্রীত পণ্যের ব্যয়:** | | | |
| প্রারম্ভিক মজুদ পণ্য | | ১৭,০০০ | |
| ক্রয় | ৫০,০০০ | | |
| বাদ: ফেরত | (২,৫০০) | ৪৭,৫০০ | |
| মজুরি | | ১০,০০০ | |
| | | ৭৪,৫০০ | |
| বাদ: সমাপনী মজুদ পণ্য | | (৩২,০০০) | |
| | | | (৪২,৫০০) |
| **মোট লাভ** | | | ৭২,৫০০ |

**উত্তর:** মোট লাভ ৭২,৫০০ টাকা।

খ

**সোনালী কোম্পানি লিমিটেড**
**বিশদ আয় বিবরণী**
২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| মোট লাভ [ক থেকে প্রাপ্ত] | | | ৭২,৫০০ |
| **বাদ: পরিচালন ব্যয়:** | | | |
| বেতন | ২৪,০০০ | | |
| যোগ: বকেয়া | ৫,০০০ | ২৯,০০০ | |
| কুঋণ | ১,৩০০ | | |
| যোগ: নতুন কুঋণ | ৭০০ | | |
| | ২,০০০ | | |

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| যোগ: নতুন কুঋণ সঞ্চিতি | ২,৪৩০ | | |
| | ৪,৪৩০ | | |
| বাদ: পুরাতন কুঋণ সঞ্চিতি | (১,০০০) | ৩,৪৩০ | |
| বিমা সেলামি | | ৩,০০০ | |
| সাধারণ খরচাবলি | | ১৫,১০০ | |
| বিজ্ঞাপন | ৪,০০০ | | |
| বাদ: বিলম্বিত | (২,০০০) | ২,০০০ | |
| অবচয়: | | | |
| দালানকোঠা | ৯০০ | | |
| কলকব্জা | ৪,৫০০ | | |
| আসবাবপত্র | ৩০০ | ৫,৭০০ | |
| | | | (৫৮,২৩০) |
| **পরিচালন মুনাফা** | | | ১৪,২৭০ |
| **অপরিচালন আয়:** | | | |
| শেয়ার হস্তান্তর ফি | | ২০০ | |
| **বাদ: অপরিচালন ব্যয়:** | | | |
| ঋণের বকেয়া সুদ | | (২,৫০০) | |
| **নিট অপরিচালন ব্যয়** | | | (২,৩০০) |
| **নিট লাভ** | | | ১১,৯৭০ |

**উত্তর:** নিট লাভ ১১,৯৭০ টাকা।

গ

**সোনালী কোম্পানি লিমিটেড**
**আর্থিক অবস্থার বিবরণী**
৩১ ডিসেম্বর, ২০১৮

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **সম্পদসমূহ** | | | |
| মোট সম্পদ (প্রশ্নে প্রদত্ত) | | | ২,০৫,০৭০ |
| **শেয়ারহোল্ডারদের স্বত্ব ও দায়সমূহ** | | | |
| **শেয়ার মূলধন:** | | | |
| **অনুমোদিত, ইস্যুকৃত, বিলিকৃত মূলধন:** | | | |
| প্রতিটি ১০ টাকা করে ...... শেয়ার | | | |
| **তলবকৃত মূলধন ও আদায়কৃত মূলধন:** | | | |
| প্রতিটি ১০ করে ১০,০০০ শেয়ার | | | ১,০০,০০০ |
| **সঞ্চিতি ও উদ্বৃত্ত:** | | | |
| সাধারণ সঞ্চিতি | ১০,০০০ | | |
| যোগ: নতুন স্থানান্তর | ৫,০০০ | ১৫,০০০ | |
| রক্ষিত আয় | | ১,৭৭০ | |
| **মোট সঞ্চিতি ও উদ্বৃত্ত** | | | ১৬,৭৭০ |
| **দীর্ঘমেয়াদি ঋণ:** | | | |
| ১০% ঋণপত্র | | | ৫০,০০০ |
| **চলতি দায়:** | | | |
| বকেয়া বেতন | | ৫,০০০ | |
| প্রদেয় হিসাব | | ২৫,৮০০ | |
| ঋণের বকেয়া সুদ | | ২,৫০০ | |
| ঘোষণাকৃত লভ্যাংশ | | ৫,০০০ | |
| **মোট চলতি দায়** | | | ৩৮,৩০০ |
| **শেয়ারহোল্ডারদের স্বত্ব ও মোট দায়** | | | ২,০৫,০৭০ |

**উত্তর:** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ২,০৫,০৭০ টাকা।

## বোর্ড পরীক্ষার প্রশ্ন ও সমাধান

**প্রশ্ন ▶৩৫** স্টার লিমিটেড-এর ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রস্তুতকৃত রেওয়ামিল নিম্নরূপ—

**স্টার লিমিটেড**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০১৫

| হিসাবের নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| মজুদ পণ্য (০১-০১-১৫) | ১৮,০০০ | শেয়ার মূলধন (প্রতি শেয়ার ১০ টাকা করে ১০,০০০ শেয়ার) | ১,০০,০০০ |
| পণ্য ক্রয় | ৬০,০০০ | | |
| আন্তঃফেরত | ১০,০০০ | শেয়ার অধিহার | ১০,০০০ |
| মজুরি | ৬,০০০ | পণ্য বিক্রয় | ১,২০,০০০ |
| বেতন | ১২,০০০ | প্রদেয় হিসাব | ১২,০০০ |
| বিজ্ঞাপন | ১৪,০০০ | সাধারণ সঞ্চিতি | ১০,০০০ |
| আয়কর | ৪,০০০ | বহিঃফেরত | ৫,০০০ |
| ব্যাংকে জমা | ১২,০০০ | | |
| প্রাপ্য হিসাব | ২০,০০০ | | |
| বিনিয়োগ | ২০,০০০ | | |
| আসবাবপত্র | ৫,০০০ | | |
| যন্ত্রপাতি | ৫০,০০০ | | |
| ইজারা সম্পদ (১০ বছরের জন্য) | ২০,০০০ | | |
| সুনাম | ৬,০০০ | | |
| | ২,৫৭,০০০ | | ২,৫৭,০০০ |

**সমন্বয়সমূহ:** ১. সমাপনী মজুদ পণ্য ৩২,০০০ টাকায় মূল্যায়ন করা হয়েছে, যার বাজারমূল্য ৪০,০০০ টাকা। ২. বিনামূল্যে ২,০০০ টাকা মূল্যের পণ্য বিতরণ করা হয় যা হিসাব বইতে লেখা হয় নি। মোট বিজ্ঞাপন খরচ চারটি হিসাব বছরে অবলোপন করতে হবে। ৩. মজুরি বকেয়া রয়েছে ৪,০০০ টাকা। ৪. সুনামের সম্পূর্ণ অংশ শেয়ার অধিহার দ্বারা অবলোপন করতে হবে। ৫. যন্ত্রপাতির ওপর ৫% এবং আসবাবপত্রের ওপর ১০% অবচয় ধার্য করতে হবে। *[চা. বো. ১৬]*

ক. চলতি বছরে বিজ্ঞাপন বাবদ খরচের পরিমাণ নির্ণয় করো। ২
খ. কোম্পানির মোট মুনাফা ৬১,০০০ টাকা ধরে নিট মুনাফা নির্ণয় করো। ৪
গ. উপর্যুক্ত তথ্যের আলোকে ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানির মোট সম্পদের পরিমাণ নির্ণয় করো। ৪

**৩৫ নং প্রশ্নের সমাধান**

**ক** চলতি বছরের বিজ্ঞাপন খরচের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| বিজ্ঞাপন | ১৪,০০০ | |
| যোগ: পণ্য বিতরণ | ২,০০০ | |
| | ১৬,০০০ | |
| বাদ: বিলম্বিত ($^{৩}/_{৪}$ অংশ) | ১২,০০০ | |
| **বিজ্ঞাপন খরচ** | | ৪,০০০ |

**উত্তর:** চলতি বছরের বিজ্ঞাপন খরচ ৪,০০০ টাকা।

**খ**

**স্টার লিমিটেড**
**বিশদ আয় বিবরণী**
২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| মোট মুনাফা (প্রশ্নে প্রদত্ত) | | | ৬১,০০০ |
| **বাদ: পরিচালন ব্যয়:** | | | |
| বেতন | | ১২,০০০ | |
| বিজ্ঞাপন খরচ (ক হতে প্রাপ্ত) | | ৪,০০০ | |

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **অবচয়সমূহ:** | | | |
| যন্ত্রপাতি (৫০,০০০ × ৫%) | ২,৫০০ | | |
| আসবাবপত্র (৫,০০০ × ১০%) | ৫০০ | ৩,০০০ | |
| ইজারা সম্পত্তির অবলোপন (২০,০০০ × $^1/_{10}$) | | ২,০০০ | (২১,০০০) |
| **নিট মুনাফা** | | | ৪০,০০০ |

**উত্তর:** নিট মুনাফা ৪০,০০০ টাকা।

গ

**স্টার লিমিটেড**
**আর্থিক অবস্থার বিবরণী (আংশিক)**
৩১ ডিসেম্বর ২০১৫

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **স্থায়ী সম্পদ:** | | | |
| সুনাম | ৬,০০০ | | |
| বাদ: শেয়ার অধিহার দ্বারা অবলোপন | ৬,০০০ | – | |
| আসবাবপত্র | ৫,০০০ | | |
| বাদ: পুঞ্জীভূত অবচয় | ৫০০ | ৪,৫০০ | |
| যন্ত্রপাতি | ৫০,০০০ | | |
| বাদ: পুঞ্জীভূত অবচয় | ২,৫০০ | ৪৭,৫০০ | |
| ইজারা সম্পত্তি | ২০,০০০ | | |
| বাদ: অবলোপন | ২,০০০ | ১৮,০০০ | |
| **মোট স্থায়ী সম্পদ** | | | ৭০,০০০ |
| **দীর্ঘমেয়াদি বিনিয়োগ:** | | | |
| বিনিয়োগ | | | ২০,০০০ |
| **চলতি সম্পদ:** | | | |
| ব্যাংক জমা | | ১২,০০০ | |
| প্রাপ্য হিসাব | | ২০,০০০ | |
| সমাপনী মজুদ পণ্য | | ৩২,০০০ | |
| **মোট চলতি সম্পদ** | | | ৬৪,০০০ |
| **অসমন্বিত ব্যয়:** | | | |
| বিলম্বিত বিজ্ঞাপন (ক থেকে প্রাপ্ত) | | | ১২,০০০ |
| **মোট সম্পদ** | | | ১,৬৬,০০০ |

**উত্তর:** মোট সম্পদ ১,৬৬,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ৩৬** মুন কোম্পানি লি.-এর বই হতে নিম্নবর্ণিত রেওয়ামিলটি নেয়া হয়েছে—

**মুন কোম্পানি লিমিটেড**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০১৫

| হিসাবের নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| সুনাম | ১,২০,০০০ | শেয়ার মূলধন (প্রতি শেয়ার ১০ টাকা হিসাবে) | ৩,০০,০০০ |
| ভূমি ও দালান | ১,৫০,০০০ | ১০% ঋণপত্র (০১-০৪-১৫) | ৬০,০০০ |
| কলকব্জা | ১,৬০,০০০ | সঞ্চিতি তহবিল | ৫০,০০০ |
| প্রাপ্য হিসাব | ৭৫,০০০ | সংরক্ষিত আয় (০১-০৪-১৫) | ২০,০০০ |
| ব্যাংক জমার উদ্বৃত্ত | ৬০,০০০ | প্রদেয় হিসাব | ৫০,০০০ |
| আয়কর | ১০,০০০ | বিক্রয় | ৩,৮৬,০০০ |
| অন্তর্বর্তীকালীন লভ্যাংশ | ৫,০০০ | | |
| আন্তঃফেরত | ১০,০০০ | | |
| ক্রয় | ২,২৫,০০০ | | |

| হিসাবের নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | ২৬,০০০ | | |
| পরিচালন ব্যয় | ২৫,০০০ | | |
| | ৮,৬৬,০০০ | | ৮,৬৬,০০০ |

**সমন্বয়সমূহ:** ১. সমাপনী মজুদ পণ্য ৭৫,০০০ টাকায় মূল্যায়ন করা হয়েছে। ২. অলিখিত বিক্রয় ৪,০০০ টাকা এবং মুনাফাবিহীন বিক্রয় ১৬,০০০ টাকা। ৩. নিট লাভের ১৪,৫০০ টাকা সঞ্চিতি তহবিলে স্থানান্তর করতে হবে। ৪. শেয়ার মূলধনের ১০% চূড়ান্ত লভ্যাংশ ঘোষণা করতে হবে। ৫. নিট মুনাফার ৫% শ্রমিকদের মুনাফা অংশীদারিত্ব তহবিলে স্থানান্তর করতে হবে। *[ঢা. বো. ১৬]*

ক. নিট বিক্রয়ের পরিমাণ নির্ণয় করো। ২
খ. ১,৭৪,৫০০ টাকা নিট মুনাফা ধরে সংরক্ষিত আয় বিবরণী প্রস্তুত করো। ৪
গ. আর্থিক অবস্থার বিবরণীর দায় ও মালিকানা স্বত্ব পার্শ্ব ছক আকারে প্রদর্শন করো। (গণনাসহ) ৪

**৩৬ নং প্রশ্নের সমাধান**

**ক** নিট বিক্রয়ের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| বিক্রয় | ৩,৮৬,০০০ | |
| যোগ: অলিখিত বিক্রয় | ৪,০০০ | |
| | ৩,৯০,০০০ | |
| বাদ: মুনাফাবিহীন বিক্রয় | ১৬,০০০ | |
| | ৩,৭৪,০০০ | |
| বাদ: আন্তঃফেরত | ১০,০০০ | |
| **নিট বিক্রয়** | | ৩,৬৪,০০০ |

**উত্তর:** নিট বিক্রয় ৩,৬৪,০০০ টাকা।

**খ**

**মুন কোম্পানি লিমিটেড**
**সংরক্ষিত আয় বিবরণী**
২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| সংরক্ষিত আয় (০১-০৪-১৫) | ২০,০০০ | |
| যোগ: নিট মুনাফা (প্রশ্নে প্রদত্ত) | ১,৭৪,৫০০ | |
| | | ১,৯৪,৫০০ |
| **বাদ: বন্টনসমূহ:** | | |
| আয়কর | ১০,০০০ | |
| অন্তর্বর্তীকালীন লভ্যাংশ | ৫,০০০ | |
| সঞ্চিতি তহবিলে স্থানান্তর | ১৪,৫০০ | |
| ঘোষণাকৃত লভ্যাংশ (৩,০০,০০০ × ১০%) (নোট-১) | ৩০,০০০ | |
| শ্রমিকের মুনাফা অংশীদারিত্ব তহবিলে স্থানান্তর (১,৭৪,৫০০ × ৫%) | ৮,৭২৫ | (৬৮,২২৫) |
| **সমাপনী সংরক্ষিত আয় উদ্বৃত্ত** | | ১,২৬,২৭৫ |

**উত্তর:** সংরক্ষিত আয় বিবরণীর সমাপনী জের ১,২৬,২৭৫ টাকা।

**নোট-১:** ঘোষণাকৃত লভ্যাংশ নিরূপণ করার ক্ষেত্রে শেয়ার মূলধনের ওপর সরাসরি ১০% ধার্য করা হয়েছে। এক্ষেত্রে ঘোষণাকৃত লভ্যাংশের সাথে অন্তর্বর্তীকালীন লভ্যাংশ সমন্বয় করার প্রয়োজন নেই।

**গ**

**মুন কোম্পানি লিমিটেড**
**আর্থিক অবস্থার বিবরণী (আংশিক)**
৩১ ডিসেম্বর ২০১৫

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **শেয়ার মালিকদের স্বত্ব ও দায়সমূহ** | | | |
| **শেয়ার মূলধন:** | | | |
| **অনুমোদিত মূলধন:** | | | |
| (প্রতিটি .... করে .... শেয়ার) | | | ××× |

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **ইস্যুকৃত, বিলিকৃত ও পরিশোধিত মূলধন:** | | | |
| (প্রতিটি ১০ টাকা মূল্যের ৩০,০০০ শেয়ার) | | | ৩,০০,০০০ |
| **সঞ্চিতি ও উদ্বৃত্ত:** | | | |
| সঞ্চিতি তহবিল | ৫০,০০০ | | |
| যোগ: নতুন সংযোজন | ১৪,৫০০ | ৬৪,৫০০ | |
| সংরক্ষিত আয় বিবরণীর জের (খ হতে প্রাপ্ত) | | ১,২৬,২৭৫ | |
| **মোট সঞ্চিতি ও উদ্বৃত্ত** | | | ১,৯০,৭৭৫ |
| **দীর্ঘমেয়াদি ঋণ:** | | | |
| ১০% ঋণপত্র | | | ৬০,০০০ |
| **চলতি দায় ও ভবিষ্যৎ ব্যবস্থা:** | | | |
| প্রদেয় হিসাব | | ৫০,০০০ | |
| ঋণপত্রের বকেয়া সুদ [(৬০,০০০ × ১০% × ৯/১২)] | | ৪,৫০০ | |
| প্রস্তাবিত লভ্যাংশ | | ৩০,০০০ | |
| শ্রমিকদের মুনাফা অংশীদারিত্ব তহবিল | | ৮,৭২৫ | ৯৩,২২৫ |
| **মোট দায় ও মালিকানা স্বত্ব** | | | ৬,৪৪,০০০ |

**উত্তর:** মোট দায় ও মালিকানা স্বত্ব ৬,৪৪,০০০ টাকা।

**প্রশ্ন ▶৩৭** মোহনা লিমিটেড-এর ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিলটি নিম্নরূপ—

**মোহনা লিমিটেড**

**রেওয়ামিল**

ডেবিট ৩১ ডিসেম্বর, ২০১৫ ক্রেডিট

| হিসাবের নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| সুনাম | ২,০০,০০০ | শেয়ার মূলধন (প্রতিটি ১০ টাকা মূল্যের ৬০,০০০ শেয়ার) | ৬,০০,০০০ |
| প্রাপ্য হিসাব | ৪,৪০,০০০ | | |
| ব্যাংক জমার উদ্বৃত্ত | ২,৮০,০০০ | বিক্রয় | ১১,৭৮,০০০ |
| মজুদ পণ্য (৩১-১২-২০১৫) | ১,৪০,০০০ | প্রদেয় হিসাব | ২,০০,০০০ |
| সাপ্লাইজ | ১৬,০০০ | অনাদায়ী পাওনা সঞ্চিতি | ১২,০০০ |
| সমন্বিত ক্রয় | ৭,০০,০০০ | ১০% ঋণপত্র | ১,২০,০০০ |
| প্রযুক্তি জ্ঞান | ২,২০,০০০ | কর্মচারী কল্যাণ তহবিল | ২০,০০০ |
| অফিস কর্মচারীদের বেতন | ৬০,০০০ | | |
| বিজ্ঞাপন খরচ | ২৪,০০০ | | |
| অন্যান্য প্রত্যক্ষ খরচ | ৫০,০০০ | | |
| | ২১,৩০,০০০ | | ২১,৩০,০০০ |

**সমন্বয়সমূহ:** ১. সমাপনী মজুদ পণ্যের মধ্যে ৭,০০০ টাকার বিক্রীত পণ্য অন্তর্ভুক্ত রয়েছে, যা ক্রেতাদের সময়মতো সরবরাহ করা যায় নি। ২. আদায়ের জন্য প্রেরিত ২০,০০০ টাকার একখানি চেক প্রত্যাখ্যাত হয়েছে। উহা হিসাবে লিপিবদ্ধ করা হয় নি। ৩. ব্যবহৃত সাপ্লাইজের পরিমাণ ৯,৬০০ টাকা। ৪. প্রযুক্তি জ্ঞান দশ বছরের মধ্যে সমহারে অবলোপন করতে হবে। ৫. প্রাপ্য হিসাবের ১০,০০০ টাকা আদায়যোগ্য নয়। অবশিষ্ট প্রাপ্য হিসাবের ওপর ৫% হারে অনাদায়ী পাওনা সঞ্চিতির ব্যবস্থা করো। *[রা. বো. ১৬]*

ক. প্রাপ্য হিসাবের সমাপনী উদ্বৃত্ত ও অনাদায়ী পাওনা সঞ্চিতি গণনাসহ নির্ণয় করো। ২

খ. ৩১-১২-২০১৫ তারিখে সমাপ্ত বছরের জন্য কোম্পানির আয় বিবরণী প্রস্তুত করো। ৪

গ. ৩১-১২-২০১৫ তারিখে কোম্পানির স্থিতিপত্র প্রস্তুত করো। ৪

**৩৭ নং প্রশ্নের সমাধান**

ক প্রাপ্য হিসাবের নিট সমাপনী উদ্বৃত্ত ও অনাদায়ী পাওনা সঞ্চিতি নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| প্রাপ্য হিসাব | ৪,৪০,০০০ | |
| যোগ: প্রত্যাখ্যাত চেক | ২০,০০০ | |
| | ৪,৬০,০০০ | |

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| বাদ: অনাদায়ী পাওনা | ১০,০০০ | |
| | ৪,৫০,০০০ | |
| বাদ: অনাদায়ী পাওনা সঞ্চিতি | ২২,৫০০ | |
| **প্রাপ্য হিসাবের সমাপনী উদ্বৃত্ত** | | ৪,২৭,৫০০ |
| প্রাপ্য হিসাব | ৪,৪০,০০০ | |
| যোগ: প্রত্যাখ্যাত চেক | ২০,০০০ | |
| | ৪,৬০,০০০ | |
| বাদ: অনাদায়ী পাওনা | ১০,০০০ | |
| **প্রাপ্য হিসাবের উদ্বৃত্ত (নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতি সমন্বয় ব্যতীত)** | | ৪,৫০,০০০ |
| অনাদায়ী পাওনা সঞ্চিতি (৪,৫০,০০০ × ৫%) | | ২২,৫০০ |

**উত্তর:** প্রাপ্য হিসাবের সমাপনী উদ্বৃত্ত ৪,২৭,৫০০ টাকা এবং অনাদায়ী পাওনা সঞ্চিতি ২২,৫০০ টাকা।

খ

**মোহনা লিমিটেড**

**বিশদ আয় বিবরণী**

২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| বিক্রয় | | | ১১,৭৮,০০০ |
| **বাদ: বিক্রীত পণ্যের ব্যয়:** | | | |
| সমন্বিত ক্রয় | | ৭,০০,০০০ | |
| যোগ: অন্যান্য প্রত্যক্ষ খরচ | | ৫০,০০০ | |
| যোগ: অসরবরাহকৃত পণ্য | | ৭,০০০ | (৭,৫৭,০০০) |
| **মোট লাভ** | | | ৪,২১,০০০ |
| **বাদ: পরিচালন ব্যয়:** | | | |
| সাপ্লাইজ খরচ | | ৯,৬০০ | |
| অফিস কর্মচারীদের বেতন | | ৬০,০০০ | |
| প্রযুক্তি জ্ঞানের অবলোপন (২,২০,০০০ × ১/১০) | | ২২,০০০ | |
| বিজ্ঞাপন খরচ | | ২৪,০০০ | |
| অনাদায়ী পাওনা | ১০,০০০ | | |
| যোগ: নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতি (ক থেকে প্রাপ্ত) | ২২,৫০০ | | |
| | ৩২,৫০০ | | |
| বাদ: পুরাতন অনাদায়ী পাওনা সঞ্চিতি | ১২,০০০ | ২০,৫০০ | (১,৩৬,১০০) |
| **পরিচালন মুনাফা** | | | ২,৮৪,৯০০ |
| **বাদ: অপরিচালন ব্যয়:** | | | |
| ঋণপত্রের সুদ (১,২০,০০০ × ১০%) | | | (১২,০০০) |
| **নিট মুনাফা** | | | ২,৭২,৯০০ |

**উত্তর:** নিট মুনাফা ২,৭২,৯০০ টাকা।

গ

**মোহনা লিমিটেড**

**আর্থিক অবস্থার বিবরণী**

৩১ ডিসেম্বর, ২০১৫

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **সম্পদসমূহ** | | | |
| **স্থায়ী সম্পদ:** | | | |
| সুনাম | | ২,০০,০০০ | |
| প্রযুক্তি জ্ঞান | ২,২০,০০০ | | |
| বাদ: অবলোপন | ২২,০০০ | | |
| | | ১,৯৮,০০০ | |
| **মোট স্থায়ী সম্পদ** | | | ৩,৯৮,০০০ |

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **চলতি সম্পদ:** | | | |
| ব্যাংক জমার উদ্বৃত্ত | ২,৮০,০০০ | | |
| বাদ: প্রত্যাখ্যাত চেক | ২০,০০০ | ২,৬০,০০০ | |
| সমাপনী মজুদ পণ্য | ১,৪০,০০০ | | |
| বাদ: অসরবরাহকৃত পণ্য | ৭,০০০ | ১,৩৩,০০০ | |
| সাপ্লাইজ | ১৬,০০০ | | |
| বাদ: সাপ্লাইজ খরচ | ৯,৬০০ | ৬,৪০০ | |
| প্রাপ্য হিসাব (ক হতে প্রাপ্ত) | | ৪,২৭,৫০০ | |
| **মোট চলতি সম্পদ** | | | ৮,২৬,৯০০ |
| **মোট সম্পদ** | | | ১২,২৪,৯০০ |
| **শেয়ারহোল্ডারদের স্বত্ব ও দায়সমূহ** | | | |
| **অনুমোদিত মূলধন:** | | | |
| প্রতিটি ......... করে .......... শেয়ার | | | ××× |
| **ইস্যুকৃত, বিলিকৃত ও আদায়কৃত মূলধন:** | | | |
| প্রতিটি ১০ টাকা মূল্যের ৬০,০০০ শেয়ার | | | ৬,০০,০০০ |
| **সঞ্চিতি ও উদ্বৃত্ত:** | | | |
| নিট মুনাফা | | | ২,৭২,৯০০ |
| **দীর্ঘমেয়াদি ঋণ:** | | | |
| ১০% ঋণপত্র | | | ১,২০,০০০ |
| **চলতি দায় ও ভবিষ্যৎ ব্যবস্থা:** | | | |
| প্রদেয় হিসাব | | ২,০০,০০০ | |
| ঋণের বকেয়া সুদ | | ১২,০০০ | |
| কর্মচারী কল্যাণ তহবিল | | ২০,০০০ | ২,৩২,০০০ |
| **মোট দায় ও মালিকানা স্বত্ব** | | | ১২,২৪,৯০০ |

**উত্তর:** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ১২,২৪,৯০০ টাকা।

**প্রশ্ন ▶৩৮** অয়ন লিমিটেড-এর অনুমোদিত মূলধন প্রতি শেয়ার ১০ টাকা মূল্যের ১০,০০,০০০ শেয়ারে বিভক্ত ১,০০,০০,০০০ টাকা। ডিসেম্বর ৩১, ২০১৫ তারিখে কোম্পানির রেওয়ামিল নিম্নরূপ ছিল—

**অয়ন লিমিটেড**
**রেওয়ামিল**
ডেবিট ৩১ ডিসেম্বর, ২০১৫ ক্রেডিট

| হিসাবের নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| ব্যাংক জমা | ১৫,৫০,০০০ | শেয়ার মূলধন (প্রতিটি ১০ টাকা মূল্যের ৬,০০,০০০ শেয়ারে বিভক্ত) | ৬০,০০,০০০ |
| প্রাপ্য হিসাব | ২৫,৩৫,০০০ | | |
| ইজারা সম্পত্তি (১-৭-২০১৩ থেকে ১০ বছরের জন্য) | ১৬,১৫,০০০ | বিক্রয় | ৩০,০০,০০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৪,৫০,০০০ | প্রদেয় হিসাব | ৩,০০,০০০ |
| ক্রয় | ১৪,৫০,০০০ | আয়কর সঞ্চিতি | ১,৪৫,০০০ |
| মজুরি ও বেতন | ৫,৫০,০০০ | সংরক্ষিত আয় বিবরণীর উদ্বৃত্ত (০১-০১-২০১৫) | ১৪,৭৫,০০০ |
| ভাড়া | ২,৮০,০০০ | সঞ্চিতি তহবিল | ৫০,০০০ |
| বিমা সেলামি | ৯০,০০০ | ১২% ঋণপত্র (০১-০১-২০১৫) | ৫,০০,০০০ |
| আয়কর | ২,০০,০০০ | | |
| অন্তর্বর্তী লভ্যাংশ | ১০,০০,০০০ | | |
| ১০% বিনিয়োগ (১-৭-১৫) | ১৭,৫০,০০০ | | |
| | ১,১৪,৭০,০০০ | | ১,১৪,৭০,০০০ |

**অতিরিক্ত তথ্য:** ১. সমাপনী মজুদ পণ্য ৮,২৫,০০০ টাকায় মূল্যায়ন করা হয়েছে। ২. শ্রমিকের মজুরি ৩০,০০০ টাকা অপ্রদত্ত রয়েছে। পক্ষান্তরে ভাড়া ২৫,০০০ টাকা অগ্রিম পরিশোধ করা হয়েছে। ৩. নিট লাভের ৫০,০০০ টাকা সঞ্চিতি তহবিলে স্থানান্তর করো। ৪. শেয়ার মূলধনের ৫% চূড়ান্ত লভ্যাংশ ঘোষণা করা হয়। *[রা. বো. ১৬]*

ক. ইজারা সম্পত্তির প্রারম্ভিক মূল্য নির্ণয় করো। ২

খ. নিট লাভ ৮,৩৭,৫০০ টাকা হলে ৩১ ডিসেম্বর, ২০১৫ তারিখে সমাপ্ত বছরের সংরক্ষিত আয় বিবরণী প্রস্তুত করো। ৪

গ. ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানির নিট চলতি মূলধন নির্ণয় করো। ৪

**৩৮ নং প্রশ্নের সমাধান**

**ক** ইজারা সম্পত্তির প্রারম্ভিক মূল্য নির্ণয়:

| বিবরণ | টাকা |
|---|---|
| ইজারা সম্পত্তি $\left(\frac{১৬,১৫,০০০}{৮.৫} \times ১০\right)$ | ১৯,০০,০০০ |

**উত্তর:** ইজারা সম্পত্তির প্রারম্ভিক মূল্য ১৯,০০,০০০ টাকা।

**নোট:** দেওয়া আছে, ১.৭.১৩ তারিখে ইজারা সম্পত্তি নেওয়া হয়েছিল ১০ বছরের জন্য। বর্তমানে (২০১৫ সালে) অর্থাৎ ১ বছর ৬ মাস বা ১$^{১}/_{২}$ বছর অতিবাহিত হওয়ার পর ইজারা সম্পত্তির মূল্য দাঁড়িয়েছে ১৬,১৫,০০০ টাকা। সুতরাং চলতি বছরসহ (১০ − ১$^{১}/_{২}$) = ৮$^{১}/_{২}$ বা ৮.৫ বছরের ইজারা সম্পত্তির মূল্য ১৬,১৫,০০০ টাকা।

$\therefore$ ইজারা সম্পত্তির প্রারম্ভিক মূল্য = $\left(\frac{১৬,১৫,০০০ \times ১০}{৮.৫}\right)$ টাকা = ১৯,০০,০০০ টাকা।

**খ**

**অয়ন লিমিটেড**

**সংরক্ষিত আয় বিবরণী**

২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| সংরক্ষিত আয় বিবরণী উদ্বৃত্ত (১-১-১৫) | | ১৪,৭৫,০০০ | |
| যোগ: নিট লাভ | | ৮,৩৭,৫০০ | |
| | | | ২৩,১২,৫০০ |
| বাদ: আয়কর | ২,০০,০০০ | | |
| বাদ: আয়কর সঞ্চিতি | ১,৪৫,০০০ | ৫৫,০০০ | |
| অন্তর্বতীকালীন লভ্যাংশ | | ১০,০০,০০০ | |
| সঞ্চিতি তহবিলে স্থানান্তর | | ৫০,০০০ | |
| প্রস্তাবিত লভ্যাংশ (৬০,০০,০০০ × ৫%) | | ৩,০০,০০০ | (১৪,০৫,০০০) |
| **সমাপনী সংরক্ষিত আয়** | | | ৯,০৭,৫০০ |

**উত্তর:** সমাপনী সংরক্ষিত আয় ৯,০৭,৫০০ টাকা।

**গ** নিট চলতি মূলধন নির্ণয়:

চলতি মূলধন = চলতি সম্পদ − চলতি দায়

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **চলতি সম্পদ:** | | | |
| ব্যাংক জমা | | ১৫,৫০,০০০ | |
| প্রাপ্য হিসাব | | ২৫,৩৫,০০০ | |
| বিনিয়োগের অনাদায়ী সুদ (১৭,৫০,০০০ × ১০% × $^{৬}/_{১২}$) | | ৮৭,৫০০ | |
| সমাপনী মজুদ পণ্য | | ৮,২৫,০০০ | |
| অগ্রিম ভাড়া | | ২৫,০০০ | |
| **মোট চলতি সম্পদ** | | | ৫০,২২,৫০০ |
| **বাদ: চলতি দায়:** | | | |
| প্রদেয় হিসাব | | ৩,০০,০০০ | |
| বকেয়া মজুরি | | ৩০,০০০ | |
| প্রস্তাবিত লভ্যাংশ | | ৩,০০,০০০ | |
| বকেয়া ঋণপত্রের সুদ | | ৬০,০০০ | |
| **মোট চলতি দায়** | | | (৬,৯০,০০০) |
| **নিট চলতি মূলধন** | | | ৪৩,৩২,৫০০ |

**উত্তর:** নিট চলতি মূলধন ৪৩,৩২,৫০০ টাকা।

**প্রশ্ন ▶৩৯** তাসমিয়া কোম্পানি লি.-এর অনুমোদিত মূলধনের পরিমাণ ৪,০০,০০০ টাকা, যা প্রতিটি ১০০ টাকা মূল্যের ৪,০০০ শেয়ারে বিভক্ত। ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে রেওয়ামিল ছিল নিম্নরূপ—

**তাসমিয়া কোম্পানি লি.**
**রেওয়ামিল**
ডেবিট ৩১ ডিসেম্বর, ২০১৫ ক্রেডিট

| বিবরণ | টাকা | বিবরণ | টাকা |
|---|---|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৯০,০০০ | শেয়ার মূলধন (প্রতিটি ১০০ টাকা মূল্যের ৩,০০০ শেয়ার) | ৩,০০,০০০ |
| কলকব্জা | ৯০,০০০ | | |
| বেতন (১০ মাস) | ২০,০০০ | অদাবিকৃত লভ্যাংশ | ২০,০০০ |
| বিমা সেলামি | ২০,০০০ | প্রদেয় হিসাব | ৯৮,৮০০ |
| চালানি কারবারে প্রেরিত পণ্য | ৩,০০০ | কমিশন প্রাপ্তি | ১,২০০ |
| প্রাপ্য হিসাব | ১,৪০,০০০ | ১০% ঋণপত্র (১-৭-২০১৫) | ৮০,০০০ |
| পরিচালকের সম্মানী | ৬,০০০ | সংরক্ষিত আয় (১-১-২০১৫) | ৫২,০০০ |
| সাধারণ খরচাবলি | ৪,০০০ | বিক্রয় | ২,৭৫,০০০ |
| ভাড়া | ৭,২০০ | ক্রয় ফেরত | ৫,০০০ |
| বিজ্ঞাপন খরচ | ৯,৪০০ | | |
| ব্যাংকে জমা | ৭২,৪০০ | | |
| ক্রয় | ১,৫০,০০০ | | |
| বিক্রয় ফেরত | ১০,০০০ | | |
| আসবাবপত্র | ১,৮০,০০০ | | |
| মজুরি | ২০,০০০ | | |
| আমদানি শুল্ক | ১০,০০০ | | |
| | ৮,৩২,০০০ | | ৮,৩২,০০০ |

**সমন্বয়সমূহ:** ১. সমাপনী মজুদ পণ্য ৮০,০০০ টাকা মূল্যায়ন করা হয়েছে কিন্তু উহার বাজারমূল্য ১,০০,০০০ টাকা। ২. চালানি কারবারের প্রেরিত সকল পণ্য ৫% কমিশন প্রদান সাপেক্ষে ৪,০০০ টাকা বিক্রয় করা হয়েছে। ৩. কলকব্জা ও যন্ত্রপাতির ওপর ১০% অবচয় ধার্য করো। ৪. নিট লাভের ৫,০০০ টাকা কর্মচারী কল্যাণ তহবিলে স্থানান্তর করতে হবে। ৫. অদাবিকৃত লভ্যাংশ সম্পূর্ণভাবে অবলোপন করতে হবে। ৬. শেয়ার মূলধনের ১০% লভ্যাংশ ঘোষণা করতে হবে। *[দি. বো. ১৬]*

ক. তাসমিয়া কোম্পানি লি.-এর চালানি কারবারে প্রেরিত পণ্যের মুনাফা অথবা ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ২
খ. মোট লাভ/ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪
গ. সংরক্ষিত আয় বিবরণীর উদ্বৃত্ত ৩৫,৪০০ টাকা ধরে আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

**৩৯ নং প্রশ্নের সমাধান**

**ক** তাসমিয়া কোম্পানি লি.-এর চালানি কারবারে প্রেরিত পণ্যের মুনাফা অথবা ক্ষতির পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| চালানি কারবারে প্রেরিত পণ্যের বিক্রয়মূল্য | ৪,০০০ | |
| বাদ: কমিশন (৪,০০০ × ৫%) | ২০০ | |
| **চালান প্রতিনিধির নিকট পাওনা** | ৩,৮০০ | |
| বাদ: চালানি কারবারে প্রেরিত পণ্যের মূল্য | ৩,০০০ | |
| **চালানি কারবারে প্রেরিত পণ্যের মুনাফা** | | ৮০০ |

**উত্তর:** চালানি কারবারে প্রেরিত পণ্যের মুনাফা ৮০০ টাকা।

**খ**

**তাসমিয়া কোম্পানি লিমিটেড**
**বিশদ আয় বিবরণী (আংশিক)**
২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| বিক্রয় | | ২,৭৫,০০০ | |
| বাদ: বিক্রয় ফেরত | | ১০,০০০ | |
| **নিট বিক্রয়** | | | ২,৬৫,০০০ |

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **বাদ: বিক্রীত পণ্যের ব্যয়:** | | | |
| প্রারম্ভিক মজুদ পণ্য | | ৯০,০০০ | |
| ক্রয় | ১,৫০,০০০ | | |
| বাদ: ক্রয় ফেরত | ৫,০০০ | | |
| **নিট ক্রয়** | | ১,৪৫,০০০ | |
| মজুরি | | ২০,০০০ | |
| আমদানি শুল্ক | | ১০,০০০ | |
| | | ২,৬৫,০০০ | |
| বাদ: সমাপনী মজুদ পণ্য | | ৮০,০০০ | (১,৮৫,০০০) |
| **মোট লাভ** | | | ৮০,০০০ |

**উত্তর:** মোট লাভ ৮০,০০০ টাকা।

গ

**তাসমিয়া কোম্পানি লিমিটেড**
**আর্থিক অবস্থার বিবরণী**
৩১ ডিসেম্বর, ২০১৫

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **সম্পদসমূহ** | | | |
| **স্থায়ী সম্পদ:** | | | |
| কলকব্জা | ৯০,০০০ | | |
| বাদ: পুঞ্জীভূত অবচয় (৯০,০০০ × ১০%) | ৯,০০০ | ৮১,০০০ | |
| আসবাবপত্র | | ১,৮০,০০০ | |
| **মোট স্থায়ী সম্পদ** | | | ২,৬১,০০০ |
| **চলতি সম্পদ:** | | | |
| ব্যাংকে জমা | | ৭২,৪০০ | |
| প্রাপ্য হিসাব | | ১,৪০,০০০ | |
| সমাপনী মজুদ পণ্য | | ৮০,০০০ | |
| চালান প্রতিনিধির নিকট পাওনা | | ৩,৮০০ | |
| **মোট চলতি সম্পদ** | | | ২,৯৬,২০০ |
| **মোট সম্পদ** | | | ৫,৫৭,২০০ |
| **শেয়ার মালিকদের স্বত্ব ও দায়সমূহ** | | | |
| **শেয়ার মূলধন:** | | | |
| **অনুমোদিত মূলধন:** | | | |
| প্রতিটি ১০০ টাকা দরে ৪,০০০ শেয়ার | | | ৪,০০,০০০ |
| **ইস্যুকৃত, বিলিকৃত ও পরিশোধিত মূলধন:** | | | |
| প্রতিটি ১০০ টাকা দরে ৩,০০০ শেয়ার | | | ৩,০০,০০০ |
| **সঞ্চিতি ও উদ্বৃত্ত:** | | | |
| সংরক্ষিত আয় বিবরণীর উদ্বৃত্ত (প্রশ্নে প্রদত্ত) | | | ৩৫,৪০০ |
| **দীর্ঘমেয়াদি দায়:** | | | |
| ১০% ঋণপত্র | | | ৮০,০০০ |
| **চলতি দায় ও ভবিষ্যৎ ব্যবস্থা:** | | | |
| প্রদেয় হিসাব | | ৯৮,৮০০ | |
| অদাবিকৃত লভ্যাংশ | ২০,০০০ | | |
| বাদ: অবলোপন | ২০,০০০ | | |
| ঋণপত্রের বকেয়া সুদ (৮০,০০০ × ১০% × $^{৬}/_{১২}$) | | ৪,০০০ | |
| কর্মচারী কল্যাণ তহবিল | | ৫,০০০ | |
| প্রস্তাবিত লভ্যাংশ | | ৩০,০০০ | |
| বকেয়া বেতন (২০,০০০ × $^{২}/_{১০}$) | | ৪,০০০ | |
| **মোট চলতি দায়** | | | ১,৪১,৮০০ |
| **শেয়ার মালিকদের স্বত্ব ও মোট দায়** | | | ৫,৫৭,২০০ |

**উত্তর:** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৫,৫৭,২০০ টাকা।

**প্রশ্ন ▶৪০** মিতা কোম্পানি লি. প্রতিটি ২০ টাকা মূল্যের ২৫,০০০ শেয়ারে বিভক্ত মোট ৫,০০,০০০ টাকার অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত হয়। ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রস্তুতকৃত রেওয়ামিল নিম্নরূপ—

**রেওয়ামিল**
**৩১ ডিসেম্বর, ২০১৫**

| হিসাবের শিরোনাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মজুদ পণ্য (১-১-১৫) | ২,২০,০০০ | |
| দালানকোঠা | ৬,৫০,০০০ | |
| পণ্য ক্রয় | ৬,০০,০০০ | |
| মজুরি | ২,২০,০০০ | |
| বেতন | ১,৫০,০০০ | |
| ভাড়া (তিন চতুর্থাংশ) | ৩০,০০০ | |
| সুনাম | ২,০০,০০০ | |
| প্রাপ্য হিসাব | ১,৬০,০০০ | |
| বিজ্ঞাপন | ৩০,০০০ | |
| নগদ তহবিল | ১,২৩,৫০০ | |
| প্রাথমিক খরচাবলি | ৩০,০০০ | |
| কলকব্জা ও যন্ত্রপাতি | ৩,৪০,০০০ | |
| শেয়ার মূলধন (২০ টাকা মূল্যের ২২,৫০০ শেয়ার) | | ৪,৫০,০০০ |
| ১০% ঋণপত্র | | ৩,৫০,০০০ |
| পণ্য বিক্রয় | | ১৬,৫০,০০০ |
| প্রদেয় হিসাব | | ৩,৫০,০০০ |
| ক্রয় ফেরত | | ১০,০০০ |
| ব্যাংক চার্জ | ১,৫০০ | |
| ১০% বিনিয়োগ (১-৭-২০১৫) | ১,৫৫,০০০ | |
| শেয়ার অধিহার | | ১,০০,০০০ |
| | ২৯,১০,০০০ | ২৯,১০,০০০ |

**অন্যান্য তথ্য:** ১. সমাপনী মজুদ পণ্য ১,২০,০০০ টাকা মূল্যায়ন করা হয়েছে। ২. ১০,০০০ টাকা মূল্যের পণ্য বিনামূল্যে বিতরণ করা হয়েছে। মোট বিজ্ঞাপন খরচের এক-চতুর্থাংশ অবলোপন করতে হবে।। ৩. ধারে ক্রয় ২০,০০০ টাকা হিসাবভুক্ত হয় নি। ৪. যন্ত্রপাতি সংস্থাপন ব্যয় ২০,০০০ টাকা মজুরির মধ্যে অন্তর্ভুক্ত আছে। যন্ত্রটি ১-৭-১৫ তারিখে সংস্থাপন করা হয়েছিল। ৫. সুনামের ৫০% অবলোপন করতে হবে। ৬. নিট লাভের ৫০,০০০ টাকা সাধারণ সঞ্চিতি তহবিলে স্থানান্তর করতে হবে। ৭. আয়কর সঞ্চিতি বাবদ ৫,০০০ টাকা রাখতে হবে। *[দি. বো. ১৬]*

ক. নিট ক্রয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. মোট মুনাফা ৯,৫০,০০০ টাকা ধরে ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখের জন্য কোম্পানির নিট মুনাফার পরিমাণ নির্ণয় করো। ৪

গ. কোম্পানির মোট সম্পদ এবং মোট চলতি দায়-এর পরিমাণ নির্ণয় করো। ৪

**৪০ নং প্রশ্নের সমাধান**

**ক** মিতা কোম্পানি লি.-এর নিট ক্রয়ের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| পণ্য ক্রয় | ৬,০০,০০০ | |
| বাদ: ক্রয় ফেরত | ১০,০০০ | |
| | ৫,৯০,০০০ | |
| বাদ: বিনামূল্য পণ্য বিতরণ | ১০,০০০ | |
| | ৫,৮০,০০০ | |
| যোগ: অলিখিত ক্রয়/ধারে ক্রয় | ২০,০০০ | |
| **নিট ক্রয়** | | ৬,০০,০০০ |

**উত্তর:** নিট ক্রয়ের পরিমাণ ৬,০০,০০০ টাকা।

খ

**মিতা কোম্পানি লি.**
**বিশদ আয় বিবরণী**
২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| মোট মুনাফা (প্রশ্নে প্রদত্ত) | | | ৯,৫০,০০০ |
| **বাদ: পরিচালন ব্যয়** | | | |
| বেতন | | ১,৫০,০০০ | |
| ভাড়া | ৩০,০০০ | | |
| যোগ: বকেয়া (৩০,০০০ × ১/৩) | ১০,০০০ | ৪০,০০০ | |
| সুনামের অবলোপন (২,০০,০০০ × ৫০%) | | ১,০০,০০০ | |
| বিজ্ঞাপন | ৩০,০০০ | | |
| যোগ: পণ্য বিতরণ | ১০,০০০ | | |
| | ৪০,০০০ | | |
| বাদ: বিলম্বিত বিজ্ঞাপন {(৩০,০০০ + ১০,০০০) × ৩/৪} | ৩০,০০০ | ১০,০০০ | (৩,০০,০০০) |
| **পরিচালন মুনাফা** | | | ৬,৫০,০০০ |
| **অপরিচালন আয়:** | | | |
| বিনিয়োগের সুদ (১,৫৫,০০০ × ১০% × ৬/১২) | | ৭,৭৫০ | |
| **বাদ: অপরিচালন ব্যয়:** | | | |
| ঋণপত্রের সুদ (৩,৫০,০০০ × ১০%) | ৩৫,০০০ | | |
| ব্যাংক চার্জ | ১,৫০০ | ৩৬,৫০০ | |
| **নিট অপরিচালন ক্ষতি** | | | (২৮,৭৫০) |
| **করপূর্ব নিট মুনাফা** | | | ৬,২১,২৫০ |
| বাদ: আয়কর সঞ্চিতি | | | ৫,০০০ |
| **করবাদ নিট মুনাফা** | | | ৬,১৬,২৫০ |

**উত্তর:** নিট মুনাফা ৬,১৬,২৫০ টাকা।

গ মোট সম্পদের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **স্থায়ী সম্পদসমূহ:** | | | |
| সুনাম | ২,০০,০০০ | | |
| বাদ: অবলোপন | ১,০০,০০০ | ১,০০,০০০ | |
| দালানকোঠা | | ৬,৫০,০০০ | |
| কলকব্জা ও যন্ত্রপাতি | ৩,৪০,০০০ | | |
| যোগ: সংস্থাপন ব্যয় | ২০,০০০ | ৩,৬০,০০০ | |
| **মোট স্থায়ী সম্পদ** | | | ১১,১০,০০০ |
| **দীর্ঘমেয়াদি বিনিয়োগ:** | | | |
| ১০% বিনিয়োগ | | | ১,৫৫,০০০ |
| **চলতি সম্পদসমূহ:** | | | |
| নগদ তহবিল | | ১,২৩,৫০০ | |
| প্রাপ্য হিসাব | | ১,৬০,০০০ | |
| সমাপনী মজুদ পণ্য | | ১,২০,০০০ | |
| বিনিয়োগের অনাদায়ী সুদ | | ৭,৭৫০ | |
| **মোট চলতি সম্পদ** | | | ৪,১১,২৫০ |
| **অসমন্বিত ব্যয়:** | | | |
| বিলম্বিত বিজ্ঞাপন | | ৩০,০০০ | |
| প্রাথমিক খরচাবলি | | ৩০,০০০ | ৬০,০০০ |
| **মোট সম্পদ** | | | ১৭,৩৬,২৫০ |

মোট চলতি দায়ের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| বকেয়া ভাড়া | | ১০,০০০ | |
| ঋণপত্রের বকেয়া সুদ | | ৩৫,০০০ | |
| প্রদেয় হিসাব | ৩,৫০,০০০ | | |
| যোগ: অলিখিত ক্রয় | ২০,০০০ | ৩,৭০,০০০ | |
| আয়কর সঞ্চিতি | | ৫,০০০ | |
| **মোট চলতি দায়** | | | ৪,২০,০০০ |

**উত্তর:** মোট সম্পদের পরিমাণ ১৭,৩৬,২৫০ টাকা এবং মোট চলতি দায়ের পরিমাণ ৪,২০,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ৪১** শাপলা লিমিটেড-এর খতিয়ান উদ্বৃত্ত থেকে ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে নিচের রেওয়ামিলটি প্রস্তুত করা হয়েছে—

**শাপলা লিমিটেড**
**রেওয়ামিল**
২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখের

| হিসাবের শিরোনাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| নগদ তহবিল | ৩৫,০০০ | |
| ব্যাংক জমাতিরিক্ত | | ৫০,০০০ |
| যন্ত্রপাতি | ২,৫০,০০০ | |
| প্রারম্ভিক মজুদ | ৩০,০০০ | |
| পণ্য ক্রয় ও বিক্রয় | ৩,৫০,০০০ | ৪,৫০,০০০ |
| পণ্য ফেরত | ১০,০০০ | ১৫,০০০ |
| মজুরি খরচ | ২০,০০০ | |
| অফিস খরচ | ১০,০০০ | |
| শেয়ার মূলধন (৪,০০০ শেয়ার) | | ৪,০০,০০০ |
| বিলম্বিত বিজ্ঞাপন | ৮,০০০ | |
| প্রাপ্য হিসাব | ৮০,০০০ | |
| অনাদায়ী পাওনা | ৩,০০০ | |
| প্রদেয় হিসাব | | ৬৩,০০০ |
| ১০% বিনিয়োগ (১-১০-১৫) | ১,২০,০০০ | |
| সুনাম | ৬২,০০০ | |
| | ৯,৭৮,০০০ | ৯,৭৮,০০০ |

**অন্যান্য তথ্য:** ১. সমাপনী মজুদ পণ্যের মূল্য ৫০,০০০ টাকা, যার বাজারমূল্য ৫৪,০০০ টাকা। ২. প্রাপ্য হিসাবের মোট ১০,০০০ টাকা আদায়যোগ্য নয়; অবশিষ্ট টাকার ওপর ৫% হারে অনাদায়ী পাওনা সঞ্চিতির ব্যবস্থা করতে হবে। ৩. বিলম্বিত বিজ্ঞাপনের অর্ধাংশ অবলোপন করতে হবে। ৪. শেয়ার মূলধনের ওপর ২০% হারে লভ্যাংশ ঘোষণা করা হয়েছে। *[কু. বো. ১৬]*

ক. অনাদায়ী পাওনা সঞ্চিতি বাবদ আয় বিবরণীতে কত টাকা চার্জ করা হবে? ২
খ. ২০১৫ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত সমাপ্ত বছরের জন্য আয় বিবরণী প্রস্তুত করো। ৪
গ. ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে মোট চলতি সম্পত্তি ও মোট চলতি দায় নির্ণয় করো। ৪

**৪১ নং প্রশ্নের সমাধান**

**ক** নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতি নির্ণয়:

| বিবরণ | টাকা |
|---|---|
| নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতি (৮০,০০০ – ৭,০০০) × ৫% | ৩,৬৫০ |

**উত্তর:** অনাদায়ী পাওনা সঞ্চিতি বাবদ চার্য করতে হবে ৩,৬৫০ টাকা।

**খ**

**শাপলা লিমিটেড**
**বিশদ আয় বিবরণী**
২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| বিক্রয় | | ৪,৫০,০০০ | |
| বাদ: ফেরত | | ১০,০০০ | ৪,৪০,০০০ |

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **বাদ: বিক্রীত পণ্যের ব্যয়:** | | | |
| প্রারম্ভিক মজুদ পণ্য | | ৩০,০০০ | |
| পণ্য ব্যয় | ৩,৫০,০০০ | | |
| বাদ: ফেরত | ১৫,০০০ | ৩,৩৫,০০০ | |
| মজুরি খরচ | | ২০,০০০ | |
| | | ৩,৮৫,০০০ | |
| বাদ: সমাপনী মজুদ পণ্য | | ৫০,০০০ | (৩,৩৫,০০০) |
| **মোট মুনাফা** | | | ১,০৫,০০০ |
| **বাদ: পরিচালন ব্যয়:** | | | |
| অফিস খরচ | | ১০,০০০ | |
| বিলম্বিত বিজ্ঞাপনের অবলোপন (৮,০০০ × ১/২) | | ৪,০০০ | |
| অনাদায়ী পাওনা | ৩,০০০ | | |
| যোগ: নতুন অনাদায়ী পাওনা | ৭,০০০ | | |
| | ১০,০০০ | | |
| যোগ: নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতি (ক থেকে প্রাপ্ত) | ৩,৬৫০ | | |
| | | ১৩,৬৫০ | (২৭,৬৫০) |
| **পরিচালন মুনাফা** | | | ৭৭,৩৫০ |
| **যোগ: অপরিচালন আয়:** | | | |
| বিনিয়োগের সুদ (১,২০,০০০ × ১০% × ৩/১২) | | | ৩,০০০ |
| **নিট মুনাফা** | | | ৮০,৩৫০ |

**উত্তর:** নিট মুনাফা ৮০,৩৫০ টাকা।

**গ** মোট চলতি সম্পদ ও চলতি দায় নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **চলতি সম্পদ:** | | | |
| নগদ তহবিল | | ৩৫,০০০ | |
| প্রাপ্য হিসাব | ৮০,০০০ | | |
| বাদ: অনাদায়ী পাওনা | ৭,০০০ | | |
| | ৭৩,০০০ | | |
| বাদ: অনাদায়ী পাওনা সঞ্চিতি | ৩,৬৫০ | ৬৯,৩৫০ | |
| বিনিয়োগের অনাদায়ী সুদ | | ৩,০০০ | |
| সমাপনী মজুদ পণ্য | | ৫০,০০০ | |
| **মোট চলতি সম্পদ** | | | ১,৫৭,৩৫০ |
| **চলতি দায়:** | | | |
| ব্যাংক জমাতিরিক্ত | | ৫০,০০০ | |
| প্রদেয় হিসাব | | ৬৩,০০০ | |
| প্রস্তাবিত লভ্যাংশ (৪,০০,০০০ × ২০%) | | ৮০,০০০ | |
| **মোট চলতি দায়** | | | ১,৯৩,০০০ |

**উত্তর:** মোট চলতি সম্পদ ১,৫৭,৩৫০ টাকা এবং মোট চলতি দায় ১,৯৩,০০০ টাকা।

**প্রশ্ন ▶৪২** অংকুর লিমিটেডের নিম্নোক্ত রেওয়ামিল ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রস্তুত করা হয়েছে—

**অংকুর লিমিটেড**

**রেওয়ামিল**

২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখের

| হিসাবের শিরোনাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | ২২,০০০ | |
| বেতন | ৩০,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ৭৬,০০০ | ১,১৬,০০০ |

| হিসাবের শিরোনাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| শেয়ার মূলধন | | ৩,০০,০০০ |
| দালানকোঠা | ২,০০,০০০ | |
| ১০% বিনিয়োগ (১-৩-১৫) | ৫০,০০০ | |
| আসবাবপত্র | ১,০০,০০০ | |
| ব্যাংক জমা | ৩৬,০০০ | |
| প্রাপ্য হিসাব | ৩০,০০০ | |
| প্রদেয় হিসাব | | ২৯,০০০ |
| অফিস সরবরাহ | ৩,০০০ | |
| প্রাপ্য নোট | ৫,০০০ | |
| প্রদেয় নোট | | ১৭,০০০ |
| ভাড়া (১০ মাস) | ১০,০০০ | |
| সাধারণ সঞ্চিতি তহবিল | | ১,০০,০০০ |
| | ৫,৬২,০০০ | ৫,৬২,০০০ |

**অন্যান্য তথ্য:** ১. ২৫-১২-২০১৫ তারিখে আগুনে বিনষ্ট পণ্য ১০,০০০ টাকা বাদ দেয়ার পর সমাপনী মজুদ পণ্যের মূল্যায়ন করা হয়েছে ৩০,০০০ টাকা। বিমা কোম্পানি বিনষ্ট পণ্যের ৬০% ক্ষতিপূরণ দিতে সম্মত হয়েছে। ২. অফিস সরবরাহের ৫০০ টাকা অব্যবহৃত রয়েছে। ৩. আসবাবপত্রের ওপর ১০% অবচয় ধার্য করতে হবে। *[কু. বো. ১৬]*

ক. আগুনে বিনষ্ট মজুদ বাবদ কত টাকার ক্ষতি হিসাবভুক্ত করতে হবে? ২

খ. অংকুর লিমিটেড-এর মোট লাভ ৫৮,০০০ টাকা ধরে একটি আয় বিবরণী প্রস্তুত করো। ৪

গ. ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

**৪২ নং প্রশ্নের সমাধান**

**ক** আগুনে বিনষ্ট মজুদ বাবদ হিসাবভুক্ত ক্ষতির পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| আগুনে বিনষ্ট পণ্য | ১০,০০০ | |
| বাদ: বিমা দাবি ৬০% | ৬,০০০ | |
| **আগুনে বিনষ্ট বাবদ ক্ষতি** | | ৪,০০০ |

**উত্তর:** আগুনে বিনষ্ট বাবদ ৪,০০০ টাকা ক্ষতি হিসাবভুক্ত হবে।

**খ**

**অংকুর লিমিটেড**
**বিশদ আয় বিবরণী**
২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| মোট লাভ (প্রশ্নে প্রদত্ত) | | | ৫৮,০০০ |
| **বাদ: পরিচালন ব্যয়:** | | | |
| বেতন | | ৩০,০০০ | |
| অফিস সরবরাহ | ৩,০০০ | | |
| বাদ: অব্যবহৃত | ৫০০ | ২,৫০০ | |
| ভাড়া | ১০,০০০ | | |
| যোগ: বকেয়া (১০,০০০ × ২/১০) | ২,০০০ | ১২,০০০ | |
| আসবাবপত্রের অবচয় ১০% | | ১০,০০০ | (৫৪,৫০০) |
| **পরিচালন মুনাফা** | | | ৩,৫০০ |
| **যোগ: অপরিচালন আয়:** | | | |
| বিনিয়োগের সুদ (৫০,০০০ × ১০% × ১০/১২) | | ৪,১৬৭ | |
| **বাদ: অপরিচালন ব্যয়:** | | | |
| আগুনে বিনষ্ট পণ্য (ক থেকে প্রাপ্ত) | | ৪,০০০ | |
| **নিট অপরিচালন আয়** | | | ১৬৭ |
| **নিট মুনাফা** | | | ৩,৬৬৭ |

**উত্তর:** নিট মুনাফা ৩,৬৬৭ টাকা।

গ

**অংকুর লিমিটেড**
**আর্থিক অবস্থার বিবরণী**
৩১ ডিসেম্বর, ২০১৫

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **সম্পদসমূহ:** | | | |
| **স্থায়ী সম্পদ:** | | | |
| দালানকোঠা | | ২,০০,০০০ | |
| আসবাবপত্র | ১,০০,০০০ | | |
| বাদ: পুঞ্জীভূত অবচয় | ১০,০০০ | ৯০,০০০ | |
| **মোট স্থায়ী সম্পদ** | | | ২,৯০,০০০ |
| **দীর্ঘমেয়াদি বিনিয়োগ:** | | | |
| ১০% বিনিয়োগ | | | ৫০,০০০ |
| **চলতি সম্পদ:** | | | |
| অনাদায়ী বিনিয়োগের সুদ (৫০,০০০ × ১০% × ১০/১২) | | ৪,১৬৭ | |
| ব্যাংক জমা | | ৩৬,০০০ | |
| প্রাপ্য হিসাব | | ৩০,০০০ | |
| প্রাপ্য নোট | | ৫,০০০ | |
| সমাপনী মজুদ পণ্য | | ৩০,০০০ | |
| প্রাপ্য বিমা দাবি | | ৬,০০০ | |
| অব্যবহৃত অফিস সরবরাহ | | ৫০০ | |
| **মোট চলতি সম্পদ** | | | ১,১১,৬৬৭ |
| **মোট সম্পদ** | | | ৪,৫১,৬৬৭ |
| **শেয়ারহোল্ডারদের স্বত্ব ও দায়সমূহ** | | | |
| **অনুমোদিত মূলধন:** | | | |
| প্রতিটি ........... করে .......... শেয়ার | | | ××× |
| **ইস্যুকৃত, বিলিকৃত ও আদায়কৃত মূলধন:** | | | |
| শেয়ার মূলধন | | | ৩,০০,০০০ |
| **সঞ্চিতি ও উদ্বৃত্ত:** | | | |
| সাধারণ সঞ্চিতি তহবিল | | ১,০০,০০০ | |
| নিট মুনাফা | | ৩,৬৬৭ | |
| **মোট সঞ্চিতি ও উদ্বৃত্ত** | | | ১,০৩,৬৬৭ |
| **চলতি দায়:** | | | |
| প্রদেয় হিসাব | | ২৯,০০০ | |
| প্রদেয় নোট | | ১৭,০০০ | |
| বকেয়া ভাড়া | | ২,০০০ | |
| **মোট চলতি দায়** | | | ৪৮,০০০ |
| **মোট দায় ও মালিকানা স্বত্ব** | | | ৪,৫১,৬৬৭ |

**উত্তর:** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৪,৫১,৬৬৭ টাকা।

**প্রশ্ন ▶ ৪৩** কর্ণফুলী কোম্পানি লিমিটেড-এর রেওয়ামিল নিম্নে দেয়া হলো—

**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০১৫

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| অফিস সাপ্লাইজ | ২৫,০০০ | |
| অগ্রিম বিমা | ১৪,০০০ | |
| বেতন | ১২,০০০ | |
| শেয়ার মূলধন ৫,০০০ শেয়ার প্রতিটি ১০ টাকা | | ৫০,০০০ |
| প্রদেয় মজুরি | | ১২,০০০ |

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| অফিস যন্ত্রপাতি | ৮০,০০০ | |
| লভ্যাংশ | ৪,০০০ | |
| সুনাম | ২০,০০০ | |
| বিজ্ঞাপন | ১৭,০০০ | |
| পুঞ্জীভূত অবচয় | | ৮,০০০ |
| সেবা আয় | | ৭২,০০০ |
| অনুপার্জিত সেবা আয় | | ৬,০০০ |
| কমিশন | | ৪,০০০ |
| রক্ষিত আয় | | ২০,০০০ |
| | ১,৭২,০০০ | ১,৭২,০০০ |

**সমন্বয়সমূহ:** ১. সাপ্লাইজ ব্যয় ১৬,০০০ টাকা এবং অগ্রিম প্রদত্ত বিজ্ঞাপন ৮,০০০ টাকা। ২. অনুপার্জিত সেবা আয় উপার্জিত হয়েছে ৩,০০০ টাকা। ৩. লভ্যাংশ ঘোষণা করা হয়েছে ১০%। ৪. নিট আয়ের ২০% সঞ্চিতি তহবিলে স্থানান্তর করতে হবে। ৫. অফিস যন্ত্রপাতির অবচয় ধার্য করতে হবে ৮,০০০ টাকা। *[চি. বো. ১৬]*

ক. প্রস্তাবিত লভ্যাংশ ও অনুপার্জিত সেবা আয় নির্ণয় করো। ২

খ. আয় বিবরণী প্রস্তুত করো। ৪

গ. রক্ষিত আয় বিবরণী প্রস্তুত করো। ৪

**৪৩ নং প্রশ্নের সমাধান**

ক প্রস্তাবিত লভ্যাংশ ও অনুপার্জিত সেবা আয় নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| প্রস্তাবিত লভ্যাংশ (৫০,০০০ × ১০%) | | ৫,০০০ |
| অনুপার্জিত সেবা আয় | ৬,০০০ | |
| বাদ: উপার্জিত | (৩,০০০) | |
| | | ৩,০০০ |

**উত্তর:** প্রস্তাবিত লভ্যাংশ ৫,০০০ টাকা এবং অনুপার্জিত সেবা আয় ৩,০০০ টাকা।

খ

**কর্ণফুলী কোম্পানি লিমিটেড**
**আয় বিবরণী**
২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **আয়সমূহ:** | | | |
| সেবা আয় | ৭২,০০০ | | |
| যোগ: অনুপার্জিত আয়ের উপার্জিত অংশ | ৩,০০০ | ৭৫,০০০ | |
| কমিশন প্রাপ্তি | | ৪,০০০ | |
| **মোট আয়** | | | ৭৯,০০০ |
| **বাদ: ব্যয়সমূহ:** | | | |
| বেতন | | ১২,০০০ | |
| বিজ্ঞাপন | ১৭,০০০ | | |
| বাদ: অগ্রিম | ৮,০০০ | ৯,০০০ | |
| সাপ্লাইজ ব্যয় | | ১৬,০০০ | |
| অফিস যন্ত্রপাতির অবচয় | | ৮,০০০ | (৪৫,০০০) |
| **নিট আয়** | | | ৩৪,০০০ |

**উত্তর:** নিট আয় ৩৪,০০০ টাকা।

গ

**কর্ণফুলী কোম্পানি লিমিটেড**
**রক্ষিত আয় বিবরণী**
২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| রক্ষিত আয় (প্রারম্ভিক উদ্বৃত্ত) | ২০,০০০ | |
| যোগ: চলতি বছরের নিট আয় [খ হতে প্রাপ্ত] | ৩৪,০০০ | ৫৪,০০০ |

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **বাদ: বণ্টনসমূহ:** | | |
| লভ্যাংশ | ৪,০০০ | |
| প্রস্তাবিত লভ্যাংশ (৫০,০০০ × ১০%) | ৫,০০০ | |
| সঞ্চিতি তহবিলে স্থানান্তর (৩৪,০০০ × ২০%) | ৬,৮০০ | (১৫,৮০০) |
| **রক্ষিত আয়ের সমাপনী জের** | | ৩৮,২০০ |

**উত্তর:** রক্ষিত আয়ের সমাপনী জের ৩৮,২০০ টাকা।

প্রশ্ন ▶ ৪৪ মুক্তা কো. লি.-এর রেজিস্ট্রিকৃত মূলধন ছিল ৬,০০,০০০ টাকা, যা প্রতিটি ১০০ টাকা মূল্যের ৬,০০০ শেয়ারে বিভক্ত। ৩১ ডিসেম্বর ২০১৫ তারিখে কোম্পানির রেওয়ামিল ছিল নিম্নরূপ—

**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০১৫

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| যন্ত্রপাতি (১-৭-১৫ তারিখে ক্রয়কৃত ৫০,০০০ টাকার যন্ত্রপাতিসহ) | ২,৫০,০০০ | |
| প্রারম্ভিক মজুদ | ৩০,৫০০ | |
| ক্রয় | ২,২২,৫০০ | |
| বিক্রয় | | ৪,৪২,৫০০ |
| ক্রয় ফেরত | | ১৫,৫০০ |
| শেয়ার মূলধন পূর্ণ পরিশোধিত | | ৪,০০,০০০ |
| রক্ষিত আয় | | ৪৫,০০০ |
| বিক্রয় ফেরত | ৮,৫০০ | |
| বিনিয়োগ | ১,৫০,০০০ | |
| প্রদেয় নোট | | ১২,০০০ |
| প্রদেয় হিসাব | | ৮৮,৫০০ |
| আমদানি শুল্ক | ১২,৫০০ | |
| আন্তঃপরিবহন | ১৮,৫০০ | |
| মজুরি | ২০,৫০০ | |
| বেতন | ৯০,০০০ | |
| মনিহারি | ২০,০০০ | |
| ভাড়া খরচ | ৩২,৫০০ | |
| প্রাপ্য হিসাব | ৪০,০০০ | |
| সুনাম | ৩০,০০০ | |
| নগদ | ৭৮,০০০ | |
| | ১০,০৩,৫০০ | ১০,০৩,৫০০ |

**সমন্বয়সমূহ:** ১. সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয় ১,২০,৫০০ টাকা। ২. মনিহারি মজুদের পরিমাণ ৯,৫০০ টাকা। ৩. যন্ত্রপাতির ওপর ১০% হারে অবচয় ধার্য করতে হবে। ৪. শেয়ারপ্রতি ১০ টাকা হারে লভ্যাংশ ঘোষণা করা হয়েছে। ৫. বোনাস তহবিলে ১০,০০০ টাকা স্থানান্তর করতে হবে। *[চি. বো. ১৬]*

ক. যন্ত্রপাতির খরচ নির্ণয় করো। ২
খ. ৩১-১২-২০১৫ তারিখের আয় বিবরণী প্রস্তুত করো। ৪
গ. সংরক্ষিত আয়ের উদ্বৃত্ত ৭৫,৩৯১ টাকা ধরে ৩১-১২-২০১৫ তারিখের আর্থিক অবস্থার বিবরণীর দায় ও মালিকানা স্বত্ব পার্শ্ব ছক আকারে প্রদর্শন করো। ৪

### ৪৪ নং প্রশ্নের সমাধান

ক যন্ত্রপাতির অবচয় খরচ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| প্রারম্ভিক যন্ত্রপাতির ওপর অবচয় [(২,৫০,০০০ − ৫০,০০০) × ১০%] | ২০,০০০ | |
| নতুন ক্রীত যন্ত্রপাতির ওপর অবচয় [৫০,০০০ × ১০% × ৬/১২) | ২,৫০০ | |
| **যন্ত্রপাতির অবচয় খরচ** | | ২২,৫০০ |

**উত্তর:** যন্ত্রপাতির অবচয় খরচ ২২,৫০০ টাকা।

খ

**মুক্তা কো: লি.**
**বিশদ আয় বিবরণী**
২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| বিক্রয় | | ৪,৪২,৫০০ | |
| বাদ: বিক্রয় ফেরত | | (৮,৫০০) | |
| **নিট বিক্রয়** | | | ৪,৩৪,০০০ |
| **বাদ: বিক্রীত পণ্যের ব্যয়:** | | | |
| প্রারম্ভিক মজুদ | | ৩০,৫০০ | |
| ক্রয় | ২,২২,৫০০ | | |
| বাদ: ক্রয় ফেরত | (১৫,৫০০) | | |
| **নিট ক্রয়** | | ২,০৭,০০০ | |
| আমদানি শুল্ক | | ১২,৫০০ | |
| আন্তঃপরিবহন | | ১৮,৫০০ | |
| মজুরি | | ২০,৫০০ | |
| | | ২,৮৯,০০০ | |
| বাদ: সমাপনী মজুদ পণ্য | | (১,২০,৫০০) | (১,৬৮,৫০০) |
| **মোট মুনাফা** | | | ২,৬৫,৫০০ |
| **বাদ: পরিচালন ব্যয়:** | | | |
| বেতন | | ৯০,০০০ | |
| মনিহারি | ২০,০০০ | | |
| বাদ: অব্যবহৃত | ৯,৫০০ | ১০,৫০০ | |
| ভাড়া খরচ | | ৩২,৫০০ | |
| যন্ত্রপাতির অবচয় খরচ [ক হতে প্রাপ্ত] | | ২২,৫০০ | (১,৫৫,৫০০) |
| **নিট মুনাফা** | | | ১,১০,০০০ |

**উত্তর:** নিট মুনাফা ১,১০,০০০ টাকা।

গ

**মুক্তা কো: লি.**
**আর্থিক অবস্থার বিরবণী (আংশিক)**
৩১ ডিসেম্বর, ২০১৫

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **শেয়ার মালিকদের স্বত্ব ও দায়সমূহ** | | | |
| **শেয়ার মূলধন:** | | | |
| **অনুমোদিত মূলধন:** | | | |
| প্রতিটি ১০০ টাকা দরে ৬,০০০ শেয়ার | | | ৬,০০,০০০ |
| **ইস্যুকৃত, বিলিকৃত ও পরিশোধিত মূলধন:** | | | |
| প্রতিটি ১০০ টাকা দরে ৪,০০০ শেয়ার | | | ৪,০০,০০০ |
| **সঞ্চিতি ও উদ্বৃত্ত:** | | | |
| সংরক্ষিত আয়ের উদ্বৃত্ত [প্রশ্নে প্রদত্ত] | | | ৭৫,৩৯১ |
| **চলতি দায় ও ভবিষ্যৎ ব্যবস্থা:** | | | |
| প্রদেয় নোট | | ১২,০০০ | |
| প্রদেয় হিসাব | | ৮৮,৫০০ | |
| ঘোষণাকৃত লভ্যাংশ (৪,০০০ × ১০) | | ৪০,০০০ | |
| বোনাস তহবিল | | ১০,০০০ | ১,৫০,৫০০ |
| **শেয়ার মালিকদের স্বত্ব ও মোট দায়** | | | ৬,২৫,৮৯১ |

**উত্তর:** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৬,২৫,৮৯১ টাকা।

প্রশ্ন ▶ ৪৫

**হিমাদ্রী লিমিটেড**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০১৫

| বিবরণ | টাকা | বিবরণ | টাকা |
|---|---|---|---|
| পণ্য ক্রয় | ৭,৮০,০০০ | শেয়ার মূলধন (বিলিকৃত | ৬,০০,০০০ |
| পণ্য ফেরত | ৪,০০০ | ও তলবকৃত ৬,০০০ | |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৮০,০০০ | শেয়ার প্রতিটি ১০০ টাকা) | |
| পরিবহন | ৩৬,০০০ | সাধারণ সঞ্চিতি | ৫৮,০০০ |
| মজুরি | ৯৬,৬০০ | প্রদেয় হিসাব | ৩০,০০০ |
| বেতন | ৬০,০০০ | বিক্রয় | ১১,৫০,০০০ |
| মনিহারি | ৩০,০০০ | প্রদেয় নোট | ৮,০০০ |
| সরঞ্জাম | ২,২০,০০০ | পণ্য ফেরত | ১০,০০০ |
| কলকব্জা | ২,৮০,০০০ | অবচয় সঞ্চিতি-সরঞ্জাম | ১২,০০০ |
| অনাদায়ী পাওনা | ৬,৪০০ | অবচয় সঞ্চিতি-কলকব্জা | ৪০,০০০ |
| প্রাপ্য হিসাব | ২,৩৯,০০০ | সংরক্ষিত আয় বিবরণীর উদ্বৃত্ত | ৮,০০০ |
| আয়কর | ৬,০০০ | বিনিয়োগের সুদ | ৪,০০০ |
| অন্তর্বর্তীকালীন লভ্যাংশ | ৯,০০০ | | |
| ৮% বিনিয়োগ | ৬০,০০০ | | |
| অনাদায়ী তলব | ১৩,০০০ | | |
| | ১৯,২০,০০০ | | ১৯,২০,০০০ |

**সমন্বয়সমূহ:** ১. ৩১ ডিসেম্বর ২০১৫ তারিখে মজুদ পণ্যের মূল্যায়ন করা হয়েছিল ১,৩২,০০০ টাকা কিন্তু পরবর্তীতে ২৫,০০০ টাকার পণ্য আগুনে বিনষ্ট হয়ে যায়। বিমা কোম্পানি ১৭,০০০ টাকা ক্ষতিপূরণ দিতে স্বীকৃত হয়েছে। ২. প্রারম্ভিক মজুদের মধ্যে ৮,০০০ টাকার মনিহারি ক্রয় অন্তর্ভুক্ত আছে। মনিহারির অর্ধাংশ ব্যবহৃত হয়েছে। ৩. মুনাফাবিহীন বিক্রয়ের পরিমাণ ৪৮,৭০০ টাকা। ৪. সরঞ্জাম ও কলকব্জার ক্রমহ্রাসমান জের-এর ওপর ১০% হারে অবচয় ধার্য করতে হবে। ৫. আদায়কৃত মূলধনের ১০% বার্ষিক লভ্যাংশ ঘোষণা করতে হবে। ৬. নিট লাভের ৮,০০০ টাকা সাধারণ সঞ্চিতি তহবিলে এবং ১১,০০০ টাকা লভ্যাংশ সমতাকরণ তহবিলে স্থানান্তর করতে হবে। *[সি. বো. ১৬]*

ক. সরঞ্জাম ও কলকব্জার ওপর অবচয়ের পরিমাণ দেখাও। ২
খ. চলতি বছরের মোট লাভ নির্ণয় করো। ৪
গ. নিট লাভ ১,৭০,০০০ টাকা ধরে সংরক্ষিত আয় বিবরণী তৈরি করো। ৪

**৪৫ নং প্রশ্নের সমাধান**

ক সরঞ্জাম ও কলকব্জার ওপর অবচয়ের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা |
|---|---|
| সরঞ্জামের অবচয় [(২,২০,০০০ – ১২,০০০) × ১০%] | ২০,৮০০ |
| কলকব্জার অবচয় [(২,৮০,০০০ – ৪০,০০০) × ১০%] | ২৪,০০০ |

**উত্তর:** সরঞ্জামের অবচয় ২০,৮০০ টাকা; কলকব্জার অবচয় ২৪,০০০ টাকা।

খ

**হিমাদ্রী লিমিটেড**
**বিশদ আয় বিবরণী (আংশিক)**
২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| বিক্রয় | | ১১,৫০,০০০ | |
| বাদ: ফেরত | | ৪,০০০ | |
| | | ১১,৪৬,০০০ | |
| বাদ: মুনাফাবিহীন বিক্রয় | | ৪৮,৭০০ | |
| **নিট বিক্রয়** | | | ১০,৯৭,৩০০ |
| **বাদ: বিক্রীত পণ্যের ব্যয়:** | | | |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৮০,০০০ | | |
| বাদ: মনিহারি | ৮,০০০ | ৭২,০০০ | |

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| পণ্য ক্রয় | ৭,৮০,০০০ | | |
| বাদ: ফেরত | ১০,০০০ | | |
| | ৭,৭০,০০০ | | |
| বাদ: মুনাফাবিহীন বিক্রয় | ৪৮,৭০০ | ৭,২১,৩০০ | |
| পরিবহন | | ৩৬,০০০ | |
| মজুরি | | ৯৬,৬০০ | |
| | | ৯,২৫,৯০০ | |
| বাদ: সমাপনী মজুদ পণ্য (১,৩২,০০০ – ২৫,০০০) | ১,০৭,০০০ | | |
| আগুনে বিনষ্ট পণ্য | ২৫,০০০ | ১,৩২,০০০ | (৭,৯৩,৯০০) |
| **মোট লাভ** | | | ৩,০৩,৪০০ |

**উত্তর:** মোট লাভ ৩,০৩,৪০০ টাকা।

গ

**হিমাদ্রী লিমিটেড**
**সংরক্ষিত আয় বিবরণী**
২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| সংরক্ষিত আয় বিবরণীর প্রারম্ভিক উদ্বৃত্ত | ৮,০০০ | |
| যোগ: চলতি বছরের নিট লাভ | ১,৭০,০০০ | ১,৭৮,০০০ |
| **বাদ: বণ্টনসমূহ:** | | |
| আয়কর | ৬,০০০ | |
| অন্তর্বর্তীকালীন লভ্যাংশ | ৯,০০০ | |
| ঘোষণাকৃত লভ্যাংশ [(৬,০০,০০০ – ১৩,০০০) × ১০%] | ৫৮,৭০০ | |
| সঞ্চিতি তহবিল | ৮,০০০ | |
| লভ্যাংশ সমতাকরণ তহবিল | ১১,০০০ | ৯২,৭০০ |
| **সংরক্ষিত আয় বিবরণীর সমাপনী উদ্বৃত্ত** | | ৮৫,৩০০ |

**উত্তর:** সংরক্ষিত আয় বিবরণীর সমাপনী উদ্বৃত্ত ৮৫,৩০০ টাকা।

প্রশ্ন ▶ ৪৬

**মুনমুন লিমিটেড**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০১৫

| বিবরণ | টাকা | বিবরণ | টাকা |
|---|---|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৩,৮০,০০০ | আদায়কৃত মূলধন | ১৫,০০,০০০ |
| ক্রয় | ১২,০০,০০০ | পণ্য বিক্রয় | ২১,১৮,০০০ |
| মজুরি | ১,১০,০০০ | ৬% ঋণপত্র (১-৭-১৫) | ২,৪০,০০০ |
| বেতন | ১,৮০,০০০ | শেয়ার অধিহার | ৪,৫০,০০০ |
| মনিহারি | ১৮,০০০ | প্রদেয় হিসাব | ১,০৯,০০০ |
| ক্রয় পরিবহন | ২৩,০০০ | কু-ঋণ সঞ্চিতি | ৩১,০০০ |
| প্রাপ্য হিসাব | ২,১০,০০০ | বিনিয়োগের সুদ | ২৩,০০০ |
| প্রাথমিক খরচাবলি | ৬০,০০০ | | |
| সুনাম | ১,০০,০০০ | | |
| আসবাবপত্র | ২,০০,০০০ | | |
| ভূমি ও দালানকোঠা | ১৪,৯০,০০০ | | |
| ৮% বিনিয়োগ | ৫,০০,০০০ | | |
| | ৪৪,৭১,০০০ | | ৪৪,৭১,০০০ |

**সমন্বয়সমূহ:** ১. সমাপনী মজুদ পণ্যের মূল্য ৪,৮০,০০০ টাকা কিন্তু-এর মধ্যে ১৮,০০০ টাকার পণ্য অন্তর্ভুক্ত আছে; যা বিক্রয় করা হয়েছে কিন্তু সরবরাহ করা হয় নি। ২. বিজ্ঞাপন বাবদ বিনামূল্যে পণ্য বিতরণ করা হয়েছে ৪০,০০০ টাকা। বিজ্ঞাপন ব্যয়ের $^{৩}/_{৫}$ অংশ বিলম্বিত করতে হবে। ৩. প্রাপ্য হিসাবের ১০% কু-ঋণ সঞ্চিতি ধার্য করতে হবে। ৪. ভূমি ও দালানকোঠার অন্তর্ভুক্ত ৫,০০,০০০ টাকা

বছরের মাঝামাঝি সময়ে ক্রয় করা হয়েছে। ৫. সুনামের ২৫% ও প্রাথমিক খরচের ২০% অবলোপন করো। ৬. ভূমি ও দালানকোঠার ৫% এবং আসবাবপত্রের ওপর ১০% অবচয় ধার্য করো। *[সি. বো. ১৬]*

ক. সমাপনী চলতি সম্পত্তির মোট পরিমাণ নির্ণয় করো। ২

খ. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় করো। ৪

গ. মোট লাভ ৯,০৭,০০০ টাকা ধরে নিট লাভ নির্ণয় করো। ৪

**৪৬ নং প্রশ্নের সমাধান**

ক সমাপনী চলতি সম্পত্তির পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| প্রাপ্য হিসাব | ২,১০,০০০ | |
| বাদ: নতুন কুঋণ সঞ্চিতি | ২১,০০০ | ১,৮৯,০০০ |
| বিনিয়োগের অনাদায়ী সুদ | | ১৭,০০০ |
| সমাপনী মজুদ পণ্য | ৪,৮০,০০০ | |
| বাদ: অসরবরাহকৃত পণ্য | ১৮,০০০ | ৪,৬২,০০০ |
| **সমাপনী চলতি সম্পত্তি** | | ৬,৬৮,০০০ |

**উত্তর:** সমাপনী চলতি সম্পত্তি ৬,৬৮,০০০ টাকা।

**নোট:** বিনিয়োগের ওপর পূর্ণ বছরের সুদ ধার্য করা হয়েছে।

খ বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | | | ৩,৮০,০০০ |
| ক্রয় | ১২,০০,০০০ | | |
| বাদ: পণ্য বিতরণ | ৪০,০০০ | ১১,৬০,০০০ | |
| মজুরি | | ১,১০,০০০ | |
| ক্রয় পরিবহন | | ২৩,০০০ | ১২,৯৩,০০০ |
| | | | ১৬,৭৩,০০০ |
| বাদ: সমাপনী মজুদ পণ্য | | | ৪,৬২,০০০ |
| **বিক্রীত পণ্যের ব্যয়** | | | ১২,১১,০০০ |

**উত্তর:** বিক্রীত পণ্যের ব্যয় ১২,১১,০০০ টাকা।

গ

**মুনমুন লিমিটেড**
**বিশদ আয় বিবরণী**
২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| মোট লাভ (প্রশ্নপত্রে প্রদত্ত) | | | ৯,০৭,০০০ |
| **বাদ: পরিচালন ব্যয়:** | | | |
| বেতন | | ১,৮০,০০০ | |
| মনিহারি | | ১৮,০০০ | |
| নতুন কুঋণ সঞ্চিতি (২,১০,০০০ × ১০%) | ২১,০০০ | | |
| বাদ: পুরাতন কুঋণ সঞ্চিতি | ৩১,০০০ | (১০,০০০) | |
| বিজ্ঞাপন (পণ্য বিতরণ) | ৪০,০০০ | | |
| বাদ: বিলম্বিত (৪০,০০০ × ৩/৫) | ২৪,০০০ | ১৬,০০০ | |
| **অবলোপনসমূহ:** | | | |
| প্রাথমিক খরচ | ১২,০০০ | | |
| সুনাম | ২৫,০০০ | ৩৭,০০০ | |
| **অবচয়সমূহ:** | | | |
| আসবাবপত্র | ২০,০০০ | | |
| ভূমি ও দালানকোঠা [{(১৪,৯০,০০ – ৫,০০,০০০) × ৫%} + (৫,০০,০০০ × ৫% × ৬/১২)] | ৬২,০০০ | ৮২,০০০ | ৩,২৩,০০০ |
| **পরিচালন মুনাফা** | | | ৫,৮৪,০০০ |

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **অপরিচালন আয়:** | | | |
| বিনিয়োগের সুদ | ২৩,০০০ | | |
| যোগ: অনাদায়ী {(৫,০০,০০০ × ৮০%) - ২৩,০০০} | ১৭,০০০ | ৪০,০০০ | |
| **বাদ: অপরিচালন ব্যয়:** | | | |
| ঋণের সুদ (বকেয়া) [(২,৪০,০০০ × ৬% × ৬/১২)] | | ৭,২০০ | |
| **নিট অপরিচালন আয়** | | | ৩২,৮০০ |
| **নিট মুনাফা** | | | ৬,১৬,৮০০ |

**উত্তর:** নিট মুনাফা ৬,১৬,৮০০ টাকা।

**প্রশ্ন ▶৪৭** স্টার কোম্পানি লিমিটেড-এর অনুমোদিত মূলধনের পরিমাণ ১০,০০,০০০ টাকা। এই মূলধন প্রতিটি ১০ টাকা মূল্যের ১,০০,০০০ সাধারণ শেয়ারে বিভক্ত। ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রস্তুতকৃত রেওয়ামিল নিম্নে প্রদত্ত হলো—

**স্টার কোম্পানি লিমিটেড**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০১৫

| হিসাবের শিরোনাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| শেয়ার মূলধন | | ৮,০০,০০০ |
| কলকব্জা | ৬,০০,০০০ | |
| বেতন | ৪০,০০০ | |
| মজুদ পণ্য (১-১-১৫) | ৪৫,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ৪,৫০,০০০ | ৮,৫০,০০০ |
| ভাড়া | ৪৫,০০০ | |
| লভ্যাংশ প্রদান | ৪০,০০০ | |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ১,৪০,০০০ | ৭০,০০০ |
| নগদ | ১,৭০,০০০ | |
| ব্যাংক জমা | ১,৫০,০০০ | |
| মজুরি | ৩০,০০০ | |
| আমদানি শুল্ক | ৫০,০০০ | |
| অনাদায়ী পাওনা সঞ্চিতি | | ১০,০০০ |
| সংরক্ষিত আয় (১-১-১৫) | | ৩০,০০০ |
| | ১৭,৬০,০০০ | ১৭,৬০,০০০ |

**সমন্বয়সমূহ:** ১. সমাপনী মজুদ পণ্য ১,৪০,০০০ টাকায় মূল্যায়ন করা হয়। ২. কলকব্জার ওপর ১০% অবচয় ধরতে হবে। (১,০০,০০০ টাকার কলকব্জা ৩০-০৫-২০১৫ তারিখে ক্রয় করা হয়। ৩. প্রতি মাসে ভাড়া প্রদানের হার ৫,০০০ টাকা। ৪. প্রাপ্য হিসাবের ৫,০০০ টাকা আদায়যোগ্য নয়; অনাদায়ী পাওনা সঞ্চিতি ৮,০০০ টাকা রাখতে হবে। *[য. বো. ১৬]*

ক. কলকব্জার অবচয় নির্ণয় করো। ২
খ. উপযুক্ত তথ্যের আলোকে বিক্রীত দ্রব্যের ব্যয় নির্ণয় করো। ৪
গ. বিক্রীত দ্রব্যের ব্যয় ৪,২০,০০০ টাকা ধরে আয় বিবরণী প্রস্তুত করো। ৪

**৪৭ নং প্রশ্নের সমাধান**

**ক** কলকব্জার অবচয় নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| প্রারম্ভিক কলকব্জার অবচয় [(৬,০০,০০০ – ১,০০,০০০) × ১০%] | ৫০,০০০ | |
| নতুন ক্রয়কৃত কলকব্জার অবচয় [(১,০০,০০০ × ১০%) × ৭/১২] | ৫,৮৩৩ | |
| **মোট অবচয়** | | ৫৫,৮৩৩ |

**উত্তর:** মোট অবচয়ের পরিমাণ ৫৫,৮৩৩ টাকা।

খ বিক্রীত দ্রব্যের ব্যয়ের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | | ৪৫,০০০ |
| পণ্য ক্রয় | ৪,৫০,০০০ | |
| মজুরি | ৩০,০০০ | |
| আমদানি শুল্ক | ৫০,০০০ | ৫,৩০,০০০ |
| **বিক্রয়যোগ্য দ্রব্যের ব্যয়** | | ৫,৭৫,০০০ |
| বাদ: সমাপনী মজুদ পণ্য | | ১,৪০,০০০ |
| **বিক্রীত দ্রব্যের ব্যয়** | | ৪,৩৫,০০০ |

**উত্তর:** বিক্রীত দ্রব্যের ব্যয় ৪,৩৫,০০০ টাকা।

গ

**স্টার কোম্পানি**
**বিশদ আয় বিবরণী**
২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| বিক্রয় | | | ৮,৫০,০০০ |
| **বাদ: বিক্রীত দ্রব্যের ব্যয়:** | | | |
| বিক্রীত দ্রব্যের ব্যয় (দেয়া আছে) | | | (৪,২০,০০০) |
| **মোট মুনাফা** | | | ৪,৩০,০০০ |
| বাদ: পরিচালন ব্যয়: | | | |
| বেতন | | ৪০,০০০ | |
| ভাড়া | ৪৫,০০০ | | |
| যোগ: বকেয়া {(৫,০০০ × ১২) - ৪৫,০০০} | ১৫,০০০ | ৬০,০০০ | |
| কলকব্জার অবচয় (ক থেকে প্রাপ্ত) | | ৫৫,৮৩৩ | |
| অনাদায়ী পাওনা (নতুন) | ৫,০০০ | | |
| যোগ: নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতি | ৮,০০০ | | |
| | ১৩,০০০ | | |
| বাদ: পুরাতন অনাদায়ী পাওনা সঞ্চিতি | ১০,০০০ | ৩,০০০ | ১,৫৮,৮৩৩ |
| **নিট মুনাফা** | | | ২,৭১,১৬৭ |

**উত্তর:** নিট মুনাফা ২,৭১,১৬৭ টাকা।

প্রশ্ন ▶ ৪৮ জামান অ্যান্ড কোম্পানি লিমিটেডের ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিম্নরূপ—

**জামান অ্যান্ড কোম্পানি লিমিটেড**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০১৫

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| চলতি বছরের নিট মুনাফা | | ১,০০,০০০ |
| আসবাবপত্র | ১,৫০,০০০ | |
| দালানকোঠা | ৩,২০,০০০ | |
| নগদ তহবিল | ৯০,০০০ | |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ৮০,০০০ | ৫০,০০০ |
| শেয়ার মূলধন | | ৫,০০,০০০ |
| প্রাপ্য নোট ও প্রদেয় নোট | ২০,০০০ | ১০,০০০ |
| ১০% ঋণপত্র | | ৫০,০০০ |
| ১৫% বিনিয়োগ | ১,০০,০০০ | |
| সঞ্চিতি তহবিল | | ২০,০০০ |
| সংরক্ষিত মুনাফা (১-১-১৫) | | ৭০,০০০ |
| লভ্যাংশ প্রদান | ২৫,০০০ | |
| ব্যাংক জমাতিরিক্ত | | ৫,০০০ |
| মজুদ পণ্য (সমাপনী) | ২০,০০০ | |
| | ৮,০৫,০০০ | ৮,০৫,০০০ |

**সমন্বয়সমূহ:** ১. নিট লাভের ১০% সঞ্চিতি তহবিলে স্থানান্তর করতে হবে। ২. ১০% চূড়ান্ত লভ্যাংশ ঘোষণা করা হয়েছে। ৩. ৩১-১২-২০১৫ তারিখে ৫০% ঋণ পরিশোধ করা হয়, যা হিসাবভুক্ত হয়নি। *[য. বো. ১৬]*

ক. সংরক্ষিত আয় বিবরণী প্রস্তুত করো। ২

খ. সংরক্ষিত মুনাফা ১,১০,০০০ টাকা ধরে আর্থিক অবস্থার বিবরণীর দায় ও মালিকানা স্বত্ব উপস্থাপন করো। ৪

গ. আর্থিক অবস্থার বিবরণীর সম্পদসমূহ উপস্থাপন করো। ৪

**৪৮ নং প্রশ্নের সমাধান**

**ক**

**জামান অ্যান্ড কোম্পানি লিমিটেড**
**সংরক্ষিত আয় বিবরণী**
২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| সংরক্ষিত মুনাফা (০১-০১-২০১৫) | ৭০,০০০ | |
| যোগ: চলতি বছরের মুনাফা | ১,০০,০০০ | ১,৭০,০০০ |
| বাদ: সঞ্চিতি তহবিলে স্থানান্তর | ১০,০০০ | |
| লভ্যাংশ প্রদান (১,০০,০০০ × ১০%) | ২৫,০০০ | |
| ঘোষিত লভ্যাংশ (৫,০০,০০০ × ১০%) | ৫০,০০০ | ৮৫,০০০ |
| **সংরক্ষিত আয়ের সমাপনী উদ্বৃত্ত** | | ৮৫,০০০ |

**উত্তর:** সংরক্ষিত আয়ের সমাপনী উদ্বৃত্ত ৮৫,০০০ টাকা।

**খ**

**জামান অ্যান্ড কোম্পানি লিমিটেড**
**আর্থিক অবস্থার বিবরণী (আংশিক)**
৩১ ডিসেম্বর ২০১৫

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **শেয়ারহোল্ডারদের স্বত্ব ও দায়সমূহ** | | | |
| শেয়ার মূলধন | | | ৫,০০,০০০ |
| **সঞ্চিতি ও উদ্বৃত্ত:** | | | |
| সংরক্ষিত মুনাফা (দেয়া আছে) | | ১,১০,০০০ | |
| সঞ্চিতি তহবিল | ২০,০০০ | | |
| যোগ: নতুন সংস্থাপন | ১০,০০০ | ৩০,০০০ | |
| **মোট সঞ্চিতি ও উদ্বৃত্ত** | | | ১,৪০,০০০ |
| **দীর্ঘমেয়াদি দায়:** | | | |
| ১০% ঋণপত্র | | ৫০,০০০ | |
| বাদ: পরিশোধ (৫০,০০০ × ৫০%) | | (২৫,০০০) | ২৫,০০০ |
| **চলতি দায়:** | | | |
| প্রদেয় হিসাব | | ৫০,০০০ | |
| প্রদেয় নোট | | ১০,০০০ | |
| ঘোষিত লভ্যাংশ | | ৫০,০০০ | |
| ব্যাংক জমাতিরিক্ত | | ৫,০০০ | |
| **মোট চলতি দায়** | | | ১,১৫,০০০ |
| **শেয়ার মালিকদের স্বত্ব ও মোট দায়** | | | ৭,৮০,০০০ |

**উত্তর:** শেয়ার মালিকদের স্বত্ব ও মোট দায় ৭,৮০,০০০ টাকা।

**গ**

**জামান অ্যান্ড কোম্পানি লিমিটেড**
**আর্থিক অবস্থার বিবরণী (আংশিক)**
৩১ ডিসেম্বর ২০১৫

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **সম্পদসমূহ** | | | |
| **স্থায়ী সম্পদ:** | | | |
| আসবাবপত্র | | ১,৫০,০০০ | |
| দালানকোঠা | | ৩,২০,০০০ | |
| **মোট চলতি সম্পদ** | | | ৪,৭০,০০০ |

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **দীর্ঘমেয়াদি বিনিয়োগ:** | | | |
| ১৫% বিনিয়োগ | | | ১,০০,০০০ |
| **চলতি সম্পদ:** | | | |
| প্রাপ্য হিসাব | | ৮০,০০০ | |
| প্রাপ্য নোট | | ২০,০০০ | |
| সমাপনী মজুদ পণ্য | | ২০,০০০ | |
| নগদ তহবিল | ৯০,০০০ | | |
| বাদ: ঋণ পরিশোধ | ২৫,০০০ | ৬৫,০০০ | |
| **মোট চলতি সম্পদ** | | | ১,৮৫,০০০ |
| **মোট সম্পদ** | | | ৭,৫৫,০০০ |

**উত্তর:** মোট সম্পদ ৭,৫৫,০০০ টাকা।

**নোট:** প্রশ্নপত্রে চলতি বছরের নিট মুনাফা দেয়া রয়েছে যার ফলে বিনিয়োগের সুদ ও ঋণপত্রের সুদ বকেয়া হিসেবে সমন্বয় করা হয়নি।

**প্রশ্ন ▶ ৪৯** মুজতাবা লি.-এর অনুমোদিত মূলধন ৮,০০,০০০ টাকা, যা প্রতিটি ১০০ টাকা মূল্যের ৮,০০০ শেয়ারে বিভক্ত। ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রস্তুতকৃত রেওয়ামিল নিম্নে প্রদত্ত হলো—

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| শেয়ার মূলধন (৫,০০০ শেয়ার) | | ৫,০০,০০০ |
| ১২% ঋণপত্র (১-৪-২০১৪) | | ৫০,০০০ |
| রক্ষিত আয় বিবরণী (১-১-২০১৫) | | ৫০,০০০ |
| যন্ত্রপাতি | ২,৫০,০০০ | |
| প্রাথমিক খরচ | ৪০,০০০ | |
| দায় গ্রাহকের কমিশন | ২৫,০০০ | |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৩২,৫০০ | |
| ক্রয় | ২,৬৫,০০০ | |
| বিক্রয় | | ৪,২৫,০০০ |
| আমদানি শুল্ক | ১০,০০০ | |
| সাধারণ খরচ | ১০,০০০ | |
| মজুরি | ৩৮,৫০০ | |
| সুনাম | ১,০০,০০০ | |
| বিক্রয় ফেরত | ৯,৫০০ | |
| ক্রয় ফেরত | | ৮,০০০ |
| নিরীক্ষা ফি | ১০,০০০ | |
| নগদ | ৩২,৫০০ | |
| আসবাবপত্র | ২,১০,০০০ | |
| | ১০,৩৩,০০০ | ১০,৩৩,০০০ |

**অন্যান্য তথ্য:** ১. সমাপনী মজুদ পণ্য ১,৩৫,০০০ টাকা। ২. একটি নতুন মেশিনের সংস্থাপন ব্যয় ১০,০০০ টাকা মজুরির অন্তর্ভুক্ত আছে। নতুন মেশিনের ক্রয়মূল্য ৫০,০০০ টাকা, যা ০১-০৭-২০১৫ তারিখে সংস্থাপন করা হয়। ৩. যন্ত্রপাতির ওপর ১০% অবচয় সঞ্চিতি ধরতে হবে। ৪. শেয়ার প্রতি ২ টাকা লভ্যাংশ ঘোষণা করতে হবে। ৫. প্রাথমিক খরচের অর্ধাংশ এবং দায় গ্রাহকের কমিশন সম্পূর্ণ অবলোপন করতে হবে। *[ব. বো. ১৬]*

ক. ক্রয়কৃত পণ্যের ব্যয় নির্ণয় করো। ২

খ. মোট লাভ ২,১২,৫০০ টাকা ধরে ৩১ ডিসেম্বর ২০১৫ সালের নিট লাভ নির্ণয় করো। ৪

গ. রক্ষিত আয় বিবরণীর ক্রেডিট উদ্বৃত্ত ১,৭২,০০০ টাকা ধরে ৩১ ডিসেম্বর, ২০১৫ তারিখে কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

**৪৯ নং প্রশ্নের সমাধান**

**ক** ক্রয়কৃত পণ্যের ব্যয় নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| ক্রয় | | ২,৬৫,০০০ | |
| বাদ: ক্রয় ফেরত | | ৮,০০০ | ২,৫৭,০০০ |

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **যোগ: অন্যান্য প্রত্যক্ষ খরচ:** | | | |
| মজুরি | ৩৮,৫০০ | | |
| বাদ: সংস্থাপন ব্যয় | (১০,০০০) | ২৮,৫০০ | |
| আমদানি শুল্ক | | ১০,০০০ | ৩৮,৫০০ |
| **ক্রয়কৃত পণ্যের ব্যয়** | | | ২,৯৫,৫০০ |

**উত্তর:** ক্রয়কৃত পণ্যের ব্যয় ২,৯৫,৫০০ টাকা।

খ

**মুজতাবা লি.**
**বিশদ আয় বিবরণী**
২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| মোট মুনাফা (প্রশ্নে প্রদত্ত) | | | ২,১২,৫০০ |
| **বাদ: পরিচালন ব্যয়:** | | | |
| সাধারণ খরচ | | ১০,০০০ | |
| নিরীক্ষা ফি | | ১০,০০০ | |
| যন্ত্রপাতির অবচয় [(২,০০,০০০ × ১০%) + (৫০,০০০ + ১০,০০০) × ১০% × ৬/১২] | | ২৩,০০০ | |
| প্রাথমিক খরচের অবলোপন (৪০,০০০ × ১/২) | | ২০,০০০ | |
| দায় গ্রাহকের কমিশন অবলোপন | | ২৫,০০০ | ৮৮,০০০ |
| **পরিচালন মুনাফা** | | | ১,২৪,৫০০ |
| অপরিচালন ব্যয়: | | | |
| ঋণপত্রের সুদ (বকেয়া) (৫০,০০০ × ১২%) | | | ৬,০০০ |
| **নিট মুনাফা** | | | ১,১৮,৫০০ |

**উত্তর:** নিট মুনাফা ১,১৮,৫০০ টাকা।

গ

**মুজতাবা লি.**
**আর্থিক অবস্থার বিবরণী**
৩১ ডিসেম্বর, ২০১৫

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **সম্পদসমূহ** | | | |
| **স্থায়ী সম্পদ:** | | | |
| সুনাম | | ১,০০,০০০ | |
| যন্ত্রপাতি | ২,৫০,০০০ | | |
| যোগ: সংস্থাপন ব্যয় | ১০,০০০ | | |
| | ২,৬০,০০০ | | |
| বাদ: পুঞ্জীভূত অবচয় | ২৩,০০০ | ২,৩৭,০০০ | |
| আসবাবপত্র | | ২,১০,০০০ | |
| **মোট স্থায়ী সম্পদ** | | | ৫,৪৭,০০০ |
| **চলতি সম্পদ:** | | | |
| নগদ | | ৩২,৫০০ | |
| সমাপনী মজুদ পণ্য | | ১,৩৫,০০০ | |
| **মোট চলতি সম্পদ** | | | ১,৬৭,৫০০ |
| **অসমন্বিত ব্যয়:** | | | |
| প্রাথমিক খরচ | ৪০,০০০ | | |
| বাদ: অবলোপন | ২০,০০০ | ২০,০০০ | |
| দায় গ্রাহকের কমিশন | ২৫,০০০ | | |
| বাদ: অবলোপন | ২৫,০০০ | - | ২০,০০০ |
| অনিশ্চিত হিসাব [পার্থক্য] | | | ৩,৫০০ |
| **মোট সম্পদ** | | | ৭,৩৮,০০০ |

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **শেয়ার মালিকদের স্বত্ব ও দায়সমূহ** | | | |
| **শেয়ার মূলধন:** | | | |
| **অনুমোদিত মূলধন:** | | | |
| ৮,০০০ শেয়ার প্রতিটি ১০০ টাকা দরে | | | ৮,০০,০০০ |
| **ইস্যুকৃত, বিলিকৃত ও পরিশোধিত মূলধন:** | | | |
| ৫,০০০ শেয়ার প্রতিটি ১০০ টাকা দরে | | | ৫,০০,০০০ |
| **সঞ্চিতি ও উদ্বৃত্ত:** | | | |
| রক্ষিত আয় বিবরণীর উদ্বৃত্ত [প্রশ্নে প্রদত্ত] | | | ১,৭২,০০০ |
| **দীর্ঘমেয়াদি দায়:** | | | |
| ১২% ঋণপত্র | | | ৫০,০০০ |
| **চলতি দায় ও ভবিষ্যৎ ব্যবস্থা:** | | | |
| প্রস্তাবিত লভ্যাংশ | | ১০,০০০ | |
| ঋণপত্রের বকেয়া সুদ | | ৬,০০০ | |
| **মোট চলতি দায়** | | | ১৬,০০০ |
| **শেয়ার মালিকদের স্বত্ব ও মোট দায়** | | | ৭,৩৮,০০০ |

**উত্তর:** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৭,৩৮,০০০ টাকা এবং অনিশ্চিত হিসাব (সম্পদ) ৩,৫০০ টাকা।

প্রশ্ন ▶৫০ সবুজ বাংলা লিমিটেড-এর অনুমোদিত মূলধন ১২,০০,০০০ টাকা, যা প্রতিটি ১০০ টাকা মূল্যের ১২,০০০ শেয়ারে বিভক্ত। ৩১ ডিসেম্বর ২০১৫ তারিখে কোম্পানির রেওয়ামিল (আংশিক) নিম্নরূপ—

| হিসাবের শিরোনাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| শেয়ার মূলধন (৮,০০০ শেয়ার) | | ৮,০০,০০০ |
| ৬% বিনিয়োগ (১-১-২০১৫) | ১,৬০,০০০ | |
| আয়কর সঞ্চিতি | | ৩৭,০০০ |
| সুনাম | ১,১৫,০০০ | |
| ভূমি ও দালান | ২,৭০,০০০ | |
| কলকব্জা | ৩,২২,০০০ | |
| সমাপনী মজুদ পণ্য | ৮০,০০০ | |
| নগদ | ৭,৫০০ | |
| দেনাদার ও পাওনাদার | ৩৭,১০০ | ৪০,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | | ৩৩,০০০ |
| আয়কর | ১৭,০০০ | |
| রক্ষিত আয় বিবরণী (১-১-২০১৫) | | ৪৮,০০০ |
| সঞ্চিতি তহবিল | | ৫২,০০০ |
| শেয়ার অধিহার | | ২৪,০০০ |
| দায় গ্রাহকের দস্তুরি | ২৮,০০০ | |
| দাবিমুক্ত লভ্যাংশ | | ২,৬০০ |
| | ১০,৩৬,৬০০ | ১০,৩৬,৬০০ |

**অন্যান্য তথ্য:** ১. নিট লাভের ১০,০০০ টাকা কর্মচারী কল্যাণ তহবিলে স্থানান্তর করো। ২. শেয়ার অধিহার দ্বারা সুনাম অবলোপন করো। ৩. শেয়ার প্রতি ২ টাকা লভ্যাংশ ঘোষণা করো। ৪. দাবিমুক্ত লভ্যাংশের অর্ধেক অবলোপন করো। ৫. আয়কর ফেরত ৭,০০০ টাকা হিসাবভুক্ত হয় নি। *[ব. বো. ১৬]*

ক. পরিশোধ মুনাফা নির্ণয় করো। ২

খ. নিট লাভ ৩৭,০০০ টাকা ধরে রক্ষিত আয় বিবরণী প্রস্তুত করো। ৪

গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণীতে দায় ও মালিকানা স্বত্ব উপস্থাপন করো। ৪

**<u>৫০ নং প্রশ্নের সমাধান</u>**

ক **পরিশোধ মুনাফা নির্ণয়:**

পরিশোধ মুনাফা (প্রস্তাবিত লভ্যাংশ) = (৮,০০০ × ২) = ১৬,০০০ টাকা

**উত্তর:** পরিশোধ মুনাফা ১৬,০০০ টাকা।

খ

**সবুজ বাংলা লিমিটেড**
**রক্ষিত আয় বিবরণী**
৩১ ডিসেম্বর, ২০১৫

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| সংরক্ষিত আয় বিবরণী (০১-০১-২০১৫) | | | ৪৮,০০০ |
| যোগ: চলতি বছরের নিট লাভ [প্রশ্নে প্রদত্ত] | | ৩৭,০০০ | |
| আয়কর সঞ্চিতি | ৩৭,০০০ | | |
| বাদ: আয়কর প্রদান | ১৭,০০০ | ২০,০০০ | |
| দাবিযুক্ত লভ্যাংশ অবলোপন | | ১,৩০০ | |
| আয়কর ফেরত (অসমন্বিত) | | ৭,০০০ | ৬৫,৩০০ |
| | | | ১,১৩,৩০০ |
| বাদ: বণ্টনসমূহ: | | | |
| কর্মচারী কল্যাণ তহবিলে স্থানান্তর | | ১০,০০০ | |
| প্রস্তাবিত লভ্যাংশ (ক থেকে প্রাপ্ত) | | ১৬,০০০ | (২৬,০০০) |
| **রক্ষিত আয়ের সমাপনী জের** | | | ৮৭,৩০০ |

**উত্তর:** রক্ষিত আয়ের সমাপনী জের ৮৭,৩০০ টাকা।

গ

**সবুজ বাংলা লিমিটেড**
**আর্থিক অবস্থার বিবরণী (আংশিক)**
৩১ ডিসেম্বর, ২০১৫

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **শেয়ার মালিকদের স্বত্ব ও দায়সমূহ** | | | |
| **শেয়ার মূলধন:** | | | |
| **অনুমোদিত মূলধন:** | | | |
| ১২,০০০ শেয়ার প্রতিটি ১০০ টাকা দরে | | | ১২,০০,০০০ |
| **ইস্যুকৃত, বিলিকৃত ও পরিশোধিত মূলধন:** | | | |
| ৮,০০০ শেয়ার প্রতিটি ১০০ টাকা দরে | | | ৮,০০,০০০ |
| **সঞ্চিতি ও উদ্বৃত্ত:** | | | |
| সংরক্ষিত আয় বিবরণী (৩১-১২-২০১৫) | | ৮৭,৩০০ | |
| শেয়ার অধিহার | ২৪,০০০ | | |
| বাদ: সুনাম অবলোপন | ২৪,০০০ | – | |
| সঞ্চিতি তহবিল | | ৫২,০০০ | ১,৩৯,৩০০ |
| **চলতি দায় ও ভবিষ্যৎ ব্যবস্থা:** | | | |
| পাওনাদার | | ৪০,০০০ | |
| ব্যাংক জমাতিরিক্ত | | ৩৩,০০০ | |
| দাবিযুক্ত লভ্যাংশ | ২,৬০০ | | |
| বাদ: অবলোপন | ১,৩০০ | ১,৩০০ | |
| কর্মচারী কল্যাণ তহবিল | | ১০,০০০ | |
| প্রস্তাবিত লভ্যাংশ | | ১৬,০০০ | |
| **মোট চলতি ও ভবিষ্যৎ ব্যবস্থা** | | | ১,০০,৩০০ |
| **শেয়ার মালিকদের স্বত্ব ও মোট দায়** | | | ১০,৩৯,৬০০ |

**উত্তর:** শেয়ার মালিকদের স্বত্ব ও মোট দায়ের পরিমাণ ১০,৩৯,৬০০ টাকা।

**প্রশ্ন ▶ ৫১** কোহিনুর কোম্পানি লিমিটেড-এর অনুমোদিত মূলধনের পরিমাণ ৫,০০,০০০ টাকা যাহা প্রতিটি ১০ টাকা মূল্যের ৫০,০০০ শেয়ারে বিভক্ত। ২০১৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে রেওয়ামিল ও অন্যান্য তথ্য নিম্নে প্রদত্ত হলো:

**কোহিনুর কোম্পানি লিমিটেড**
**রেওয়ামিল**
ডেবিট ৩১ ডিসেম্বর, ২০১৩ ক্রেডিট

| হিসাবের নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| মজুদ পণ্য (১.১.১৩) | ৬০,০০০ | শেয়ার মূলধন (প্রতি শেয়ারে | |
| ক্রয় | ৯০,০০০ | ১০ টাকা করে ২০,০০০ শেয়ার) | ২,০০,০০০ |
| মনিহারি | ৪,০০০ | সংরক্ষিত আয় বিবরণীর | |
| বেতন | ২০,০০০ | উদ্বৃত্ত (৩১.১২.১২) | ১০,০০০ |
| দপ্তর খরচ | ২,০০০ | লভ্যাংশ সমতাকরণ তহবিল | ৫,০০০ |
| বিলম্বিত বিজ্ঞাপন | ৫,০০০ | বিক্রয় | ১,০৪,০০০ |
| প্রাপ্য হিসাব | ৬০,০০০ | প্রদেয় হিসাব | ৩০,০০০ |
| আয়কর | ২,০০০ | আয়কর সঞ্চিতি | ৬,০০০ |
| কলকব্জা | ৪৮,০০০ | ১২% ঋণ | ২০,০০০ |
| অন্তর্বর্তীকালীন লভ্যাংশ | ১২,০০০ | শিক্ষানবিশ সেলামি | ৬,০০০ |
| মোটরগাড়ি | ৭০,০০০ | | |
| রপ্তানি শুল্ক | ৮,০০০ | | |
| | ৩,৮১,০০০ | | ৩,৮১,০০০ |

**সমন্বয়সমূহ:** ১. সমাপনী মজুদ পণ্যের বাজারমূল্য ৭০,০০০ টাকা যার ক্রয়মূল্য ৬৫,০০০ টাকা। ২. প্রদেয় মাসিক বেতনের পরিমাণ ১,৫০০ টাকা। ৩. ঋণের পূর্ণ বছরের সুদ বকেয়া রয়েছে। ৪. মুনাফাবিহীন পণ্য বিক্রয় ৩,০০০ টাকা, বিক্রয়ের অন্তর্ভুক্ত আছে। ৫. বিক্রয় অথবা ফেরত ভিত্তিতে প্রেরিত ৫,০০০ টাকার পণ্য বিক্রয়ের মধ্যে অন্তর্ভুক্ত আছে যাহা এখনো বিক্রয় বলে নিশ্চিত হওয়া যায় নি। উক্ত পণ্যের ক্রয়মূল্য ৪,০০০ টাকা। ৬. প্রদেয় হিসাবের উপর ২% হারে বাট্টা সঞ্চিতি সৃষ্টি করতে হবে। *[ঢা.বো. ১৫]*

ক. উক্ত কোম্পানির নিট বিক্রয়ের পরিমাণ নির্ণয় করো। ২
খ. মোট লাভ ১৮,০০০ টাকা ধরে আয় বিবরণী তৈরি করো। ৪
গ. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে কোহিনুর কোম্পানি লি.-এর সংরক্ষিত আয় বিবরণী প্রস্তুত করো। ৪

**<u>৫১ নং প্রশ্নের সমাধান</u>**

**ক** নিট বিক্রয়ের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| বিক্রয় | ১,০৪,০০০ | |
| বাদ: মুনাফাবিহীন পণ্য বিক্রয় | ৩,০০০ | |
| | ১,০১,০০০ | |
| বাদ: বিক্রয় অথবা ফেরত ভিত্তিতে বিক্রয় | ৫,০০০ | |
| **নিট বিক্রয়** | | ৯৬,০০০ |

**উত্তর:** নিট বিক্রয় ৯৬,০০০ টাকা।

**খ**

**কোহিনুর কোম্পানি লিমিটেড**
**বিশদ আয় বিবরণী**
২০১৩ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| মোট লাভ (প্রশ্ন প্রদত্ত) | | | ১৮,০০০ |
| **যোগ: পরোক্ষ পরিচালন আয়:** | | | |
| প্রদেয় হিসাবের বাট্টা সঞ্চিতি | | | ৬০০ |
| | | | ১৮,৬০০ |
| **বাদ: পরিচালন ব্যয়:** | | | |
| বেতন | ২০,০০০ | | |
| বাদ: অগ্রিম | ২,০০০ | ১৮,০০০ | |
| মনিহারি | | ৪,০০০ | |
| দপ্তর খরচ | | ২,০০০ | |
| রপ্তানি শুল্ক | | ৮,০০০ | ৩২,০০০ |
| **পরিচালন ক্ষতি** | | | (১৩,৪০০) |

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **অপরিচালন আয়:** | | | |
| শিক্ষানবিশ সেলামি | | ৬,০০০ | |
| **বাদ: অপরিচালন ব্যয়:** | | | |
| ঋণের সুদ | | ২,৪০০ | |
| **নিট অপরিচালন আয়** | | | ৩,৬০০ |
| **নিট ক্ষতি** | | | (৯,৮০০) |

**উত্তর:** নিট ক্ষতি ৯,৮০০ টাকা।

গ

**কোহিনুর কোম্পানি লিমিটেড**

**সংরক্ষিত আয় বিবরণী**

২০১৩ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| সংরক্ষিত আয় বিবরণীর উদ্বৃত্ত (৩১-১২-২০১২) | | | ১০,০০০ |
| বাদ: চলতি বছরের নিট ক্ষতি | | | ৯,৮০০ |
| | | | ২০০ |
| **বাদ: বণ্টনসমূহ:** | | | |
| অন্তর্বর্তীকালীন লভ্যাংশ | | (১২,০০০) | |
| আয়কর সঞ্চিতি | ৬,০০০ | | |
| বাদ: আয়কর | ২,০০০ | ৪,০০০ | (৮,০০০) |
| **সংরক্ষিত আয়ের সমাপনী জের** | | | (৭,৮০০) |

**উত্তর:** সংরক্ষিত আয়ের সমাপনী জের ৭,৮০০ টাকা (ডেবিট)।

**প্রশ্ন ▶ ৫২** তিতাস কোম্পানি লিমিটেড প্রতিটি ১০ টাকা মূল্যের ৪০,০০০ শেয়ারে বিভক্ত ৪,০০,০০০ টাকা অনুমোদিত মূলধনে নিবন্ধিত হয়। ২০১৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে উক্ত কোম্পানির রেওয়ামিল ছিল নিম্নরূপ:

**তিতাস কোম্পানি লিমিটেড**

**রেওয়ামিল**

ডেবিট ৩১ ডিসেম্বর, ২০১৩ ক্রেডিট

| হিসাবের নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| প্রারম্ভিক মজুদ | ৪০,০০০ | শেয়ার মূলধন (২৫,০০০ শেয়ার) | ২,৫০,০০০ |
| কলকব্জা | ২,০০,০০০ | শেয়ার অধিহার | ৩০,০০০ |
| বিনিয়োগ | ২,০০,০০০ | সাধারণ সঞ্চিতি | ৪০,০০০ |
| সুনাম | ১,০০,০০০ | অদাবিকৃত লভ্যাংশ | ১০,০০০ |
| অন্তর্বর্তীকালীন লভ্যাংশ | ১৫,০০০ | ঋণপত্র | ৬০,০০০ |
| প্রাপ্য হিসাব | ১,২০,০০০ | প্রদেয় হিসাব | ৫০,০০০ |
| ক্রয় (১৫% ভ্যাটসহ) | ২,৩০,০০০ | বিক্রয় (১৫% ভ্যাটসহ) | ৪,৬০,০০০ |
| ভ্যাট চলতি হিসাব | ৩৫,০০০ | রক্ষিত আয় বিবরণীর জের (০১.০১.১৩) | ৪০,০০০ |
| | ৯,৪০,০০০ | | ৯,৪০,০০০ |

**সমন্বয়সমূহ:** ১. সমাপনী মজুদ মূল্যায়ন হয়েছে ৯৬,০০০ টাকা। উক্ত মজুদের মধ্যে ৬,০০০ টাকা মূল্যের আগুনে বিনষ্ট পণ্য অন্তর্ভুক্ত আছে এবং বিমা কোম্পানি ৪,০০০ টাকা ক্ষতিপূরণ দিতে রাজি আছে। ২. শেয়ার অধিহার সুনামের সাথে সমন্বয়পূর্বক অবলোপন করতে হবে। ৩. সাধারণ সঞ্চিতি বৃদ্ধি করে ৫০,০০০ টাকা করতে হবে। ৪. আয়কর সঞ্চিতি ১০,০০০ টাকা রাখতে হবে। *[ঢা. বো. ১৫]*

ক. ভ্যাট চলতি হিসাবের উদ্বৃত্তের পরিমাণ নির্ণয় করো। ২

খ. চলতি বছরের মোট মুনাফা নির্ণয় করো। ৪

গ. সংরক্ষিত আয় বিবরণীর উদ্বৃত্ত ২,৫৯,০০০ টাকা ধরে ২০১৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

## ৫২ নং প্রশ্নের সমাধান

ক

ভ্যাট চলতি হিসাব হিসাবের কোড নং........

| তারিখ | বিবরণ | জা: পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | জের ডেবিট | জের ক্রেডিট |
|---|---|---|---|---|---|---|
| ২০১৪ | | | | | | |
| ডিসে.-৩১ | ব্যালেন্স | | | | ৩৫,০০০ | |
| " ৩১ | ক্রয় হিসাব | | ৩০,০০০ | | ৬৫,০০০ | |
| " ৩১ | বিক্রয় হিসাব | | | ৬০,০০০ | ৫,০০০ | |

**উত্তর:** ভ্যাট চলতি হিসাবের উদ্বৃত্ত (ডেবিট) ৫,০০০ টাকা।

খ

### তিতাস কোম্পানি লিমিটেড
### বিশদ আয় বিবরণী (আংশিক)
২০১৩ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| বিক্রয় | | ৪,৬০,০০০ | |
| বাদ: ভ্যাট চলতি হিসাব | | ৬০,০০০ | ৪,০০,০০০ |
| **বাদ: বিক্রীত পণ্যের ব্যয়:** | | | |
| প্রারম্ভিক মজুদ পণ্য | | ৪০,০০০ | |
| ক্রয় | ২,৩০,০০০ | | |
| বাদ: ভ্যাট চলতি হিসাব | ৩০,০০০ | ২,০০,০০০ | |
| | | ২,৪০,০০০ | |
| বাদ: সমাপনী মজুদ পণ্য | ৯৬,০০০ | | |
| বাদ: আগুনে বিনষ্ট পণ্য | ৬,০০০ | ৯০,০০০ | |
| আগুনে বিনষ্ট পণ্য | | ৬,০০০ | ১,৪৪,০০০ |
| **মোট লাভ** | | | ২,৫৬,০০০ |

**উত্তর:** মোট লাভ ২,৫৬,০০০ টাকা।

গ

### তিতাস কোম্পানি লিমিটেড
### আর্থিক অবস্থার বিবরণী
২০১৩ সালের ৩১ ডিসেম্বর তারিখের

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **সম্পদসমূহ** | | | |
| **স্থায়ী সম্পদ:** | | | |
| সুনাম | ১,০০,০০০ | | |
| বাদ: শেয়ার অধিহার অবলোপন | ৩০,০০০ | ৭০,০০০ | |
| কলকজা | | ২,০০,০০০ | |
| **মোট স্থায়ী সম্পদ** | | | ২,৭০,০০০ |
| **বিনিয়োগ:** | | | |
| বিনিয়োগ | | | ২,০০,০০০ |
| **চলতি সম্পদ:** | | | |
| প্রাপ্য হিসাব | | ১,২০,০০০ | |
| ভ্যাট চলতি হিসাব (ক হতে প্রাপ্ত) | | ৫,০০০ | |
| সমাপনী মজুদ পণ্য (৯৬,০০০ – ৬,০০০) | | ৯০,০০০ | |
| প্রাপ্য বিমা দাবি | | ৪,০০০ | |
| **মোট চলতি সম্পদ** | | | ২,১৯,০০০ |
| **মোট সম্পদ** | | | ৬,৮৯,০০০ |

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **শেয়ার মালিকদের স্বত্ব ও দায়সমূহ** | | | |
| **শেয়ার মূলধন:** | | | |
| **অনুমোদিত মূলধন:** | | | |
| ৪০,০০০ শেয়ার প্রতিটি ১০ টাকা করে | | | ৪,০০,০০০ |
| **ইস্যুকৃত, বিলিকৃত ও পরিশোধিত মূলধন:** | | | |
| ২৫,০০০ শেয়ার প্রতিটি ১০ টাকা করে | | | ২,৫০,০০০ |
| **সঞ্চিতি ও উদ্বৃত্ত:** | | | |
| শেয়ার অধিহার | ৩০,০০০ | | |
| বাদ: সুনাম অবলোপন | ৩০,০০০ | - | |
| সঞ্চিতি তহবিল | ৪০,০০০ | | |
| যোগ: সংযোজন | ১০,০০০ | ৫০,০০০ | |
| সংরক্ষিত আয় বিবরণীর জের | | ২,৫৯,০০০ | ৩,০৯,০০০ |
| **মোট সঞ্চিতি ও উদ্বৃত্ত** | | | |
| **দীর্ঘমেয়াদি দায়:** | | | |
| ঋণপত্র | | | ৬০,০০০ |
| **চলতি দায়:** | | | |
| অদাবিকৃত লভ্যাংশ | | ১০,০০০ | |
| প্রদেয় হিসাব | | ৫০,০০০ | |
| আয়কর সঞ্চিতি | | ১০,০০০ | |
| **মোট চলতি দায়** | | | ৭০,০০০ |
| **শেয়ার মালিকদের স্বত্ব ও মোট দায়** | | | ৬,৮৯,০০০ |

**উত্তর:** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৬,৮৯,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ৫৩** সোনারগাঁও কোম্পানি লি. প্রতি শেয়ার ১০ টাকা করে ৯,০০০ শেয়ারে বিভক্ত ৯০,০০০ টাকা অনুমোদিত মূলধনে নিবন্ধিত হয়।

২০১৪ সালে ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানির রেওয়ামিল নিম্নে দেওয়া হলো:

**সোনারগাঁও কোম্পানি লি.**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০১৪

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| যন্ত্রপাতি | ৫০,০০০ | |
| ভূমি ও দালানকোঠা | ২৪,০০০ | |
| আসবাবপত্র | ৫,০০০ | |
| মজুদ পণ্য (০১-০১-২০১৪) | ১৬,০০০ | |
| ক্রয় | ১,৫০,০০০ | |
| মজুরি | ৫০,০০০ | |
| পণ্য ফেরত | ৬০০ | |
| বেতন | ২৫,৫০০ | |
| বিমা সেলামি | ২,৫০০ | |
| সুনাম | ৩২,০০০ | |
| বিজ্ঞাপন | ৬,০০০ | |
| বহিঃপরিবহন | ৭০০ | |
| লভ্যাংশ প্রদান | ৪,০০০ | |
| প্রাপ্য হিসাব | ১৫,০০০ | |
| নগদ তহবিল | ১০,০০০ | |
| আয়কর | ১২,০০০ | |
| শেয়ার মূলধন (প্রতি শেয়ার ১০ টাকা করে) | | ৭০,০০০ |
| বিক্রয় | | ২,২৫,০০০ |

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| প্রদেয় হিসাব | | ৩৭,৩০০ |
| ৫% ঋণপত্র | | ৪০,০০০ |
| সাধারণ সঞ্চিতি | | ৮,০০০ |
| সংরক্ষিত আয় হিসাব উদ্বৃত্ত (০১.০১.১৪) | | ২৩,০০০ |
| | ৪,০৩,৩০০ | ৪,০৩,৩০০ |

**নিম্নোক্ত সমন্বয়গুলো সাধন করা প্রয়োজন:** (i) সমাপনী মজুদ পণ্য ৭৬,০০০ টাকা। (ii) ঋণপত্রের সারা বছরের সুদ বকেয়া আছে। (iii) বিজ্ঞাপন খরচের অর্ধেক বিলম্বিত করতে হবে। (iv) বেতন ১,০০০ টাকা বকেয়া আছে। (v) ১,৫০০ টাকার মনিহারি ক্রয় দ্বারা ক্রয় হিসাবকে ডেবিট করা হয়েছে। (vi) যন্ত্রপাতির ওপর ১৫% অবচয় ধরতে হবে। (vii) সাধারণ সঞ্চিতি ১১,০০০ টাকায় বৃদ্ধি করতে হবে। *[রা.বো. ১৫]*

ক. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় করো। ২
খ. মোট পরিচালন ব্যয় নির্ণয় করো। ৪
গ. মালিকানা স্বত্বের উদ্বৃত্ত ১,২০,২২২ টাকা ধরে কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী তৈরি করো। ৪

**৫৩ নং প্রশ্নের সমাধান**

**ক** বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | | ১৬,০০০ |
| ক্রয় | ১,৫০,০০০ | |
| বাদ: মনিহারি | ১,৫০০ | ১,৪৮,৫০০ |
| মজুরি | | ৫০,০০০ |
| | | ২,১৪,৫০০ |
| বাদ: সমাপনী মজুদ পণ্য | | ৭৬,০০০ |
| **বিক্রীত পণ্যের ব্যয়** | | ১,৩৮,৫০০ |

**উত্তর:** বিক্রীত পণ্যের ব্যয় ১,৩৮,৫০০ টাকা।

**খ** মোট পরিচালন ব্যয় নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| বেতন | ২৫,৫০০ | |
| যোগ: বকেয়া | ১,০০০ | ২৬,৫০০ |
| বিমা সেলামি | | ২,৫০০ |
| বিজ্ঞাপন | ৬,০০০ | |
| বাদ: বিলম্বিত | ৩,০০০ | ৩,০০০ |
| বহিঃপরিবহন | | ৭০০ |
| মনিহারি | | ১,৫০০ |
| যন্ত্রপাতির অবচয় (৫০,০০০ × ২৫%) | | ৭,৫০০ |
| **মোট পরিচালন ব্যয়** | | ৪১,৭০০ |

**উত্তর:** মোট পরিচালন ব্যয় ৪১,৭০০ টাকা।

**গ**

**সোনারগাঁও কোম্পানি লি.**
**আর্থিক অবস্থার বিবরণী**
৩১ ডিসেম্বর, ২০১৪

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **সম্পদসমূহ** | | | |
| **স্থায়ী সম্পদ:** | | | |
| যন্ত্রপাতি | ৫০,০০০ | | |
| বাদ: পুঞ্জীভূত অবচয় | ৭,৫০০ | ৪২,৫০০ | |
| ভূমি ও দালানকোঠা | | ২৪,০০০ | |
| আসবাবপত্র | | ৫,০০০ | |
| সুনাম | | ৩২,০০০ | |
| **মোট স্থায়ী সম্পদ** | | | ১,০৩,৫০০ |

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **চলতি সম্পদ** | | | |
| নগদ তহবিল | | ২০,০০০ | |
| প্রাপ্য হিসাব | | ১৫,০০০ | |
| সমাপনী মজুদ পণ্য | | ৭৬,০০০ | |
| **মোট চলতি সম্পদ** | | | ১,০১,০০০ |
| **অসমন্বিত ব্যয়:** | | | |
| বিলম্বিত বিজ্ঞাপন | | | ৩,০০০ |
| **মোট সম্পদ** | | | ২,০৭,৫০০ |
| **শেয়ারহোল্ডারদের স্বত্ব ও দায়সমূহ** | | | |
| **শেয়ার মূলধন:** | | | |
| মালিকানা স্বত্বের উদ্বৃত্ত | | | ১,২০,২২২ |
| **দীর্ঘমেয়াদি দায়:** | | | |
| ৫% ঋণপত্র | | | ৪০,০০০ |
| **চলতি দায়:** | | | |
| প্রদেয় হিসাব | | ৩৭,৩০০ | |
| বকেয়া বেতন | | ১,০০০ | |
| ঋণপত্রের বকেয়া সুদ | | ২,০০০ | |
| **মোট চলতি দায়** | | | ৪০,৩০০ |
| অনিশ্চিত হিসাব | | | ৬,৯৭৮ |
| **শেয়ার মালিকদের স্বত্ব ও মোট দায়** | | | ২,০৭,৫০০ |

**উত্তর:** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ২,০৭,৫০০ টাকা; অনিশ্চিত হিসাব (দায়) ৬,৯৭৮ টাকা।

**প্রশ্ন ▶৫৪** সাদ কোম্পানি লি.-এর অনুমোদিত মূলধন ১,০০,০০,০০০ টাকা। উক্ত মূলধন প্রতি শেয়ার ১০০ টাকা মূল্যের ১,০০,০০০ সাধারণ শেয়ারে বিভক্ত। উক্ত কোম্পানির রেওয়ামিল নিচে দেওয়া হলো:

**সাদ কোম্পানি লি.**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০১৩

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| দায় গ্রহণের কমিশন | ৩০,০০০ | বকেয়া খরচাবলি | ১০,০০০ |
| নগদ তহবিল | ৫০,০০০ | | |
| | ১২,০০,০০০ | | ১২,০০,০০০ |

চলতি বছরে কোম্পানির মোট বিক্রয়ের পরিমাণ ১৫,০০,০০০ টাকা। কোম্পানি বিক্রয়মূল্যের ওপর ২০% হারে মোট মুনাফা ধার্য করে। সংশ্লিষ্ট বছরে কারবারের পরিচালনা সংক্রান্ত ব্যয়ের পরিমাণ ৭২,৮০০ টাকা। সংশ্লিষ্ট বছরে প্রারম্ভিক মজুদের পরিমাণ ছিল সমাপনী মজুদের অর্ধাংশ। *[সি. বো. ১৬]*

ক. কার্যকরী মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২
খ. মজুদ আবর্তন অনুপাত ও নিট লাভের হার নির্ণয় করো। ৪
গ. গড় আদায় সময় ও দায়-মালিকানা অনুপাত নির্ণয় করো। ৪

**১৩ নং প্রশ্নের সমাধান**

**ক** কার্যকরী মূলধনের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **চলতি সম্পদসমূহ:** | | |
| নগদ তহবিল | ৫০,০০০ | |
| অগ্রিম খরচাবলি | ২০,০০০ | |
| প্রাপ্য হিসাব | ১,৫০,০০০ | |
| মজুদ পণ্য | ২,০০,০০০ | |
| **মোট চলতি সম্পদ** | | ৪,২০,০০০ |
| **চলতি দায়সমূহ:** | | |
| বকেয়া খরচাবলি | ১০,০০০ | |
| ব্যাংক জমাতিরিক্ত | ৪০,০০০ | |
| প্রদেয় হিসাব | ১,০০,০০০ | |
| **মোট চলতি দায়** | | ১,৫০,০০০ |
| **কার্যকরী মূলধন** | | ২,৭০,০০০ |

**উত্তর:** কার্যকরী মূলধন ২,৭০,০০০ টাকা।

**খ** মজুদ আবর্তন অনুপাত ও নিট লাভের হার নির্ণয়:

$$\text{মজুদ আবর্তন অনুপাত} = \frac{\text{বিক্রীত পণ্যের ব্যয়}}{\text{গড় মজুদ}} = \frac{১২,০০,০০০}{১,৫০,০০০} = ৮ \text{ বার}$$

$$\text{এখানে, বিক্রীত পণ্যের ব্যয়} = \frac{১৫,০০,০০০}{১০০} \times ৮০ = ১২,০০,০০০ \text{ টাকা}$$

$$\text{গড় মজুদ} = \frac{(\text{প্রারম্ভিক মজুদ} + \text{সমাপনী মজুদ})}{২} = \frac{(১,০০,০০০ + ২,০০,০০০)}{২} = ১,৫০,০০০ \text{ টাকা}$$

দেয়া আছে, প্রারম্ভিক মজুদ সমাপনী মজুদের অর্ধেক। সুতরাং প্রারম্ভিক মজুদ = (২,০০,০০০ ÷ ২) = ১,০০,০০০ টাকা

$$\text{নিট লাভ অনুপাত} = \frac{\text{নিট লাভ}}{\text{নিট বিক্রয়}} \times ১০০ = \frac{২,২৭,২০০}{১৫,০০,০০০} \times ১০০ = ১৫.১৫\%$$

এখানে, নিট লাভের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| বিক্রয় | ১৫,০০,০০০ | |
| বাদ: বিক্রীত পণ্যের ব্যয় | ১২,০০,০০০ | |
| | ৩,০০,০০০ | |
| বাদ: পরিচালন ব্যয় | ৭২,৮০০ | |
| **নিট লাভ** | | ২,২৭,২০০ |

**উত্তর:** মজুদ আবর্তন অনুপাত ৮ বার এবং নিট লাভের হার ১৫.১৫%।

**গ** গড় আদায় সময় ও দায়-মালিকানা অনুপাত নির্ণয়:

$$\text{গড় আদায় সময়} = \frac{৩৬৫ \text{ দিন}}{\text{প্রাপ্য হিসাব আবর্তন অনুপাত}} = \frac{৩৬৫ \text{ দিন}}{\frac{১৫,০০,০০০}{১,৫০,০০০}} = \frac{৩৬৫}{১০} = ৩৬.৫০ \text{ দিন}$$

ধরে নেয়া হলো, মোট বিক্রয়ের সম্পূর্ণ অংশই ধারে।

$$\text{দায়-মালিকানা অনুপাত} = \frac{\text{বহিঃদায়}}{\text{মালিকানা তহবিল}} = \frac{৪,০০,০০০}{৭,৭০,০০০} = ০.৫২ : ১$$

বহিঃদায়ের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| ৮% ঋণ | ২,৫০,০০০ | |
| প্রদেয় হিসাব | ১,০০,০০০ | |
| ব্যাংক জমাতিরিক্ত | ৪০,০০০ | |
| বকেয়া খরচাবলি | ১০,০০০ | |
| **মোট বহিঃদায়** | | ৪,০০,০০০ |

মালিকানা তহবিলের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| শেয়ার মূলধন | ৬,০০,০০০ | |
| সাধারণ সঞ্চিতি | ২,০০,০০০ | |
| | ৮,০০,০০০ | |
| বাদ: দায় গ্রাহকের কমিশন | ৩০,০০০ | |
| **মালিকানা তহবিল** | | ৭,৭০,০০০ |

**উত্তর:** গড় আদায় সময় ৩৬.৫০ দিন; দায়-মালিকানা অনুপাত ০.৫২ : ১।

**প্রশ্ন ▶ ১৪** সোনার বাংলা লিমিটেডের ২০১৫ সালের ৩০ জুন তারিখের আর্থিক অবস্থা ও অন্যান্য তথ্য নিম্নরূপ—

**সোনার বাংলা লিমিটেড**
**আর্থিক অবস্থার বিবরণী**
৩০ জুন, ২০১৫

| দায়সমূহ | টাকা | সম্পত্তিসমূহ | টাকা |
|---|---|---|---|
| প্রদেয় নোট | ২৫,০০০ | নগদ | ৫৫,০০০ |
| প্রদেয় হিসাব | ৭০,০০০ | প্রাপ্য হিসাব | ১,০০,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ১৫,০০০ | মজুদ পণ্য | ৪০,০০০ |
| ১০% ঋণ | ১,০০,০০০ | প্রাপ্য নোট | ২৫,০০০ |
| শেয়ার মূলধন | ২,৯০,০০০ | আসবাবপত্র | ৮০,০০০ |
| | | দালানকোঠা | ২,০০,০০০ |
| | ৫,০০,০০০ | | ৫,০০,০০০ |

**অন্যান্য তথ্য:** প্রারম্ভিক মজুদ পণ্য ৫৫,০০০ টাকা, বিক্রয় (নগদ বিক্রয় ১,২০,০০০ টাকাসহ) ৫,০০,০০০ টাকা, নিট মুনাফা ১,১২,৫০০ টাকা। *[য. বো. ১৬]*

ক. চলতি সম্পত্তি ও চলতি দায় নির্ণয় করো। ২
খ. চলতি অনুপাত ও নিট মুনাফা অনুপাত নির্ণয় করো। ৪
গ. সম্পত্তি আবর্তন অনুপাত ও মজুদ আবর্তন অনুপাত নির্ণয় করো। ৪

**১৪ নং প্রশ্নের সমাধান**

**ক** চলতি সম্পদ ও চলতি দায় নির্ণয়:

চলতি সম্পদের পরিমাণ নিরূপণ:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| নগদ | ৫৫,০০০ | |
| প্রাপ্য হিসাব | ১,০০,০০০ | |
| মজুদ পণ্য | ৪০,০০০ | |
| প্রাপ্য নোট | ২৫,০০০ | |
| **মোট চলতি সম্পদ** | | ২,২০,০০০ |

চলতি দায়ের পরিমাণ নিরূপণ:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| প্রদেয় নোট | ২৫,০০০ | |
| প্রদেয় হিসাব | ৭০,০০০ | |
| ব্যাংক জমাতিরিক্ত | ১৫,০০০ | |
| **মোট চলতি দায়** | | ১,১০,০০০ |

**উত্তর:** চলতি সম্পদ ২,২০,০০০ টাকা এবং চলতি দায় ১,১০,০০০ টাকা।

**খ** চলতি অনুপাত ও নিট মুনাফার অনুপাত নির্ণয়:

$$\text{চলতি অনুপাত} = \frac{\text{চলতি সম্পদ}}{\text{চলতি দায়}} = \frac{২,২০,০০০}{১,১০,০০০} = ২ : ১$$

এখানে, চলতি সম্পদ = ২,২০,০০০ টাকা (ক থেকে প্রাপ্ত)
এবং চলতি দায় = ১,১০,০০০ টাকা (ক থেকে প্রাপ্ত)

$$\text{নিট মুনাফা অনুপাত} = \frac{\text{নিট মুনাফা}}{\text{নিট বিক্রয়}} \times ১০০ = \frac{১,১২,৫০০}{৫,০০,০০০} \times ১০০ = ২২.৫০\%$$

এখানে, নিট মুনাফা = ১,১২,৫০০ টাকা এবং নিট বিক্রয় = ৫,০০,০০০ টাকা

**উত্তর:** চলতি অনুপাত ২ : ১ এবং নিট মুনাফার অনুপাত ২২.৫০%।

**গ** সম্পত্তি আবর্তন অনুপাত ও মজুদ আবর্তন অনুপাত নির্ণয়:

$$\text{সম্পত্তি আবর্তন অনুপাত} = \frac{\text{নিট বিক্রয়}}{\text{মোট সম্পত্তি}} = \frac{৫,০০,০০০}{৫,০০,০০০} = ১ \text{ বার}$$

এখানে, মোট সম্পদ = ৫,০০,০০০ টাকা এবং নিট বিক্রয় = ৫,০০,০০০ টাকা

$$\text{মজুদ আবর্তন অনুপাত} = \frac{\text{বিক্রীত পণ্যের ব্যয়/নিট বিক্রয়}}{\text{গড় মজুদ}} = \frac{৫,০০,০০০}{৪৭,৫০০} = ১০.৫৩ \text{ বার/গুণ}$$

এখানে, নিট বিক্রয় = ৫,০০,০০০ টাকা

$$\text{গড় মজুদ} = \left(\frac{৪০,০০০ + ৫৫,০০০}{২}\right) = ৪৭,৫০০ \text{ টাকা}$$

**উত্তর:** সম্পত্তি আবর্তন অনুপাত ১ বার এবং মজুদ আবর্তন অনুপাত ১০.৫৩ বার।

**প্রশ্ন ▶ ১৫** ২০১৫ সালের ৩১ ডিসেম্বর সূবর্ণা কোং লি.-এর উদ্বর্তপত্র ও অন্যান্য তথ্য নিম্নে প্রদত্ত হলো—

| মালিকানা ও দায়সমূহ | টাকা | সম্পদসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ১০,০০,০০০ | ভূমি ও দালানকোঠা | ৬,০০,০০০ |
| সঞ্চিতি তহবিল | ১,০০,০০০ | কলকব্জা | ৪,০০,০০০ |
| সংরক্ষিত আয় | ৫০,০০০ | আসবাবপত্র | ১,০০,০০০ |
| ৫% ঋণপত্র | ২,০০,০০০ | মজুদ পণ্য | ১,৪০,০০০ |
| বিবিধ পাওনাদার | ৪০,০০০ | বিবিধ দেনাদার | ১,০০,০০০ |
| প্রদেয় বিল | ৮,০০০ | হাতে নগদ | ৫০,০০০ |
| বকেয়া খরচ | ২,০০০ | শেয়ার অবহার | ১০,০০০ |
| | ১৪,০০,০০০ | | ১৪,০০,০০০ |

**অন্যান্য তথ্য:** করবাদ নিট লাভ ১,০০,০০০ টাকা, মোট লাভ ১,৬০,০০০ টাকা এবং বিক্রয় ৮,০০,০০০ টাকা। *[ব. বো. ১৬]*

ক. মোট লাভ অনুপাত নির্ণয় করো। ২

খ. চলতি অনুপাত ও কার্যকরী মূলধন অনুপাত নির্ণয় করো। ৪

গ. দায়-মালিকানা অনুপাত নির্ণয় করো ও মন্তব্য করো। ৪

**১৫ নং প্রশ্নের সমাধান**

**ক** মোট লাভ অনুপাত নির্ণয়:

$$\text{মোট লাভ অনুপাত} = \frac{\text{মোট লাভ}}{\text{নিট বিক্রয়}} \times ১০০ = \frac{১,৬০,০০০}{৮,০০,০০০} \times ১০০ = ২০\%$$

এখানে, মোট লাভ = ১,৬০,০০০ টাকা; বিক্রয় = ৮,০০,০০০ টাকা

**উত্তর:** মোট লাভ অনুপাত ২০%।

**খ** চলতি অনুপাত ও কার্যকরী মূলধন অনুপাত নির্ণয়:

$$\text{চলতি অনুপাত} = \frac{\text{চলতি সম্পদ}}{\text{চলতি দায়}} = \frac{২,৯০,০০০}{৫০,০০০} = ৫.৮০ : ১$$

এখানে, চলতি সম্পদ = হাতে নগদ + বিবিধ দেনাদার + মজুদ পণ্য = (৫০,০০০ + ১,০০,০০০ + ১,৪০,০০০) টাকা = ২,৯০,০০০ টাকা

চলতি দায় = বকেয়া খরচ + প্রদেয় বিল + বিবিধ পাওনাদার = (২,০০০ + ৮,০০০ + ৪০,০০০) টাকা = ৫০,০০০ টাকা

$$\text{কার্যকরী মূলধন অনুপাত} = \frac{\text{কার্যকরী মূলধন}}{\text{চলতি দায়}} = \frac{২,৪০,০০০}{৫০,০০০} = ৪.৮০ : ১$$

কার্যকরী মূলধন = চলতি সম্পদ – চলতি দায় = (২,৯০,০০০ – ৫০,০০০) টাকা = ২,৪০,০০০ টাকা

**উত্তর:** চলতি অনুপাত ৫.৮০ : ১ এবং কার্যকরী মূলধন অনুপাত ৪.৮০ : ১।

**গ** দায়-মালিকানা অনুপাত নির্ণয়:

$$\text{দায়-মালিকানা অনুপাত} = \frac{\text{বহিঃদায়}}{\text{মালিকানা তহবিল}} = \frac{২,৫০,০০০}{১১,৪০,০০০} = ০.২২ : ১$$

এখানে, বহিঃদায় = চলতি দায় + দীর্ঘমেয়াদি দায় = (৫০,০০০ + ২,০০,০০০) টাকা = ২,৫০,০০০ টাকা

মালিকানা তহবিল = মোট সম্পদ – বহিঃদায় – ভুয়া সম্পদ = (১৪,০০,০০০ – ২,৫০,০০০ – ১০,০০০) টাকা = ১১,৪০,০০০ টাকা

**মন্তব্য:** দায়-মালিকানা অনুপাতের আদর্শমান ০.৩৩ : ১। এখানে অর্জিত মান ০.২২ : ১ যা আদর্শমানের কাছাকাছি। সুতরাং প্রতিষ্ঠানের দায়-মালিকানা অনুপাত সন্তোজনক।

**উত্তর:** দায়-মালিকানা অনুপাত ০.২২ : ১।

**প্রশ্ন ▶ ১৬** তাজ কোম্পানি লিমিটেড-এর আর্থিক অবস্থার বিবরণী ও অন্যান্য তথ্য নিম্নে দেয়া হলো :

**তাজ কোম্পানি লিমিটেড**
**আর্থিক অবস্থার বিবরণী**
৩১ ডিসেম্বর, ২০১৪

| দায়সমূহ | টাকা | সম্পদসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ২,২০,০০০ | ব্যাংক জমা | ৮,০০০ |
| লাভ-লোকসান হিসাব | ৫০,০০০ | আসবাবপত্র | ৩০,০০০ |
| প্রদেয় হিসাব | ২০,০০০ | ভূমি ও দালানকোঠা | ২,৩০,০০০ |
| প্রদেয় নোট | ১৫,০০০ | মজুদ পণ্য | ২০,০০০ |
| বন্ধকি ঋণ | ২৫,০০০ | বিলম্বিত বিজ্ঞাপন | ৭,০০০ |
| অদাবিকৃত লভ্যাংশ | ১০,০০০ | প্রাপ্য হিসাব | ৪০,০০০ |
| | | অগ্রিম বিমা সেলামি | ৫,০০০ |
| | ৩,৪০,০০০ | | ৩,৪০,০০০ |

**অন্যান্য তথ্য :** বছরে বিক্রয়ের পরিমাণ ৩,২০,০০০ টাকা; মোট লাভের পরিমাণ ১,২০,০০০ টাকা; করবাদ নিট আয়ের পরিমাণ ছিল ৩০,০০০ টাকা এবং অনাদায়ী পাওনার পরিমাণ ছিল ৩,০০০ টাকা। *[ঢা.বো. ১৫]*

ক. বিনিয়োজিত মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২
খ. কার্যকরী মূলধন অনুপাত ও অনাদায়ী পাওনা অনুপাত নির্ণয় করো। ৪
গ. লাভ-উপার্জন ক্ষমতার দু'টি অনুপাত নির্ণয় করে কোম্পানির দক্ষতা মূল্যায়ন করো। ৪

**১৬ নং প্রশ্নের সমাধান**

**ক** বিনিয়োজিত মূলধনের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| শেয়ার মূলধন | ২,২০,০০০ | |
| লাভ-লোকসান হিসাব | ৫০,০০০ | |
| বন্ধকি ঋণ | ২৫,০০০ | |
| | ২,৯৫,০০০ | |
| বাদ : বিলম্বিত বিজ্ঞাপন | (৭,০০০) | |
| **বিনিয়োজিত মূলধন** | | ২,৮৮,০০০ |

**উত্তর :** বিনিয়োজিত মূলধন ২,৮৮,০০০ টাকা।

**খ** কার্যকরী মূলধন অনুপাত ও অনাদায়ী পাওনা অনুপাত নির্ণয় :

$$\text{কার্যকরী মূলধন অনুপাত} = \frac{\text{কার্যকরী মূলধন}}{\text{চলতি দায়}} = \frac{২৮,০০০}{৪৫,০০০} = ০.৬২ : ১$$

এখানে, চলতি সম্পদ = ব্যাংক জমা + মজুদ পণ্য + প্রাপ্য হিসাব + অগ্রিম বিমা সেলামি
= ৮,০০০ + ২০,০০০ + ৪০,০০০ + ৫,০০০ = ৭৩,০০০ টাকা
চলতি দায় = প্রদেয় হিসাব + প্রদেয় নোট + অদাবিকৃত লভ্যাংশ = ২০,০০০ + ১৫,০০০ + ১০,০০০ = ৪৫,০০০ টাকা
এবং কার্যকরী মূলধন = চলতি সম্পদ − চলতি দায় = ৭৩,০০০ − ৪৫,০০০ = ২৮,০০০ টাকা

$$\text{অনাদায়ী পাওনা অনুপাত} = \frac{\text{অনাদায়ী পাওনা}}{\text{প্রাপ্য হিসাব}} \times ১০০\% = \frac{৩,০০০}{৪০,০০০} \times ১০০\% = ৭.৫০\%$$

**উত্তর :** কার্যকরী মূলধন অনুপাত ০.৬২ : ১ এবং অনাদায়ী পাওনা অনুপাত ৭.৫০%।

**গ** লাভ উপার্জন অনুপাত নির্ণয় :

$$\text{মোট লাভ অনুপাত} = \frac{\text{মোট লাভ}}{\text{নিট বিক্রয়}} \times ১০০\% = \frac{১,২০,০০০}{৩,২০,০০০} \times ১০০\% = ৩৭.৫০\%$$

$$\text{নিট লাভ অনুপাত} = \frac{\text{নিট লাভ}}{\text{নিট বিক্রয়}} \times ১০০\% = \frac{৩০,০০০}{৩,২০,০০০} \times ১০০\% = ৯.৩৮\%$$

**মন্তব্য :** মোট লাভ উপার্জন ক্ষমতা আদর্শমানের চেয়ে বেশি ও নিট লাভ উপার্জন ক্ষমতা আদর্শমানের মধ্যে। সুতরাং লাভ উপার্জন ক্ষমতা খুবই সন্তোষজনক।

**উত্তর :** মোট লাভ অনুপাত ৩৭.৫০%; নিট লাভ অনুপাত ৯.৩৮%।

**প্রশ্ন ▶ ১৭** লিমা কোম্পানি লি.-এর ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখের উদ্বৃত্ত ও অন্যান্য তথ্য নিম্নে প্রদান করা হলো :

| দায়সমূহ | টাকা | সম্পদসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ৭,০০,০০০ | ভূমি ও দালানকোঠা | ৬,০০,০০০ |
| অগ্রাধিকার শেয়ার মূলধন | ৩,০০,০০০ | কলকব্জা | ২,০০,০০০ |
| সাধারণ সঞ্চিতি | ২৭,০০০ | আসবাবপত্র | ৬৫,০০০ |
| সংরক্ষিত আয় | ৩০,০০০ | মজুদ পণ্য | ৩,০০,০০০ |
| ১২% ঋণপত্র | ২,০০,০০০ | প্রাপ্য হিসাব | ৯০,০০০ |
| প্রদেয় হিসাব | ১,৫০,০০০ | প্রাপ্য নোট | ১,০০,০০০ |
| প্রদেয় নোট | ৪০,০০০ | হাতে নগদ | ১০,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ৬০,০০০ | প্রাথমিক খরচাবলি | ১,৪২,০০০ |
| | ১৫,০৭,০০০ | | ১৫,০৭,০০০ |

*[রা.বো. ১৫]*

ক. মালিকানা স্বত্ব নির্ণয় করো। ২

খ. মন্তব্যসহ চলতি অনুপাত ও ত্বরিত অনুপাত নির্ণয় করো। ৪

গ. কার্যকরী মূলধন অনুপাত ও দায়-মালিকানা অনুপাত নির্ণয় করে কোম্পানির আর্থিক অবস্থার ওপর মন্তব্য করো। ৪

## ১৭ নং প্রশ্নের সমাধান

**ক** মালিকানা স্বত্ব নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| শেয়ার মূলধন | ৭,০০,০০০ | |
| অগ্রাধিকার শেয়ার মূলধন | ৩,০০,০০০ | |
| সাধারণ সঞ্চিতি | ২৭,০০০ | |
| সংরক্ষিত আয় | ৩০,০০০ | ১০,৫৭,০০০ |
| বাদ : প্রাথমিক খরচ | | (১,৪২,০০০) |
| **মালিকানা স্বত্ব** | | ৯,১৫,০০০ |

**উত্তর :** মালিকানা স্বত্ব ৯,১৫,০০০ টাকা।

**খ** (i) চলতি অনুপাত $= \frac{\text{চলতি সম্পদ}}{\text{চলতি দায়}} = \frac{৫,০০,০০০}{২,৫০,০০০} =$ ২ ঃ ১

এখানে, চলতি সম্পদ = মজুদ পণ্য + প্রাপ্য হিসাব + প্রাপ্য নোট + হাতে নগদ

= ৩,০০,০০০ + ৯০,০০০ + ১,০০,০০০ + ১০,০০০ = ৫,০০,০০০ টাকা

চলতি দায় = প্রদেয় হিসাব + প্রদেয় নোট + ব্যাংক জমাতিরিক্ত = ১,৫০,০০০ + ৪০,০০০ + ৬০,০০০ = ২,৫০,০০০ টাকা

**মন্তব্য :** চলতি অনুপাতের আদর্শমান ২ ঃ ১। সুতরাং চলতি অনুপাত সন্তোষজনক।

(ii) ত্বরিত অনুপাত $= \frac{\text{ত্বরিত সম্পদ}}{\text{ত্বরিত দায়}} = \frac{২,০০,০০০}{১,৯০,০০০} =$ ১.০৫ ঃ ১

এখানে, ত্বরিত সম্পদ = চলতি সম্পদ − মজুদ পণ্য = (৫,০০,০০০ − ৩,০০,০০০) টাকা = ২,০০,০০০ টাকা

ত্বরিত দায় = চলতি দায় − ব্যাংক জমাতিরিক্ত = (২,৫০,০০০ − ৬০,০০০) টাকা = ১,৯০,০০০ টাকা

**মন্তব্য :** ত্বরিত অনুপাত ১.০৫ ঃ ১ যা আদর্শমান ১ ঃ ১ এর সমতুল্য প্রায়। তাই ইহা সন্তোষজনক।

**উত্তর :** চলতি অনুপাত ২ ঃ ১ ও ত্বরিত অনুপাত ১.০৫ ঃ ১।

**গ** (i) কার্যকরী মূলধন অনুপাত $= \frac{\text{কার্যকরী মূলধন}}{\text{চলতি দায়}} = \frac{২,৫০,০০০}{২,৫০,০০০} =$ ১ ঃ ১

এখানে, কার্যকরী মূলধন = চলতি সম্পদ − চলতি দায় = ৫,০০,০০০ − ২,৫০,০০০ = ২, ৫০,০০০ টাকা

**মন্তব্য :** কার্যকরী মূলধন অনুপাত ১ ঃ ১ যা আদর্শমান-এর সমান। সুতরাং কার্যকরী মূলধন অনুপাত সন্তোষজনক।

(ii) দায়-মালিকানা অনুপাত $= \frac{\text{বহিঃদায়}}{\text{মালিকানা তহবিল}} = \frac{৪,৫০,০০০}{৯,১৫,০০০} =$ ০.৪৯ ঃ ১

এখানে, বহিঃদায় = ১২% ঋণপত্র + চলতি দায় = ২,০০,০০০ + ২,৫০,০০০ = ৪,৫০,০০০ টাকা

মালিকানা তহবিল = মালিকানা স্বত্ব − প্রাথমিক খরচাবলি = ১০,৫৭,০০০ − ১,৪২,০০০ = ৯,১৫,০০০ টাকা

**মন্তব্য :** দায়-মালিকানা অনুপাত ০.৪৯ ঃ ১ যা আদর্শমান ১ ঃ ১ হতে কম। সুতরাং প্রতিষ্ঠানটির আর্থিক অবস্থা সন্তোষজনক নয়।

**উত্তর :** কার্যকরী মূলধন অনুপাত ১ ঃ ১ ও দায়-মালিকানা অনুপাত ০.৪৯ ঃ ১।

**প্রশ্ন ▶ ১৮** সালেক লিমিটেড-এর ৩১ ডিসেম্বর ২০১৩ সালের উদ্বর্তপত্র ও অন্যান্য তথ্য নিম্নে প্রদত্ত হলো :

**সালেক লিমিটেড**
**উদ্বর্তপত্র**
৩১ ডিসেম্বর, ২০১৩

| দায়সমূহ | টাকা | সম্পত্তিসমূহ | টাকা |
|---|---|---|---|
| সাধারণ শেয়ার মূলধন | ৬,০০,০০০ | ভূমি ও দালানকোঠা | ৬,০০,০০০ |
| ১০% অগ্রাধিকার শেয়ার মূলধন | ৩,০০,০০০ | কলকব্জা | ৪,৫০,০০০ |
| সাধারণ সঞ্চিতি | ৩,৭৫,০০০ | আসবাবপত্র | ১,৫০,০০০ |
| লাভ-ক্ষতি হিসাব | ২,২৫,০০০ | মজুদ পণ্য | ৩,৭৫,০০০ |
| ১২% ঋণপত্র | ২,২৫,০০০ | বিবিধ দেনাদার | ৫,২৫,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ১,৫০,০০০ | প্রাপ্য বিল | ১,২০,০০০ |
| বিবিধ পাওনাদার | ৩,৭৫,০০০ | নগদ তহবিল | ৩০,০০০ |
| | ২২,৫০,০০০ | | ২২,৫০,০০০ |

**অন্যান্য তথ্য :** প্রারম্ভিক মজুদ পণ্য ৩,২৫,০০০ টাকা, নিট ক্রয় (ধারে) ১৫,০০,০০০ টাকা, নিট বিক্রয় (ধারে) ৩০,০০,০০০ টাকা, মোট লাভ ৫,০০,০০০ টাকা এবং করবাদ নিট লাভ ৩,০০,০০০ টাকা। *[দি.বো. ১৫]*

ক. মজুদ আবর্তন অনুপাত নির্ণয় করো। ২
খ. দেনাদার আবর্তন অনুপাত ও পাওনাদার আবর্তন অনুপাত নির্ণয় করো। ৪
গ. মোট সম্পত্তি আবর্তন ও কার্যকরী মূলধন আবর্তন অনুপাত নির্ণয় করো। ৪

**১৮ নং প্রশ্নের সমাধান**

**ক** মজুদ আবর্তন অনুপাত $= \frac{\text{বিক্রীত পণ্যের ব্যয়}}{\text{গড় মজুদ}} = \frac{২৫,০০,০০০}{৩,৫০,০০০} =$ ৭.১৪ বার

এখানে, বিক্রীত পণ্যের ব্যয় = নিট বিক্রয় − মোট লাভ = ৩০,০০,০০০ − ৫,০০,০০০ = ২৫,০০,০০০ টাকা

গড় মজুদ $= \frac{\text{প্রারম্ভিক মজুদ + সমাপনী মজুদ}}{২} = \frac{৩,২৫,০০০ + ৩,৭৫,০০০}{২} = \frac{৭,০০,০০০}{২} =$ ৩,৫০,০০০ টাকা

**উত্তর :** মজুদ আবর্তন অনুপাত ৭.১৪ বার।

**খ** দেনাদার আবর্তন অনুপাত $= \frac{\text{নিট ধারে বিক্রয়}}{\text{গড় দেনাদার + গড় প্রাপ্য বিল}} = \frac{৩০,০০,০০০}{৫,২৫,০০০ + ১,২০,০০০} = \frac{৩০,০০,০০০}{৬,৪৫,০০০} =$ ৪.৬৫ বার

এখানে, নিট ধারে বিক্রয় = ৩০,০০,০০০ টাকা; গড় দেনাদার = ৫,২৫,০০০ টাকা; গড় প্রাপ্য বিল = ১,২০,০০০ টাকা

পাওনাদার আবর্তন অনুপাত $= \frac{\text{নিট ধারে ক্রয়}}{\text{গড় পাওনাদার + গড় প্রদেয় বিল}} = \frac{১৫,০০,০০০}{৩,৭৫,০০০} =$ ৪ বার

এখানে, নিট ধারে ক্রয় = ১৫,০০,০০০ টাকা ও গড় পাওনাদার = ৩,৭৫,০০০ টাকা

**উত্তর :** দেনাদার আবর্তন অনুপাত ৪.৬৫ বার; পাওনাদার আবর্তন অনুপাত ৪ বার।

**গ** মোট সম্পত্তি আবর্তন অনুপাত $= \frac{\text{নিট বিক্রয়}}{\text{মোট বাস্তব সম্পত্তি}} = \frac{৩০,০০,০০০}{২২,৫০,০০০} =$ ১.৩৩ বার

এখানে, নিট বিক্রয় = ৩০,০০,০০০ টাকা ও মোট বাস্তব সম্পত্তি = ২২,৫০,০০০ টাকা

কার্যকরী মূলধন অনুপাত $= \frac{\text{কার্যকরী মূলধন}}{\text{চলতি দায়}} = \frac{৫,২৫,০০০}{৫,২৫,০০০} =$ ১ ঃ ১

এখানে, চলতি সম্পদ = মজুদ পণ্য + দেনাদার + প্রাপ্য বিল + নগদ তহবিল

= ৩,৭৫,০০০ + ৫,২৫,০০০ + ১,২০,০০০ + ৩০,০০০ = ১০,৫০,০০০ টাকা

চলতি দায় = ব্যাংক জমাতিরিক্ত + পাওনাদার = ১,৫০,০০০ + ৩,৭৫,০০০ = ৫,২৫,০০০ টাকা

কার্যকরী মূলধন = চলতি সম্পত্তি − চলতি দায় = ১০,৫০,০০০ − ৫,২৫,০০০ = ৫,২৫,০০০ টাকা

**উত্তর :** মোট সম্পত্তি আবর্তন অনুপাত ১.৩৩ বার; কার্যকরী মূলধন অনুপাত ১ ঃ ১।

**প্রশ্ন ▶ ১৯**

**ইউর্নিক ফার্মাসিউটিক্যালস লিমিটেড**
**আর্থিক অবস্থার বিবরণী**
৩১ ডিসেম্বর, ২০১৪

| মূলধন ও দায় | টাকা | সম্পদসমূহ | টাকা |
|---|---|---|---|
| সাধারণ শেয়ার মূলধন | ২,১০,০০০ | কলকব্জা | ১,৪০,০০০ |
| সাধারণ সঞ্চিতি তহবিল | ৩০,০০০ | দালানকোঠা | ১,৫০,০০০ |
| ১০% বন্ড | ১,০০,০০০ | মজুদ পণ্য | ৩০,০০০ |
| রক্ষিত আয় উদ্বৃত্ত | ২০,০০০ | আসবাবপত্র | ২০,০০০ |
| প্রদেয় হিসাব | ৩০,০০০ | প্রাপ্য নোট | ১০,০০০ |
| প্রদেয় নোট | ১০,০০০ | প্রাপ্য হিসাব | ৪০,০০০ |
| | | নগদ উদ্বৃত্ত | ১০,০০০ |
| | ৪,০০,০০০ | | ৪,০০,০০০ |

**অন্যান্য তথ্য :** ২০১৪ সালের কোম্পানির মোট বিক্রয়ের পরিমাণ ছিল ৮,০০,০০০ টাকা যার ২৫% বাকিতে। সে বছর কোম্পানির অর্জিত করবাদ নিট লাভের পরিমাণ ২,০০,০০০ টাকা। *[কু. বো. ১৫]*

ক. ধারে বিক্রয়ের পরিমাণ কত টাকা? ২
খ. চলতি অনুপাত ও ত্বরিত অনুপাত নির্ণয় করো এবং ফলাফলের ওপর মন্তব্য করো। ৪
গ. মূলধন গিয়ারিং অনুপাত ও দেনাদার আবর্তন অনুপাত নির্ণয় করো এবং ফলাফলের ওপর মন্তব্য করো। ৪

**১৯ নং প্রশ্নের সমাধান**

**ক** ধারে বিক্রয়ের পরিমাণ নির্ণয় :

ধারে বিক্রয় = ৮,০০,০০০ × ২৫% = ২,০০,০০০ টাকা

**উত্তর :** ধারে বিক্রয়ের পরিমাণ ২,০০,০০০ টাকা।

**খ** চলতি অনুপাত ও ত্বরিত অনুপাত নির্ণয় :

$$\text{চলতি অনুপাত} = \frac{\text{চলতি সম্পদ}}{\text{চলতি দায়}} = \frac{৯০,০০০}{৪০,০০০} = ২.২৫ : ১$$

এখানে, চলতি সম্পদ = মজুদ পণ্য + প্রাপ্য নোট + প্রাপ্য হিসাব + নগদ উদ্বৃত্ত
= ৩০,০০০ + ১০,০০০ + ৪০,০০০ + ১০,০০০ = ৯০,০০০ টাকা

এবং চলতি দায় = প্রদেয় হিসাব + প্রদেয় নোট = ৩০,০০০ + ১০,০০০ = ৪০,০০০ টাকা

$$\text{ত্বরিত অনুপাত} = \frac{\text{ত্বরিত সম্পদ}}{\text{ত্বরিত দায়}} = \frac{৬০,০০০}{৪০,০০০} = ১.৫০ : ১$$

এখানে, ত্বরিত সম্পদ = চলতি সম্পদ − মজুদ পণ্য = ৯০,০০০ − ৩০,০০০ = ৬০,০০০ টাকা

ত্বরিত দায় = চলতি দায় − ব্যাংক জমাতিরিক্ত = ৪০,০০০ − ০ = ৪০,০০০ টাকা

**মন্তব্য :** উক্ত প্রতিষ্ঠানের নির্ণীত অনুপাতের মান সন্তোষজনক। কেননা আদর্শমানের থেকে প্রকৃতমান বেশি।

**উত্তর :** চলতি অনুপাত ২.২৫ : ১ এবং ত্বরিত অনুপাত ১.৫০ : ১।

**গ** মূলধন গিয়ারিং অনুপাত ও দেনাদার আবর্তন অনুপাত নির্ণয় :

$$\text{মূলধন গিয়ারিং অনুপাত} = \frac{\text{স্থির খরচযুক্ত তহবিল}}{\text{মালিকানা তহবিল}} = \frac{১,০০,০০০}{২,৬০,০০০} = ০.৩৮ : ১$$

এখানে, স্থির খরচযুক্ত তহবিল = ১,০০,০০০ টাকা (১০% বন্ড)

মালিকানা তহবিল = সাধারণ শেয়ার মূলধন + সাধারণ সঞ্চিতি তহবিল + রক্ষিত আয় উদ্বৃত্ত
= ২,১০,০০০ + ৩০,০০০ + ২০,০০০ = ২,৬০,০০০ টাকা

$$\text{দেনাদার আবর্তন অনুপাত} = \frac{\text{নিট ধারে বিক্রয়}}{\text{গড় প্রাপ্য নোট + গড় প্রাপ্য হিসাব}} = \frac{২,০০,০০০}{১০,০০০ + ৪০,০০০} = \frac{২,০০,০০০}{৫০,০০০} = ৪ \text{ বার}$$

এখানে, নিট ধারে বিক্রয় = ২,০০,০০০ টাকা; গড় প্রাপ্য নোট = ১০,০০০ টাকা; গড় প্রাপ্য হিসাব = ৪০,০০০ টাকা

**মন্তব্য :** নির্ণীত অনুপাতের মান সন্তোষজনক।

**উত্তর :** মূলধন গিয়ারিং অনুপাত ০.৩৮ : ১ এবং দেনাদার আবর্তন অনুপাত ৪ বার।

**প্রশ্ন ▶২০** ২০১৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে অর্পণ লিমিটেডের আর্থিক বিবরণী নিম্নরূপ–

**অর্পণ লিমিটেড**
**আর্থিক অবস্থার বিবরণী**
৩১ ডিসেম্বর, ২০১৩

| দায়সমূহ | টাকা | সম্পদসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ১৬,০০,০০০ | আসবাবপত্র | ১০,০০,০০০ |
| সাধারণ সঞ্চিতি | ৩,৫০,০০০ | যন্ত্রপাতি | ১২,৫০,০০০ |
| রক্ষিত আয় বিবরণী উদ্বৃত্ত | ৩,০০,০০০ | সমাপনী মজুদ পণ্য | ১,৫০,০০০ |
| ঋণপত্র | ৪,৫০,০০০ | দেনাদার | ২,০০,০০০ |
| পাওনাদার | ২,৩০,০০০ | নগদ তহবিল | ৩,০০,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ৪৫,০০০ | প্রাপ্য বিল | ১,০০,০০০ |
| বকেয়া খরচ | ২৫,০০০ | | |
| | ৩০,০০,০০০ | | ৩০,০০,০০০ |

*[চ.বো. ১৫]*

ক. চলতি মূলধন নির্ণয় করো। ২
খ. চলতি অনুপাত ও অগ্নিপরীক্ষা অনুপাত নির্ণয় করো। ৪
গ. দায়-মালিকানা অনুপাত নির্ণয় করো ও মন্তব্য দাও। ৪

**২০ নং প্রশ্নের সমাধান**

**ক** চলতি মূলধন নিরূপণ :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **চলতি সম্পদ :** | | |
| সমাপনী মজুদ পণ্য | ১,৫০,০০০ | |
| দেনাদার | ২,০০,০০০ | |
| নগদ তহবিল | ৩,০০,০০০ | |
| প্রাপ্য বিল | ১,০০,০০০ | ৭,৫০,০০০ |
| **বাদ : চলতি দায়সমূহ :** | | |
| পাওনাদার | ২,৩০,০০০ | |
| ব্যাংক জমাতিরিক্ত | ৪৫,০০০ | |
| বকেয়া খরচ | ২৫,০০০ | (৩,০০,০০০) |
| **চলতি মূলধন** | | ৪,৫০,০০০ |

**উত্তর :** চলতি মূলধন ৪,৫০,০০০ টাকা।

**খ** চলতি অনুপাত $= \frac{\text{চলতি সম্পদ}}{\text{চলতি দায়}} = \frac{৭,৫০,০০০}{৩,০০,০০০} =$ ২.৫০ ঃ ১

অগ্নিপরীক্ষা অনুপাত $= \frac{\text{ত্বরিত সম্পদ}}{\text{ত্বরিত দায়}} = \frac{৬,০০,০০০}{২,৫৫,০০০} =$ ২.৩৫ ঃ ১

এখানে,
ত্বরিত সম্পদ = চলতি সম্পদ – সমাপনী মজুদ পণ্য = ৭,৫০,০০০ – ১,৫০,০০০ = ৬,০০,০০০ টাকা
ত্বরিত দায় = চলতি দায় – ব্যাংক জমাতিরিক্ত = ৩,০০,০০০ – ৪৫,০০০ = ২,৫৫,০০০ টাকা
**উত্তর :** চলতি অনুপাত ২.৫০ ঃ ১; অগ্নিপরীক্ষা অনুপাত ২.৩৫ ঃ ১।

**গ** দায়-মালিকানা অনুপাত $= \frac{\text{মোট বহিঃদায়}}{\text{মালিকানা স্বত্ব}} = \frac{৭,৫০,০০০}{২২,৫০,০০০} =$ ০.৩৩ ঃ ১

এখানে, বহিঃদায় = চলতি দায় + ঋণপত্র = ৩,০০,০০০ + ৪,৫০,০০০ = ৭,৫০,০০০ টাকা
মালিকানা স্বত্ব = মোট সম্পদ – মোট বহিঃদায় = ৩০,০০,০০০ – ৭,৫০,০০০ = ২২,৫০,০০০ টাকা
**মন্তব্য :** মূলধন কাঠামোতে ১ টাকা অন্তঃদায়ের বিপরীতে ০.৩৩ টাকা বহিঃদায় রয়েছে।
**উত্তর :** দায়-মালিকানা অনুপাত ০.৩৩ ঃ ১।

প্রশ্ন ▶২১ ২০১৪ সালের ৩১ ডিসেম্বর ডিজাইন লি.-এর আর্থিক অবস্থার বিবরণী ছিল নিম্নরূপ:

| মূলধন ও দায় | টাকা | সম্পত্তি ও পরিসম্পদসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ৩,০০,০০০ | সুনাম | ৩০,০০০ |
| সাধারণ সঞ্চিতি | ২৫,০০০ | ভূমি ও দালানকোঠা | ১,৬০,০০০ |
| সংরক্ষিত আয়ের উদ্বৃত্ত | ৩০,০০০ | কলকব্জা ও যন্ত্রপাতি | ১,৪০,০০০ |
| ১০% ঋণপত্র | ৮০,০০০ | আসবাবপত্র | ২৫,০০০ |
| প্রদেয় হিসাব | ৫০,০০০ | মজুদ পণ্য | ৪০,০০০ |
| প্রদেয় নোট | ৫,০০০ | প্রাপ্য হিসাব | ৮০,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ১০,০০০ | প্রাপ্য নোট | ২০,০০০ |
| | | নগদ উদ্বৃত্ত | ৫,০০০ |
| | ৫,০০,০০০ | | ৫,০০,০০০ |

বিক্রীত পণ্যের ব্যয় ৩,৫০,০০০ টাকা। *[সি.বো. ১৫]*

ক. চলতি সম্পদ ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. চলতি ও তারল্য অনুপাত নির্ণয় করো। ৪

গ. কার্যকরী মূলধন অনুপাত ও মজুদ আবর্তন অনুপাত নির্ণয় করো। ৪

**২১ নং প্রশ্নের সমাধান**

**ক** চলতি সম্পদ ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় :

(i) চলতি সম্পদ = নগদ উদ্বৃত্ত + প্রাপ্য হিসাব + প্রাপ্য নোট + মজুদ পণ্য

= (৫,০০০ + ৮০,০০০ + ২০,০০০ + ৪০,০০০) টাকা = ১,৪৫,০০০ টাকা

(ii) চলতি দায় = প্রদেয় হিসাব + প্রদেয় নোট + ব্যাংক জমাতিরিক্ত = (৫০,০০০ + ৫,০০০ + ১০,০০০) টাকা = ৬৫,০০০ টাকা

**উত্তর :** (i) চলতি সম্পদ ১,৪৫,০০০ টাকা এবং (ii) চলতি দায় ৬৫,০০০ টাকা।

**খ** চলতি ও তারল্য অনুপাত নির্ণয় :

(i) চলতি অনুপাত :

$$\text{চলতি অনুপাত} = \frac{\text{চলতি সম্পদ}}{\text{চলতি দায়}} = \frac{১,৪৫,০০০}{৬৫,০০০} = ২.২৩ : ১$$

এখানে, চলতি সম্পদ = ১,৪৫,০০০ (ক হতে আনীত) এবং চলতি দায় = ৬৫,০০০ (ক হতে আনীত)

(ii) তারল্য অনুপাত :

$$\text{তারল্য অনুপাত} = \frac{\text{তরল সম্পদ}}{\text{তরল দায়}} = \frac{১,০৫,০০০}{৫৫,০০০} = ১.৯১ : ১$$

এখানে, তরল সম্পদ = চলতি সম্পদ − মজুদ পণ্য = ১,৪৫,০০০ − ৪০,০০০ = ১,০৫,০০০ টাকা

তরল দায় = চলতি দায় − ব্যাংক জমাতিরিক্ত = ৬৫,০০০ − ১০,০০০ = ৫৫,০০০ টাকা

**উত্তর :** (i) চলতি অনুপাত ২.২৩ : ১ এবং (ii) তারল্য অনুপাত ১.৯১ : ১।

**গ** কার্যকরী মূলধন অনুপাত ও মজুদ আবর্তন অনুপাত :

(i) কার্যকরী মূলধন অনুপাত :

$$\text{কার্যকরী মূলধন অনুপাত} = \frac{\text{কার্যকরী মূলধন}}{\text{চলতি দায়}} = \frac{৮০,০০০}{৬৫,০০০} = ১.২৩ : ১$$

এখানে, কার্যকরী মূলধন = চলতি সম্পদ − চলতি দায় = ১,৪৫,০০০ − ৬৫,০০০ = ৮০,০০০ টাকা

(ii) মজুদ আবর্তন অনুপাত :

$$\text{মজুদ আবর্তন অনুপাত} = \frac{\text{বিক্রীত পণ্যের ব্যয়}}{\text{গড় মজুদ পণ্য}} = \frac{৩,৫০,০০০}{৪০,০০০} = ৮.৭৫ \text{ বার}$$

এখানে, শুধু সমাপনী মজুদ পণ্য দেয়া থাকায় সমাপনী মজুদকেই গড় মজুদ ধরা হলো।

**উত্তর :** (i) কার্যকরী মূলধন অনুপাত ১.২৩ : ১ এবং (ii) মজুদ আবর্তন অনুপাত ৮.৭৫ বার।

**প্রশ্ন ▶২২** গুলবাহার হিমাগার কোম্পানি লি.-এর আর্থিক অবস্থার বিবরণী নিম্নরূপ :

**গুলবাহার হিমাগার কোম্পানি লি.**
**আর্থিক অবস্থার বিবরণী**
৩১ ডিসেম্বর, ২০১৪

| সম্পত্তি ও দায়সমূহ. | টাকা |
|---|---|
| ভূমি ও দালানকোঠা | ১৪,৭০,০০০ |
| আসবাবপত্র | ২,০০,০০০ |
| যন্ত্রপাতি | ২,০০,০০০ |
| ১০% বিনিয়োগ | ১,০০,০০০ |
| মজুদ পণ্য | ২,৫০,০০০ |
| প্রাপ্য হিসাব | ৩,২৫,০০০ |
| হাতে নগদ | ৮০,০০০ |
| | ২৬,২৫,০০০ |
| **মূলধন ও দায় :** | |
| শেয়ার মূলধন | ১৫,০০,০০০ |
| সংরক্ষিত আয় বিবরণীর জের | ৩,৩০,০০০ |
| ১০% ঋণ | ৪,৭৫,০০০ |
| প্রদেয় হিসাব | ২,৫০,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ৫০,০০০ |
| বকেয়া ব্যয়সমূহ | ২০,০০০ |
| | ২৬,২৫,০০০ |

**অন্যান্য তথ্য :** চলতি বছরের বিক্রয় ২০,০০,০০০ টাকা; বিক্রীত পণ্যের ব্যয় ১৪,০০,০০০ টাকা; প্রারম্ভিক মজুদ পণ্য ২,০০,০০০ টাকা। *[য. বো. ১৫]*

ক. কার্যকরী মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২
খ. কোম্পানির চলতি অনুপাত এবং তারল্য অনুপাত নির্ণয় করে কোম্পানির আর্থিক সচ্ছলতা সম্পর্কে মন্তব্য করো। ৪
গ. কোম্পানির মোট লাভ অনুপাত এবং মজুদ আবর্তন অনুপাত নির্ণয় করো। ৪

**২২ নং প্রশ্নের সমাধান**

**ক** কার্যকরী মূলধনের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **চলতি সম্পদসমূহ :** | | |
| মজুদ পণ্য | ২,৫০,০০০ | |
| প্রাপ্য হিসাব | ৩,২৫,০০০ | |
| হাতে নগদ | ৮০,০০০ | |
| **মোট চলতি সম্পদ** | | ৬,৫৫,০০০ |
| **বাদ : চলতি দায়সমূহ :** | | |
| প্রদেয় হিসাব | ২,৫০,০০০ | |
| ব্যাংক জমাতিরিক্ত | ৫০,০০০ | |
| বকেয়া ব্যয়সমূহ | ২০,০০০ | |
| **মোট চলতি দায়** | | (৩,২০,০০০) |
| **কার্যকরী মূলধন** | | ৩,৩৫,০০০ |

**উত্তর :** কার্যকরী মূলধনের পরিমাণ ৩,৩৫,০০০ টাকা।

**খ** $\text{চলতি অনুপাত} = \frac{\text{চলতি সম্পদ}}{\text{চলতি দায়}} = \frac{৬,৫৫,০০০}{৩,২০,০০০} = ২.০৫ : ১$

$$\text{তারল্য অনুপাত} = \frac{\text{তরল সম্পদ}}{\text{তরল দায়}} = \frac{\text{চলতি সম্পদ – মজুদ পণ্য – অগ্রিম খরচ}}{\text{চলতি দায় – ব্যাংক জমাতিরিক্ত}}$$

$$= \frac{৬,৫৫,০০০ - ২,৫০,০০০ - ০}{৩,২০,০০০ - ৫০,০০০} = \frac{৪,০৫,০০০}{২,৭০,০০০} = ১.৫০ : ১$$

**মন্তব্য :** কোম্পানির আর্থিক সচ্ছলতা মোটামুটি সন্তোষজনক। চলতি অনুপাতের আদর্শমান ২ ঃ ১ কোম্পানি এক্ষেত্রে খুব কাছাকাছি অবস্থানে রয়েছে এবং তারল্য অনুপাতের আদর্শমান ১ ঃ ১ এক্ষেত্রেও কোম্পানি সন্তোষজনক অবস্থানে রয়েছে।

**উত্তর :** চলতি অনুপাত ২.০৫ ঃ ১; তারল্য অনুপাত ১.৫০ ঃ ১।

**গ** মোট লাভ অনুপাত $= \frac{\text{মোট লাভ}}{\text{নিট বিক্রয়}} \times ১০০\% = \frac{৬,০০,০০০}{২০,০০,০০০} \times ১০০\% = ৩০\%$

মজুদ আবর্তন অনুপাত $= \frac{\text{বিক্রীত পণ্যের ব্যয়}}{\text{গড় মজুদ}} = \frac{১৪,০০,০০০}{২,২৫,০০০} = ৬.২২$ বার

এখানে, গড় মজুদ $= \frac{\text{প্রারম্ভিক মজুদ পণ্য + সমাপনী মজুদ পণ্য}}{২} = \frac{২,০০,০০০ + ২,৫০,০০০}{২} = ২,২৫,০০০$ টাকা

**উত্তর :** মোট লাভ অনুপাত ৩০% এবং মজুদ আবর্তন অনুপাত ৬.২২ বার।

**প্রশ্ন ▶ ২৩** পারুল কোং লি.-এর ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখের আর্থিক অবস্থার বিবরণী কতিপয় তথ্য নিম্নরূপ—

**পারুল কোং লি.**
**আর্থিক অবস্থার বিবরণী**
৩১ ডিসেম্বর, ২০১৪

| মূলধন ও দায় | টাকা | সম্পত্তি | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ২,২৫,০০০ | সুনাম | ৫৭,০০০ |
| সাধারণ সঞ্চিতি | ৪৫,০০০ | দালানকোঠা | ২,০০,০০০ |
| সংরক্ষিত আয় | ৩৩,৭৫০ | যন্ত্রপাতি | ৮০,০০০ |
| ১০% ঋণপত্র | ১,১২,৫০০ | আসবাবপত্র | ৫০,০০০ |
| প্রদেয় হিসাব | ২২,৫০০ | সমাপনী মজুদ পণ্য | ৩৩,৭৫০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ৪,৫০০ | প্রাপ্য হিসাব | ২২,৫০০ |
| | | নগদ জমা | ৪,৫০০ |

**সমন্বয়সমূহ :** i. প্রারম্ভিক মজুদ ২২,৫০০ টাকা, ii. নিট বিক্রয় ২,২৫,০০০ টাকা। iii. বিক্রয়ের ওপর মোট লাভের হার ২০%। *[বি. বো. ১৫]*

ক. মালিকানা স্বত্ব নির্ণয় করো। ২

খ. মজুদ পণ্য আবর্তন ও দেনাদার আবর্তন অনুপাত নির্ণয় করো। ৪

গ. চলতি অনুপাত ও ত্বরিত অনুপাত নির্ণয় করো। ৪

**২৩ নং প্রশ্নের সমাধান**

**ক** মালিকানা স্বত্বের পরিমাণ নির্ণয় **:**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| শেয়ার মূলধন | ২,২৫,০০০ | |
| সাধারণ সঞ্চিতি | ৪৫,০০০ | |
| সংরক্ষিত আয় | ৩৩,৭৫০ | |
| **মোট মালিকানা স্বত্ব** | | ৩,০৩,৭৫০ |

**উত্তর :** মালিকানা স্বত্ব ৩,০৩,৭৫০ টাকা।

**খ** (i) মজুদ পণ্য আবর্তন অনুপাত $= \frac{\text{বিক্রীত পণ্যের ব্যয়}}{\text{গড় মজুদ}} = \frac{১,৮০,০০০}{২৮,১২৫} = ৬.৪০$ বার

বিক্রীত পণ্যের ব্যয় = নিট বিক্রয় − মোট লাভ = ২,২৫,০০০ − (২,২৫,০০০ × ২০%) = ২,২৫,০০০ − ৪৫,০০০ = ১,৮০,০০০ টাকা

গড় মজুদ $= \frac{\text{প্রারম্ভিক মজুদ + সমাপনী মজুদ}}{২} = \frac{৩৩,৭৫০ + ২২,৫০০}{২} = ২৮,১২৫$ টাকা

(ii) দেনাদার আবর্তন অনুপাত $= \frac{\text{নিট ধারে বিক্রয়}}{\text{গড় প্রাপ্য হিসাব}} = \frac{২,২৫,০০০}{২২,৫০০} = ১০$ বার

**উত্তর :** মজুদ পণ্য আবর্তন অনুপাত ৬.৪০ বার; দেনাদার আবর্তন অনুপাত ১০ বার।

**গ** চলতি অনুপাত = $\frac{\text{চলতি সম্পদ}}{\text{চলতি দায়}}$ = $\frac{৬০,৭৫০}{২৭,০০০}$ = ২.২৫ ঃ ১

এখানে, চলতি সম্পদ = সমাপনী মজুদ পণ্য + প্রাপ্য হিসাব + নগদ জমা = ৩৩,৭৫০ + ২২,৫০০ + ৪,৫০০ = ৬০,৭৫০ টাকা

চলতি দায় = প্রদেয় হিসাব + ব্যাংক জমাতিরিক্ত = ২২,৫০০ + ৪,৫০০ = ২৭,০০০ টাকা

ত্বরিত অনুপাত = $\frac{\text{ত্বরিত সম্পদ}}{\text{ত্বরিত দায়}}$ = $\frac{২৭,০০০}{২২,৫০০}$ = ১.২০ ঃ ১

এখানে, ত্বরিত সম্পদ = চলতি সম্পদ – মজুদ পণ্য = ৬০,৭৫০ – ৩৩,৭৫০ = ২৭,০০০ টাকা

ত্বরিত দায় = চলতি দায় – ব্যাংক জমাতিরিক্ত = ২৭,০০০ – ৪,৫০০ = ২২,৫০০ টাকা

**উত্তর:** চলতি অনুপাত ২.২৫ ঃ ১ এবং ত্বরিত অনুপাত ১.২০ ঃ ১।

## উত্তর সংকেতসহ সৃজনশীল প্রশ্ন

**প্রশ্ন ▶ ২৪** অনন্যা ট্রেডার্স লি.-এর ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখের আর্থিক অবস্থার বিবরণী নিচে উপস্থাপন করা হলো —

**অনন্যা ট্রেডার্স লি.**

**আর্থিক অবস্থার বিবরণী**

৩১ ডিসেম্বর, ২০১৮

| বিবরণ | টাকা |
|---|---|
| **সম্পদসমূহ** | |
| প্রাপ্য হিসাব | ১,২০,০০০ |
| প্রাপ্য নোটস্ | ২০,০০০ |
| নগদ তহবিল | ১৫,০০০ |
| যন্ত্রপাতি | ৭৫,০০০ |
| ইজারা সম্পত্তি | ১,০০,০০০ |
| সমাপনী মজুদ পণ্য | ৫০,০০০ |
| আসবাবপত্র | ৫০,০০০ |
| **মোট সম্পদ** | ৪,৩০,০০০ |
| **শেয়ার মালিকদের স্বত্ব ও দায়সমূহ** | |
| সাধারণ শেয়ার মূলধন (প্রতিটি ১০০ টাকা করে ১,২০০ শেয়ার) | ১,২০,০০০ |
| ৮% অগ্রাধিকার শেয়ার মূলধন (প্রতিটি ১০০ টাকা করে ৭,০০০ শেয়ার) | ৭০,০০০ |
| সাধারণ সঞ্চিতি | ৬২,৫০০ |
| অবণ্টিত মুনাফা | ৮০,০০০ |
| ৬% ঋণপত্র | ৫০,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ২০,০০০ |
| প্রদেয় হিসাব | ২৭,৫০০ |
| **শেয়ার মালিকদের স্বত্ব ও মোট দায়** | ৪,৩০,০০০ |

**অন্যান্য তথ্য:** সাধারণ শেয়ার মালিকদেরকে ২৪,৪০০ টাকা নগদ লভ্যাংশ প্রদান করা হয়েছে। প্রতিটি শেয়ারের বাজারমূল্য ১২০ টাকা।

ক. চলতি অনুপাত নির্ণয় করো। ২

খ. ত্বরিত অনুপাত নির্ণয় করো। ৪

গ. কার্যকরী মূলধন অনুপাত নির্ণয় করো। ৪

**সুপার টিপ্স:** প্রশ্নগুলোর সমাধান নিজে নিজে করতে চেষ্টা করো এবং নিচে দেওয়া উত্তরের সাথে মিলিয়ে নাও।

**উত্তর: ক.** চলতি অনুপাত ৪.৩২ ঃ ১। **খ.** ত্বরিত অনুপাত ৫.৬৪ ঃ ১। **গ.** কার্যকরী মূলধন অনুপাত ৩.৩২ ঃ ১।

# সপ্তম অধ্যায়

# উৎপাদন ব্যয় হিসাব

পরীক্ষায় কমন পেতে অনন্য প্রশ্ন ও সমাধান | পৃষ্ঠা ১ বোর্ড পরীক্ষার প্রশ্ন ও সমাধান | পৃষ্ঠা ২০ উত্তর সংকেতসহ সৃজনশীল প্রশ্ন | পৃষ্ঠা ৪২

## পরীক্ষায় কমন পেতে অনন্য প্রশ্ন ও সমাধান

**প্রশ্ন ▶১** ঢাকা ফুড লি.-এর নিম্নলিখিত তথ্যাবলি পাওয়া যায়:

| বিবরণ | টাকা |
|---|---|
| মুখ্য ব্যয় | ১,৮০,০০০ |
| আংশিক উৎপাদিত পণ্যের প্রারম্ভিক মজুদ | ২০,০০০ |
| আংশিক উৎপাদিত পণ্যের সমাপনী মজুদ | ১৫,০০০ |
| তৈরি পণ্যের প্রারম্ভিক মজুদ | ৮০,০০০ |
| তৈরি পণ্যের সমাপনী মজুদ | ৫০,০০০ |
| প্রত্যক্ষ মজুরি | ১৫,০০০ |
| ভাড়া (১/৩ অংশ কারখানা, ২/৩ অংশ অফিস) | ৯০,০০০ |
| বিজ্ঞাপন | ২০,০০০ |
| বিক্রয় | ৫,০০,০০০ |

ক. ব্যবহৃত কাঁচামালের পরিমাণ নির্ণয় করো। ২
খ. উৎপাদিত পণ্যের ব্যয় নির্ণয় করো। ৪
গ. আয় বিবরণী প্রস্তুত করো। ৪

**১ নং প্রশ্নের সমাধান**

**ক** ব্যবহৃত কাঁচামালের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| মুখ্য ব্যয় | ১,৮০,০০০ | |
| বাদ: প্রত্যক্ষ মজুরি | (১৫,০০০) | |
| **ব্যবহৃত কাঁচামাল ব্যয়** | | ১,৬৫,০০০ |

**উত্তর:** ব্যবহৃত কাঁচামালের পরিমাণ ১,৬৫,০০০ টাকা।

**খ**

**ঢাকা ফুড লি.**
**উৎপাদন ব্যয় বিবরণী**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| মুখ্য ব্যয় | | ১,৮০,০০০ |
| যোগ: কারখানা উপরিব্যয়: | | |
| কারখানা ভাড়া (৯০,০০০ × ১/৩) | | ৩০,০০০ |
| **উৎপাদন ব্যয়** | | ২,১০,০০০ |
| যোগ: আংশিক উৎপাদিত পণ্যের প্রারম্ভিক মজুদ | | ২০,০০০ |
| | | ২,৩০,০০০ |
| বাদ: আংশিক উৎপাদিত পণ্যের সমাপনী মজুদ | | (১৫,০০০) |
| **উৎপাদিত পণ্যের ব্যয়** | | ২,১৫,০০০ |

**উত্তর:** উৎপাদিত পণ্যের ব্যয় ২,১৫,০০০ টাকা।

**গ**

**ঢাকা ফুড লি.**
**বিশদ আয় বিবরণী**

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| বিক্রয় | | | ৫,০০,০০০ |

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **বাদ: বিক্রীত পণ্যের ব্যয়:** | | | |
| তৈরি পণ্যের প্রারম্ভিক মজুদ | | ৮০,০০০ | |
| যোগ: উৎপাদিত পণ্যের ব্যয় (খ থেকে প্রাপ্ত) | | ২,১৫,০০০ | |
| | | ২,৯৫,০০০ | |
| বাদ: তৈরি পণ্যের সমাপনী মজুদ | | (৫০,০০০) | (২,৪৫,০০০) |
| **মোট লাভ** | | | ২,৫৫,০০০ |
| **বাদ: পরিচালন ব্যয়:** | | | |
| **অফিস ও প্রশাসনিক ব্যয়:** | | | |
| অফিস ভাড়া (৯০,০০০ × ২/৩) | | ৬০,০০০ | |
| **বিক্রয় ও বণ্টন উপরিব্যয়:** | | | |
| বিজ্ঞাপন | | ২০,০০০ | (৮০,০০০) |
| **নিট মুনাফা** | | | ১,৭৫,০০০ |

**উত্তর:** নিট মুনাফা ১,৭৫,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ২** নিচে ABC কোম্পানির উৎপাদন সংক্রান্ত তথ্যাবলি দেওয়া হলো:

| হিসাবের নাম | ১.১.১৮ (টাকা) | ৩১.১২.১৮ (টাকা) |
|---|---|---|
| কাঁচামালের মজুদ | ১৪,০০০ | ৮,০০০ |
| তৈরি পণ্যের মজুদ | ১৪,০০০ | ১৬,০০০ |
| চলতি কার্যের মজুদ | | ১২,০০০ |
| কাঁচামাল ক্রয় | | ২,২০,০০০ |
| মজুরি | | ১,৩০,০০০ |
| বিক্রয় | | ৫,৫০,০০০ |
| কারখানা উপরিব্যয় | | ৭৮,০০০ |
| প্রশাসনিক খরচ বিক্রয়ের | | ৫% |
| বিক্রয় খরচ বিক্রয়ের | | ১০% |

ক. মজুরির ওপর কারখানা উপরিব্যয়ের শতকরা হার কত? ২
খ. উৎপাদন ব্যয়ের পরিমাণ কত? ৪
গ. মুনাফার পরিমাণ কত? ৪

## ২ নং প্রশ্নের সমাধান

**ক** মজুরির ওপর কারখানা উপরিব্যয়ের শতকরা হার নির্ণয়:

$$\text{মজুরির ওপর কারখানা উপরিব্যয়ের শতকরা হার} = \left(\frac{\text{কারখানা উপরিব্যয়}}{\text{মজুরি}} \times ১০০\right) = \left(\frac{৭৮,০০০}{১,৩০,০০০} \times ১০০\right) = ৬০\%$$

**উত্তর:** মজুরির ওপর কারখানা উপরিব্যয়ের শতকরা হার ৬০%।

**খ**

**ABC কোম্পানি**
**উৎপাদন ব্যয় বিবরণী**
২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| কাঁচামালের প্রারম্ভিক মজুদ | ১৪,০০০ | | |
| যোগ: কাঁচামাল ক্রয় | ২,২০,০০০ | | |
| | ২,৩৪,০০০ | | |
| বাদ: কাঁচামালের সমাপনী মজুদ | (৮,০০০) | | |
| **ব্যবহৃত কাঁচামাল** | | ২,২৬,০০০ | |
| যোগ: মজুরি | | ১,৩০,০০০ | |
| **মুখ্য ব্যয়** | | | ৩,৫৬,০০০ |
| যোগ: কারখানা উপরিব্যয় | | | ৭৮,০০০ |
| **উৎপাদন ব্যয়** | | | ৪,৩৪,০০০ |

**উত্তর:** উৎপাদন ব্যয় ৪,৩৪,০০০ টাকা।

গ

**ABC কোম্পানি**
**বিশদ আয় বিবরণী**
২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| বিক্রয় | | ৫,৫০,০০০ |
| **বাদ: বিক্রীত পণ্যের ব্যয়:** | | |
| উৎপাদন ব্যয় (খ থেকে প্রাপ্ত) | ৪,৩৪,০০০ | |
| বাদ: চলতি কার্যের সমাপনী মজুদ | (১২,০০০) | |
| | ৪,২২,০০০ | |
| যোগ: তৈরি পণ্যের প্রারম্ভিক মজুদ | ১৪,০০০ | |
| | ৪,৩৬,০০০ | |
| বাদ: তৈরি পণ্যের সমাপনী মজুদ | (১৬,০০০) | (৪,২০,০০০) |
| **মোট মুনাফা** | | ১,৩০,০০০ |
| **বাদ: পরিচালন ব্যয়:** | | |
| প্রশাসনিক উপরিব্যয় (৫,৫০,০০০ × ৫%) | ২৭,৫০০ | |
| বিক্রয় উপরিব্যয় (৫,৫০,০০০ × ১০%) | ৫৫,০০০ | (৮২,৫০০) |
| **নিট মুনাফা** | | ৪৭,৫০০ |

**উত্তর:** নিট মুনাফা ৪৭,৫০০ টাকা।

**প্রশ্ন ▶৩** মুদ্রা এন্ড সন্স-এর ২০১৮ সালের উৎপাদন ব্যয় সংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ:

| বিবরণ | টাকা |
|---|---|
| প্রারম্ভিক কাঁচামাল | ১০,০০০ |
| সমাপনী কাঁচামাল | ৫,০০০ |
| কাঁচামাল ক্রয় | ৪০,০০০ |
| প্রত্যক্ষ শ্রম | ১৫,০০০ |
| কারখানার ভাড়া | ৫,০০০ |
| কলকব্জার অবচয় | ৪,০০০ |
| অফিস খরচ | ৭,০০০ |
| বিক্রয় ও বিলি খরচ | ৩,০০০ |
| উৎপাদিত পণ্যের প্রারম্ভিক মজুদ | ৮,০০০ |
| উৎপাদিত পণ্যের সমাপনী মজুদ | ৫,০০০ |
| মুনাফা বিক্রয়ের ওপর | ২০% |

ক. ব্যবহৃত কাঁচামাল কত? ২
খ. বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমাণ কত? ৪
গ. মোট বিক্রয় কত? ৪

**৩ নং প্রশ্নের সমাধান**

ক ব্যবহৃত কাঁচামাল ব্যয় নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| প্রারম্ভিক কাঁচামাল | ১০,০০০ | |
| কাঁচামাল ক্রয় | ৪০,০০০ | |
| | ৫০,০০০ | |
| বাদ: সমাপনী কাঁচামাল | (৫,০০০) | |
| **ব্যবহৃত কাঁচামাল ব্যয়** | | ৪৫,০০০ |

**উত্তর:** ব্যবহৃত কাঁচামাল ব্যয় ৪৫,০০০ টাকা।

খ

**মুদ্রা এন্ড সন্স**
**বিক্রীত পণ্যের ব্যয় বিবরণী**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| ব্যবহৃত কাঁচামাল ব্যয় (ক থেকে প্রাপ্ত) | ৪৫,০০০ | |
| যোগ: প্রত্যক্ষ শ্রম | ১৫,০০০ | |
| **মুখ্য ব্যয়** | | ৬০,০০০ |
| **যোগ: কারখানা উপরিব্যয়:** | | |
| কারখানা ভাড়া | ৫,০০০ | |
| কলকব্জার অবচয় | ৪,০০০ | ৯,০০০ |
| **উৎপাদন ব্যয়** | | ৬৯,০০০ |
| যোগ: উৎপাদিত পণ্যের প্রারম্ভিক মজুদ | | ৮,০০০ |
| | | ৭৭,০০০ |
| বাদ: উৎপাদিত পণ্যের সমাপনী মজুদ | | (৫,০০০) |
| **বিক্রীত পণ্যের ব্যয়** | | ৭২,০০০ |

**উত্তর:** বিক্রীত পণ্যের ব্যয় ৭২,০০০ টাকা।

গ

**মুদ্রা এন্ড সন্স**
**ব্যয় বিবরণী**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| বিক্রীত পণ্যের ব্যয় (খ থেকে প্রাপ্ত) | | ৭২,০০০ |
| **যোগ: পরিচালন ব্যয়:** | | |
| **প্রশাসনিক উপরিব্যয়:** | | |
| অফিস খরচ | ৭,০০০ | |
| **বিক্রয় উপরিব্যয়:** | | |
| বিক্রয় ও বিলি খরচ | ৩,০০০ | ১০,০০০ |
| **মোট ব্যয়** | | ৮২,০০০ |
| যোগ: মুনাফা (৮২,০০০ × $^{২০}/_{৮০}$) | | ২০,৫০০ |
| **মোট বিক্রয়** | | ১,০২,৫০০ |

**উত্তর:** মোট বিক্রয় ১,০২,৫০০ টাকা।

প্রশ্ন ▶ ৪ রিয়েল কোম্পানি লি.-এর ২০১৮ সালের উৎপাদন সংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ:

| বিবরণ | টাকা |
|---|---|
| তৈরি মজুদ পণ্য (০১-০১-২০১৮) ৩,০০০ একক | ২০,০০০ |
| ব্যবহৃত কাঁচামাল | ১,২৫,০০০ |
| মজুরি | ৭৯,০০০ |
| কারখানা উপরিখরচ | ২৪,০০০ |
| প্রশাসনিক খরচ | ৪৮,০০০ |

বিক্রয় খরচ এককপ্রতি ২.৭০ টাকা।
২০,০০০ একক দ্রব্য বিক্রয় করা হয়। ব্যবসায়ের অর্জিত লাভ বিক্রয়ের ওপর ২০%। তৈরি পণ্যের সমাপনী মজুদ (৩১-১২-২০১৮) ৭,০০০ একক।

ক. উৎপাদিত পণ্যের একক নির্ণয় করো। ২
খ. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় করো। ৪
গ. আয় বিরবণী প্রস্তুত করো। ৪

**৪ নং প্রশ্নের সমাধান**

ক উৎপাদিত পণ্যের একক নিরূপণ:

| বিবরণ | একক | একক |
|---|---|---|
| সমাপনী মজুদ | ৭,০০০ | |
| যোগ: বিক্রয় | ২০,০০০ | |

| বিবরণ | একক | একক |
|---|---|---|
| | ২৭,০০০ | |
| বাদ: প্রারম্ভিক মজুদ পণ্য | (৩,০০০) | |
| **উৎপাদিত পণ্যের একক** | | ২৪,০০০ |

**উত্তর:** উৎপাদিত পণ্যের একক ২৪,০০০।

খ

**রিয়েল কোম্পানি লি.**
**বিক্রীত পণ্যের ব্যয় বিবরণী**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| ব্যবহৃত কাঁচামাল (প্রশ্নে প্রদত্ত) | ১,২৫,০০০ | |
| যোগ: মজুরি | ৭৯,০০০ | |
| **মুখ্য ব্যয়** | | ২,০৪,০০০ |
| যোগ: কারখানা উপরিখরচ | | ২৪,০০০ |
| **উৎপাদন ব্যয়** | | ২,২৮,০০০ |
| যোগ: তৈরি পণ্যের প্রারম্ভিক মজুদ | | ২০,০০০ |
| | | ২,৪৮,০০০ |
| বাদ: তৈরি পণ্যের সমাপনী মজুদ $\left(\frac{২,২৮,০০০}{২৪,০০০} \times ৭,০০০\right)$ | | (৬৬,৫০০) |
| **বিক্রীত পণ্যের ব্যয়** | | ১,৮১,৫০০ |

**উত্তর:** বিক্রীত পণ্যের ব্যয় ১,৮১,৫০০ টাকা।

গ

**রিয়েল কোম্পানি লি.**
**আয় বিবরণী**
২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| বিক্রয় [গণনা] | | ৩,৫৪,৩৭৫ |
| বাদ: বিক্রীত পণ্যের ব্যয় (খ থেকে প্রাপ্ত) | | (১,৮১,৫০০) |
| **মোট মুনাফা** | | ১,৭২,৮৭৫ |
| **বাদ: পরিচালন ব্যয়:** | | |
| প্রশাসনিক খরচ | ৪৮,০০০ | |
| বিক্রয় ও বণ্টন খরচ (২০,০০০ × ২.৭০) | ৫৪,০০০ | (১,০২,০০০) |
| **নিট মুনাফা** | | ৭০,৮৭৫ |

**উত্তর:** নিট মুনাফা ৭০,৮৭৫ টাকা।

**গণনা:** বিক্রয়মূল্য নির্ণয়:

| বিবরণ | টাকা |
|---|---|
| বিক্রীত পণ্যের ব্যয় [খ থেকে প্রাপ্ত] | ১,৮১,৫০০ |
| যোগ: প্রশাসনিক খরচ | ৪৮,০০০ |
| বিক্রয় খরচ (২০,০০০ × ২.৭) | ৫৪,০০০ |
| **মোট ব্যয়** | ২,৮৩,৫০০ |
| যোগ: মুনাফা (২,৮৩,৫০০ × $^{২০}/_{৮০}$) | ৭০,৮৭৫ |
| বিক্রয়মূল্য | ৩,৫৪,৩৭৫ |

**প্রশ্ন ▶ ৫** মৌরী ম্যানুফ্যাকচারিং লি.-এর হিসাবরক্ষক নিম্নলিখিত তথ্যসমূহ সরবরাহ করে –

| বিবরণ | ০১.০১.২০১৮ (টাকা) | ৩১.১২.২০১৮ (টাকা) |
|---|---|---|
| কাঁচামাল ক্রয় | | ৩,৭৭,০০০ |
| বহির্মুখী পরিবহন | | ৮,০০০ |
| কারখানা উপরিখরচ (অবচয় ব্যতীত) | | ৪,৬৬,৪০০ |
| প্রশাসনিক ও বিপণন খরচ (অবচয় ব্যতীত) | | ৩,৪৪,২০০ |
| অবচয় (উৎপাদন সংক্রান্ত ৮০% এবং প্রশাসনিক ও বিপণন সংক্রান্ত ২০%) | | ১,২৬,০০০ |

| বিবরণ | ০১.০১.২০১৮ (টাকা) | ৩১.১২.২০১৮ (টাকা) |
|---|---|---|
| প্রত্যক্ষ মজুরি | | ৫,২৩,৬০০ |
| অন্তর্মুখী পরিবহন | | ৬,৬০০ |
| বিক্রয় | | ২০,০০,০০০ |
| **মজুদ:** | | |
| তৈরি পণ্য | ৮৪,২০০ | ১,০৬,০০০ |
| আধা-সমাপ্ত পণ্য | ৪৯,৮০০ | ৫৮,৮০০ |
| কাঁচামাল মজুদ | ৯৮,০০০ | ৭৪,০০০ |

ক. মোট কারখানা উপরিখরচ এবং বাণিজ্যিক খরচ নির্ণয় করো। ২

খ. উৎপাদন ব্যয় বিবরণী তৈরির মাধ্যমে উৎপাদন ব্যয় নির্ণয় করো। ৪

গ. প্রতিষ্ঠানটির ২০১৮ সালের মুনাফা নির্ণয় করো। ৪

## ৫ নং প্রশ্নের সমাধান

**ক** মোট কারখানা উপরিখরচ ও বাণিজ্যিক খরচ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **কারখানা উপরিব্যয়:** | | |
| কারখানা উপরিখরচ (অবচয় ব্যতীত) | ৪,৬৬,৪০০ | |
| অবচয় (১,২৬,০০০ × ৮০%) | ১,০০,৮০০ | |
| **মোট কারখানা উপরিখরচ** | | ৫,৬৭,২০০ |
| **বাণিজ্যিক খরচ:** | | |
| প্রশাসনিক ও বিপণন খরচ (অবচয় ব্যতীত) | ৩,৪৪,২০০ | |
| বহির্মুখী পরিবহন | ৮,০০০ | |
| অবচয় (১,২৬,০০০ × ২০%) | ২৫,২০০ | |
| **মোট বাণিজ্যিক খরচ** | | ৩,৭৭,৪০০ |

**উত্তর:** কারখানা উপরিখরচ ৫,৬৭,২০০ টাকা এবং বাণিজ্যিক খরচ ৩,৭৭,৪০০ টাকা।

**খ**

**মৌরী ম্যানুফ্যাকচারিং লি.**
**উৎপাদন ব্যয় বিবরণী**
২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| কাঁচামাল (০১.০১.১৮) | | ৯৮,০০০ | |
| কাঁচামাল ক্রয় | ৩,৭৭,০০০ | | |
| যোগ: অন্তর্মুখী পরিবহন খরচ | ৬,৬০০ | ৩,৮৩,৬০০ | |
| **ব্যবহারযোগ্য কাঁচামালের ব্যয়** | | ৪,৮১,৬০০ | |
| বাদ: কাঁচামাল (৩১.১২.১৮) | | (৭৪,০০০) | |
| **ব্যবহৃত কাঁচামালের ব্যয়** | | | ৪,০৭,৬০০ |
| যোগ: প্রত্যক্ষ মজুরি | | | ৫,২৩,৬০০ |
| **মুখ্য ব্যয়** | | | ৯,৩১,২০০ |
| যোগ: কারখানা উপরিব্যয় (ক হতে আনীত) | | | ৫,৬৭,২০০ |
| **উৎপাদন ব্যয়** | | | ১৪,৯৮,৪০০ |

**উত্তর:** উৎপাদন ব্যয় ১৪,৯৮,৪০০ টাকা।

**গ**

**মৌরী ম্যানুফ্যাকচারিং লি.**
**ব্যয় বিবরণী**

| বিবরণ | টাকা |
|---|---|
| উৎপাদন ব্যয় (খ থেকে নির্ণীত) | ১৪,৯৮,৪০০ |
| যোগ: আধা-সমাপ্ত পণ্যের প্রারম্ভিক মজুদ | ৪৯,৮০০ |
| | ১৫,৪৮,২০০ |
| বাদ: আধা-সমাপ্ত পণ্যের সমাপনী মজুদ | (৫৮,৮০০) |
| **উৎপাদিত পণ্যের ব্যয়** | ১৪,৮৯,৪০০ |

| বিবরণ | টাকা |
|---|---|
| যোগ: তৈরি পণ্যের প্রারম্ভিক মজুদ | ৮৪,২০০ |
| | ১৫,৭৩,৬০০ |
| বাদ: তৈরি পণ্যের সমাপনী মজুদ | (১,০৬,০০০) |
| **বিক্রীত পণ্যের ব্যয়** | ১৪,৬৭,৬০০ |
| যোগ: বাণিজ্যিক খরচ (ক হতে নির্ণীত) | ৩,৭৭,৪০০ |
| **মোট ব্যয়** | ১৮,৪৫,০০০ |
| যোগ: মুনাফা (বিক্রয় – মোট ব্যয়) | ১,৫৫,০০০ |
| **বিক্রয়** | ২০,০০,০০০ |

**উত্তর:** মুনাফা ১,৫৫,০০০ টাকা।

**প্রশ্ন ▶৬** পদ্মা ম্যানুফ্যাকচারিং কোম্পানি লিমিটেড-এর উৎপাদন সংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ:

| বিবরণ | টাকা |
|---|---|
| কাঁচামাল ক্রয় | ৩,২০,০০০ |
| প্রত্যক্ষ মজুরি | ১,৭২,০০০ |
| পরোক্ষ কাঁচামাল | ৪০,০০০ |
| পরোক্ষ মজুরি | ৪০,০০০ |
| যন্ত্রের অবচয় | ১২,০০০ |
| অফিস বেতন | ৪০,০০০ |
| মুদ্রণ ও মনিহারি | ৬,০০০ |
| অফিস আসবাবপত্রের অবচয় | ৮,০০০ |
| বিক্রয়কর্মীর বেতন | ১২,০০০ |
| কমিশন | ৮,০০০ |
| গুদাম ভাড়া | ৬,০০০ |
| উৎপাদিত পণ্য বিক্রয় | ৫,৬০,০০০ |

**সংযুক্ত তথ্যাদি:** কাঁচামালের এক-দশমাংশ এবং উৎপাদিত সমাপ্ত পণ্যের এক-চতুর্থাংশ বছরান্তে হাতে মজুদ রয়েছে। অলিখিত কাঁচামাল ক্রয় ৫০,০০০ টাকা।

ক. ব্যবহৃত কাঁচামালের ব্যয় নির্ণয় করো। ২
খ. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় করো। ৪
গ. মুনাফার পরিমাণ নির্ণয় করো। ৪

**৬ নং প্রশ্নের সমাধান**

**ক**

**পদ্মা ম্যানুফ্যাকচারিং**
**উৎপাদন ব্যয় বিবরণী (আংশিক)**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| কাঁচামাল ক্রয় | ৩,২০,০০০ | |
| যোগ: অলিখিত কাঁচামাল | ৫০,০০০ | |
| ব্যবহার উপযোগী কাঁচামাল | | ৩,৭০,০০০ |
| বাদ: অব্যবহৃত কাঁচামাল (৩,৭০,০০০ × ১/১০) | | (৩৭,০০০) |
| **ব্যবহৃত কাঁচামাল ব্যয়** | | ৩,৩৩,০০০ |

**উত্তর:** ব্যবহৃত কাঁচামাল ব্যয় ৩,৩৩,০০০ টাকা।

**খ**

**পদ্মা ম্যানুফ্যাকচারিং**
**বিক্রীত পণ্যের ব্যয় বিবরণী**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| ব্যবহৃত কাঁচামাল ব্যয় (ক হতে প্রাপ্ত) | ৩,৩৩,০০০ | |
| যোগ: প্রত্যক্ষ মজুরি | ১,৭২,০০০ | |
| **মুখ্য ব্যয়** | | ৫,০৫,০০০ |
| **যোগ: কারখানার উপরিব্যয়:** | | |

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| পরোক্ষ কাঁচামাল | ৪০,০০০ | |
| পরোক্ষ মজুরি | ৪০,০০০ | |
| যন্ত্রের অবচয় | ১২,০০০ | ৯২,০০০ |
| **উৎপাদন ব্যয় (উৎপাদিত পণ্যের ব্যয়)** | | ৫,৯৭,০০০ |
| বাদ: উৎপাদিত পণ্যের সমাপনী মজুদ (৫,৯৭,০০০ × $^{১}/_{৪}$) | | (১,৪৯,২৫০) |
| **বিক্রীত পণ্যের ব্যয়** | | ৪,৪৭,৭৫০ |

**উত্তর:** বিক্রীত পণ্যের ব্যয় ৪,৪৭,৭৫০ টাকা।

**গ**

**পদ্মা ম্যানুফ্যাকচারিং**
**আয় বিবরণী**

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| উৎপাদিত পণ্য বিক্রয় | | | ৫,৬০,০০০ |
| বাদ: বিক্রীত পণ্যের ব্যয় (খ থেকে প্রাপ্ত) | | | (৪,৪৭,৭৫০) |
| **মোট মুনাফা** | | | ১,১২,২৫০ |
| **বাদ: পরিচালন ব্যয়:** | | | |
| প্রশাসনিক উপরিব্যয়: | | | |
| অফিস বেতন | ৪০,০০০ | | |
| মুদ্রণ ও মনিহারি | ৬,০০০ | | |
| অফিস আসবাবপত্রের অবচয় | ৮,০০০ | ৫৪,০০০ | |
| **বিক্রয় উপরিব্যয়:** | | | |
| বিক্রয়কর্মীর বেতন | ১২,০০০ | | |
| কমিশন | ৮,০০০ | | |
| গুদাম ভাড়া | ৬,০০০ | ২৬,০০০ | (৮০,০০০) |
| **নিট মুনাফা** | | | ৩২,২৫০ |

**উত্তর:** নিট মুনাফা ৩২,২৫০ টাকা।

**প্রশ্ন ▶ ৭** কোনো একটি উৎপাদনকারী প্রতিষ্ঠানের উৎপাদন সংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ:

| বিবরণ | টাকা |
|---|---|
| ব্যবহৃত কাঁচামাল | ১,০০,০০০ |
| প্রত্যক্ষ মজুরি | ৪০,০০০ |
| কারখানা উপরি ব্যয় এককপ্রতি ৫ টাকা | |
| উৎপাদিত পণ্যের প্রারম্ভিক মজুদ (৫০০ একক) | ১,২০,০০০ |
| প্রশাসনিক উপরিব্যয় | ৮০,০০০ |
| বিক্রয় ও বণ্টন উপরি ব্যয় এককপ্রতি ৭ টাকা | |
| উৎপাদিত পণ্যের সমাপনী মজুদ ১০০ একক | |
| বিক্রয় ৫,০০০ (একক) | ৪,২০,০০০ |

ক. উৎপাদিত পণ্যের একক নির্ণয় করো। ২
খ. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় করো। ৪
গ. মোট ব্যয় এবং এককপ্রতি মুনাফা নির্ণয় করো। ৪

**৭ নং প্রশ্নের সমাধান**

**ক** উৎপাদিত পণ্যের একক নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| বিক্রয় (একক) | ৫,০০০ | |
| যোগ: সমাপনী মজুদ (একক) | ১০০ | |
| | ৫,১০০ | |
| বাদ: প্রারম্ভিক মজুদ (একক) | (৫০০) | |
| **উৎপাদিত পণ্যের একক** | | ৪,৬০০ |

**উত্তর:** উৎপাদিত পণ্যের একক ৪,৬০০ একক।

খ **বিক্রীত পণ্যের ব্যয় বিবরণী**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| ব্যবহৃত কাঁচামাল | ১,০০,০০০ | |
| যোগ: প্রত্যক্ষ মজুরি | ৪০,০০০ | |
| **মুখ্য ব্যয়** | | ১,৪০,০০০ |
| যোগ: কারখানা উপরিব্যয় (৫ × ৪,৬০০) | | ২৩,০০০ |
| **উৎপাদন ব্যয়** | | ১,৬৩,০০০ |
| যোগ: উৎপাদিত পণ্যের প্রারম্ভিক মজুদ | | ১,২০,০০০ |
| | | ২,৮৩,০০০ |
| বাদ: উৎপাদিত পণ্যের সমাপনী মজুদ $\left[\frac{১,৬৩,০০০}{৪,৬০০} \times ১০০\right]$ | | (৩,৫৪৩) |
| **বিক্রীত পণ্যের ব্যয়** | | ২,৭৯,৪৫৭ |

**উত্তর:** বিক্রীত পণ্যের ব্যয় ২,৭৯,৪৫৭ টাকা।

গ মোট ব্যয় ও এককপ্রতি মুনাফা নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| বিক্রীত পণ্যের ব্যয় (খ হতে প্রাপ্ত) | | ২,৭৯,৪৫৭ | |
| যোগ: প্রশাসনিক উপরিব্যয় | ৮০,০০০ | | |
| বিক্রয় ও বণ্টন উপরিব্যয় (৫,০০০ × ৭) | ৩৫,০০০ | ১,১৫,০০০ | |
| **মোট ব্যয়** | | | ৩,৯৪,৪৫৭ |

মোট মুনাফা = বিক্রয়মূলক - মোট ব্যয়

= ৪,২০,০০০ - ৩,৯৪,৪৫৭ = ২৫,৫৪৩ টাকা

$\therefore$ এককপ্রতি মুনাফা = $\frac{২৫,৫৪৩}{৫,০০০}$ = ৫.১১ টাকা (প্রায়)

**উত্তর:** মোট ব্যয় ৩,৯৪,৪৫৭ টাকা এবং এককপ্রতি মুনাফা ৫.১১ টাকা।

**প্রশ্ন ▶৮** বিশ্বাস বিল্ডার্সের হিসাব বই হতে নিম্নোক্ত তথ্যাবলি গৃহীত হয়েছে:

| বিবরণ | টাকা |
|---|---|
| ব্যবহৃত কাঁচামালের মূল্য | ৪,৫০,০০০ |
| প্রত্যক্ষ মজুরি | ৩,০০,০০০ |
| কারখানার উপরিখরচ | ৭৫,০০০ |
| প্রশাসনিক খরচ | ৯০,০০০ |

ক. মোট ব্যয় নির্ণয় করো। ২

খ. প্রত্যক্ষ মজুরির ওপর কারখানা উপরিব্যয়ের শতকরা হার এবং কারখানা ব্যয়ের ওপর প্রশাসনিক খরচের শতকরা হার নির্ণয় করো। ৪

গ. উপরের তথ্যের ভিত্তিতে প্রতিষ্ঠানটি একটি পণ্য উৎপাদন করতে কত দাম ধার্য করবে, যাতে তার প্রয়োজন হবে কাঁচামাল ব্যয় ৫০,০০০ টাকা, মজুরি ব্যয় ৩০,০০০ টাকা এবং যাতে তার বিক্রয়মূল্যের ওপর মুনাফা হবে ২৫%? ৪

**৮ নং প্রশ্নের সমাধান**

ক **বিশ্বাস বিল্ডার্স**

**ব্যয় বিবরণী**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| ব্যবহৃত কাঁচামালের মূল্য | ৪,৫০,০০০ | |
| যোগ: প্রত্যক্ষ মজুরি | ৩,০০,০০০ | |
| **মুখ্য ব্যয়** | | ৭,৫০,০০০ |
| যোগ: কারখানার উপরিখরচ | | ৭৫,০০০ |
| **উৎপাদন ব্যয়/কারখানা ব্যয়** | | ৮,২৫,০০০ |

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| যোগ: প্রশাসনিক খরচ | | ৯০,০০০ |
| **মোট ব্যয়** | | ৯,১৫,০০০ |

**উত্তর:** মোট ব্যয় ৯,১৫,০০০ টাকা।

খ প্রত্যক্ষ মজুরির ওপর কারখানার উপরিব্যয়ের শতকরা হার = $\frac{\text{কারখানা উপরিব্যয়}}{\text{প্রত্যক্ষ মজুরি}} \times ১০০ = \frac{৭৫,০০০}{৩,০০,০০০} \times ১০০ = ২৫\%$

কারখানা ব্যয়ের ওপর প্রশাসনিক খরচের শতকরা হার $= \frac{\text{প্রশাসনিক খরচ}}{\text{কারখানা ব্যয়}} \times ১০০ = \frac{৯০,০০০}{৮,২৫,০০০} \times ১০০ = ১০.৯১\%$

**উত্তর:** প্রত্যক্ষ মজুরির উপর কারখানার উপরিব্যয়ের শতকরা হার ২৫% ও কারখানা ব্যয়ের ওপর প্রশাসনিক খরচের শতকরা হার ১০.৯১%।

গ

**বিশ্বাস বিল্ডার্স**
**ব্যয় বিবরণী**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| কাঁচামাল ব্যয় | ৫০,০০০ | |
| যোগ: মজুরি ব্যয় | ৩০,০০০ | |
| **মুখ্য ব্যয়** | | ৮০,০০০ |
| যোগ: কারখানা উপরিখরচ (প্রত্যক্ষ মজুরির ২৫%) | | ৭,৫০০ |
| **কারখানা ব্যয়** | | ৮৭,৫০০ |
| যোগ: প্রশাসনিক খরচ (কারখানা ব্যায়ের ১০.৯১%) | | ৯,৫৪৬ |
| **মোট ব্যয়** | | ৯৭,০৪৬ |

বিক্রয়মূল্যের ওপর ২৫% মুনাফা হলে মোট ব্যয়ের ওপর মুনাফার হার $= \frac{\text{মুনাফা হার}}{১ - \text{মুনাফার হার}} \times ১০০$

$= \frac{০.২৫}{১ - ০.২৫} \times ১০০ = ৩৩.৩৩\%$

∴ পণ্যটির ধার্যকৃত মূল্য = ৯৭,০৪৬ + (৯৭,০৪৬ × ৩৩.৩৩%) = ৯৭,০৪৬ + ৩২,৩৪৫ = ১,২৯,৩৯১ টাকা

**উত্তর:** পণ্যটির ধার্যকৃত মূল্য ১,২৯,৩৯১ টাকা।

**প্রশ্ন ▶ ৯** ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রীতম ম্যানুফ্যাকচারিং কোম্পানি-এর হিসাব বই হতে নিম্নোক্ত তথ্যাবলি গৃহীত হয়েছে:

| বিবরণ | টাকা |
|---|---|
| প্রারম্ভিক মজুদ: | |
| আংশিক উৎপাদিত পণ্য | ১০,০০০ |
| উৎপাদিত পণ্য | ৫,০০০ |
| সমাপনী মজুদ: | |
| আংশিক উৎপাদিত পণ্য | ১৫,০০০ |
| উৎপাদিত পণ্য | ২০,০০০ |
| মুখ্য ব্যয় | ১,৯০,০০০ |
| আয়কর | ৩০,০০০ |
| কারখানার পরোক্ষ খরচাবলি | ২০,০০০ |
| সুদ প্রদান | ১০,০০০ |
| বিক্রয় উপরিখরচ | ১৫,০০০ |
| বিক্রয় | ৩,৫০,০০০ |
| লভ্যাংশ প্রদান | ২০,০০০ |
| সম্পদ বিক্রয়জনিত ক্ষতি | ১০,০০০ |
| বিক্রয় পরিবহন | ১৫,০০০ |
| ভাড়া (৪০% কারখানা, ৩৫% অফিস এবং ২৫% বিক্রয় ও বণ্টন সংক্রান্ত) | ৪০,০০০ |

| বিবরণ | টাকা |
|---|---|
| গ্যাস (৫০% কারখানা, ৩০% অফিস এবং ২০% বিক্রয় ও বণ্টন সংক্রান্ত) | ২০,০০০ |
| কলকব্জার মেরামত | ১০,০০০ |
| জ্বালানি (৬৫% কারখানা এবং ৩৫% অফিস সংক্রান্ত) | ২৫,০০০ |

ক. যেসব দফা ব্যয় বিবরণীতে অন্তর্ভুক্ত হবে না এদের পরিমাণ নির্ণয় করো। ২

খ. মোট উপরিব্যয়ের পরিমাণ নির্ণয়। ৪

গ. মোট ব্যয় নির্ণয় করো। ৪

**৯ নং প্রশ্নের সমাধান**

**ক** যেসব দফা ব্যয় বিবরণীতে অন্তর্ভুক্ত হবে না এদের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| আয়কর | ৩০,০০০ | |
| সুদ প্রদান | ১০,০০০ | |
| লভ্যাংশ প্রদান | ২০,০০০ | |
| সম্পদ বিক্রয়জনিত ক্ষতি | ১০,০০০ | |
| **মোট** | | ৭০,০০০ |

**উত্তর:** ব্যয় বিবরণীতে অন্তর্ভুক্ত হবে না ৭০,০০০ টাকা।

**খ** মোট উপরিব্যয়ের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **উৎপাদন উপরিব্যয়:** | | |
| কারখানা পরোক্ষ খরচাবলি | ২০,০০০ | |
| ভাড়া (৪০,০০০ × ৪০%) | ১৬,০০০ | |
| গ্যাস (২০,০০০ × ৫০%) | ১০,০০০ | |
| কলকব্জার মেরামত | ১০,০০০ | |
| জ্বালানি (২৫,০০০ × ৬৫%) | ১৬,২৫০ | ৭২,২৫০ |
| **অফিস ও প্রশাসনিক উপরিব্যয়:** | | |
| ভাড়া (৪০,০০০ × ৩৫%) | ১৪,০০০ | |
| গ্যাস (২০,০০০ × ৩০%) | ৬,০০০ | |
| জ্বালানি (২৫,০০০ × ৩৫%) | ৮,৭৫০ | ২৮,৭৫০ |
| **বিক্রয় ও বণ্টন উপরিব্যয়:** | | |
| বিক্রয় উপরিখরচ | ১৫,০০০ | |
| বিক্রয় পরিবহন | ১৫,০০০ | |
| ভাড়া (৪০,০০০ × ২৫%) | ১০,০০০ | |
| গ্যাস (২০,০০০ × ২০%) | ৪,০০০ | ৪৪,০০০ |
| **মোট উপরিব্যয়** | | ১,৪৫,০০০ |

**উত্তর:** মোট উপরিব্যয় ১,৪৫,০০০ টাকা।

**গ**

**প্রীতম ম্যানুফ্যাকচারিং কোম্পানি**
**উৎপাদন ব্যয় বিবরণী**
২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| মুখ্য ব্যয় | | ১,৯০,০০০ |
| যোগ: উৎপাদন উপরিব্যয় (খ হতে প্রাপ্ত) | | ৭২,২৫০ |
| **উৎপাদন ব্যয়** | | ২,৬২,২৫০ |
| যোগ: আংশিক উৎপাদিত পণ্যের প্রারম্ভিক মজুদ | | ১০,০০০ |
| | | ২,৭২,২৫০ |
| বাদ: আংশিক উৎপাদিত পণ্যের সমাপনী মজুদ | | (১৫,০০০) |
| **উৎপাদিত পণ্যের ব্যয়** | | ২,৫৭,২৫০ |

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| যোগ: সম্পূর্ণ উৎপাদিত পণ্যের প্রারম্ভিক মজুদ | | ৫,০০০ |
| | | ২,৬২,২৫০ |
| বাদ: সম্পূর্ণ উৎপাদিত পণ্যের সমাপনী মজুদ | | (২০,০০০) |
| **বিক্রীত পণ্যের ব্যয়** | | ২,৪২,২৫০ |
| **যোগ: পরিচালন উপরিব্যয়:** | | |
| অফিস ও প্রশাসনিক উপরিব্যয় | ২৮,৭৫০ | |
| বিক্রয় ও বণ্টন উপরিব্যয় | ৪৪,০০০ | ৭২,৭৫০ |
| **মোট ব্যয়** | | ৩,১৫,০০০ |

**উত্তর:** মোট ব্যয় ৩,১৫,০০০ টাকা।

**প্রশ্ন ▶১০** রহমত আলীর ২০১৮ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত ১ বছরের ধান উৎপাদনের তথ্য নিচে দেওয়া হলো:

| | টাকা |
|---|---|
| সার ক্রয় | ৬০,০০০ |
| বীজ ক্রয় | ২৫,০০০ |
| কীটনাশক ক্রয় | ৮,০০০ |
| শ্রমিকের মজুরি | ১,২০,০০০ |
| পাওয়ার পাম্প ভাড়া | ২৭,০০০ |
| জ্বালানি ব্যয় | ২০,০০০ |
| লাঙ্গল (ট্রাক্টর) ভাড়া | ৪৫,০০০ |
| ভাড়া (রক্ষণাবেক্ষণকারী থাকার জন্য) | ১৫,০০০ |
| বেতন (রক্ষণাবেক্ষণকারী) | ৪৫,০০০ |
| বিক্রয় পরিবহন | ১২,০০০ |
| শস্য বিমা প্রিমিয়াম | ৫,০০০ |

জনাব রহমত শস্য উৎপাদনের জন্য ২৫ একর জমি বার্ষিক ১,০০,০০০ টাকায় ইজারা নিয়েছিল। তিনি বছরে দুইটি মৌসুমে একরপ্রতি গড়ে ১৫ কুইন্টাল ধান উৎপন্ন করেন এবং প্রতি কুইন্টাল ধান ১,৫০০ টাকায় বিক্রয় করেন।

ক. উপর্যুক্ত তথ্য হতে মুখ্য ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ২
খ. ২০১৮ সালে রহমত আলীর উৎপাদন ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. ২০১৮ সালে রহমত আলীর লাভ বা ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪

**১০ নং প্রশ্নের সমাধান**

**ক** মুখ্য ব্যয়ের পরিমাণ নির্ণয়:

**রহমত আলীর**
**উৎপাদন ব্যয় বিবরণী**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| বীজ ক্রয় | ২৫,০০০ | |
| সার ক্রয় | ৬০,০০০ | |
| **কাঁচামাল ব্যয় (সার ও বীজ)** | | ৮৫,০০০ |
| যোগ: প্রত্যক্ষ মজুরি | ১,২০,০০০ | |
| ইজারা ব্যয় | ১,০০,০০০ | ২,২০,০০০ |
| **মুখ্য ব্যয়** | | ৩,০৫,০০০ |

**উত্তর:** মুখ্য ব্যয়ের পরিমাণ ৩,০৫,০০০ টাকা।

**খ**

**রহমত আলীর**
**উৎপাদন ব্যয় বিবরণী**
২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| মুখ্য ব্যয় (ক থেকে) | | ৩,০৫,০০০ |

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **যোগ: উৎপাদন উপরিব্যয়:** | | |
| কীটনাশক | ৮,০০০ | |
| পাওয়ার পাম্প ভাড়া | ২৭,০০০ | |
| জ্বালানি ব্যয় | ২০,০০০ | |
| লাঙ্গল (ট্রাক্টর) ভাড়া | ৪৫,০০০ | |
| শস্য বিমা প্রিমিয়াম | ৫,০০০ | ১,০৫,০০০ |
| **উৎপাদন ব্যয়** | | ৪,১০,০০০ |

**উত্তর:** উৎপাদন ব্যয় ৪,১০,০০০ টাকা।

গ

**রহমত আলীর**
**বিশদ আয় বিবরণী**
২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| বিক্রয় (২৫ × ১৫ × ১,৫০০) | | ৫,৬২,৫০০ |
| **বাদ: বিক্রীত পণ্যের ব্যয়:** | | |
| উৎপাদন ব্যয় (খ থেকে প্রাপ্ত) | | (৪,১০,০০০) |
| **মোট মুনাফা** | | ১,৫২,৫০০ |
| **বাদ: পরিচালন ব্যয়:** | | |
| ভাড়া | ১৫,০০০ | |
| বেতন | ৪৫,০০০ | |
| বিক্রয় পরিবহন | ১২,০০০ | (৭২,০০০) |
| **নিট মুনাফা** | | ৮০,৫০০ |

**উত্তর:** নিট মুনাফা ৮০,৫০০ টাকা।

**প্রশ্ন ▶ ১১** আহসান উল্লাহ কলেজে মোট ২৭ জন শিক্ষক ও ১ জন অধ্যক্ষ কর্মরত আছেন। ২০১৮ সালের মে মাসের নিচের তথ্যাবলি পাওয়া গেল:

| | | | |
|---|---|---|---|
| অধ্যক্ষ | ১ জন | মাসিক মূল বেতন | ২৫,০০০ টাকা |
| অধ্যাপক | ২ জন | প্রত্যেকের মাসিক মূল বেতন | ১৮,০০০ টাকা |
| সহযোগী অধ্যাপক | ৬ জন | প্রত্যেকের মাসিক মূল বেতন | ১৪,০০০ টাকা |
| সহকারী অধ্যাপক | ৮ জন | প্রত্যেকের মাসিক মূল বেতন | ১২,০০০ টাকা |
| প্রভাষক | ১১ জন | প্রত্যেকের মাসিক মূল বেতন | ১১,০০০ টাকা |

**অন্যান্য সুবিধা:** বাসস্থান ভাতা – মূল বেতনের ৫০%, যাতায়াত ভাতা মাসিক ৫০০ টাকা, চিকিৎসা ভাতা – মাসিক ৪০০ টাকা, দায়িত্ব পালনের ভাতা - অধ্যক্ষ মাসিক ৭,০০০ টাকা, অধ্যাপকগণ মাসিক ৫,০০০ টাকা।

**কর্তনসমূহ:** ভবিষ্যৎ তহবিলে – মূল বেতনের ১০%, যৌথ বিমা তহবিলে – মূল বেতনের ২%, অধ্যাপক ২ জন মে মাসে ৬ দিন বিনা বেতনে ছুটি ভোগ করেন।

ক. প্রতিষ্ঠান কর্তৃক অধ্যক্ষ ও অধ্যাপকদের জন্য দায়িত্ব পালন খাতের ব্যয় নির্ণয় করো। ২
খ. সহকারী অধ্যাপকদের জন্য বেতন বিবরণী তৈরি করো। ৪
গ. প্রভাষকদের নিট বেতন নির্ণয় করো। ৪

**১১ নং প্রশ্নের সমাধান**

ক অধ্যক্ষ ও অধ্যাপকদের জন্য দায়িত্ব পালন খাতের ব্যয় নিম্নরূপ –

| বিবরণ | টাকা |
|---|---|
| অধ্যক্ষ | ৭,০০০ |
| অধ্যাপক (৫,০০০ × ২) | ১০,০০০ |
| **মোট** | ১৭,০০০ |

**উত্তর:** ১৭,০০০ টাকা।

খ

**আহসান উল্লাহ কলেজ**
**বেতন বিবরণী**
২০১৮ সালের মে মাসের

| শ্রমিকের বিবরণ | | | উপার্জনসমূহ | | | | | কর্তনসমূহ | | | নিট বেতন (টাকা) | চেক নং | স্বাক্ষর |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | কর্মচারীর পদবি | কর্মচারীর সংখ্যা | মূল বেতন (টাকা) | বাসস্থান ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | চিকিৎসা ভাতা (টাকা) | মোট বেতন (টাকা) | ভবিষ্যৎ তহবিল (টাকা) | যৌথ বিমা (টাকা) | মোট কর্তন (টাকা) | | | |
| ১. | সহকারী অধ্যাপক | ১ জন | ১২,০০০ | ৬,০০০ | ৫০০ | ৪০০ | ১৮,৯০০ | ১,২০০ | ২৪০ | ১,৪৪০ | ১৭,৪৬০ | | |
| | | মোট ৮ জন | ৯৬,০০০ | ৪৮,০০০ | ৪,০০০ | ৩,২০০ | ১,৫১,২০০ | ৯,৬০০ | ১,৯২০ | ১১,৫২০ | ১,৩৯,৬৮০ | | |

প্রস্তুতকারক প্রধান হিসাবরক্ষক গভর্নিং বোর্ডের চেয়ারম্যাক্যাশিয়ার

**উত্তর:** সহকারী অধ্যাপকদের নিট বেতন ১,৩৯,৬৮০ টাকা।

গ

**আহসান উল্লাহ কলেজ**
**বেতন বিবরণী**
২০১৮ সালের মে মাসের

| শ্রমিকের বিবরণ | | | উপার্জনসমূহ | | | | | কর্তনসমূহ | | | নিট বেতন (টাকা) | চেক নং | স্বাক্ষর |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | কর্মচারীর পদবি | কর্মচারীর সংখ্যা | মূল বেতন (টাকা) | বাসস্থান ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | চিকিৎসা ভাতা (টাকা) | মোট বেতন (টাকা) | ভবিষ্যৎ তহবিল (টাকা) | যৌথ বিমা তহবিল (টাকা) | মোট কর্তন (টাকা) | | | |
| ১. | প্রভাষক | ১ জন | ১১,০০০ | ৫,৫০০ | ৫০০ | ৪০০ | ১৭,৪০০ | ১,১০০ | ২২০ | ১,৩২০ | ১৬,০৮০ | | |
| | | ১১ জন | ১,২১,০০০ | ৬০,৫০০ | ৫,৫০০ | ৪,৪০০ | ১,৯১,৪০০ | ১২,১০০ | ২,৪২০ | ১৪,৫২০ | ১,৭৬,৮৮০ | | |

প্রস্তুতকারক প্রধান হিসাবরক্ষক গর্ভনিং বোর্ডের চেয়ারম্যান ক্যাশিয়ার

**উত্তর:** প্রভাষকদের নিট বেতন ১,৭৬,৮৮০ টাকা।

**প্রশ্ন ▶ ১২** ঘণ্টাপ্রতি স্বাভাবিক উৎপাদন ১২ একক, ঘণ্টাপ্রতি নিয়মিত মজুরি ৩ টাকা, মজুরির হার উৎপাদনের ভিত্তিতে নিম্নলিখিতভাবে পরিবর্তিত হবে:

i. স্বাভাবিক উৎপাদনের চেয়ে কম উৎপাদনের ক্ষেত্রে মূল মজুরি হারের ৮০%।
ii. স্বাভাবিক উৎপাদনের চেয়ে বেশি উৎপাদনের ক্ষেত্রে মূল মজুরি হারের ১২০%। উল্লিখিত প্রতিষ্ঠানে ১ সপ্তাহে ৪৮ ঘণ্টা কাজ করা হয় এবং শ্রমিকদের উৎপাদন নিম্নরূপ:

| | |
|---|---|
| ইমন | ৫৭৬ একককক |
| কবির | ৫০০ একক |
| রোহান | ৭০০ একক |
| সাতাজ | ৫৮০ একক |

ক. এককপ্রতি মজুরি হার নির্ণয় করো। ২
খ. এককপ্রতি মঞ্জুরিকৃত মজুরি হার নির্ণয় করো। ৪
গ. মোট মজুরি নির্ণয় করো। ৪

## ১২ নং প্রশ্নের সমাধান

ক একক প্রতি মজুরি হার নির্ণয়:

$$\text{একক প্রতি মজুরি হার} = \frac{\text{ঘণ্টাপ্রতি নিয়মিত মজুরি}}{\text{ঘণ্টাপ্রতি উৎপাদন}} = \frac{৩}{১২} = ০.২৫ \text{ টাকা}$$

**উত্তর:** একক প্রতি মজুরির হার ০.২৫ টাকা।

খ একক প্রতি মঞ্জুরীকৃত মজুরির হার নির্ণয়:

স্বাভাবিক উৎপাদনের চেয়ে কম উৎপাদনের মজুরির হার = একক প্রতি স্বাভাবিক মজুরির হার × ৮০%
= (০.২৫ × ৮০%) = ০.২০ টাকা

স্বাভাবিক উৎপাদনের চেয়ে বেশি উৎপাদনের মজুরির হার = একক প্রতি স্বাভাবিক মজুরির হার × ১২০%
= (০.২৫ × ১২০%) = ০.৩০ টাকা

**উত্তর:** স্বাভাবিক উৎপাদনের চেয়ে কম উৎপাদনের জন্য একক প্রতি মজুরি ০.২০ টাকা এবং বেশি উৎপাদনের জন্য একক প্রতি মজুরি ০.৩০ টাকা।

**গ**

**মজুরি বিবরণী**
**মোট মজুরি নির্ণয়**

| শ্রমিকের নাম | প্রমাণ উৎপাদন (একক) | প্রকৃত উৎপাদন (একক) | দক্ষতা | মজুরির হার | মোট মজুরি |
|---|---|---|---|---|---|
| ইমন | ৫৭৬ | ৫৭৬ | সমান | .২৫ | ১৪৪ |
| কবির | ৫৭৬ | ৫০০ | নিম্নে | .২০ | ১০০ |
| রোহান | ৫৭৬ | ৭০০ | উর্ধ্বে | .৩০ | ২১০ |
| সাতাজ | ৫৭৬ | ৫৮০ | উর্ধ্বে | .৩০ | ১৭৪ |
| | | | | | ৬২৮ |

**উত্তর: মোট মজুরি:** ইমন ১৪৪ টাকা; কবির ১০০ টাকা; রোহান ২১০ টাকা ও সাতাজ ১৭৪ টাকা।

**প্রশ্ন ▶১৩** রাজ জুট মিলের কর্মকর্তা জনাব স্বপন ও বাবলার ২০১৮ সালের এপ্রিল মাসের বেতন সংক্রান্ত তথ্যাদি নিম্নে দেওয়া হলো:

| | স্বপন (টাকা) | বাবলা (টাকা) |
|---|---|---|
| মূল বেতন | ৪০,০০০ | ৪৫,০০০ |
| বাড়ি ভাড়া (মূল বেতনের) | ৪০% | ৪০% |
| যাতায়াত ভাড়া | ৪,০০০ | ৫,০০০ |
| আপ্যায়ন ভাতা | ৪০০ | ৫০০ |
| চিকিৎসা ভাতা | ১,০০০ | ১,০০০ |
| ওভারটাইম মজুরি | ২০ ঘণ্টা | ১৫ ঘণ্টা |
| ভবিষ্যৎ তহবিলে (কর্মীর জমা) | ১০% | ১০% |
| আয়কর | ৫০০ | ৭০০ |
| অগ্রিম বেতন | - | ৯০০ |

উক্ত মাসে মোট ২০০ ঘণ্টা কাজ হয়। ওভারটাইম মজুরি স্বাভাবিক মজুরির দেড় গুণ।

ক. স্বপন ও বাবলার ওভারটাইম মজুরি নির্ণয় করো। ২
খ. মোট উপার্জনের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. নিট উপার্জনের পরিমাণ নির্ণয় করো। ৪

**১৩ নং প্রশ্নের সমাধান**

**ক** স্বপন ও বাবলার ওভারটাইম মজুরি নির্ণয়:

$$\text{ওভারটাইম মজুরি} = \left\{\frac{\text{মূল মজুরি}}{\text{স্বাভাবিক কর্মঘণ্টা}} \times ১.৫\right\} \times \text{ওভারটাইম সময়}$$

$$\text{স্বপন} = \left\{\left(\frac{৪০,০০০}{২০০} \times ১.৫\right) \times ২০\right\} = ৬,০০০ \text{ টাকা}$$

$$\text{বাবলা} = \left\{\left(\frac{৪৫,০০০}{২০০} \times ১.৫\right) \times ১৫\right\} = ৫,০৬৩ \text{ টাকা}$$

**উত্তর: ওভারটাইম মজুরি:** স্বপন ৬,০০০ টাকা; বাবলা ৫,০৬৩ টাকা।

**খ** মোট উপার্জনের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | স্বপন (টাকা) | বাবলা (টাকা) |
|---|---|---|
| **উপার্জনসমূহ:** | | |
| মূল বেতন | ৪০,০০০ | ৪৫,০০০ |
| বাড়ি ভাড়া | ১৬,০০০ | ১৮,০০০ |
| যাতায়াত ভাতা | ৪,০০০ | ৫,০০০ |
| আপ্যায়ন ভাতা | ৪০০ | ৫০০ |
| চিকিৎসা ভাতা | ১,০০০ | ১,০০০ |
| ওভারটাইম মজুরি (ক থেকে প্রাপ্ত) | ৬,০০০ | ৫,০৬৩ |
| **মোট উপার্জন** | ৬৭,৪০০ | ৭৪,৫৬৩ |

**উত্তর: মোট উপার্জন:** স্বপন ৬৭,৪০০ টাকা এবং বাবলা ৭৪,৫৬৩ টাকা।

**গ** নিট উপার্জন নির্ণয়:

| বিবরণ | স্বপন (টাকা) | বাবলা (টাকা) |
|---|---|---|
| মোট উপার্জন (খ থেকে প্রাপ্ত) | ৬৭,৪০০ | ৭৪,৫৬৩ |
| **কর্তনসমূহ:** | | |
| ভবিষ্যৎ তহবিল | ৪,০০০ | ৪,৫০০ |
| আয়কর | ৫০০ | ৭০০ |
| অগ্রিম বেতন | - | ৯০০ |
| **মোট কর্তন** | ৪,৫০০ | ৬,১০০ |
| **নিট উপার্জন (উপার্জন – কর্তন)** | ৬২,৯০০ | ৬৮,৪৬৩ |

**উত্তর: নিট উপার্জন:** স্বপন ৬২,৯০০ টাকা এবং বাবলা ৬৮,৪৬৩ টাকা।

**প্রশ্ন ▶১৪** আইশা ও লাইসা একটি কোম্পানির দুজন কর্মকর্তা। ২০১৮ সালের মার্চ মাসে তাদের উপার্জন ও কর্তনের তথ্য নিম্নরূপ:

| বিবরণ | আঈশা | লাইসা |
|---|---|---|
| মূল বেতন | ২২,০০০ টাকা | ১৮,০০০ টাকা |
| মহার্ঘ ভাতা | ২০% | ২০% |
| যাতায়াত ভাতা | ৫০০ টাকা | ৫০০ টাকা |
| ওভারটাইম (মূল বেতনের দ্বিগুণ হারে) | ২০ ঘণ্টা | ২২ ঘণ্টা |
| যৌথ বিমায় কর্তন | ৬০০ টাকা | ৬০০ টাকা |
| প্রভিডেন্ট ফান্ডে নিজের ও প্রতিষ্ঠানের দান | ১০% (উভয়ের) | ১০% (উভয়ের) |
| মাসে স্বাভাবিক কর্মঘণ্টা ২০০ | | |

ক. ওভারটাইম মজুরির বেতনের পরিমাণ নির্ণয় করো। ২

খ. প্রতিষ্ঠানটির বেতন বিবরণী প্রস্তুত করো। ৪

গ. বেতন বিবরণী অনুযায়ী প্রয়োজনীয় জাবেদা লিখ। ৪

**১৪ নং প্রশ্নের সমাধান**

**ক** ওভারটাইম বেতনের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| আইশা (২০ × ২ × ১১০) | ৪,৪০০ | |
| লাইসা (২২ × ২ × ৯০) | ৩,৯৬০ | |
| **মোট ওভারটাইম মজুরির পরিমাণ** | | ৮,৩৬০ |

$$\text{ঘণ্টাপ্রতি স্বাভাবিক মজুরি হার} = \frac{\text{মূল মজুরি}}{\text{স্বাভাবিক কর্মঘণ্টা}}$$

$$\text{আইশা} = \frac{২২,০০০}{২০০} = ১১০ \text{ টাকা। লাইসা} = \frac{১৮,০০০}{২০০} = ৯০ \text{ টাকা}$$

**উত্তর:** মোট ওভারটাইম মজুরি ৮,৩৬০ টাকা।

**খ**

**বেতন বিবরণী**

৩১ মার্চ, ২০১৮

| বিবরণ | আইশা (টাকা) | লাইসা (টাকা) |
|---|---|---|
| **উপার্জনসমূহ:** | | |
| মূল বেতন | ২২,০০০ | ১৮,০০০ |
| মহার্ঘ ভাতা | ৪,৪০০ | ৩,৬০০ |
| যাতায়াত ভাতা | ৫০০ | ৫০০ |
| ওভারটাইম মজুরি (ক হতে প্রাপ্ত) | ৪,৪০০ | ৩,৯৬০ |
| প্রভিডেন্ট ফান্ডে প্রতিষ্ঠানের দান | ২,২০০ | ১,৮০০ |
| **মোট উপার্জন** | ৩৩,৫০০ | ২৭,৮৬০ |

| বিবরণ | আইশা (টাকা) | লাইসা (টাকা) |
|---|---|---|
| **কর্তনসমূহ:** | | |
| যৌথ বিমায় কর্তন | ৬০০ | ৬০০ |
| প্রভিডেন্ট ফান্ডে দান | ৪,৪০০ | ৩,৬০০ |
| **মোট কর্তন** | ৫,০০০ | ৪,২০০ |
| **নিট প্রদেয় বেতন (মোট উপার্জন – মোট কর্তন)** | ২৮,৫০০ | ২৩,৬৬০ |

**উত্তর:** নিট প্রদেয় বেতন**:** আইশা ২৮,৫০০ টাকা; লাইসা ২৩,৬৬০ টাকা।

গ

**আইশা ও লাইসা**
**জাবেদা দাখিলা**

| তারিখ | হিসাব শিরোনাম ও ব্যাখ্যা | খ: পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ২০১৮ | | | | |
| মার্চ-৩১ | বেতন হিসাব | | ৬১,৩৬০ | |
| | প্রদেয় বেতন হিসাব | | | ৬১,৩৬০ |
| | (মোট অনুমোদিত বেতন হিসাবভুক্ত করা হলো) | | | |
| | প্রদেয় বেতন হিসাব | | ৬১,৩৬০ | |
| | যৌথ বিমা হিসাব | | | ১,২০০ |
| | প্রভিডেন্ট ফান্ড হিসাব | | | ৮,০০০ |
| | প্রদেয় ভাউচার হিসাব | | | ৫২,১৬০ |
| | (নিট প্রদেয় বেতন ও বিভিন্ন কর্তন হিসাবভুক্ত করা হলো) | | | |
| " ৩১ | প্রদেয় ভাউচার হিসাব | | ৫২,১৬০ | |
| | নগদান হিসাব | | | ৫২,১৬০ |
| | (নিট বেতন প্রদান করা হলো) | | | |
| | **মোট** | | ১,৭৪,৮৮০ | ১,৭৪,৮৮০ |

**উত্তর:** জাবেদার যোগফল ১,৭৪,৮৮০ টাকা।

প্রশ্ন ▶ ১৫ সোহান ও জামিল-এর মজুরি সংক্রান্ত তথ্য নিচে প্রদত্ত হলো**:**

| | **সোহান** | **জামিল** |
|---|---|---|
| মূল মজুরি | ৮,০০০ টাকা | ৬,০০০ টাকা |
| বাড়ি ভাড়া ভাতা | ৪০% | ৪০% |
| মহার্ঘ ভাতা | ১০% | ১০% |
| ওভারটাইম | ৩০ ঘণ্টা | ২০ ঘণ্টা |
| চিকিৎসা ভাতা | ২০০ টাকা | ২০০ টাকা |
| ভবিষ্যৎ তহবিল | ১০% | ১০% |
| কল্যাণ তহবিল | ১% | ১% |
| অগ্রিম মজুরি | ৩০০ টাকা | ২০০ টাকা |

উক্ত মাসে স্বাভাবিক কার্য ঘণ্টা ২০০ এবং স্বাভাবিক হারের ১.৫ হারে ওভারটাইম মজুরি দেওয়া হয়।

ক. ভবিষ্যৎ তহবিল ও কল্যাণ তহবিল কন্ট্রিবিউটরি হলে আরিফ ও জামিলের অর্জিত মজুরিতে এই দুটি খাতে কত টাকা যোগ হবে। ২

খ. কন্ট্রিবিউটরি ধরে মজুরি বিবরণী তৈরি করো। ৪

গ. নিয়োগকর্তার দান উপার্জনে অন্তর্ভুক্ত ধরে এবং না ধরে সংশ্লিষ্ট জাবেদা দাখিলা দেখাও। ৪

**১৫ নং প্রশ্নের সমাধান**

ক ভবিষ্য তহবিল ও কল্যাণ তহবিল কন্ট্রিবিউটরি হলে অর্জিত মজুরিতে যোগ হবে–

| বিবরণ | সোহান (টাকা) | জামিল (টাকা) | মোট (টাকা) |
|---|---|---|---|
| ভবিষ্য তহবিল | ৮০০ | ৬০০ | ১,৪০০ |
| কল্যাণ তহবিল | ৮০ | ৬০ | ১৪০ |
| **মোট** | ৮৮০ | ৬৬০ | ১,৫৪০ |

**উত্তর:** অর্জিত মজুরিতে যোগ হবে**:** সোহান ৮৮০ টাকা এবং জামিল ৬৬০ টাকা।

খ **মজুরি বিবরণী**

| বিবরণ | সোহান (টাকা) | জামিল (টাকা) | মোট (টাকা) |
|---|---|---|---|
| **উপার্জনসমূহ:** | | | |
| মূল মজুরি | ৮,০০০ | ৬,০০০ | ১৪,০০০ |
| বাড়ি ভাড়া | ৩,২০০ | ২,৪০০ | ৫,৬০০ |
| মহার্ঘ ভাতা | ৮০০ | ৬০০ | ১,৪০০ |
| ওভারটাইম $\left(\frac{\text{মূল মজুরি} \times ১.৫}{\text{স্বাভাবিক কর্মঘণ্টা}} \times \text{ওভারটাইম ঘণ্টা}\right)$ | ১,৮০০ | ৯০০ | ২,৭০০ |
| চিকিৎসা ভাতা | ২০০ | ২০০ | ৪০০ |
| ভবিষ্যৎ তহবিল | ৮০০ | ৬০০ | ১,৪০০ |
| কল্যাণ তহবিল | ৮০ | ৬০ | ১৪০ |
| **মোট উপার্জন** | ১৪,৮৮০ | ১০,৭৬০ | ২৫,৬৪০ |
| **কর্তনসমূহ:** | | | |
| ভবিষ্যৎ তহবিল | ১,৬০০ | ১,২০০ | ২,৮০০ |
| কল্যাণ তহবিল | ১৬০ | ১২০ | ২৮০ |
| অগ্রিম মজুরি | ৩০০ | ২০০ | ৫০০ |
| **মোট কর্তন** | ২,০৬০ | ১,৫২০ | ৩,৫৮০ |
| **নিট প্রদেয় মজুর (মোট উপার্জন – মোট কর্তন)** | ১২,৮২০ | ৯,২৪০ | ২২,০৬০ |

**উত্তর: নিট প্রদেয় মজুরি:** সোহান ১২,৮২০ টাকা এবং জামিল ৯,২৪০ টাকা।

গ নিয়োগকর্তার দান উপার্জনে অন্তর্ভুক্ত ধরে জাবেদা দাখিলা:

| তারিখ | হিসাব শিরোনাম ও ব্যাখ্যা | খ: পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| | মজুরি হিসাব | | ২৫,৬৪০ | |
| | প্রদেয় মজুরি হিসাব | | | ২৫,৬৪০ |
| | (মোট মজুরি হিসাবভুক্ত করা হলো) | | | |
| | প্রদেয় মজুরি হিসাব | | ২৫,৬৪০ | |
| | প্রদেয় ভাউচার হিসাব | | | ২২,০৬০ |
| | ভবিষ্যৎ তহবিল হিসাব | | | ২,৮০০ |
| | কল্যাণ তহবিল হিসাব | | | ২৮০ |
| | অগ্রিম মজুরি হিসাব | | | ৫০০ |
| | (নিট মজুরি ও বিভিন্ন তহবিলে স্থানান্তর হিসাবভুক্ত করা হলো) | | | |
| | প্রদেয় ভাউচার হিসাব | | ২২,০৬০ | |
| | ব্যাংক হিসাব | | | ২২,০৬০ |
| | (চেকে মজুরি প্রদান করা হলো) | | | |
| | **মোট** | | ৭৩,৩৪০ | ৭৩,৩৪০ |

নিয়োগকর্তার দান উপার্জনে অন্তর্ভুক্ত না করে জাবেদা দাখিলা:

| তারিখ | হিসাব শিরোনাম ও ব্যাখ্যা | খ: পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| | মজুরি হিসাব (২৫,৬৪০ – ১,৫৪০) | | ২৪,১০০ | |
| | প্রদেয় মজুরি হিসাব | | | ২৪,১০০ |
| | (মোট মজুরি হিসাবভুক্ত করা হলো) | | | |
| | প্রদেয় মজুরি হিসাব | | ২৪,১০০ | |
| | প্রদেয় ভাউচার হিসাব | | | ২২,০৬০ |
| | ভবিষ্যৎ তহবিল হিসাব (২,৮০০ – ১,৪০০) | | | ১,৪০০ |
| | কল্যাণ তহবিল হিসাব (২৮০–১৪০) | | | ১৪০ |
| | অগ্রিম মজুরি হিসাব | | | ৫০০ |
| | (নিট মজুরি ও বিভিন্ন তহবিলে স্থানান্তর হিসাবভুক্ত করা হলো) | | | |
| | প্রদেয় ভাউচার হিসাব | | ২২,০৬০ | |
| | ব্যাংক হিসাব | | | ২২,০৬০ |
| | (চেকে মজুরি প্রদান করা হলো) | | | |
| | **মোট** | | ৭০,২৬০ | ৭০,২৬০ |

**প্রশ্ন ▶ ১৬** আনন্দ বিল্ডার্স-এর ৩ জন কর্মচারীর ২০১৮ সালের সেপ্টেম্বর মাসের বেতন সংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ:

| বিবরণ | কর্মচারীদের নাম | | |
|---|---|---|---|
| | রাফি | আঁখি | পাখি |
| মূল বেতন (টাকা) | ১০,০০০ | ৮,০০০ | ৪,০০০ |
| চিকিৎসা ভাতা (টাকা) | ৩০০ | ৩০০ | ৩০০ |
| মহার্ঘ ভাতা (মূল বেতনের) | ২০% | ২০% | ২০% |
| ভবিষ্যৎ তহবিলে প্রতিষ্ঠানের দান (মূল বেতনের) | ১০% | ১০% | ১০% |
| ভবিষ্যৎ তহবিলে কর্মীর দান (মূল বেতনের) | ১০% | ১০% | ১০% |
| কর্মচারী কল্যাণ তহবিলের চাঁদা (টাকা) | ১০০ | ১০০ | ১০০ |
| যৌথ বিমা তহবিলে চাঁদা (টাকা) | ৫০ | ৪০ | ৩০ |

ক. প্রভিডেন্ট ফান্ডে মালিক কর্তৃক মোট জমাকৃত অর্থের পরিমাণ নির্ণয় করো। ২

খ. সেপ্টেম্বর মাসে নিয়োগকর্তা যেসব সুবিধা দিবে তার পরিমাণ নির্ণয় করো। ৪

গ. নিয়োগকর্তা কর্তৃক পরিশোধ্য নিট বেতন দেখিয়ে একটি বেতন বিবরণী প্রস্তুত করো। ৪

## ১৬ নং প্রশ্নের সমাধান

**ক** প্রভিডেন্ট ফান্ডে মালিক কর্তৃক জমাকৃত অর্থের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| রাফি (১০,০০০ × ১০%) | ১,০০০ | |
| আঁখি (৮,০০০ × ১০%) | ৮০০ | |
| পাখি (৪,০০০ × ১০%) | ৪০০ | |
| **প্রভিডেন্ট ফান্ডে মালিক কর্তৃক মোট জমাকৃত অর্থ** | | ২,২০০ |

**উত্তর:** প্রভিডেন্ট ফান্ডে মালিক কর্তৃক মোট জমাকৃত অর্থ ২,২০০ টাকা।

**খ** **আনন্দ বিল্ডার্স**

**বেতন বিবরণী (আংশিক)**

২০১৮ সালের সেপ্টেম্বর মাসের জন্য

| কর্মচারীদের বিবরণ | | অর্জনসমূহ | | | | |
|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | নাম | মূল বেতন | চিকিৎসা ভাতা | মহার্ঘ ভাতা | ভবিষ্যৎ তহবিল | মোট মজুরি |
| ১ | রাফি | ১০,০০০ | ৩০০ | ২,০০০ | ১,০০০ | ১৩,৩০০ |
| ২ | আঁখি | ৮,০০০ | ৩০০ | ১,৬০০ | ৮০০ | ১০,৭০০ |
| ৩ | পাখি | ৪,০০০ | ৩০০ | ৮০০ | ৪০০ | ৫,৫০০ |
| | মোট | ২২,০০০ | ৯০০ | ৪,৪০০ | ২,২০০ | ২৯,৫০০ |

**উত্তর:** মোট মজুরি ২৯,৫০০ টাকা।

**গ** **আনন্দ বিল্ডার্স**

**বেতন বিবরণী**

২০১৮ সালের সেপ্টেম্বর মাসের জন্য

| বিবরণ | রাফি (টাকা) | আখি (টাকা) | পাখি (টাকা) |
|---|---|---|---|
| মোট অর্জন (খ থেকে প্রাপ্ত) | ১৩,৩০০ | ১০,৭০০ | ৫,৫০০ |
| **কর্তনসমূহ:** | | | |
| ভবিষ্যৎ তহবিলে নিয়োগকর্তার দান | ১,০০০ | ৮০০ | ৪০০ |
| ভবিষ্যৎ তহবিলে কর্মীর দান | ১,০০০ | ৮০০ | ৪০০ |
| কল্যাণ তহবিলে দান | ১০০ | ১০০ | ১০০ |
| যৌথ বিমা তহবিলে চাঁদা | ৫০ | ৪০ | ৩০ |
| মোট কর্তন | ২,১৫০ | ১,৭৪০ | ৯৩০ |
| **নিট বেতন (মোট অর্জন – মোট কর্তন )** | ১১,১৫০ | ৮,৯৬০ | ৪,৫৭০ |

**উত্তর: নিট বেতন:** রাফি ১১,১৫০ টাকা; আঁকি ৮,৯৬০ টাকা; পাখি ৪,৫৭০ টাকা।

## বোর্ড পরীক্ষার প্রশ্ন ও সমাধান

**প্রশ্ন ▶১৭** ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য স্কয়ার ইন্ডাস্ট্রিজের একটি দ্রব্যের নিম্নলিখিত ব্যয়ের তথ্য প্রদত্ত হলো—

| বিবরণ | টাকা |
|---|---|
| কাঁচামাল ক্রয় | ৫০,০০০ |
| উৎপাদন মজুরি | ৬০,০০০ |
| কারখানা উপরিব্যয় (উৎপাদন মজুরির ৬০%) | |
| মজুদ পণ্য (১ জানুয়ারি ২০১৫): | |
| কাঁচামাল | ২০,০০০ |
| উৎপাদিত দ্রব্য ২,০০০ কেজি | ৮,০০০ |
| মজুদ পণ্য (৩১ ডিসেম্বর ২০১৫): | |
| কাঁচামাল | ১০,০০০ |
| উৎপাদিত দ্রব্য ৫,০০০ কেজি | ? |
| আংশিক উৎপাদিত দ্রব্য: | |
| ১ জানুয়ারি, ২০১৫ | ৪,০০০ |
| ৩১ ডিসেম্বর, ২০১৫ | ১০,০০০ |
| অফিস ও প্রশাসনিক উপরিব্যয় | ৭,৫০০ |
| বিক্রয় | ১,৮০,০০০ |

বিক্রয় খরচ কেজি প্রতি ০.৪০ টাকা। ২০১৫ সালে ২৮,০০০ কেজি দ্রব্য উৎপাদিত হয়। *[ঢা. বো. ১৬]*

ক. তৈরি পণ্যের সমাপনী মজুদের পরিমাণ নির্ণয় করো। ২
খ. উৎপাদিত দ্রব্যের ব্যয় বিবরণী প্রস্তুত করো। ৪
গ. একটি আয় বিবরণী প্রস্তুত করো। ৪

### ১৭ নং প্রশ্নের সমাধান

**ক** তৈরি পণ্যের সমাপনী মজুদের মূল্য নির্ণয়:

$$\text{তৈরি পণ্যের সমাপনী মজুদের মূল্য} = \frac{\text{উৎপাদন ব্যয়} \times \text{তৈরি পণ্যের সমাপনী মজুদ}}{\text{উৎপাদিত কেজি}} = \frac{১,৫৬,০০০ \times ৫,০০০}{২৮,০০০} = ২৭,৮৫৭ \text{ টাকা}$$

∴ এখানে, উৎপাদন ব্যয় = ১,৫৬,০০০ টাকা [খ হতে প্রাপ্ত]

**উত্তর:** তৈরি পণ্যের সমাপনী মজুদের মূল্য ২৭,৮৫৭ টাকা।

**খ**

**স্কয়ার ইন্ডাস্ট্রিজ**
**উৎপাদিত দ্রব্যের ব্যয় বিবরণী**
২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| প্রারম্ভিক মজুদ কাঁচামাল | ২০,০০০ | |
| যোগ: কাঁচামাল ক্রয় | ৫০,০০০ | |
| **ব্যবহারযোগ্য কাঁচামাল ব্যয়** | ৭০,০০০ | |
| বাদ: সমাপনী কাঁচামাল | (১০,০০০) | |
| **ব্যবহৃত কাঁচামাল ব্যয়** | ৬০,০০০ | |
| যোগ: উৎপাদন মজুরি | ৬০,০০০ | |
| **মুখ্য ব্যয়** | | ১,২০,০০০ |
| যোগ: কারখানা উপরিব্যয় (৬০,০০০ × ৬০%) | | ৩৬,০০০ |
| **উৎপাদন ব্যয়** | | ১,৫৬,০০০ |
| যোগ: আংশিক উৎপাদিত পণ্যের প্রারম্ভিক মজুদ | | ৪,০০০ |
| | | ১,৬০,০০০ |
| বাদ: আংশিক উৎপাদিত পণ্যের সমাপনী মজুদ | | (১০,০০০) |
| **উৎপাদিত দ্রব্যের ব্যয়** | | ১,৫০,০০০ |

**উত্তর:** উৎপাদিত দ্রব্যের ব্যয় ১,৫০,০০০ টাকা।

গ

**স্কয়ার ইন্ডাস্ট্রিজ**
**আয় বিবরণী**
২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| বিক্রয় | | ১,৮০,০০০ |
| বাদ: বিক্রীত পণ্যের ব্যয় (খসড়া-১) | | (১,৩০,১৪৩) |
| **মোট মুনাফা** | | ৪৯,৮৫৭ |
| **বাদ: পরিচালন ব্যয়:** | | |
| অফিস ও প্রশাসনিক ব্যয় | ৭,৫০০ | |
| বিক্রয় ও বিতরণ ব্যয় (২৫,০০০ × ০.৪০) | ১০,০০০ | (১৭,৫০০) |
| **নিট মুনাফা** | | ৩২,৩৫৭ |

**উত্তর:** নিট মুনাফা ৩২,৩৫৭ টাকা।

**খসড়া-১:** বিক্রীত পণ্যের ব্যয়:

| বিবরণ | টাকা |
|---|---|
| উৎপাদিত দ্রব্যের ব্যয় (খ থেকে প্রাপ্ত) | ১,৫০,০০০ |
| যোগ: তৈরি পণ্যের প্রারম্ভিক মজুদ | ৮,০০০ |
| | ১,৫৮,০০০ |
| বাদ: তৈরি পণ্যের সমাপনী মজুদ (ক থেকে প্রাপ্ত) | (২৭,৮৫৭) |
| **বিক্রীত পণ্যের ব্যয়** | ১,৩০,১৪৩ |

**খসড়া-২:** বিক্রয়ের পরিমাণ নির্ণয়:

বিক্রয় (কেজি) = প্রারম্ভিক মজুদ (কেজি) + উৎপাদিত পণ্য (কেজি) − সমাপনী মজুদ (কেজি) = ২,০০০ + ২৮,০০০ − ৫,০০০ = ২৫,০০০ কেজি

**প্রশ্ন ▶১৮** ন্যানো প্লাস্টিক কোম্পানির ২০১৫ সালের জুন মাসের উৎপাদন ব্যয় সংক্রান্ত তথ্যাবলি নিচে উল্লেখ করা হলো—

| | **প্রারম্ভিক টাকা** | **সমাপনী টাকা** |
|---|---|---|
| কাঁচামাল | ৩০,০০০ | ২৪,০০০ |
| চলতি কার্য | ৫০,০০০ | ৪৭,০০০ |
| তৈরি পণ্য | ৫১,০০০ | ৪৩,০০০ |
| ব্যবহৃত কাঁচামাল ১,৫১,০০০ টাকা | | |
| প্রত্যক্ষ শ্রম ৬০,০০০ টাকা | | |
| কারখানা উপরিব্যয় প্রত্যক্ষ শ্রমের ৬০% | | |
| প্রশাসনিক ও অফিস উপরিব্যয় কারখানা ব্যয়ের ২৫%। | | |

*[রা. বো. ১৬]*

ক. ন্যানো প্লাস্টিক কোম্পানির ক্রীত কাঁচামালের মূল্য নির্ণয় করো। ২
খ. উপরোক্ত তথ্যের ভিত্তিতে উৎপাদন ব্যয় বিবরণী প্রস্তুত করে বিক্রীত দ্রব্যের ব্যয় নির্ণয় করো। ৪
গ. বিক্রয় উপরিব্যয়ের বিক্রয়ের ১০% এবং লাভ বিক্রয়ের ২০% হলে বিক্রয় মূল্য নির্ণয় করো। ৪

**১৮ নং প্রশ্নের সমাধান**

ক কাঁচামালের মূল্য নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| ব্যবহৃত কাঁচামাল | ১,৫১,০০০ | |
| যোগ: সমাপনী কাঁচামাল | ২৪,০০০ | |
| | ১,৭৫,০০০ | |
| বাদ: প্রারম্ভিক কাঁচামাল | (৩০,০০০) | |
| **কাঁচামালের মূল্য** | | ১,৪৫,০০০ |

**উত্তর:** ক্রীত কাঁচামালের মূল্য ১,৪৫,০০০ টাকা।

**খ** **ন্যানো প্লাস্টিক কোম্পানি**
**উৎপাদন ব্যয় বিবরণী**
২০১৫ সালের জুন মাসের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| ব্যবহৃত কাঁচামাল | | ১,৫১,০০০ | |
| যোগ: প্রত্যক্ষ শ্রম | | ৬০,০০০ | |
| **মুখ্য ব্যয়** | | | ২,১১,০০০ |
| যোগ: কারখানা উপরিব্যয় (৬০,০০০ × ৬০%) | | | ৩৬,০০০ |
| **কারখানা/উৎপাদন ব্যয়** | | | ২,৪৭,০০০ |
| যোগ: চলতি কার্যের প্রারম্ভিক মজুদ | | | ৫০,০০০ |
| | | | ২,৯৭,০০০ |
| বাদ: চলতি কার্যের সমাপনী মজুদ | | | (৪৭,০০০) |
| **উৎপাদিত পণ্যের ব্যয়** | | | ২,৫০,০০০ |
| যোগ: তৈরি কার্যের প্রারম্ভিক মজুদ | | | ৫১,০০০ |
| | | | ৩,০১,০০০ |
| বাদ: তৈরি পণ্যের সমাপনী মজুদ | | | (৪৩,০০০) |
| **বিক্রীত দ্রব্যের ব্যয়** | | | ২,৫৮,০০০ |

**উত্তর:** বিক্রীত দ্রব্যের ব্যয় ২,৫৮,০০০ টাকা।

**গ** বিক্রয়মূল্য নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| বিক্রীত দ্রব্যের ব্যয় | | ২,৫৮,০০০ |
| যোগ: অফিস ও প্রশাসনিক উপরিব্যয় (২,৪৭,০০০ × ২৫%) | | ৬১,৭৫০ |
| | | ৩,১৯,৭৫০ |
| যোগ: বিক্রয় উপরিব্যয় (৪,৫৬,৭৮৬ × ১০%) | | ৪৫,৬৭৯ |
| **মোট ব্যয়** | | ৩,৬৫,৪২৯ |
| যোগ: মুনাফা (৪,৫৬,৭৮৬ × ২০%) | | ৯১,৩৫৭ |
| **বিক্রয়** $\left(\frac{১০০ \times ৩,১৯,৭৫০}{৭০}\right)$ | | ৪,৫৬,৭৮৬ |

**উত্তর:** বিক্রয়মূল্য ৪,৫৬,৭৮৬ টাকা।

**খসড়া:**

মোট ব্যয় ৭০ টাকা হলে বিক্রয় ১০০ টাকা

" ১ " " " $\frac{১০০}{৭০}$ "

" ৩,১৯,৭৫০ " $\frac{১০০ \times ৩,১৯,৭৫০}{৭০}$

= ৪,৫৬,৭৮৬ টাকা

**প্রশ্ন ▶ ১৯** ফেন্সি কোম্পানির একটি কারখানায় ৫০ জন শ্রমিক কাজ করে। সাপ্তাহিক প্রমাণ শ্রমঘণ্টা ৪৮ ঘণ্টা এবং ঘণ্টাপ্রতি স্বাভাবিক মজুরির হার ৪০ টাকা। জুলাই, ২০১৫ মাসের প্রথম সপ্তাহে মোট ৬০ ঘণ্টা কাজ হয়। অতিরিক্ত সময় কাজের জন্য স্বাভাবিক মজুরি হারের দ্বিগুণ মজুরি প্রদান করা হয়। শ্রমিকগণ ৪০% হারে বাসস্থান ভাতা, ২০% হারে মহার্ঘ ভাতা, জনপ্রতি ১০০ টাকা হারে চিকিৎসা ভাতা এবং ৫০ টাকা ধোলাই ভাতা প্রাপ্য হয়। ভবিষ্যৎ তহবিলের জন্য মূল মজুরির ১০% এবং কল্যাণ তহবিলে ১% কর্তন করা হয়। উক্ত সপ্তাহে ৫ জন শ্রমিকের মোট ১,২০০ টাকা অগ্রিম মজুরি সমন্বয় করা হয়। *[রা. বো. ১৬]*

ক. শ্রমিকের ২০১৫ সালের জুলাই মাসের প্রথম সপ্তাহের মূল মজুরি ও ওভারটাইম মজুরি নির্ণয় করো। ২
খ. শ্রমিকদের উক্ত সপ্তাহের বেতন রেজিস্টার প্রস্তুত করো। ৪
গ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

## ১৯ নং প্রশ্নের সমাধান

**ক** **শ্রমিকদের ২০১৫ সালের জুলাই মাসের প্রথম সপ্তাহের মূল মজুরি ও ওভারটাইম মজুরি নির্ণয়:**

মূল মজুরি = (৫০ × ৪৮ × ৪০) = ৯৬,০০০ টাকা

ওভারটাইম মজুরি = (৫০ × ১২ × ৮০) = ৪৮,০০০ টাকা

এখানে, ওভারটাইম ঘণ্টা = (৬০ − ৪৮) = ১২ ঘণ্টা

ওভারটাইম ঘণ্টা প্রতি মজুরির হার = ৪০ × ২ = ৮০ টাকা

**উত্তর:** মূল মজুরি ৯৬,০০০ টাকা এবং ওভারটাইম মজুরি ৪৮,০০০ টাকা।

**খ**

**ফেন্সি কোম্পানির**
**বেতন রেজিস্টার**

| শ্রমিকের সংখ্যা | উপার্জনসমূহ | | | | | | মোট উপার্জন | কর্তনসমূহ | | | মোট কর্তন | নিট বেতন | চেক নং | স্বাক্ষর |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | মূল মজুরি | ওভারটাইম | বাসস্থান ভাতা ৪০% | মহার্ঘ ভাতা ২০% | চিকিৎসা ভাতা | ধোলাই ভাতা | | ভবিষ্যৎ তহবিল ১০% | কল্যাণ তহবিল ১% | অগ্রিম মজুরি | | | | |
| ১ | ১,৯২০ | ৯৬০ | ৭৬৮ | ৩৮৪ | ১০০ | ৫০ | ৪,১৮২ | ১৯২ | ১৯.২ | ২৪০ | ৪৫১.২০ | ৩,৭৩০.৮০ | | |
| ৫০ | ৯৬,০০০ | ৪৮,০০০ | ৩৮,৪০০ | ১৯,২০০ | ৫,০০০ | ২,৫০০ | ২,০৯,১০০ | ৯,৬০০ | ৯৬০ | ১,২০০ (৫ জন) | ১১,৭৬০ | ১,৯৭,৩৪০ | | |

**উত্তর:** নিট প্রদেয় বেতন ১,৯৭,৩৪০ টাকা।

**গ**

**ফেন্সি কোম্পানি**
**জাবেদা দাখিলা**

| তারিখ | হিসাব শিরোনাম ও ব্যাখ্যা | খ. পৃ. | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|---|---|
| ২০১৫ জুলাই | মজুরি হিসাব | | ২,০৯,১০০ | |
| | প্রদেয় মজুরি হিসাব | | | ২,০৯,১০০ |
| | (মোট উপার্জন হিসাবভুক্ত করা হলো) | | | |
| | প্রদেয় মজুরি হিসাব | | ২,০৯,১০০ | |
| | প্রদেয় ভাউচার হিসাব | | | ১,৯৭,৩৪০ |
| | ভবিষ্যৎ তহবিল হিসাব | | | ৯,৬০০ |
| | কল্যাণ তহবিল হিসাব | | | ৯৬০ |
| | অগ্রিম বেতন হিসাব | | | ১,২০০ |
| | (কর্তনসমূহ সমন্বয় করা হলো) | | | |
| | প্রদেয় ভাউচার হিসাব | | ১,৯৭,৩৪০ | |
| | ব্যাংক হিসাব | | | ১,৯৭,৩৪০ |
| | (নিট বেতন প্রদান করা হলো) | | | |
| | ভবিষ্যৎ তহবিল হিসাব | | ৯,৬০০ | |
| | প্রদেয় ভবিষ্যৎ তহবিল হিসাব | | | ৯,৬০০ |
| | (ভবিষ্যৎ তহবিলের প্রদত্ত অর্থ প্রদেয় ভবিষ্যৎ তহবিলে স্থানান্তরিত হলো) | | | |
| | মোট | | ৬,২৫,১৪০ | ৬,২৫,১৪০ |

**উত্তর:** জাবেদার যোগফল ৬,২৫,১৪০ টাকা।

**প্রশ্ন ▶২০** জুয়েল, জিকু একটি কোম্পানির দুজন শ্রমিক। নিচে তাদের মজুরি সংক্রান্ত তথ্যাবলি প্রদত্ত হলো—

| বিবরণ | জুয়েল টাকা | জিকু টাকা |
|---|---|---|
| মূল মজুরি | ১,৭৫০ | ১,৮০০ |
| মহার্ঘ ভাতা (মূল মজুরির) | ১০% | ১০% |
| বাড়িভাড়া ভাতা (মূল মজুরির) | ৪০% | ৪০% |
| যাতায়াত ভাতা | ২০০ | ৩০০ |
| আপ্যায়ন ভাতা | ২৫০ | ২৫০ |
| চিকিৎসা ভাতা | ৩০০ | ৩০০ |
| ওভারটাইম | ১০ ঘণ্টা | ২০ ঘণ্টা |
| প্রভিডেন্ট ফান্ডে কর্মীর দান (মূল মজুরির) | ১০% | ১০% |

| বিবরণ | জুয়েল টাকা | জিকু টাকা |
|---|---|---|
| মজুরি হতে অগ্রিম কর্তন | ১০০ | ১০০ |
| প্রভিডেন্ট ফান্ড হতে অগ্রিম কর্তন | ৪০ | ৫০ |
| কল্যাণ তহবিলে কর্তন (মূল মজুরির) | ৫% | ৫% |
| মাসিক স্বাভাবিক কর্মঘণ্টা ২০০। ওভারটাইম হার স্বাভাবিক মজুরির হারের দ্বিগুণ। | | |

*[দি. বো. ১৬]*

ক. ঘণ্টাপ্রতি স্বাভাবিক মজুরি হার এবং ওভারটাইম মজুরি হার নির্ণয় করো। ২

খ. উপরিউক্ত তথ্যাবলি হতে নিট মজুরি নির্ণয় করো। ৪

গ. মজুরি বিবরণীর প্রয়োজনীয় জাবেদা দাও। ৪

## ২০ নং প্রশ্নের সমাধান

**ক** i. ঘণ্টা প্রতি স্বাভাবিক মজুরি হার = $\frac{\text{মূল মজুরি}}{\text{কর্মঘণ্টা}}$

$\therefore$ জুয়েল = $\frac{১,৭৫০}{২০০}$ = ৮.৭৫ টাকা। জিকু = $\frac{১,৮০০}{২০০}$ = ৯ টাকা

ii. ঘণ্টা প্রতি ওভারটাইম মজুরি হার = স্বাভাবিক মজুরি হার × ২

$\therefore$ জুয়েল = ৮.৭৫ × ২ = ১৭.৫ টাকা

জিকু = ৯ × ২ = ১৮ টাকা

**উত্তর:** ঘণ্টা প্রতি স্বাভাবিক মজুরি: জুয়েল ৮.৭৫ টাকা ও জিকু ৯ টাকা এবং ওভারটাইম মজুরি: জুয়েল ১৭.৫ টাকা ও জিকু ১৮ টাকা।

**খ** নিট মজুরির পরিমাণ নির্ণয়:

প্রতিষ্ঠানের নাম.................. স্বাক্ষর:.......................

মজুরি বিবরণী মাস:.......................

বিভাগ: সাল:.........................

| ক্রমিক নং | শ্রমিকের নাম | উপার্জনসমূহ | | | | | | | | কর্তনসমূহ | | | | | নিট প্রদেয় মজুরি | চেক নং | স্বাক্ষর |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মূল মজুরি | মহার্ঘ ভাতা | বাড়ি ভাড়া ভাতা | যাতায়াত ভাতা | আপ্যায়ন ভাতা | চিকিৎসা ভাতা | ওভার টাইম | মোট উপার্জন | প্রভিডেন্ট ফান্ডে কর্মীর দান | অগ্রিম কর্তন | প্রভিডেন্ট ফান্ড হতে অগ্রিম কর্তন | কল্যাণ তহবিল | মোট কর্তন | | | |
| ১. | জুয়েল | ১,৭৫০ | ১৭৫ | ৭০০ | ২০০ | ২৫০ | ৩০০ | ১৭৫ | ৩,৫৫০ | ১৭৫ | ১০০ | ৪০ | ৮৭.৫ | ৪০২.৫ | ৩,১৪৭.৫ | | |
| ২. | জিকু | ১,৮০০ | ১৮০ | ৭২০ | ৩০০ | ২৫০ | ৩০০ | ৩৬০ | ৩,৯১০ | ১৮০ | ১০০ | ৫০ | ৯০ | ৪২০ | ৩,৪৯০ | | |
| মোট | | ৩,৫৫০ | ৩৫৫ | ১,৪২০ | ৫০০ | ৫০০ | ৬০০ | ৫৩৫ | ৭,৪৬০ | ৩৫৫ | ২০০ | ৯০ | ১৭৭.৫ | ৮২২.৫ | ৬,৬৩৭.৫ | | |

প্রস্তুতকারক প্রধান হিসাবরক্ষক ব্যবস্থাপক ক্যাশিয়ার

**উত্তর:** নিট মজুরি ৬,৬৩৭.৫ টাকা, জুয়েল ৩,১৪৭.৫ টাকা এবং জিকু ৩,৪৯০ টাকা।

**গ** **মজুরি সংক্রান্ত জাবেদা**

| তারিখ | হিসাব শিরোনাম ও ব্যাখ্যা | খ. পৃ. | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|---|---|
| | মজুরি হিসাব | | ৭,৪৬০ | |
| | প্রদেয় মজুরি হিসাব | | | ৭,৪৬০ |
| | (অনুমোদিত মজুরি হিসাবভুক্ত করা হলো) | | | |
| | প্রদেয় মজুরি হিসাব | | ৭,৪৬০ | |
| | প্রদেয় ভাউচার হিসাব | | | ৬,৬৩৭.৫ |
| | প্রভিডেন্ট ফান্ড হিসাব | | | ৩৫৫ |
| | অগ্রিম কর্তন হিসাব | | | ২০০ |
| | প্রভিডেন্ট ফান্ড হতে অগ্রিম কর্তন হিসাব | | | ৯০ |
| | কল্যাণ তহবিল হিসাব | | | ১৭৭.৫ |
| | (নিট মজুরি ও বিবিধ কর্তন হিসাবভুক্ত করা হলো) | | | |
| | প্রদেয় ভাউচার হিসাব | | ৬,৬৩৭.৫ | |
| | নগদান হিসাব | | | ৬,৬৩৭.৫ |
| | (নিট মজুরি প্রদান করা হলো) | | | |
| | **মোট** | | ২১,৫৫৭.৫ | ২১,৫৫৭.৫ |

**উত্তর:** জাবেদার যোগফল ২১,৫৫৭.৫ টাকা।

**প্রশ্ন ▶২১** ২০১৫ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের অজন্তা প্রেস লি.-এর ব্যয় তথ্য দেওয়া হলো—

| বিবরণ | টাকা |
|---|---|
| ব্যবহৃত কাঁচামাল | ৫০,০০০ |
| অর্ধসমাপ্ত পণ্য (১-১-২০১৫) | ৫,২০০ |
| অর্ধসমাপ্ত পণ্য (৩১-১২-২০১৫) | ৬,৫০০ |
| প্রস্তুতকৃত পণ্য (১-১-২০১৫) | ১২,০০০ |
| প্রস্তুতকৃত পণ্য (৩১-১২-২০১৫) | ৮,৫০০ |
| প্রত্যক্ষ মজুরি ২৪,০০০ ঘণ্টা, প্রতি ঘণ্টা ২ টাকা হারে। | |
| প্রত্যক্ষ খরচ | ৮,২০০ |
| পরোক্ষ কাঁচামাল | ৪,২০০ |
| কারখানার সরবরাহকৃত বিবিধ দ্রব্য | ৪,৫০০ |
| পরোক্ষ শ্রম | ৯,০০০ |
| কারখানার বিবিধ খরচ | ৭,০০০ |
| প্রশাসনিক খরচ | ১৫,০০০ |
| বিক্রয় খরচ | ১০,০০০ |
| মুনাফা বিক্রয়ের ওপর ২০% | |

*[কু. বো. ১৬]*

ক. মুখ্য ব্যয় নির্ণয় করো। ২

খ. মুখ্য ব্যয় দিয়ে আরম্ভ করে ব্যয় বিবরণীর মাধ্যমে বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় করো। ৪

গ. আয় বিবরণী প্রস্তুত করো। ৪

**২১ নং প্রশ্নের সমাধান**

**ক** মুখ্য ব্যয় নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| ব্যবহৃত কাঁচামাল | | ৫০,০০০ |
| **যোগ: প্রত্যক্ষ খরচাবলি:** | | |
| প্রত্যক্ষ মজুরি (২৪,০০০ × ২) | ৪৮,০০০ | |
| প্রত্যক্ষ খরচ | ৮,২০০ | ৫৬,২০০ |
| **মুখ্য ব্যয়** | | ১,০৬,২০০ |

**উত্তর:** মুখ্য ব্যয় ১,০৬,২০০ টাকা।

**খ**

**অজন্তা প্রেস লি.**
**উৎপাদন ব্যয় বিবরণী**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| মুখ্য ব্যয় [ক থেকে প্রাপ্ত] | | ১,০৬,২০০ |
| **যোগ: কারখানা উপরিব্যয়:** | | |
| পরোক্ষ কাঁচামাল | ৪,২০০ | |
| কারখানায় সরবরাহকৃত বিভিন্ন দ্রব্য | ৪,৫০০ | |
| পরোক্ষ শ্রম | ৯,০০০ | |
| কারখানা বিবিধ খরচ | ৭,০০০ | ২৪,৭০০ |
| **উৎপাদন ব্যয়** | | ১,৩০,৯০০ |
| যোগ: অর্ধসমাপ্ত পণ্য (১-১-১৫) | | ৫,২০০ |
| | | ১,৩৬,১০০ |
| বাদ: অর্ধসমাপ্ত পণ্য (৩১-১২-১৫) | | (৬,৫০০) |
| **উৎপাদিত পণ্যের ব্যয়** | | ১,২৯,৬০০ |
| যোগ: প্রস্তুতকৃত পণ্য (১-১-১৫) | | ১২,০০০ |
| | | ১,৪১,৬০০ |
| বাদ: প্রস্তুতকৃত পণ্য (৩১-১২-১৫) | | (৮,৫০০) |
| **বিক্রীত পণ্যের ব্যয়** | | ১,৩৩,১০০ |

**উত্তর:** বিক্রীত পণ্যের ব্যয় ১,৩৩,১০০ টাকা।

গ

**অজন্তা প্রেস লি.**
**আয় বিবরণী**
২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| বিক্রয় [খসড়া-১] | | | ১,৯৭,৬২৫ |
| বাদ: বিক্রীত পণ্যের ব্যয় | | | (১,৩৩,১০০) |
| **মোট মুনাফা** | | | ৬৪,৫২৫ |
| **বাদ: পরিচালন ব্যয়:** | | | |
| প্রশাসনিক খরচ | | ১৫,০০০ | |
| বিক্রয় খরচ | | ১০,০০০ | (২৫,০০০) |
| **নিট মুনাফা** | | | ৩৯,৫২৫ |

**উত্তর:** নিট মুনাফা ৩৯,৫২৫ টাকা।

**খসড়া-১:** বিক্রয়ের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা |
|---|---|
| মোট ব্যয় [১,৩৩,১০০ + ১৫,০০০ + ১০,০০০] | ১,৫৮,১০০ |
| যোগ: প্রত্যাশিত মুনাফা $\left[\frac{১,৫৮,১০০ \times ২০}{৮০}\right]$ | ৩৯,৫২৫ |
| **বিক্রয়মূল্য** | ১,৯৭,৬২৫ |

**প্রশ্ন ▶ ২২** পদ্মা লিমিটেড-এর উৎপাদন খরচ সংক্রান্ত তথ্যাবলি নিচে সংগৃহীত হয়েছে—

| হিসাবের নাম | টাকা |
|---|---|
| প্রারম্ভিক মজুদ: | |
| কাঁচামাল | ১,৫০,০০০ |
| তৈরি পণ্য | ৫০,০০০ |
| সমাপনী মজুদ: | |
| কাঁচামাল | ৮০,০০০ |
| তৈরি পণ্য | ৪০,০০০ |
| মজুরি | ২,৪০,০০০ |
| বেতন | ১,৬০,০০০ |
| কাঁচামাল ক্রয় | ৫,৬০,০০০ |
| আন্তঃপরিবহন | ৪৮,০০০ |
| বহিঃপরিবহন | ৩৬,০০০ |
| ভাড়া (২৫% অফিস) | ৪০,০০০ |
| গ্যাস (৭৫% কারখানা) | ৬০,০০০ |
| যন্ত্রপাতির মেরামত | ৩০,০০০ |

*[চ. বো. ১৬]*

ক. প্রশাসনিক উপরিব্যয় নির্ণয় করো। ২
খ. একটি উৎপাদন ব্যয় বিবরণী তৈরি করে কারখানা ব্যয় দেখাও। ৪
গ. কোম্পানি বিক্রয়ের ওপর ২৫% মুনাফা অর্জন করতে হলে, বিক্রয়মূল্য কত হবে নির্ণয় করো। ৪

**২২ নং প্রশ্নের সমাধান**

ক প্রশাসনিক উপরিব্যয় নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| বেতন | ১,৬০,০০০ | |
| ভাড়া (৪০,০০০ × ২৫%) | ১০,০০০ | |
| গ্যাস [৬০,০০০ × (১০০% − ৭৫%)] | ১৫,০০০ | |
| **মোট প্রশাসনিক উপরিব্যয়** | | ১,৮৫,০০০ |

**উত্তর:** মোট প্রশাসনিক উপরিব্যয় ১,৮৫,০০০ টাকা।

খ

**পদ্মা লিমিটেড**
**উৎপাদন ব্যয় বিবরণী**

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| প্রারম্ভিক মজুদ কাঁচামাল | | ১,৫০,০০০ | |
| যোগ: কাঁচামাল ক্রয় | ৫,৬০,০০০ | | |
| যোগ: আন্তঃপরিবহন খরচ | ৪৮,০০০ | ৬,০৮,০০০ | |
| | | ৭,৫৮,০০০ | |
| বাদ: সমাপনী মজুদ কাঁচামাল | | (৮০,০০০) | |
| **ব্যবহৃত কাঁচামালের ব্যয়** | | | ৬,৭৮,০০০ |
| যোগ: মজুরি | | | ২,৪০,০০০ |
| **মুখ্য ব্যয়** | | | ৯,১৮,০০০ |
| **যোগ: কারখানা উপরিব্যয়:** | | | |
| কারখানা ভাড়া (৪০,০০০ × ৭৫%) | | ৩০,০০০ | |
| কারখানার গ্যাস (৬০,০০০ × ৭৫%) | | ৪৫,০০০ | |
| যন্ত্রপাতির মেরামত | | ৩০,০০০ | ১,০৫,০০০ |
| **কারখানা ব্যয়** | | | ১০,২৩,০০০ |

**উত্তর:** কারখানা ব্যয় ১০,২৩,০০০ টাকা।

গ

**পদ্মা লিমিটেড**
**বিক্রয়মূল্য নির্ণয় বিবরণী**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| কারখানা ব্যয় [খ থেকে প্রাপ্ত] | | ১০,২৩,০০০ |
| যোগ: প্রারম্ভিক তৈরি পণ্যের মজুদ | | ৫০,০০০ |
| | | ১০,৭৩,০০০ |
| বাদ: সমাপনী তৈরি পণ্যের মজুদ | | (৪০,০০০) |
| **বিক্রীত পণ্যের ব্যয়** | | ১০,৩৩,০০০ |
| **যোগ: বাণিজ্যিক ব্যয়:** | | |
| প্রশাসনিক উপরিব্যয় [ক থেকে প্রাপ্ত] | ১,৮৫,০০০ | |
| **বিক্রয় উপরিব্যয়:** | | |
| বহিঃপরিবহন | ৩৬,০০০ | ২,২১,০০০ |
| **মোট ব্যয়** | | ১২,৫৪,০০০ |
| যোগ: প্রত্যাশিত মুনাফা $\left[\frac{১২,৫৪,০০০ \times ২৫}{১০০ - ২৫}\right]$ | | ৪,১৮,০০০ |
| **বিক্রয়মূল্য** | | ১৬,৭২,০০০ |

**উত্তর:** বিক্রয়মূল্য ১৬,৭২,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ২৩** সেজান ফুডস লিমিটেড-এর প্রারম্ভিক মজুদের পরিমাণ ৩০ একক, যার এককপ্রতি মূল্য ৪৯০ টাকা। সংশ্লিষ্ট বছরে কোম্পানি ১,৯৫০ একক পণ্য প্রতিটি ৬০০ টাকা দরে বিক্রয় করেছে। ব্যয় বিশ্লেষণ করে দেখা যায় যে, কাঁচামালের ব্যয় এককপ্রতি ২১০ টাকা, মজুরি ব্যয় ঘণ্টা প্রতি ৩০ টাকা (প্রতি একক উৎপাদনের জন্য প্রয়োজন ৬ ঘণ্টা), উপরিব্যয় মজুরির ৮৩.৩৩%। বছরান্তে অবিক্রীত পণ্যের পরিমাণ ছিল ৮০ একক। বিক্রয় সংক্রান্ত ব্যয়ের পরিমাণ ১,৫০০ টাকা। *[সি. বো. ১৬]*

ক. উৎপাদিত পণ্যের পরিমাণ গণনাসহ দেখাও। ২
খ. অবিক্রীত পণ্যের মূল্য নির্ণয় করো। ৪
গ. আয় বিবরণী তৈরি করে বিক্রয়ের ওপর লাভের হার নির্ণয় করো। ৪

**২৩ নং প্রশ্নের সমাধান**

ক উৎপাদিত পণ্যের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | পরিমাণ (একক) | পরিমাণ (একক) |
|---|---|---|
| বিক্রয়কৃত পণ্য | ১,৯৫০ | |
| যোগ: সমাপনী মজুদ | ৮০ | |
| | ২,০৩০ | |
| বাদ: প্রারম্ভিক মজুদ পণ্য | (৩০) | |
| **উৎপাদিত পণ্য** | | ২,০০০ |

**উত্তর:** উৎপাদিত পণ্যের পরিমাণ ২,০০০ একক।

খ

**সেজান ফুডস লিমিটেড**
**উৎপাদন ব্যয় বিবরণী**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| কাঁচামাল (২,০০০ × ২১০) | ৪,২০,০০০ | |
| যোগ: মজুরি ব্যয় (২,০০০ × ৬ × ৩০) | ৩,৬০,০০০ | |
| **মুখ্য ব্যয়** | | ৭,৮০,০০০ |
| যোগ: কারখানা উপরিব্যয় (৩,৬০,০০০ × ৮৩.৩৩%) | | ২,৯৯,৯৮৮ |
| **উৎপাদন ব্যয়** | | ১০,৭৯,৯৮৮ |

∴ অবিক্রীত পণ্যের মূল্য (১০,৭৯,৯৮৮ ÷ ২,০০০) × ৮০ = ৪৩,২০০ টাকা

**উত্তর:** অবিক্রীত পণ্যের ব্যয় ৪৩,২০০ টাকা।

গ

**সেজান ফুডস লিমিটেড**
**বিশদ আয় বিবরণী**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| বিক্রয় (১,৯৫০ × ৬০০) | | ১১,৭০,০০০ |
| বাদ: বিক্রীত পণ্যের ব্যয়: | | |
| উৎপাদন ব্যয় [খ থেকে প্রাপ্ত] | ১০,৭৯,৯৮৮ | |
| যোগ: তৈরি পণ্যের প্রারম্ভিক মজুদ (৩০ × ৪৯০) | ১৪,৭০০ | |
| | ১০,৯৪,৬৮৮ | |
| বাদ: তৈরি পণ্যের সমাপনী মজুদ | ৪৩,২০০ | ১০,৫১,৪৮৮ |
| **মোট মুনাফা** | | ১,১৮,৫১২ |
| বাদ: বিক্রয় ও বণ্টন উপরিব্যয় | | (১,৫০০) |
| **নিট মুনাফা** | | ১,১৭,০১২ |

বিক্রয়ের ওপর মুনফার হার = $\frac{\text{নিট মুনাফা}}{\text{নিট বিক্রয়}} \times ১০০ = \frac{১,১৭,০১২}{১১,৭০,০০০} \times ১০০ = ১০\%$

**উত্তর:** বিক্রয়ের ওপর লাভের হার ১০%।

**প্রশ্ন ▶২৪** মুশফিক গ্রুপে ৩ জন শ্রমিক কাজ করে। প্রতিষ্ঠানের মূল মজুরির হার ঘণ্টা প্রতি ১০ টাকা। ওভারটাইম করার জন্য ঘণ্টা প্রতি মূল মজুরির হারের ২ গুণ প্রদান করা হয়। এছাড়া শ্রমিকগণ মূল মজুরির ২০% মহার্ঘ ভাতা, ৫০% বাড়িভাড়া পেয়ে থাকে। প্রত্যেক শ্রমিক সপ্তাহে মূল মজুরির ১০% প্রভিডেন্ট ফান্ডে জমা করে। ২০১৫ সালের ডিসেম্বর মাসের প্রথম সপ্তাহে শ্রমিকরা নিচের শ্রমঘণ্টা কাজ করেছে—

| ক্রমিক নং | শ্রমিকের নাম | স্বাভাবিক কর্মঘণ্টা | অতিরিক্ত কর্মঘণ্টা |
|---|---|---|---|
| ১ | শাপলা | ৫০ | ১৫ |
| ২ | বেলী | ৫০ | ২০ |
| ৩ | জবা | ৪৮ | ১২ |

*[সি. বো. ১৬]*

ক. শ্রমিকদের ওভারটাইম মজুরির পরিমাণ কত? ২
খ. শ্রমিকদের মোট উপার্জনের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. উক্ত সপ্তাহে নিয়োগকর্তা কর্তৃক পরিশোধ্য নিট মজুরির পরিমাণ নির্ণয় করো। ৪

**২৪ নং প্রশ্নের সমাধান**

ক **শ্রমিকের ওভারটাইম মজুরির পরিমাণ নির্ণয়:**

ওভারটাইম মজুরি হার = ঘণ্টা প্রতি স্বাভাবিক মজুরি হার × ২ = ১০ × ২ = ২০ টাকা

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| শাপলা (১৫ × ২০) | ৩০০ | |
| বেলী (২০ × ২০) | ৪০০ | |
| জবা (১২ × ২০) | ২৪০ | |
| **মোট ওভার টাইম মজুরি** | | ৯৪০ |

**উত্তর:** মোট ওভারটাইম মজুরি ৯৪০ টাকা।

খ শ্রমিকদের মোট উপার্জনের পরিমাণ নির্ণয়:

**মুশফিক গ্রুপ**
**মজুরি বিবরণী**

| বিবরণ | শাপলা (টাকা) | বেলী (টাকা) | জবা (টাকা) |
|---|---|---|---|
| মূল মজুরি | ৫০০ | ৫০০ | ৪৮০ |
| ওভারটাইম মজুরি [ক থেকে প্রাপ্ত] | ৩০০ | ৪০০ | ২৪০ |
| মহার্ঘ ভাতা | ১০০ | ১০০ | ৯৬ |
| বাড়িভাড়া ভাতা | ২৫০ | ২৫০ | ২৪০ |
| **মোট উপার্জন** | ১,১৫০ | ১,২৫০ | ১,০৫৬ |

**উত্তর:** মোট উপার্জন: শাপলা ১,১৫০ টাকা; বেলী ১,২৫০ টাকা এবং জবা ১,০৫৬ টাকা।

গ নিয়োগকর্তা কর্তৃক পরিশোধ্য নিট মজুরির পরিমাণ নির্ণয়:

**মুশফিক গ্রুপ**
**মজুরি বিবরণী**

| বিবরণ | শাপলা (টাকা) | বেলী (টাকা) | জবা (টাকা) |
|---|---|---|---|
| মোট উপার্জন [খ থেকে প্রাপ্ত] | ১,১৫০ | ১,২৫০ | ১,০৫৬ |
| **বাদ: কর্তনসমূহ:** | | | |
| প্রভিডেন্ড ফান্ডে কর্মীর দান | (৫০) | (৫০) | (৪৮) |
| **নিট প্রদেয় মজুরি** | ১,১০০ | ১,২০০ | ১,০০৮ |

**উত্তর:** নিট প্রদেয় মজুরি: শাপলা ১,১০০ টাকা; বেলী ১,২০০ টাকা এবং জবা ১,০০৮ টাকা।

প্রশ্ন ▶ ২৫ ফাহিম লিমিটেডের ২০১৫ সালের উৎপাদন সংক্রান্ত তথ্য নিম্নরূপ—

| বিবরণ | টাকা |
|---|---|
| কাঁচামালের ব্যবহার | ৩৪,০০০ |
| প্রারম্ভিক চলতি কার্য | ৫,২০০ |
| সমাপনী চলতি কার্য | ৬,৫০০ |
| তৈরি পণ্যের প্রারম্ভিক মজুদ | ১৩,৫০০ |
| তৈরি পণ্যের সমাপনী মজুদ | ৮,৫০০ |
| প্রত্যক্ষ মজুরি (১৪,০০০ শ্রম ঘণ্টা প্রতি ঘণ্টা ২ টাকা হারে) | |
| কারখানা ম্যানেজারের বেতন | ৭,২০০ |
| কারখানা সরবরাহ | ৪,২০০ |
| পরোক্ষ মজুরি | ৯,০০০ |
| বিবিধ কারখানা ব্যয় | ৭,০০০ |
| প্রশাসনিক খরচ | ১৫,০০০ |
| বিক্রয় খরচ | ১০,০০০ |
| মুনাফা (বিক্রয় ২০%) | |

*[য. বো. ১৬]*

ক. মুখ্য ব্যয় নির্ণয় করো। ২
খ. মুখ্য ব্যয় ৬০,০০০ টাকা ধরে কারখানা ব্যয় ও বিক্রীত দ্রব্যের ব্যয় নির্ণয় করো। ৪
গ. বিক্রীত দ্রব্যের ব্যয় ৩,২৫,০০০ টাকা ধরে আয় বিবরণী প্রস্তুত করো। ৪

**২৫ নং প্রশ্নের সমাধান**

ক মুখ্য ব্যয়ের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| কাঁচামালের ব্যবহার | ৩৪,০০০ | |
| যোগ: প্রত্যক্ষ মজুরি (১৪,০০০ × ২) | ২৮,০০০ | |
| **মুখ্য ব্যয়** | | ৬২,০০০ |

**উত্তর:** মুখ্য ব্যয়ের পরিমাণ ৬২,০০০ টাকা।

খ

**ফাহিম লিমিটেড**
**ব্যয় বিবরণী**
২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| মুখ্য ব্যয় [দেওয়া আছে] | | ৬০,০০০ |
| **যোগ: কারখানা উপরিব্যয়:** | | |
| কারখানা ম্যানেজারের বেতন | ৭,২০০ | |
| কারখানায় সরবরাহ | ৪,২০০ | |
| পরোক্ষ মজুরি | ৯,০০০ | |
| বিবিধ কারখানা ব্যয় | ৭,০০০ | ২৭,৪০০ |
| **কারখানা ব্যয়** | | ৮৭,৪০০ |
| যোগ: প্রারম্ভিক চলতি কার্য | | ৫,২০০ |
| | | ৯২,৬০০ |
| বাদ: সমাপনী চলতি কার্য | | (৬,৫০০) |
| **উৎপাদিত পণ্যের উৎপাদন ব্যয়** | | ৮৬,১০০ |
| যোগ: তৈরি পণ্যের প্রারম্ভিক মজুদ | | ১৩,৫০০ |
| **বিক্রয়যোগ্য পণ্যের ব্যয়** | | ৯৯,৬০০ |
| বাদ: তৈরি পণ্যের সমাপনী মজুদ | | (৮,৫০০) |
| **বিক্রীত পণ্যের ব্যয়** | | ৯১,১০০ |

**উত্তর:** কারখানা ব্যয় ৮৭,৪০০ টাকা ও বিক্রীত পণ্যের ব্যয় ৯১,১০০ টাকা।

গ

**ফাহিম লিমিটেড**
**বিশদ আয় বিবরণী**
২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| বিক্রয় [গণনা-১] | | | ৪,৩৭,৫০০ |
| বাদ: বিক্রীত পণ্যের ব্যয়: | | | |
| বিক্রীত পণ্যের ব্যয় (দেওয়া আছে) | | | (৩,২৫,০০০) |
| **মোট মুনাফা** | | | ১,১২,৫০০ |
| বাদ: পরিচালন ব্যয়: | | | |
| প্রশাসনিক খরচ | | ১৫,০০০ | |
| বিক্রয় | | ১০,০০০ | (২৫,০০০) |
| **নিট মুনাফা** | | | ৮৭,৫০০ |

**উত্তর:** নিট মুনাফা ৮৭,৫০০ টাকা।

**গণনা-১:** বিক্রয়মূল্য $= \frac{\text{মোট ব্যয়} \times ১০০}{১০০ - ২০} = \frac{(৩,২৫,০০০ + ১৫,০০০ + ১০,০০০) \times ১০০}{৮০} = ৪,৩৭,৫০০$ টাকা।

প্রশ্ন ▶২৬ ২০১৫ সালের ডিসেম্বর মাসের বেতন সংক্রান্ত তথ্য নিচে দেওয়া হলো—

| বিবরণ | রবি (টাকা) | শফি (টাকা) |
|---|---|---|
| মূল বেতন | ৭,০০০ | ৯,০০০ |
| মহার্ঘ ভাতা | ২০% | ২০% |
| বাসস্থান ভাতা | ৫০% | ৫০% |
| যাতায়াত ভাতা (মাসিক) | ৬০০ | ৫০০ |
| ওভারটাইম (ঘণ্টা প্রতি ৫২ টাকা) | ২৪ ঘণ্টা | ১৭ ঘণ্টা |
| ভবিষ্যত তহবিলে কর্তন | ১০% | ১০% |
| সামাজিক নিরাপত্তা তহবিলে কর্তন | ৩% | ৩% |
| অগ্রিম বেতন কর্তন | | ৪৫০ |
| স্বাভাবিক কর্মঘণ্টা | ২০০ | ২০০ |

*[ব. বো. ১৬]*

ক. ওভারটাইম ভাতার পরিমাণ নির্ণয় করো। ২
খ. রবি ও শফির মোট বেতন নির্ণয় করো। ৪
গ. রবি ও শফির নিট বেতনের পরিমাণ নির্ণয় করো। প্রয়োজনীয় জাবেদা দাও। ৪

## ২৬ নং প্রশ্নের সমাধান

**ক** ওভারটাইম ভাতার পরিমাণ নির্ণয়:

রবির ওভারটাইম ভাতা = (২৪ × ৫২) = ১,২৪৮ টাকা

শফির ওভারটাইম ভাতা = (১৭ × ৫২) = ৮৮৪ টাকা

**উত্তর:** ওভারটাইম ভাতা: রবি ১,২৪৮ টাকা এবং শফি ৮৮৪ টাকা।

**খ রবি ও শফির মোট বেতন নির্ণয়:**

| বিবরণ | রবি (টাকা) | শফি (টাকা) |
|---|---|---|
| **উপার্জনসমূহ:** | | |
| মূল বেতন | ৭,০০০ | ৯,০০০ |
| মহার্ঘ ভাতা (মূল বেতন × ২০%) | ১,৪০০ | ১,৮০০ |
| বাসস্থান ভাতা (মূল বেতন × ৫০%) | ৩,৫০০ | ৪,৫০০ |
| যাতায়াত ভাতা | ৬০০ | ৫০০ |
| ওভারটাইম ভাতা [ক থেকে প্রাপ্ত] | ১,২৪৮ | ৮৮৪ |
| **মোট বেতন** | ১৩,৭৪৮ | ১৬,৬৮৪ |

**উত্তর:** মোট বেতন: রবি ১৩,৭৪৮ টাকা এবং শাফি ১৬,৬৮৪ টাকা।

**গ** রবি ও শফির নিট বেতন নির্ণয়:

| বিবরণ | রবি (টাকা) | শফি (টাকা) |
|---|---|---|
| মোট বেতন [খ থেকে প্রাপ্ত] | ১৩,৭৪৮ | ১৬,৬৮৪ |
| **কর্তনসমূহ:** | | |
| ভবিষ্যৎ তহবিলে কর্তন | ৭০০ | ৯০০ |
| সামাজিক নিরাপত্তা তহবিলে কর্তন | ২১০ | ২৭০ |
| অগ্রিম বেতন কর্তন | - | ৪৫০ |
| মোট কর্তন | ৯১০ | ১,৬২০ |
| **নিট বেতন** [মোট বেতন – মোট কর্তন] | ১২,৮৩৮ | ১৫,০৬৪ |

**জাবেদা দাখিলা**

| তারিখ | বিবরণ | খ:পৃ: | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|---|---|
| ২০১৫ | | | | |
| ডিসে.- | বেতন হিসাব | | ৩০,৪৩২ | |
| ৩১ | প্রদেয় বেতন হিসাব | | | ৩০,৪৩২ |
| | (মোট বেতন হিসাবভুক্ত করা হলো) | | | |
| | প্রদেয় বেতন হিসাব | | ৩০,৪৩২ | |
| | প্রদেয় ভাউচার হিসাব | | | ২৭,৯০২ |
| | ভবিষ্যৎ তহবিল হিসাব | | | ১,৬০০ |
| | সামাজিক নিরাপত্তা তহবিল হিসাব | | | ৪৮০ |
| | অগ্রিম বেতন হিসাব | | | ৪৫০ |
| | (নিট বেতন, বিভিন্ন তহবিলে স্থানান্তর হিসাবভুক্ত করা হলো) | | | |
| | প্রদেয় ভাউচার হিসাব | | ২৭,৯০২ | |
| | ব্যাংক হিসাব | | | ২৭,৯০২ |
| | (চেকে বেতন প্রদান করা হলো) | | | |
| | **মোট** | | ৮৮,৭৬৬ | ৮৮,৭৬৬ |

**উত্তর:** নিট বেতন: রবি ১২,৮৩৮ টাকা; শফি ১৫,০৬৪ টাকা এবং জাবেদার যোগফল ৮৮,৭৬৬ টাকা।

**প্রশ্ন ▶ ২৭** উদয়ন প্রেস লিমিটেড এর উৎপাদন ব্যয় সংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ:

| বিবরণ | টাকা |
|---|---|
| ব্যবহৃত কাঁচামাল | ৪০,০০০ |
| অর্ধসমাপ্ত পণ্য (০১-০১-২০১৪) | ৫,০০০ |
| অর্ধসমাপ্ত পণ্য (৩০-০৬-২০১৪) | ৬,৫০০ |
| প্রস্তুতকৃত পণ্য (০১-০১-২০১৪) | ১৩,৫০০ |
| প্রস্তুতকৃত পণ্য (৩০-০৬-২০১৪) | ৮,৫০০ |
| পরোক্ষ খরচ | ১০,০০০ |
| প্রত্যক্ষ মজুরি ২৪,০০০ ঘণ্টা, প্রতি ২ টাকা করে | |
| কারখানার সরবরাহকৃত বিবিধ দ্রব্য | ৪,২০০ |
| পরোক্ষ কাঁচামাল | ৪,৫০০ |
| পরোক্ষ শ্রম | ৯,০০০ |
| কারখানার বিবিধ খরচ | ৫,০০০ |
| প্রশাসনিক খরচ | ১০,০০০ |
| বিক্রয় খরচ | ১০,০০০ |
| মুনাফা বিক্রয়ের উপর ২০% | |

*[ঢা. বো. ১৫]*

ক. মুখ্য ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ২
খ. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় করো। ৪
গ. কোম্পানির নিট লাভ নির্ণয় করো। ৪

**২৭ নং প্রশ্নের সমাধান**

**ক** মুখ্য ব্যয়ের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা |
|---|---|
| ব্যবহৃত কাঁচামাল | ৪০,০০০ |
| যোগ: প্রত্যক্ষ মজুরি (২৪,০০০ × ২) | ৪৮,০০০ |
| **মুখ্য ব্যয়** | ৮৮,০০০ |

**উত্তর:** মুখ্য ব্যয়ের পরিমাণ ৮৮,০০০ টাকা।

**খ**

**উদয়ন প্রেস লিমিটেড**
**বিক্রীত পণ্যের ব্যয় বিবরণী**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| মুখ্য ব্যয় (ক হতে প্রাপ্ত) | | ৮৮,০০০ |
| যোগ: কারখানা উপরিব্যয়: | | |
| কারখানার সরবরাহকৃত বিবিধ দ্রব্য | ৪,২০০ | |
| পরোক্ষ কাঁচামাল | ৪,৫০০ | |
| পরোক্ষ শ্রম | ৯,০০০ | |
| কারখানার বিবিধ খরচ | ৫,০০০ | |
| পরোক্ষ খরচ | ১০,০০০ | ৩২,৭০০ |
| **উৎপাদন ব্যয়** | | ১,২০,৭০০ |
| যোগ: প্রারম্ভিক অর্ধসমাপ্ত পণ্য | | ৫,০০০ |
| | | ১,২৫,৭০০ |
| বাদ: সমাপনী অর্ধসমাপ্ত পণ্য | | (৬,৫০০) |
| | | ১,১৯,২০০ |
| যোগ: প্রারম্ভিক প্রস্তুতকৃত পণ্য | | ১৩,৫০০ |
| | | ১,৩২,৭০০ |
| বাদ: সমাপনী প্রস্তুতকৃত পণ্য | | (৮,৫০০) |
| **বিক্রীত পণ্যের ব্যয়** | | ১,২৪,২০০ |

**উত্তর:** বিক্রীত পণ্যের ব্যয় ১,২৪,২০০ টাকা।

**গ**

**উদয়ন প্রেস লিমিটেড**
**বিশদ আয় বিবরণী**
২০১৪ সালের ৩০ জুন তারিখে সমাপ্ত অর্ধ বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| বিক্রয় (গণনা কার্য-১) | | ১,৮০,২৫০ |
| বাদ: বিক্রীত পণ্যের ব্যয় | | (১,২৪,২০০) |
| **মোট লাভ** | | ৫৬,০৫০ |
| বাদ: পরিচালন ব্যয়: | | |
| প্রশাসনিক খরচ | ১০,০০০ | |
| বিক্রয় খরচ | ১০,০০০ | (২০,০০০) |
| **নিট লাভ** | | ৩৬,০৫০ |

**গণনা কার্য:-১** বিক্রয়মূল্য নির্ণয়:

$$\text{বিক্রয়মূল্য} = \frac{\text{মোট ব্যয়} \times ২০}{১০০ - ২০} = \frac{(১,২৪,২০০ + ২০,০০০) \times ২০}{৮০} = ১,৮০,২৫০ \text{ টাকা}$$

**উত্তর:** নিট লাভ ৩৬,০৫০ টাকা।

**প্রশ্ন ▶ ২৮** সাগুপতা ফ্যাক্টরি লি.-এর নিম্নোক্ত তথ্য থেকে উৎপাদন ব্যয় সংক্রান্ত উপাদানসমূহ পাওয়া গেল:

| বিবরণ | টাকা |
|---|---|
| ব্যবহৃত কাঁচামাল | ৩৫,০০০ |
| প্রত্যক্ষ মজুরি | ৩০,০০০ |
| কারখানা উপরিব্যয় | ১০,০০০ |
| প্রশাসনিক উপরিব্যয় | ৫,০০০ |

উপরোক্ত তথ্যের ভিত্তিতে ভবিষ্যতে উৎপাদিত পণ্য যার কাঁচামাল বাবদ ব্যয় ১৫,০০০ টাকা, প্রত্যক্ষ মজুরি ১৪,০০০ টাকা। *[রা. বো. ১৫]*

ক. প্রত্যক্ষ মজুরির সাথে কারখানা উপরিব্যয়ের শতকরা হার নির্ণয় করো। ২
খ. বিক্রয়ের উপর ২৫% লাভ ধরে পণ্যটির বিক্রয় মূল্য নির্ধারণ করো। ৪
গ. দরপত্র বিবরণী তৈরি করে দরপত্র মূল্য নির্ণয় করো। ৪

**২৮ নং প্রশ্নের সমাধান**

**ক** প্রত্যেক্ষ মজুরির সাথে কারখানা উপরিব্যয়ের শতকরা হার $= \frac{১০,০০০}{৩০,০০০} \times ১০০ = ৩৩.৩৩\%$

**উত্তর:** প্রত্যেক্ষ মজুরির সাথে কারখানা উপরিব্যয়ের শতকরা হার ৩৩.৩৩%।

**খ**

**সাগুপতা ফ্যাক্টরি লি.**
**ব্যয় বিবরণী**

| বিবরণ | টাকা |
|---|---|
| ব্যবহৃত কাঁচামাল | ৩৫,০০০ |
| যোগ: প্রত্যক্ষ মজুরি | ৩০,০০০ |
| **মুখ্য ব্যয়** | ৬৫,০০০ |
| যোগ: কারখানা উপরিব্যয় | ১০,০০০ |
| **উৎপাদন ব্যয়** | ৭৫,০০০ |
| যোগ: প্রশাসনিক উপরিব্যয় | ৫,০০০ |
| মোট ব্যয় | ৮০,০০০ |
| যোগ: মোট ব্যয়ের উপর লাভ $\left(\frac{২৫}{১০০ - ২৫} \times ১০০ = ৩৩.৩৩\%\right)$ | ২৬,৬৬৭ |
| **বিক্রয়মূল্য** | ১,০৬,৬৬৭ |

**উত্তর:** বিক্রয়মূল্য ১,০৬,৬৬৭ টাকা।

**গ**

**সাগুপতা ফ্যাক্টরি লি.**
**দরপত্র মূল্য বিবরণী**

| বিবরণ | টাকা |
|---|---|
| ব্যবহৃত কাঁচামাল | ১৫,০০০ |
| যোগ: প্রত্যক্ষ মজুরি | ১৪,০০০ |
| **মুখ্য ব্যয়** | ২৯,০০০ |

| বিবরণ | টাকা |
|---|---|
| যোগ: কারখানা উপরিব্যয় (১৪,০০০ × ৩৩.৩৩%) | ৪,৬৬৭ |
| **উৎপাদন ব্যয়** | ৩৩,৬৬৭ |
| যোগ: প্রশাসনিক উপরিব্যয় (৩৩,৬৬৭ × ৬.৬৭%) | ২,২৪৫ |
| **মোট ব্যয়** | ৩৫,৯১২ |
| যোগ: মুনাফা (৩৩.৩৩%) | ১১,৯৭০ |
| **দরপত্র মূল্য** | ৪৭,৮৮২ |

**উত্তর:** দরপত্র মূল্য ৪৭,৮৮২ টাকা।

**গণনা:** উৎপাদন ব্যয়ের সাথে প্রশাসনিক উপরিব্যয়ের শতকরা হার $= \frac{৫,০০০}{৭৫,০০০} = ৬.৬৭\%$

**প্রশ্ন ▶২৯** ফুয়াদ কোম্পানি লি.-এর ২০১৪ সালের উৎপাদন সংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ:

| বিবরণ | টাকা |
|---|---|
| তৈরি মজুদ পণ্য (০১-০১-২০১৩) ৪,০০০ একক | ২০,০০০ |
| ব্যবহৃত কাঁচামাল | ১,২০,০০০ |
| মজুরি | ৭২,০০০ |
| কারখানা উপরিখরচ | ২৪,০০০ |
| প্রশাসনিক খরচ | ৪৮,০০০ |
| বিক্রয় ও বিতরণ খরচ | ২০,০০০ |

২০,০০০ একক দ্রব্য বিক্রয় করা হয়। ব্যবসায়ের অর্জিত লাভ বিক্রয়ের উপর ২০%। তৈরি পণ্যের সমাপনী মজুদ (৩১-১২-২০১৩) ৮,০০০ একক। *[দি. বো. ১৫]*

ক. উৎপাদিত পণ্যের একক নির্ণয় করো। ২
খ. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় করো। ৪
গ. আয় বিবরণী প্রস্তুত করো। ৪

## ২৯ নং প্রশ্নের সমাধান

**ক** উৎপাদিত পণ্যের একক নিরূপণ:

| বিবরণ | টাকা |
|---|---|
| সমাপনী মজুদ | ৮,০০০ |
| যোগ: বিক্রয় | ২০,০০০ |
| | ২৮,০০০ |
| বাদ: প্রারম্ভিক মজুদ পণ্য | (৪,০০০) |
| **উৎপাদিত পণ্যের একক** | ২৪,০০০ |

**উত্তর:** উৎপাদিত পণ্যের একক ২৪,০০০।

**খ**

**ফুয়াদ কোম্পানি লি.**
**বিক্রীত পণ্যের ব্যয় বিবরণী**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| ব্যবহৃত কাঁচামাল | ১,২০,০০০ | |
| যোগ: মজুরি | ৭২,০০০ | |
| **মুখ্য ব্যয়** | | ১,৯২,০০০ |
| যোগ: কারখানা উপরিখরচ | | ২৪,০০০ |
| **উৎপাদন ব্যয়** | | ২,১৬,০০০ |
| যোগ: তৈরি পণ্যের প্রারম্ভিক মজুদ | | ২০,০০০ |
| | | ২,৩৬,০০০ |
| বাদ: তৈরি পণ্যের সমাপনী মজুদ $\left(\frac{২,১৬,০০০}{২৪,০০০} \times ৮,০০০\right)$ | | (৭২,০০০) |
| **বিক্রীত পণ্যের ব্যয়** | | ১,৬৪,০০০ |

**উত্তর:** বিক্রীত পণ্যের ব্যয় ১,৬৪,০০০ টাকা।

গ

**ফুয়াদ কোম্পানি লি.**
**আয় বিবরণী**
২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| বিক্রয় (গণনা কার্য) | | ২,৯০,০০০ |
| বাদ: বিক্রীত পণ্যের ব্যয় | | (১,৬৪,০০০) |
| **মোট লাভ** | | ১,২৬,০০০ |
| বাদ: পরিচালন ব্যয়: | | |
| প্রশাসনিক খরচ | ৪৮,০০০ | |
| বিক্রয় ও বিতরণ খরচ | ২০,০০০ | (৬৮,০০০) |
| **নিট লাভ** | | ৫৮,০০০ |

**উত্তর:** নিট লাভ ৫৮,০০০ টাকা।
**গণনা কার্য:** বিক্রয়মূল্য নির্ণয়:

$$\text{বিক্রয়মূল্য} = \text{মোট ব্যয়} + \text{মুনাফা} = (১,৬৪,০০০ + ৪৮,০০০ + ২০,০০০) + \frac{২,৩২,০০০ \times ২০}{৮০} = ২,৯০,০০০$$

**প্রশ্ন ▶৩০** X, Y এবং Z এর মজুরি সংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ:
ঘণ্টাপ্রতি স্বাভাবিক উৎপাদন ২০ একক, ঘণ্টাপ্রতি স্বাভাবিক মজুরি ৫ টাকা, প্রমাণ উৎপাদনের নিচে কার্যহারের ৬০% প্রমাণ উৎপাদনের উর্ধ্বে কার্যহারের ১১০% সপ্তাহে ৪০ ঘণ্টা কাজ হয়।

শ্রমিক কর্তৃক প্রকৃত উৎপাদন:

X ৮০০ একক
Y ৯০০ একক
Z ৭০০ একক *[দি. বো. ১৫]*

ক. সাপ্তাহিক প্রমাণ উৎপাদন নির্ণয় করো। ২
খ. এককপ্রতি মজুরির হার, প্রমাণ উৎপাদনের সাথে প্রকৃত উৎপাদনের পার্থক্য নির্ণয়ের মাধ্যমে শ্রমিকদের দক্ষতা পরিমাণ করো। ৪
গ. মোট মজুরি নির্ণয় করো। ৪

**৩০ নং প্রশ্নের সমাধান**

ক সাপ্তাহিক প্রমাণ উৎপাদন নিরূপণ:
সাপ্তাহিক প্রমাণ উৎপাদন = সাপ্তাহিক কর্মঘণ্টা × ঘণ্টাপ্রতি স্বাভাবিক উৎপাদন = ৪০ × ২০ = ৮০০ একক
**উত্তর:** সাপ্তাহিক প্রমাণ উৎপাদন ৮০০ একক।

খ $\text{একক প্রতি স্বাভাবিক মজুরি হার} = \frac{\text{ঘণ্টা প্রতি স্বাভাবিক মজুরি}}{\text{ঘণ্টা প্রতি স্বাভাবিক উৎপাদন}} = \frac{৫}{২০} = ০.২৫$ টাকা

প্রমাণ উৎপাদনের নিচে একক প্রতি মজুরি হার = ০.২৫ × ৬০% = ০.১৫ টাকা
প্রমাণ উৎপাদনের উর্ধ্বে একক প্রতি মজুরি হার = ০.২৫ × ১১০% = ০.২৭৫ টাকা
প্রমাণ উৎপাদনের সাথে প্রকৃত উৎপাদনের পার্থক্য:

| ক্রমিক নং | নাম | প্রমাণ উৎপাদন (একক) | প্রকৃত উৎপাদন (একক) | পার্থক্য (একক) | মজুরি হার | দক্ষতা |
|---|---|---|---|---|---|---|
| ১. | X | ৮০০ | ৮০০ | ০ | ০.২৫ | স্বাভাবিক |
| ২. | Y | ৮০০ | ৯০০ | ১০০ | ০.২৭৫ | উর্ধ্বে |
| ৩. | Z | ৮০০ | ৭০০ | ১০০ | ০.১৫ | নিম্নে |

গ

**মজুরি বিবরণী**
উৎপাদন শ্রমিক: ৩ জন

| ক্রমিক নং | নাম | প্রমাণ উৎপাদন (একক) | প্রকৃত উৎপাদন (একক) | পার্থক্য (একক) | মোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|
| ১. | X | ৮০০ | ৮০০ | ০.২৫ | ২০০ |
| ২. | Y | ৮০০ | ৯০০ | ০.২৭৫ | ২৪৮ |
| ৩. | Z | ৮০০ | ৭০০ | ০.১৫ | ১০৫ |
| | | | | মোট | ৫৫৩ |

**উত্তর: মোট মজুরি:** x ২০০ টাকা, y ২৪৮ টাকা ও z ১০৫ টাকা।

**প্রশ্ন ▶৩১** মোঃ আবু সায়েম ব্রিক ফিল্ডের উৎপাদন সম্পর্কিত তথ্য নিচে প্রদান করা হলো:

| বিবরণ | টাকা |
|---|---|
| কাঁচামাল ক্রয় | ১০,০০,০০০ |
| প্রত্যক্ষ মজুরি | ৪,০০,০০০ |
| কারখানা উপরিব্যয় প্রত্যক্ষ মজুরির ৮০%, প্রশাসনিক উপরিব্যয় উৎপাদন ব্যয়ের ১৫% | |
| বিক্রয় ও বিতরণ উপরিব্যয় বিক্রয়ের ৫%, | |
| তৈরি পণ্যের প্রারম্ভিক মজুদ (৫,০০০ একক) | ১,৪০,০০০ |
| তৈরি পণ্যের সমাপনী মজুদ (১০,০০০ একক) | ? |
| বিক্রয় ৭৫,০০০ একক | ২৫,০০,০০০ |

*[কু. বো. ১৫]*

ক. উৎপাদিত এককের পরিমাণ কত? ২

খ. তৈরি পণ্যের সমাপনী মজুদের মূল্য প্রদর্শন করো। ৪

গ. প্রতিষ্ঠানের অর্জিত নিট মুনাফা নির্ণয় করো। ৪

### ৩১ নং প্রশ্নের সমাধান

**ক** উৎপাদিত এককের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | একক |
|---|---|
| বিক্রয় একক | ৭৫,০০০ |
| যোগ: সমাপনী মজুদ একক | ১০,০০০ |
| | ৮৫,০০০ |
| বাদ: প্রারম্ভিক মজুদ একক | (৫,০০০) |
| **উৎপাদিত একক** | ৮০,০০০ |

**উত্তর:** উৎপাদিত একক ৮০,০০০।

**খ**

**মোঃ আবু সায়েম ব্রিক ফিল্ড**
**উৎপাদন ব্যয় বিবরণী**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| কাঁচামাল ক্রয় | | ১০,০০,০০০ |
| যোগ: প্রত্যক্ষ মজুরি | | ৪,০০,০০০ |
| **মুখ্য ব্যয়** | | ১৪,০০,০০০ |
| যোগ: কারখানা উপরিব্যয় (৪,০০,০০০ × ৮০%) | | ৩,২০,০০০ |
| **উৎপাদন ব্যয়** | | ১৭,২০,০০০ |

∴ তৈরি পণ্যের সমাপনী মজুদের মূল্য $= \frac{১৭,২০,০০০}{৮০,০০০} \times ১০,০০০ = ২,১৫,০০০$ টাকা

**উত্তর:** সমাপনী মজুদের মূল্য ২,১৫,০০০ টাকা।

**গ**

**মোঃ আবু সায়েম ব্রিক ফিল্ড**
**ব্যয় বিবরণী**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| উৎপাদন ব্যয় (খ হতে প্রাপ্ত) | | ১৭,২০,০০০ |
| যোগ: প্রারম্ভিক তৈরি পণ্যের মজুদ | | ১,৪০,০০০ |
| | | ১৮,৬০,০০০ |
| বাদ: সমাপনী তৈরি পণ্যের মজুদ | | (২,১৫,০০০) |
| **বিক্রীত পণ্যের ব্যয়** | | ১৬,৪৫,০০০ |
| যোগ: পরিচালন ব্যয়: | | |
| প্রশাসনিক উপরিব্যয় (১৭,২০,০০০ × ১৫%) | ২,৫৮,০০০ | |
| বিক্রয় ও বিতরণ উপরিব্যয় (২৫,০০,০০০ × ৫%) | ১,২৫,০০০ | ৩,৮৩,০০০ |
| **মোট ব্যয়** | | ২০,২৮,০০০ |
| যোগ: মুনাফা (পার্থক্য) | | ৪,৭২,০০০ |
খ ক্রয়কৃত ও ইস্যুকৃত মালের পার্থক্য নির্ণয়:

| তারিখ | বিবরণ | পরিমাণ (একক) | দর | পরিমাণ (টাকা) |
|---|---|---|---|---|
| ২০১৮ | **ক্রয়কৃত একক:** | | | |
| জানু.-৫ | ক্রয় | ২০০ | ৮ | ১,৬০০ |
| ” ১২ | ক্রয় | ৫০০ | ১১ | ৫,৫০০ |
| ” ২৫ | ক্রয় | ৯০০ | ১৫ | ১৩,৫০০ |
| | | | | ২০,৬০০ |
| | **ইস্যুকৃত একক:** | | | |
| জানু.-৭ | ইস্যু | ২০০ | ৭ | ১,৪০০ |
| ” ৮ | ইস্যু | ৩০০ | ৭ | ২,১০০ |
| ” ৮ | ইস্যু | ১০০ | ৮ | ৮০০ |
| ” ৩০ | ইস্যু | ১০০ | ৮ | ৮০০ |
| ” ৩০ | ইস্যু | ২০০ | ১১ | ২,২০০ |
| | | | | ৭,৩০০ |
| | ∴ পার্থক্য (২০,৬০০ - ৭,৩০০) | | | ১৩,৩০০ |

**উত্তর:** পার্থক্য ১৩,৩০০ টাকা।

গ মালের বিবরণ.......................... **কিশোর ট্রেডার্স** সর্বোচ্চ মাত্রা..........................
কোড নম্বর.............................. **মাল খতিয়ান (FIFO পদ্ধতি)** সর্বনিম্ন মাত্রা..........................
বিন নম্বর............................... পুনঃফরমায়েশ মাত্রা.................

| তারিখ | বিবরণ | প্রাপ্তি | | | ইস্যু | | | উদ্বৃত্ত | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পরিমাণ (একক) | দর | পরিমাণ (টাকা) | পরিমাণ (একক) | দর | পরিমাণ (টাকা) | পরিমাণ (একক) | দর | পরিমাণ (টাকা) |
| ২০১৮ জানু-১ | প্রারম্ভিক মজুদ | | | | | | | ৫০০ | ৭ | ৩,৫০০ |
| ” ৫ | ক্রয় | ২০০ | ৮ | ১,৬০০ | | | | ৫০০<br>২০০ | ৭<br>৮ | ৩,৫০০<br>১,৬০০ |
| ” ৭ | ইস্যু | | | | ২০০ | ৭ | ১,৪০০ | ৩০০<br>২০০ | ৭<br>৮ | ২,১০০<br>১,৬০০ |
| ” ৮ | ইস্যু | | | | ৩০০<br>১০০ | ৭<br>৮ | ২,১০০<br>৮০০ | ১০০ | ৮ | ৮০০ |
| ” ১২ | ক্রয় | ৫০০ | ১১ | ৫,৫০০ | | | | ১০০<br>৫০০ | ৮<br>১১ | ৮০০<br>৫,৫০০ |

| তারিখ | বিবরণ | প্রাপ্তি | | | ইস্যু | | | উদ্বৃত্ত | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পরিমাণ (একক) | দর | পরিমাণ (টাকা) | পরিমাণ (একক) | দর | পরিমাণ (টাকা) | পরিমাণ (একক) | দর | পরিমাণ (টাকা) |
| " ১৪ | ক্রয় | ৯০০ | ১৫ | ১৩,৫০০ | | | | ১০০<br>৫০০<br>৯০০ | ৮<br>১১<br>১৫ | ৮০০<br>৫,৫০০<br>১৩,৫০০ |
| " ৩০ | ইস্যু | | | | ১০০<br>২০০ | ৮<br>১১ | ৮০০<br>২,২০০ | ৩০০<br>৯০০<br>১,২০০ | ১১<br>১৫ | ৩,৩০০<br>১৩,৫০০<br>১৬,৮০০ |

**উত্তর:** সমাপনী মজুদ মাল ১,২০০ একক যার মূল্য ১৬,৮০০ টাকা।

**প্রশ্ন ▶ ১৫** নাঈম গার্মেন্টস এর ২০১৮ সালের জুন মাসের কাঁচামাল সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ:

২০১৮
জুন ১ জের ৫০০ এককপ্রতি ৪ টাকা দর।
" ৭ ক্রয় ৬০০ এককপ্রতি ৫ টাকা দর।
" ১৮ ইস্যু ৭০০ একক।
" ২৫ ক্রয় ৩০০ এককপ্রতি ৬ টাকা দর।
" ৩০ ইস্যু ৫০০ একক।
" ৩০ জুন তারিখে কাঁচামালের মজুদ ১৫০ একক।

ক. ঘাটতি একক নির্ণয় করো। ২
খ. FIFO পদ্ধতিতে বিক্রিত পণ্যের ব্যয় নির্ণয় করো। ৪
গ. ভারযুক্ত গড় ব্যয় পদ্ধতিতে বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় করো। ৪

**১৫ নং প্রশ্নের সমাধান**

**ক** ঘাটতি একক নির্ণয়:

ঘাটতি (একক) = {(প্রারম্ভিক একক + ক্রয় একক) – (ইস্যু একক + সমাপনী একক)}
= {৫০০ + (৬০০ + ৩০০) – (৭০০ + ৫০০) + ১৫০}= ১,৪০০ – ১,৩৫০ = ৫০ একক

**উত্তর:** ঘাটতি ৫০ একক।

**খ**

মালের বিবরণ------------- **নাঈম গার্মেন্টস** সর্বোচ্চ মাত্রা---------------
কোড নম্বর---------------- **মাল খতিয়ান** সর্বনিম্ন মাত্রা----------------
বিন নম্বর----------------- **(FIFO পদ্ধতি)** পুনঃফরমায়েশ মাত্রা----------

| তারিখ | বিবরণ | ক্রয় | | | ইস্যু | | | উদ্বৃত্ত | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পরিমাণ (একক) | দর | পরিমাণ (টাকা) | পরিমাণ (একক) | দর | পরিমাণ (টাকা) | পরিমাণ (একক) | দর | পরিমাণ (টাকা) |
| ২০১৮ জুন-১ | প্রারম্ভিক উদ্বৃত্ত | | | | | | | ৫০০ | ৪ | ২,০০০ |
| " ৭ | ক্রয় | ৬০০ | ৫ | ৩,০০০ | | | | ৫০০<br>৬০০ | ৪<br>৫ | ২,০০০<br>৩,০০০ |
| " ১৮ | ইস্যু | | | | ৫০০<br>২০০ | ৪<br>৫ | ২,০০০<br>১,০০০ | ৪০০ | ৫ | ২,০০০ |
| " ২৫ | ক্রয় | ৩০০ | ৬ | ১,৮০০ | | | | ৪০০<br>৩০০ | ৫<br>৬ | ২,০০০<br>১,৮০০ |
| " ৩০ | ইস্যু | | | | ৪০০<br>১০০ | ৫<br>৬ | ২,০০০<br>৬০০ | ২০০ | ৬ | ১,২০০ |
| " ৩০ | ঘাটতি | | | | ৫০ | ৬ | ৩০০ | ১৫০ | ৬ | ৯০০ |
| | | | | | | | ৫,৯০০ | | | |

∴ বিক্রীত পণ্যের ব্যয় = ইস্যুকৃত পণ্যের মূল্য – ঘাটতি পণ্যের মূল্য = ৫,৯০০ – ৩০০ = ৫,৬০০ টাকা

**উত্তর:** বিক্রীত পণ্যের ব্যয় ৫,৬০০ টাকা।

গ মালের বিবরণ-------------- **নাঈম গার্মেন্টস** সর্বোচ্চ মাত্রা---------------
কোড নম্বর---------------- **মাল খতিয়ান** সর্বনিম্ন মাত্রা----------------
বিন নম্বর----------------- **(ভারযুক্ত গড় পদ্ধতি)** পুনঃফরমায়েশ মাত্রা----------

| তারিখ | বিবরণ | ক্রয় | | | ইস্যু | | | উদ্বৃত্ত | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পরিমাণ (একক) | দর | পরিমাণ (টাকা) | পরিমাণ (একক) | দর | পরিমাণ (টাকা) | পরিমাণ (একক) | দর | পরিমাণ (টাকা) |
| ২০১৮ জুন-১ | প্রারম্ভিক উদ্বৃত্ত | | | | | | | ৫০০ | ৪ | ২,০০০ |
| " ৭ | ক্রয় | ৬০০ | ৫ | ৩,০০০ | | | | ১,১০০ | ৪.৫৪৫ | ৫,০০০ |
| " ১৮ | ইস্যু | | | | ৭০০ | ৪.৫৪৫ | ৩,১৮২ | ৪০০ | ৪.৫৪৫ | ১,৮১৮ |
| " ২৫ | ক্রয় | ৩০০ | ৬ | ১,৮০০ | | | | ৭০০ | ৫.১৬৯ | ৩,৬১৮ |
| " ৩০ | ইস্যু | | | | ৫০০ | ৫.১৬৯ | ২,৫৮৫ | ২০০ | ৫.১৬৯ | ১,০৩৩ |
| " ৩০ | ঘাটতি | | | | ৫০ | ৫.১৬৯ | ২৫৮ | ১৫০ | ৫.১৬৯ | ৭৭৫ |
| | | | | | | | ৬,০২৫ | | | |

∴ বিক্রীত পণ্যের ব্যয় = ইস্যুকৃত পণ্যের মূল্য – ঘাটতি পণ্যের মূল্য = ৬,০২৫ – ২৫৮ = ৫,৭৬৭ টাকা
**উত্তর:** বিক্রীত পণ্যের ব্যয় ৫,৭৬৭ টাকা।

**প্রশ্ন ▶১৬** প্রিন্টার্স গার্মেন্টস লি. গুদামের তথ্যাবলি নিচে উপস্থাপন করা হলো:

২০১৮
মার্চ ১ প্রারম্ভিক মজুদ ৫০০ একক, প্রতি এককের দর ২০০ টাকা।
" ৩ প্রাপ্তি ২৫০ একক, প্রতি এককের দর ১৮০ টাকা।
" ১০ কারখানায় ইস্যু ৪০০ একক।
" ১৩ কারখানায় ইস্যু ২১০ একক।
" ১৫ প্রাপ্তি ২৪০ একক, প্রতি এককের দর ২২০ টাকা।
" ১৭ কারখানা থেকে ফেরত প্রাপ্তি ১৫ একক ১৩ তারিখের ইস্যু থেকে।
" ২০ কারখানায় ইস্যু ১০০ একক।
" ২১ মজুদ পরীক্ষা করে ঘাটতি দেখা গেল ১০ একক।
" ২৫ প্রাপ্তি ৩৩০ একক, প্রতি এককের দর ২৫০ টাকা।
" ২৯ ২৫ তারিখে ক্রয়কৃত মালের ১০০ একক পাওনাদারকে ফেরত দেওয়া হলো।

ক. নিট ক্রয়কৃত মালের এককের পরিমাণ নির্ণয় করো। ২
খ. ১, ৩, ১০, ১৫, ২০ ও ২১ তারিখের লেনদেন অবলম্বনে ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত করো। ৪
গ. ১, ১৩, ১৫, ১৭, ২০, ২৫ ও ২৯ তারিখের লেনদেন অবলম্বনে FIFO পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত করো। ৪

**১৬ নং প্রশ্নের সমাধান**

ক নিট ক্রয়কৃত মালের এককের পরিমাণ নির্ণয়:

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০১৮ | | | |
| মার্চ ৩ | ক্রয় | ২৫০ | |
| " ১৫ | ক্রয় | ২৪০ | |
| " ২৫ | ক্রয় | ৩৩০ | |
| | **মোট ক্রয়** | ৮২০ | |
| " ২৯ | বাদ: ক্রয়কৃত মাল ফেরত প্রদান | (১০০) | |
| | **নিট ক্রয়** | | ৭২০ |

**উত্তর:** নিট ক্রয়কৃত মালের পরিমাণ ৭২০ একক।

| খ মালের বিবরণ........................... | **প্রিন্টার্স গার্মেন্টস লি.** | সর্বোচ্চ মাত্রা.......................... |
|---|---|---|
| কোড নম্বর............................... | **মাল খতিয়ান (ভারযুক্ত গড় পদ্ধতি)** | সর্বনিম্ন মাত্রা.......................... |
| বিন নম্বর................................. | ২০১৮ সালের জানুয়ারি মাসের জন্য | পুনঃফরমায়েশ মাত্রা................. |

| তারিখ | বিবরণ | প্রাপ্তি | | | ইস্যু | | | উদ্বৃত্ত | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পরিমাণ (একক) | দর | পরিমাণ (টাকা) | পরিমাণ (একক) | দর | পরিমাণ (টাকা) | পরিমাণ (একক) | দর | মূল্য (টাকা) |
| ২০১৮<br>মার্চ-১ | প্রারম্ভিক মজুদ | | | | | | | ৫০০ | ২০০ | ১,০০,০০০ |
| ” ৩ | প্রাপ্তি | ২৫০ | ১৮০ | ৪৫,০০০ | | | | ৭৫০ | ১৯৩.৩৩৩৩ | ১,৪৫,০০০ |
| ” ১০ | ইস্যু | | | | ৪০০ | ১৯৩.৩৩৩৩ | ৭৭,৩৩৩ | ৩৫০ | ১৯৩.৩৩৩৩ | ৬৭,৬৬৭ |
| ” ১৫ | প্রাপ্তি | ২৪০ | ২২০ | ৫২,৮০০ | | | | ৫৯০ | ২০৪.১৮১৪ | ১,২০,৪৬৭ |
| ” ২০ | ইস্যু | | | | ১০০ | ২০৪.১৮১৪ | ২০,৪১৮ | ৪৯০ | ২০৪.১৮১৪ | ১,০০,০৪৯ |
| ” ২১ | ঘাটতি | | | | ১০ | ২০৪.১৮১৪ | ২,০৪২ | ৪৮০ | ২০৪.১৮১৪ | ৯৮,০০৭ |

**উত্তর:** সমাপনী মজুদের পরিমাণ ৪৮০ একক, যার মূল্য ৯৮,০০৭ টাকা।

| গ মালের বিবরণ........................... | **প্রিন্টার্স গার্মেন্টস লি.** | সর্বোচ্চ মাত্রা.......................... |
|---|---|---|
| কোড নম্বর............................... | **মাল খতিয়ান (FIFO পদ্ধতি)** | সর্বনিম্ন মাত্রা.......................... |
| বিন নম্বর................................. | ২০১৮ সালের জানুয়ারি মাসের জন্য | পুনঃফরমায়েশ মাত্রা................. |

| তারিখ | বিবরণ | প্রাপ্তি | | | ইস্যু | | | উদ্বৃত্ত | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পরিমাণ (একক) | দর | পরিমাণ (টাকা) | পরিমাণ (একক) | দর | পরিমাণ (টাকা) | পরিমাণ (একক) | দর | মূল্য (টাকা) |
| ২০১৮<br>মার্চ-১ | প্রারম্ভিক মজুদ | | | | | | | ৫০০ | ২০০ | ১,০০,০০০ |
| ” ১৩ | ইস্যু | | | | ২১০ | ২০০ | ৪২,০০০ | ২৯০ | ২০০ | ৫৮,০০০ |
| ” ১৫ | প্রাপ্তি | ২৪০ | ২২০ | ৫২,৮০০ | | | | ২৯০<br>২৪০ | ২০০<br>২২০ | ৫৮,০০০<br>৫২,৮০০ |
| ” ১৭ | কারখানা হতে ফেরত | ১৫ | ২০০ | ৩,০০০ | | | | ৩০৫<br>২৪০ | ২০০<br>২২০ | ৬১,০০০<br>৫২,৮০০ |
| ” ২০ | ইস্যু | | | | ১০০ | ২০০ | ২০,০০০ | ২০৫<br>২৪০ | ২০০<br>২২০ | ৪১,০০০<br>৫২,৮০০ |
| ” ২৫ | প্রাপ্তি | ৩৩০ | ২৫০ | ৮২,৫০০ | | | | ২০৫<br>২৪০<br>৩৩০ | ২০০<br>২২০<br>২৫০ | ৪১,০০০<br>৫২,৮০০<br>৮২,৫০০ |
| ” ২৯ | পাওনাদারকে ফেরত | | | | ১০০ | ২৫০ | ২৫,০০০ | ২০৫<br>২৪০<br>২৩০<br>৬৭৫ | ২০০<br>২২০<br>২৫০ | ৪১,০০০<br>৫২,৮০০<br>৫৭,৫০০<br>১,৫১,৩০০ |

**উত্তর:** সমাপনী মজুদের পরিমাণ ৬৭৫ একক, যার মূল্য ১,৫১,৩০০ টাকা।

**প্রশ্ন ▶১৭** সাথী লি.-এর উৎপাদন বিভাগ হতে কাঁচামাল সংক্রান্ত তথ্য নিম্নরূপ:

২০১৮
জানু. ১ প্রারম্ভিক জের ২০০ টন, প্রতি টন ২৫ টাকা দরে।
” ৬ ক্রয় ৪২০ টন, প্রতি টন ২৭ টাকা দরে।
” ১০ ইস্যু ৪৫০ টন।
” ১৭ ক্রয় ৩৫০ টন, প্রতি টন ২৮ টাকা দরে।
” ২৫ ইস্যু ৩৪০ টন।
” ৩১ সমাপনী মজুদ ১৬০ টন।

ক. ঘাটতি এককের পরিমাণ নির্ণয় করো। ২
খ. FIFO পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত করো। ৪
গ. ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত করো। ৪

**১৭ নং প্রশ্নের সমাধান**

**ক** ঘাটতি এককের পরিমাণ নির্ণয়:

ঘাটতি এককের পরিমাণ = {প্রারম্ভিক মজুদ + ক্রয় − (ইস্যু + সমাপনী মজুদ)}

= {(২০০ + ৪২০ + ৩৫০) − (৪৫০ + ৩৪০ + ১৬০)} = (৯৭০ − ৯৫০) একক = ২০ একক

**উত্তর:** ঘাটতি ২০ একক।

**খ**

মালের বিবরণ.............................. **সাথী লি.** সর্বোচ্চ মাত্রা................................
কোড নম্বর................................. **মাল খতিয়ান** সর্বনিম্ন মাত্রা................................
বিন নম্বর.................................. **(ভারযুক্ত গড় পদ্ধতি)** পুনঃফরমায়েশ মাত্রা.......................

| তারিখ | বিবরণ | প্রাপ্তি | | | ইস্যু | | | উদ্বৃত্ত | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পরিমাণ (একক) | দর | পরিমাণ (টাকা) | পরিমাণ (একক) | দর | পরিমাণ (টাকা) | পরিমাণ (একক) | দর | পরিমাণ (টাকা) |
| ২০১৮ জানু.-১ | প্রারম্ভিক মজুদ | | | | | | | ২০০ | ২৫ | ৫,০০০ |
| ” ৬ | ক্রয় | ৪২০ | ২৭ | ১১,৩৪০ | | | | ২০০<br>৪২০ | ২৫<br>২৭ | ৫,০০০<br>১১,৩৪০ |
| ” ১০ | ইস্যু | | | | ২০০<br>২৫০ | ২৫<br>২৭ | ৫,০০০<br>৬,৭৫০ | ১৭০ | ২৭ | ৪,৫৯০ |
| ” ১৭ | ক্রয় | ৩৫০ | ২৮ | ৯,৮০০ | | | | ১৭০<br>৩৫০ | ২৭<br>২৮ | ৪,৫৯০<br>৯,৮০০ |
| ” ২৫ | ইস্যু | | | | ১৭০<br>১৭০ | ২৭<br>২৮ | ৪,৫৯০<br>৪,৭৬০ | ১৮০ | ২৮ | ৫,০৪০ |
| ” ৩১ | ঘাটতি | | | | ২০ | ২৮ | ৫৬০ | ১৬০ | ২৮ | ৪,৪৮০ |

**উত্তর:** সমাপনী মজুদ পণ্য ১৬০ একক, যার মূল্য ৪,৪৮০ টাকা।

**গ**

মালের বিবরণ.............................. **সাথী লি.** সর্বোচ্চ মাত্রা................................
কোড নম্বর................................. **মাল খতিয়ান** সর্বনিম্ন মাত্রা................................
বিন নম্বর.................................. **(ভারযুক্ত গড় পদ্ধতি)** পুনঃফরমায়েশ মাত্রা.......................

| তারিখ | বিবরণ | প্রাপ্তি | | | ইস্যু | | | উদ্বৃত্ত | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পরিমাণ (একক) | দর | পরিমাণ (টাকা) | পরিমাণ (একক) | দর | পরিমাণ (টাকা) | পরিমাণ (একক) | দর | পরিমাণ (টাকা) |
| ২০১৮ জানু.-১ | প্রারম্ভিক মজুদ | | | | | | | ২০০ | ২৫ | ৫,০০০ |
| ” ৬ | ক্রয় | ৪২০ | ২৭ | ১১,৩৪০ | | | | ৬২০ | ২৬.৩৫ | ১৬,৩৪০ |
| ” ১০ | ইস্যু | | | | ৪৫০ | ২৬.৩৫ | ১১,৮৫৮ | ১৭০ | ২৬.৩৫ | ৪,৪৮২ |
| ” ১৭ | ক্রয় | ৩৫০ | ২৮ | ৯,৮০০ | | | | ৫২০ | ২৭.৪৬ | ১৪,২৮২ |
| ” ২৫ | ইস্যু | | | | ৩৪০ | ২৭.৪৬ | ৯,৩৩৬ | ১৮০ | ২৭.৪৬ | ৪,৯৪৬ |
| ” ৩১ | ঘাটতি | | | | ২০ | ২৭.৪৬ | ৫৪৯ | ১৬০ | ২৭.৪৬ | ৪,৩৯৭ |
| | | | | | | | | ১৬০ | | ৪,৩৯৭ |

**উত্তর:** সমাপনী মজুদ ১৬০ একক, যার মূল্য ৪,৩৯৭ টাকা।

**প্রশ্ন ▶ ১৮** মীম ট্রেডার্সের ২০১৮ সালের জানুয়ারি মাসের মজুদ পণ্য, ক্রয় এবং বিক্রয়সমূহ নিম্নে উপস্থাপন করা হলো:

**মজুদপণ্য:**

| | | | |
|---|---|---|---|
| জানুয়ারি - ১ | ৫০০ একক @ | ৮.০০ টাকা | ৪,০০০ টাকা |

**ক্রয়সমূহ:**

| | | | |
|---|---|---|---|
| জানুয়ারি- ১২ | ৯০০ একক @ | ৯.০০ টাকা | ৮,১০০ টাকা |
| জানুয়ারি- ২০ | ৮০০ একক @ | ১১.০০ টাকা | ৮,৮০০ টাকা |
| জানুয়ারি- ৩১ | ৬০০ একক @ | ১২.০০ টাকা | ৭,২০০ টাকা |

**বিক্রয়সমূহ:**

| | |
|---|---|
| জানুয়ারি ১৬ | ১,১০০ একক |
| জানুয়ারি ২৬ | ৮০০ একক |

২০১৮ সালের জানুয়ারি মাসের ৩১ তারিখে সমাপনী মজুদ পণ্যের পরিমাণ ছিল ১,০০০ একক।

**করণীয়:** কালান্তিক মজুদ ব্যবস্থার (Periodic Inventory System) মাধ্যমে আগের মাল আগে যায় (FIFO) পদ্ধতির নীতি অনুসরণ করে নিম্নলিখিত তথ্যগুলো নির্ণয় করো।

ক. জানুয়ারি মাসের ক্রয় ও বিক্রয়ের একক নির্ণয় করো? ২

খ. জানুয়ারি মাসের মোট বিক্রয়যোগ্য পণ্যের একক ও তার মূল্য নির্ণয় করো। ৪

গ. জানুয়ারি মাসের সমাপনী মজুদ পণ্যের মূল্য ও বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় করো। ৪

**১৮ নং প্রশ্নের সমাধান**

**ক** জানুয়ারি মাসের ক্রয় ও বিক্রয়ের একক নির্ণয়:

| তারিখ | বিবরণ | পরিমাণ (একক) |
|---|---|---|
| **২০১৮** | | |
| জানু-১২ | ক্রয় | ৯০০ |
| জানু-২০ | ক্রয় | ৮০০ |
| জানু-৩১ | ক্রয় | ৬০০ |
| | **মোট ক্রয়** | ২,৩০০ |

| তারিখ | বিবরণ | পরিমাণ (টাকা) |
|---|---|---|
| **২০১৮** | | |
| জানু-১৬ | বিক্রয় | ১,১০০ |
| জানু-২৬ | বিক্রয় | ৮০০ |
| | **মোট বিক্রয়** | ১,৯০০ |

**উত্তর:** ক্রয় ২,৩০০ একক এবং বিক্রয় ১,৯০০ একক।

**খ** মোট বিক্রয়যোগ্য পণ্যের একক ও মূল্য নির্ণয়:

| তারিখ | বিবরণ | একক | মূল্য |
|---|---|---|---|
| ২০১৮ | | | |
| জানু-১ | প্রারম্ভিক মজুদ | ৫০০ | ৪,০০০ |
| জানু-১২ | ক্রয় | ৯০০ | ৮,১০০ |
| জানু-২০ | ক্রয় | ৮০০ | ৮,৮০০ |
| জানু-৩১ | ক্রয় | ৬০০ | ৭,২০০ |
| | **বিক্রয়যোগ্য পণ্য** | ২,৮০০ | ২৮,১০০ |

**উত্তর:** বিক্রয়যোগ্য পণ্য ২,৮০০ একক এবং মূল্য ২৮,১০০ টাকা।

**গ** সমাপনী মজুদ পণ্যের মূল্য ও বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয়:

বিক্রয় একক = ১,৯০০ (ক হতে প্রাপ্ত)

∴ সমাপনী মজুদ একক = বিক্রয়যোগ্য একক – বিক্রয় একক

= (২,৮০০ – ১,৯০০) একক

= ৯০০ একক

∴ সমাপনী মজুদ পণ্যের মূল্য = (৬০০ × ১২) + (৩০০ × ১১)
= (৭,২০০ + ৩,৩০০) টাকা
= ১০,৫০০ টাকা

∴ বিক্রীত পণ্যের ব্যয় = (বিক্রয়যোগ্য পণ্যের মূল্য – সমাপনী মজুদের মূল্য) টাকা
= (২৮,১০০ – ১০,৫০০) টাকা
= ১৭,৬০০ টাকা

**উত্তর:** সমাপনী মজুদ পণ্য ১০,৫০০ টাকা এবং বিক্রীত পণ্যের ব্যয় ১৭,৬০০ টাকা।

## বোর্ড পরীক্ষার প্রশ্ন ও সমাধান

**প্রশ্ন ▶ ১৯** ২০১৫ সালের জানুয়ারি মাসের নিম্নের তথ্যগুলো জনতা ট্রেডার্সের হিসাব বই হতে সংগ্রহ করা হয়েছে—

২০১৫
জানু. ১ প্রারম্ভিক উদ্বৃত্ত ৬০০ কেজি ১০ টাকা দরে।
" ৫ ক্রয় ৫০০ কেজি ১২ টাকা দরে।
" ১০ ইস্যু ৭০০ কেজি।
" ২০ ক্রয় ৪০০ কেজি ১৩ টাকা দরে।
" ২৭ ইস্যু ৬০০ কেজি।
" ৩০ পরিবহনে বিনষ্ট ২০ কেজি (২০ তারিখে ক্রয়কৃত)। *[ঢা. বো. ১৬]*

ক. ২০১৫ সালের জানুয়ারি মাসে মোট প্রাপ্তির পরিমাণ কত (কেজি ও টাকায়)? ২
খ. আগে আসলে আগে যাবে (FIFO) পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত করো। ৪
গ. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় করো। ৪

**১৯ নং প্রশ্নের সমাধান**

**ক** জানুয়ারি মাসে মোট প্রাপ্তির পরিমাণ নির্ণয়:

| তারিখ | বিবরণ | পরিমাণ (একক) | দর (টাকা) | টাকা |
|---|---|---|---|---|
| ২০১৫<br>জানু.-৫ | ক্রয় | ৫০০ | ১২ | ৬,০০০ |
| " ২০ | ক্রয় | ৪০০ | ১৩ | ৫,২০০ |
| | মোট | ৯০০ | | ১১,২০০ |

**উত্তর:** মোট প্রাপ্তি ৯০০ কেজি যার মূল্য ১১,২০০ টাকা।

**খ** মালের বিবরণ: ............ **জনতা ট্রেডার্স** সর্বোচ্চ মাত্রা: ................
কোড নম্বর: ................. **মাল খতিয়ান** সর্বনিম্ন মাত্রা: .................
বিন নম্বর: .................. **(LIFO পদ্ধতিতে)** পুনঃফরমায়েশ মাত্রা: .........
২০১৫ সালের জানুয়ারি মাসের জন্য

| তারিখ | বিবরণ | প্রাপ্তি | | | ইস্যু | | | উদ্বৃত্ত | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পরিমাণ (একক) | দর | পরিমাণ (টাকা) | পরিমাণ (একক) | দর | পরিমাণ (টাকা) | পরিমাণ (একক) | দর | পরিমাণ (টাকা) |
| ২০১৫<br>জানু.-১ | প্রারম্ভিক মজুদ | | | | | | | ৬০০ | ১০ | ৬,০০০ |
| " ৫ | ক্রয় | ৫০০ | ১২ | ৬,০০০ | | | | ৬০০<br>৫০০ | ১০<br>১২ | ৬,০০০<br>৬,০০০ |
| " ১০ | ইস্যু | | | | ৬০০<br>১০০ | ১০<br>১২ | ৬,০০০<br>১,২০০ | ৪০০ | ১২ | ৪,৮০০ |
| " ২০ | ক্রয় | ৪০০ | ১৩ | ৫,২০০ | | | | ৪০০<br>৪০০ | ১২<br>১৩ | ৪,৮০০<br>৫,২০০ |
| " ২৭ | ইস্যু | | | | ৪০০<br>২০০ | ১২<br>১৩ | ৪,৮০০<br>২,৬০০ | ২০০ | ১৩ | ২,৬০০ |
| " ৩০ | পরিবহনে বিনষ্ট | | | | ২০ | ১৩ | ২৬০ | ১৮০ | ১৩ | ২,৩৪০ |

**উত্তর:** সমাপনী মজুদ পণ্য ১৮০ একক যার মূল্য ২,৩৪০ টাকা।

**গ** বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয়:

| তারিখ | বিবরণ | পরিমাণ (একক) | দর (টাকা) | টাকা |
|---|---|---|---|---|
| ২০১৫ | | | | |
| জানু.-১০ | ইস্যু | ৬০০ | ১০ | ৬,০০০ |
| | | ১০০ | ১২ | ১,২০০ |
| " ২৭ | ইস্যু | ৪০০ | ১২ | ৪,৮০০ |
| | | ২০০ | ১৩ | ২,৬০০ |
| | **মোট** | | | ১৪,৬০০ |

**উত্তর:** বিক্রীত পণ্যের ব্যয় ১৪,৬০০ টাকা।

**প্রশ্ন ▶ ২০** আদিব গার্মেন্টস লি.-এর গুদামের তথ্যাবলি নিম্নে উপস্থাপন করা হলো—

২০১৫
মার্চ ১ প্রারম্ভিক মজুদ ৫০০ একক, প্রতি একক ২০০ টাকা দরে।
" ৩ প্রাপ্তি ২৫০ একক, প্রতি একক ১৮০ টাকা দরে।
" ১০ কারখানায় ইস্যু ৪০০ একক।
" ১৩ কারখানায় ইস্যু ২১০ একক।
" ১৫ প্রাপ্তি ২৪০ একক, প্রতি একক ২২০ টাকা দরে।
" ১৭ কারখানা থেকে ফেরত প্রাপ্তি ১৫ একক ১৩ তারিখের ইস্যু থেকে।
" ২০ কারখানায় ইস্যু ১০০ একক।
" ২১ মজুদ পরীক্ষা করে ১০ একক ঘাটতি দেখা গেল।
" ২৫ প্রাপ্তি ৩৩০ একক, প্রতি একক ২৫০ টাকা দরে।
" ২৯ ২৫ তারিখে ক্রয়কৃত মালের ১০০ একক পাওনাদারকে ফেরত দেওয়া হলো। *[দি. বো. ১৬]*

ক. নিট ক্রয়কৃত মালের পরিমাণ নির্ণয় করো। ২
খ. ১, ৩, ১০, ১৫, ২০ ও ২১ তারিখের লেনদেন অবলম্বনে ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত করো। ৪
গ. ১, ১৩, ১৫, ১৭, ২০, ২৫ ও ২৯ তারিখের লেনদেন অবলম্বনে FIFO পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত করো। ৪

## ২০ নং প্রশ্নের সমাধান

**ক** নিট ক্রয়কৃত মালের পরিমাণ নির্ণয়:

| তারিখ | বিবরণ | একক | দর (টাকা) | পরিমাণ (টাকা) |
|---|---|---|---|---|
| ২০১৫ | | | | |
| মার্চ ৩ | প্রাপ্তি | ২৫০ | ১৮০ | ৪৫,০০০ |
| " ১৫ | প্রাপ্তি | ২৪০ | ২২০ | ৫২,৮০০ |
| " ২৫ | প্রাপ্তি | ৩৩০ | ২৫০ | ৮২,৫০০ |
| | মোট প্রাপ্তি | ৮২০ | | ১,৮০,৩০০ |
| " ২৯ | বাদ: ফেরত | ১০০ | ২৫০ | ২৫,০০০ |
| | নিট ক্রয়কৃত মাল | ৭২০ | | ১,৫৫,৩০০ |

**উত্তর:** নিট ক্রয়কৃত মালের পরিমাণ ৭২০ একক ও তার মূল্য ১,৫৫,৩০০ টাকা।

**খ** মালের বিবরণ: ............. **আদিব গার্মেন্টস লি.-এ** সর্বোচ্চ মাত্রা: .................
কোড নম্বর: ................. **মাল খতিয়ান** সর্বনিম্ন মাত্রা: ...................
বিন নম্বর: .................. **(ভারযুক্ত গড় পদ্ধতিতে)** পুনঃফরমায়েশ মাত্রা: ..........

| তারিখ | বিবরণ | প্রাপ্তি | | | ইস্যু | | | উদ্বৃত্ত | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পরিমাণ (একক) | দর | পরিমাণ (টাকা) | পরিমাণ (একক) | দর | পরিমাণ (টাকা) | পরিমাণ (একক) | দর | পরিমাণ (টাকা) |
| ২০১৫ | | | | | | | | | | |
| মার্চ ১ | প্রারম্ভিক মজুদ | | | | | | | ৫০০ | ২০০ | ১,০০,০০০ |
| " ৩ | প্রাপ্তি | ২৫০ | ১৮০ | ৪৫,০০০ | | | | ৭৫০ | ১৯৩.৩৩ | ১,৪৫,০০০ |
| " ১০ | ইস্যু | | | | ৪০০ | ১৯৩.৩৩ | ৭৭,৩৩২ | ৩৫০ | ১৯৩.৩৩ | ৬৭,৬৬৮ |
| " ১৫ | প্রাপ্তি | ২৪০ | ২২০ | ৫২,৮০০ | | | | ৫৯০ | ২০৪.১৮৩০ | ১,২০,৪৬৮ |
| " ২০ | ইস্যু | | | | ১০০ | ২০৪.১৮৩০ | ২০,৪১৮ | ৪৯০ | ২০৪.১৮৩০ | ১,০০,০৫০ |
| " ২১ | মজুদ ঘাটতি | | | | ১০ | ২০৪.১৮৩০ | ২,০৪২ | ৪৮০ | ২০৪.১৮৩০ | ৯৮,০০৮ |

**উত্তর:** সমাপনী মজুদ পণ্য ৪৮০ একক এবং যার মূল্য ৯৮,০০৮ টাকা।

গ মালের বিবরণ: ............ কোড নম্বর: ................ বিন নম্বর: ..................

**আদিব গার্মেন্টস লি.-এ**
**মাল খতিয়ান**
**(FIFO পদ্ধতিতে)**

সর্বোচ্চ মাত্রা: ................ সর্বনিম্ন মাত্রা: .................. পুনঃফরমায়েশ মাত্রা: .........

| তারিখ | বিবরণ | প্রাপ্তি | | | ইস্যু | | | উদ্বৃত্ত | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পরিমাণ (একক) | দর | পরিমাণ (টাকা) | পরিমাণ (একক) | দর | পরিমাণ (টাকা) | পরিমাণ (একক) | দর | পরিমাণ (টাকা) |
| ২০১৫ মার্চ ১ | প্রারম্ভিক মজুদ | | | | | | | ৫০০ | ২০০ | ১,০০,০০০ |
| ” ১৩ | ইস্যু | | | | ২১০ | ২০০ | ৪২,০০০ | ২৯০ | ২০০ | ৫৮,০০০ |
| ” ১৫ | প্রাপ্তি | ২৪০ | ২২০ | ৫২,৮০০ | | | | ২৯০<br>২৪০ | ২০০<br>২২০ | ৫৮,০০০<br>৫২,৮০০ |
| ” ১৭ | ফেরত প্রাপ্তি | ১৫ | ২০০ | ৩,০০০ | | | | ৩০৫<br>২৪০ | ২০০<br>২২০ | ৬১,০০০<br>৫২,৮০০ |
| ” ২০ | ইস্যু | | | | ১০০ | ২০০ | ২০,০০০ | ২০৫<br>২৪০ | ২০০<br>২২০ | ৪১,০০০<br>৫২,৮০০ |
| ” ২৫ | প্রাপ্তি | ৩৩০ | ২৫০ | ৮২,৫০০ | | | | ২০৫<br>২৪০<br>৩৩০ | ২০০<br>২২০<br>২৫০ | ৪১,০০০<br>৫২,৮০০<br>৮২,৫০০ |
| ” ২৯ | পাওনাদারকে ফেরত | | | | ১০০ | ২৫০ | ২৫,০০০ | ২০৫<br>২৪০<br>২৩০ | ২০০<br>২২০<br>২৫০ | ৪১,০০০<br>৫২,৮০০<br>৫৭,৫০০ |
| | **মোট** | | | | | | | ৬৭৫ | | ১,৫১,৩০০ |

**উত্তর:** সমাপনী মজুদ পণ্য ৬৭৫ একক এবং যার মূল্য ১,৫১,৩০০ টাকা।

প্রশ্ন ▶ ২১ সালমা কসমেটিকস লিমিটেড-এর কারখানার একটি গুদামে ২০১৪ সালের জুন মাসে কাঁচামালের আগমন ও নির্গমন নিম্নরূপ :

| তারিখ | বিবরণ | একক | হার (টাকা) |
|---|---|---|---|
| জুন ১ | প্রারম্ভিক জের | ১,০০০ | ১০ |
| ” ৭ | ক্রয় | ৫০০ | ৯ |
| ” ১২ | ইস্যু | ৭০০ | |
| ” ১৪ | ক্রয় | ৩০০ | ৮ |
| ” ২০ | ইস্যু | ৮০০ | |
| ” ৩০ | ইস্যু | ৩০০ | |

*[ঢা.বো. ১৫]*

ক. মোট ক্রয়ের পরিমাণ নির্ণয় করো। ২
খ. FIFO পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত করো। ৪
গ. LIFO পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত করো। ৪

**২১ নং প্রশ্নের সমাধান**

ক মোট ক্রয়ের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | একক | দর | মূল্য |
|---|---|---|---|---|
| ২০১৪ জুন-৭ | ক্রয় | ৫০০ | ৯ | ৪,৫০০ |
| ” ১৪ | ক্রয় | ৩০০ | ৮ | ২,৪০০ |
| | | ৮০০ | | ৬,৯০০ |

**উত্তর :** ক্রয়কৃত পণ্যের একক ৮০০ যার মূল্য ৬,৯০০ টাকা।

খ

মালের বিবরণ : ............ **সালমা কসমেটিকস লিমিটেড** সর্বোচ্চ মাত্রা : ...............
কোড নম্বর : ................ **মাল খতিয়ান** সর্বনিম্ন মাত্রা : .................
বিন নম্বর : .................. **(FIFO পদ্ধতিতে)** পুনঃফরমায়েশ মাত্রা : ........
অবস্থান : ...................

| তারিখ | বিবরণ | গ্রহণ/ক্রয় | | | ইস্যু | | | মজুদ | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পরিমাণ (একক) | দর | মূল্য (টাকা) | পরিমাণ (একক) | দর | মূল্য (টাকা) | পরিমাণ (একক) | দর | মূল্য (টাকা) |
| ২০১৪ জুন-১ | প্রারম্ভিক মজুদ | | | | | | | ১,০০০ | ১০ | ১০,০০০ |
| ” ৭ | ক্রয় | ৫০০ | ৯ | ৪,৫০০ | | | | ১,০০০<br>৫০০ | ১০<br>৯ | ১০,০০০<br>৪,৫০০ |
| ” ১২ | ইস্যু | | | | ৭০০ | ১০ | ৭,০০০ | ৩০০<br>৫০০ | ১০<br>৯ | ৩,০০০<br>৪,৫০০ |
| ” ১৪ | ক্রয় | ৩০০ | ৮ | ২,৪০০ | | | | ৩০০<br>৫০০<br>৩০০ | ১০<br>৯<br>৮ | ৩,০০০<br>৪,৫০০<br>২,৪০০ |
| ” ২০ | ইস্যু | | | | ৩০০<br>৫০০ | ১০<br>৯ | ৩,০০০<br>৪,৫০০ | ৩০০ | ৮ | ২,৪০০ |
| ” ৩০ | ইস্যু | | | | ৩০০ | ৮ | ২,৪০০ | | | |

**উত্তর :** সমাপনী মজুদ পণ্য ০ টাকা।

গ

মালের বিবরণ : ............ **সালমা কসমেটিকস লিমিটেড** সর্বোচ্চ মাত্রা : ...............
কোড নম্বর : ................ **মাল খতিয়ান** সর্বনিম্নমাত্রা : .................
বিন নম্বর : .................. **(LIFO পদ্ধতিতে)** পুনঃফরমায়েশ মাত্রা : ........
অবস্থান : ...................

| তারিখ | বিবরণ | গ্রহণ/ক্রয় | | | ইস্যু | | | মজুদ | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পরিমাণ (একক) | দর | মূল্য (টাকা) | পরিমাণ (একক) | দর | মূল্য (টাকা) | পরিমাণ (একক) | দর | মূল্য (টাকা) |
| ২০১৪ জুন-১ | প্রারম্ভিক মজুদ | | | | | | | ১,০০০ | ১০ | ১০,০০০ |
| ” ৭ | ক্রয় | ৫০০ | ৯ | ৪,৫০০ | | | | ১,০০০<br>৫০০ | ১০<br>৯ | ১০,০০০<br>৪,৫০০ |
| ” ১২ | ইস্যু | | | | ৫০০<br>২০০ | ৯<br>১০ | ৪,৫০০<br>২,০০০ | ৮০০ | ১০ | ৮,০০০ |
| ” ১৪ | ক্রয় | ৩০০ | ৮ | ২,৪০০ | | | | ৮০০<br>৩০০ | ১০<br>৮ | ৮,০০০<br>২,৪০০ |
| ” ২০ | ইস্যু | | | | ৩০০<br>৫০০ | ৮<br>১০ | ২,৪০০<br>৫,০০০ | ৩০০ | ১০ | ৩,০০০ |
| ” ৩০ | ইস্যু | | | | ৩০০ | ১০ | ৩,০০০ | | | |

**উত্তর :** সমাপনী মজুদ পণ্য ০ টাকা।

**প্রশ্ন ▶২২** সেতু ট্রেডার্সের নিকট বছরের শুরুতে ৮ টাকা দরে ৪০০ একক পণ্য মজুদ ছিল। সারা বছর সেতু ট্রেডার্সের ক্রয়ের পরিমাণ ছিল নিম্নরূপ :

ফেব্রু. ২৫ ৯ টাকা দরে ৬০০ একক।
মে ১০ ১০ টাকা দরে ৫০০ একক।
জুলাই ২০ ১১ টাকা দরে ৩০০ একক।
নভে. ১৫ ১২ টাকা দরে ২০০ একক।

সারা বছর বিক্রয়ের পরিমাণ প্রতি একক ২০ টাকা করে ১,৫০০ একক। *[দি.বো. ১৫]*

ক. সেতু ট্রেডার্সের সমাপনী মজুদ পণ্যের পরিমাণ (একক) নির্ণয় করো। ২
খ. ভারযুক্ত গড় পদ্ধতিতে সমাপনী মজুদ পণ্যের মূল্য নির্ণয় করো। ৪
গ. আয় বিবরণী তৈরি করে মোট মুনাফা নির্ণয় করো। ৪

**২২ নং প্রশ্নের সমাধান**

**ক** সমাপনী মজুদ পণ্যের পরিমাণ (একক) নিরূপণ :

| তারিখ | বিবরণ | একক |
|---|---|---|
| জানু.-১ | প্রারম্ভিক মজুদ | ৪০০ |
| ফেব্রু.-২৫ | ক্রয় | ৬০০ |
| মে-১০ | ক্রয় | ৫০০ |
| জুলাই-২০ | ক্রয় | ৩০০ |
| নভে.-১৫ | ক্রয় | ২০০ |
| | | ২,০০০ |
| | বাদ : বিক্রয় | ১,৫০০ |
| | **সমাপনী মজুদ পণ্য** | ৫০০ |

**উত্তর :** সমাপনী মজুদ পণ্যের পরিমাণ ৫০০ (একক)।

**খ** বিক্রয়যোগ্য পণ্যের ব্যয় নিরূপণ :

| তারিখ | বিবরণ | এককসমূহ | একক ব্যয় | মোট ব্যয় |
|---|---|---|---|---|
| জানু.-১ | প্রারম্ভিক মজুদ | ৪০০ | ৮ | ৩,২০০ |
| ফেব্রু.-২৫ | ক্রয় | ৬০০ | ৯ | ৫,৪০০ |
| মে-১০ | ক্রয় | ৫০০ | ১০ | ৫,০০০ |
| জুলাই-২০ | ক্রয় | ৩০০ | ১১ | ৩,৩০০ |
| নভে.-১৫ | ক্রয় | ২০০ | ১২ | ২,৪০০ |
| | **মোট** | ২,০০০ | | ১৯,৩০০ |

$\therefore$ গড় ব্যয় (প্রতি একক) $= \frac{\text{বিক্রয়যোগ্য পণ্যের ব্যয়}}{\text{বিক্রয়যোগ্য পণ্যের একক}} = \frac{১৯,৩০০}{২,০০০} =$ ৯.৬৫ টাকা

$\therefore$ সমাপনী মজুদ পণ্যের মূল্য = ৫০০ × ৯.৬৫ = ৪,৮২৫ টাকা

**উত্তর :** সমাপনী মজুদ পণ্যের মূল্য ৪,৮২৫ টাকা।

**গ**

**সেতু ট্রেডার্স**
**বিশদ আয় বিবরণী**
...... সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| বিক্রয় (২০ × ১,৫০০) | | | ৩০,০০০ |
| বাদ : বিক্রীত পণ্যের ব্যয় : | | | |
| বিক্রয়যোগ্য পণ্যের ব্যয় | | ১৯,৩০০ | |
| বাদ : সমাপনী মজুদ পণ্য | | ৪,৮২৫ | (১৪,৪৭৫) |
| **মোট মুনাফা** | | | ১৫,৫২৫ |

**উত্তর :** মোট মুনাফা ১৫,৫২৫ টাকা।

**প্রশ্ন ▶২৩** মেসার্স বোরহান-এর কাঁচামাল সংক্রান্ত নিম্নলিখিত তথ্যগুলো পাওয়া যায় :

২০১৪
নভে. ১ প্রারম্ভিক মজুদ ২৫০ কেজি টাকা ১৫।
" ৮ কাঁচামাল ক্রয় ৩০০ কেজি টাকা ১৮
" ১২ কারখানার ইস্যু ৩৪০ কেজি।
" ১৫ সরবরাহকারীর নিকট ফেরত ৩০ কেজি (৮ তারিখে ক্রীত পণ্য)
" ১৮ গুদামে ফেরত ২০ কেজি (১২ তারিখে ইস্যুকৃত)
" ২৮ কারখানায় ইস্যু ১৮০ কেজি।
" ৩০ গুদামে সমাপনী মজুদ ২৫০ কেজি। *[কু. বো. ১৫]*

ক. বিনষ্ট পণ্যের পরিমাণ কত? ২
খ. 'মাল আগে ছাড়া' পদ্ধতিতে মাল খতিয়ান তৈরি করো। ৪
গ. 'আগের পরের মাল আগে ছাড়া' পদ্ধতিতে ১৫ ও ১৮ তারিখে ফেরত পণ্যের মূল্য কত টাকা। ৪

**২৩ নং প্রশ্নের সমাধান**

**ক** বিনষ্ট পণ্যের পরিমাণ নিরূপণ :

বিনষ্ট পণ্য = (প্রারম্ভিক মজুদ + ক্রয় + কারখানা থেকে ফেরত) – (ইস্যু + ক্রয় ফেরত + সমাপনী মজুদ)
= (২৫০ + ৩০০ + ২০) – (৩৪০ + ১৮০ + ৩০ + ২৫০)
= ৫৭০ – ৮০০
= (২৩০) একক

**উত্তর :** বিনষ্ট পণ্যের পরিমাণ ২৩০ একক।

**খ** পরের মাল আগে ছাড়া পদ্ধতিতে ১৫ ও ১৮ তারিখের ফেরত পণ্যের মূল্য নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা |
|---|---|---|
| ২০১৪ নভে.- ১৫ | ৩০ কেজি ১৮ টাকা করে | ৫৪০ |
| " ১৮ | ২০ কেজি ১৮ টাকা করে | ৩৬০ |
| | মোট | ৯০০ |

**উত্তর :** ফেরত মালের মূল্য ৯০০ টাকা।

**গ**

মালের বিবরণ.......................... **মেসার্স বোরহান** সর্বোচ্চ মাত্রা..........................
কোড নম্বর.............................. **মাল খতিয়ান** সর্বনিম্ন মাত্রা..........................
বিল নম্বর................................ পুনঃফরমায়েশ মাত্রা.................

| তারিখ | বিবরণ | প্রাপ্তি | | | ইস্যু | | | উদ্বৃত্ত | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পরিমাণ (একক) | হার | মূল্য (টাকা) | পরিমাণ (একক) | হার | মূল্য (টাকা) | পরিমাণ (একক) | হার | মূল্য (টাকা) |
| ২০১৪ নভে.-১ | প্রারম্ভিক মজুদ | | | | | | | ২৫০ | ১৫ | ৩,৭৫০ |
| " ৮ | ক্রয় | ৩০০ | ১৮ | ৫,৪০০ | | | | ২৫০<br>৩০০ | ১৫<br>১৮ | ৩,৭৫০<br>৫,৪০০ |
| " ১২ | ইস্যু | | | | ২৫০<br>৯০ | ১৫<br>১৮ | ৩,৭৫০<br>১,৬২০ | ২১০ | ১৮ | ৩,৭৮০ |
| " ১৫ | ফেরত | | | | ৩০ | ১৮ | ৫৪০ | ১৮০ | ১৮ | ৩,২৪০ |
| " ১৮ | গুদামে ফেরত | ২০ | ১৮ | ৩৬০ | | | | ২০০ | ১৮ | ৩,৬০০ |
| " ২৮ | ইস্যু | | | | ১৮০ | ১৮ | ৩,২৪০ | ২০ | ১৮ | ৩৬০ |
| " ৩০ | ঘাটতি | ২৩০ | ১৮ | ৪,১৪০ | | | | ২৫০ | ১৮ | ৪,৫০০ |

**উত্তর :** সমাপনী মজুদ ২৫০ একক, মূল্য ৪,৫০০ টাকা।

**প্রশ্ন ▶২৪** রাজীব লিমিটেডের ২০১৩ সালের জুন মাসের নিম্নোক্ত লেনদেন সংঘটিত হয় —

জুন ১ প্রারম্ভিক মজুদ ২০০ একক, প্রতি একক ১০.০০ টাকা মূল্যে।
" ৭ ক্রয় ৪০০ একক, প্রতি একক ১১.০০ টাকা করে।
" ১০ ক্রয় ৫০০ একক, প্রতি একক ১১.৫০ টাকা।
" ১৫ বিক্রয় ১০০০ একক, প্রতি একক ১২.০০ টাকা।
" ২৫ ক্রয় ৫০০ একক, প্রতি একক ১১.৭০ টাকা।
" ৩০ বিক্রয় ৩০০ একক, প্রতি একক ১২.৫০ টাকা। *[চ.বো. ১৫]*

ক. মোট বিক্রয়ের পরিমাণ নির্ণয় করো। ২
খ. FIFO পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত করা। ৪
গ. LIFO পদ্ধতিতে জুন ১৫ ও ৩০ তারিখের বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

**<u>২৪ নং প্রশ্নের সমাধান</u>**

**ক** মোট বিক্রয়ের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | একক | টাকা একক প্রতি | মোট টাকা |
|---|---|---|---|---|
| ২০১৩ | | | | |
| " ১৫ | বিক্রয় | ১,০০০ | ১২ | ১২,০০০ |
| " ৩০ | বিক্রয় | ৩০০ | ১২.৫০ | ৩,৭৫০ |
| | মোট | ১,৩০০ | | ১৫,৭৫০ |

**উত্তর :** বিক্রয় ১,৩০০ একক মূল্য ১৫,৭৫০ টাকা।

**খ**

মালের বিবরণ.......................... **রাজীব লিমিটেড** সর্বোচ্চ মাত্রা..........................
কোড নম্বর.............................. **মাল খতিয়ান (FIFO)** সর্বনিম্ন মাত্রা..........................
বিল নম্বর................................ পুনঃফরমায়েশ মাত্রা.................

| তারিখ | বিবরণ | প্রাপ্তি | | | ইস্যু | | | উদ্বৃত্ত | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পরিমাণ (একক) | হার | মূল্য (টাকা) | পরিমাণ (একক) | হার | মূল্য (টাকা) | পরিমাণ (একক) | হার | মূল্য (টাকা) |
| ২০১৩ জুন-১ | প্রারম্ভিক মজুদ | | | | | | | ২০০ | ১০ | ২,০০০ |
| " ৭ | ক্রয় | ৪০০ | ১১ | ৪,৪০০ | | | | ২০০<br>৪০০ | ১০<br>১১ | ২,০০০<br>৪,৪০০ |
| " ১০ | ক্রয় | ৫০০ | ১১.৫০ | ৫,৭৫০ | | | | ২০০<br>৪০০<br>৫০০ | ১০<br>১১<br>১১.৫০ | ২,০০০<br>৪,৪০০<br>৫,৭৫০ |
| " ১৫ | বিক্রয় | | | | ২০০<br>৪০০<br>৪০০ | ১০<br>১১<br>১১.৫০ | ২,০০০<br>৪,৪০০<br>৪,৬০০ | ১০০ | ১১.৫০ | ১,১৫০ |
| " ২৫ | ক্রয় | ৫০০ | ১১.৭০ | ৫,৮৫০ | | | | ১০০<br>৫০০ | ১১.৫০<br>১১.৭০ | ১,১৫০<br>৫,৮৫০ |
| " ৩০ | বিক্রয় | ১০০<br>২০০ | ১১.৫০<br>১১.৭০ | ১,১৫০<br>২,৩৪০ | | | | ৩০০ | ১১.৭০ | ৩,৫১০ |
| | | | | | | | | ৩০০ | ১১.৭০ | ৩,৫১০ |

**উত্তর :** সমাপনী মজুদ পণ্য ৩,৫১০ টাকা (৩০০ একক)

**গ** LIFO পদ্ধতিতে বিক্রীত পণ্যের ব্যয় নিরূপণ :

১৫ জুন তারিখের

বিক্রীত পণ্যের ব্যয় = (৫০০ × ১১.৫০) + (৪০০ × ১১) + (১০০ × ১০)
= ৫,৭৫০ + ৪,৪০০ + ১,০০০ = ১১,১৫০ টাকা

৩০ জুন তারিখে

বিক্রীত পণ্যের ব্যয় = (৩০০ × ১১.৭০) = ৩,৫১০ টাকা

**উত্তর :** ১১,১৫০ টাকা ও ৩,৫১০ টাকা।

**প্রশ্ন ▶২৫** সোমা ম্যানুফ্যাকচারিং কোম্পানির ২০১৪ সালের ডিসেম্বর মাসের কাঁচামাল ক্রয় এবং ইস্যু সংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ:—

২০১৪
ডিসে. ১ প্রারম্ভিক উদ্বৃত্ত ২০০ একক @ টাকা ৫.০০
" ৫ ক্রয় ১০০ একক @ টাকা ৫.২০
" ৮ ইস্যু ২৪০ একক
" ১০ ইস্যু ২০ একক
" ১৫ ক্রয় ১৬০ একক @ টাকা ৫.৪০
" ১৮ ইস্যু ১০০ একক
" ২০ ক্রয় ২০০ একক @ টাকা ৫.৬০
" ২৯ ইস্যু ১৬০ একক
" ৩১ কারখানা হতে ফেরত ২০ একক

গুদামরক্ষক ২৬ তারিখে ২০ একক মাল ঘাটতি পেয়েছেন। *[ব.বো. ১৫]*

ক. ডিসেম্বর মাসের মোট ক্রয়ের পরিমাণ (একক) নির্ণয় করো। ২
খ. ১, ৫, ৮ ও ২৬ তারিখের তথ্য ব্যবহার করে FIFO পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত করো। ৪
গ. ১, ৫, ১৮ ও ২০ তারিখের তথ্য ব্যবহার করে ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত করো। ৪

**২৫ নং প্রশ্নের সমাধান**

**ক** ডিসেম্বর মাসের মোট ক্রয়ের পরিমাণ (একক) নির্ণয় **:**

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০১৪ | | | |
| ডিসে.-৫ | ক্রয় | ১০০ | |
| " ১৫ | ক্রয় | ১৬০ | |
| " ২০ | ক্রয় | ২০০ | |
| | **মোট ক্রয়** | | ৪৬০ |

**উত্তর :** মোট ক্রয়ের পরিমাণ ৪৬০ একক।

**খ**

মালের বিবরণ........................... **সোমা ম্যানুফ্যাকচারিং কোম্পানি** সর্বোচ্চ মাত্রা..........................
কোড নম্বর.............................. **মাল খতিয়ান** সর্বনিম্ন মাত্রা..........................
বিল নম্বর................................ **(FIFO পদ্ধতি)** পুনঃফরমায়েশ মাত্রা.................

| তারিখ | বিবরণ | প্রাপ্তি | | | ইস্যু | | | উদ্বৃত্ত | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পরিমাণ (একক) | হার | মূল্য (টাকা) | পরিমাণ (একক) | হার | মূল্য (টাকা) | পরিমাণ (একক) | হার | মূল্য (টাকা) |
| ২০১৪ ডিসে.-১ | প্রারম্ভিক মজুদ | | | | | | | ২০০ | ৫ | ১,০০০ |
| " ৫ | ক্রয় | ১০০ | ৫.২০ | ৫২০ | | | | ২০০<br>১০০ | ৫<br>৫.২০ | ১,০০০<br>৫২০ |
| " ৮ | ইস্যু | | | | ২০০<br>৪০ | ৫<br>৫.২০ | ১,০০০<br>২০৮ | ৬০ | ৫.২০ | ৩১২ |
| " ২৬ | ঘাটতি | | | | ২০ | ৫.২০ | ১০৪ | ৪০ | ৫.২০ | ২০৮ |

**উত্তর :** সমাপনী মজুদ পণ্য ৪০ একক, মূল্য ২০৮ টাকা।

**গ**

মালের বিবরণ........................... **সোমা ম্যানুফ্যাকচারিং কোম্পানি** সর্বোচ্চ মাত্রা..........................
কোড নম্বর.............................. **মাল খতিয়ান** সর্বনিম্ন মাত্রা..........................
বিল নম্বর................................ **(ভারযুক্ত গড় পদ্ধতি)** পুনঃফরমায়েশ মাত্রা.................

| তারিখ | বিবরণ | প্রাপ্তি | | | ইস্যু | | | উদ্বৃত্ত | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পরিমাণ (একক) | হার | মূল্য (টাকা) | পরিমাণ (একক) | হার | মূল্য (টাকা) | পরিমাণ (একক) | হার | মূল্য (টাকা) |
| ২০১৪ ডিসে.-১ | প্রারম্ভিক মজুদ | | | | | | | ২০০ | ৫ | ১,০০০ |

| তারিখ | বিবরণ | প্রাপ্তি | | | ইস্যু | | | উদ্বৃত্ত | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পরিমাণ (একক) | হার | মূল্য (টাকা) | পরিমাণ (একক) | হার | মূল্য (টাকা) | পরিমাণ (একক) | হার | মূল্য (টাকা) |
| ” ৫ | ক্রয় | ১০০ | ৫.২০ | ৫২০ | | | | ৩০০ | ৫.০৬৭ | ১,৫২০ |
| ” ১৮ | ইস্যু | | | | ১০০ | ৫.০৬৭ | ৫০৭ | ২০০ | ৫.০৬৭ | ১,০১৩ |
| ” ২০ | ক্রয় | ২০০ | ৫.৬০ | ১,১২০ | | | | ৪০০ | ৫.৩৩৩ | ২,১৩৩ |

**উত্তর :** সমাপনী মজুদ ৪০০ একক এবং মূল্য ২,১৩৩ টাকা।

## উত্তর সংকেতসহ সৃজনশীল প্রশ্ন

**প্রশ্ন ▶ ২৬** বশির কোম্পানির ২০১৮ সালের ১ জানুয়ারি তারিখে ১৫০ একক মজুদ পণ্য ছিল, যার প্রতিটির একক মূল্য ২০ টাকা। উক্ত বছরের নিম্নোক্ত ক্রয়সমূহ সংঘটিত হয়েছে—

| তারিখ | একক | একক ব্যয় |
|---|---|---|
| মার্চ-১৫ | ৪০০ | ২২.৫০ |
| জুলাই-২০ | ২৫০ | ২৪.০০ |
| সেপ্টেম্বর-৪ | ৩৫০ | ২৬.০০ |
| ডিসেম্বর-২ | ১০০ | ২৯.০০ |

১,০০০ একক পণ্য বিক্রয় করা হয়েছে। কোম্পানি কালান্তিক মজুদ ব্যবস্থায় পণ্যের হিসাব সংরক্ষণ করে।

ক. বিক্রয়যোগ্য পণ্যের ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. আগে আসলে আগে যায় পদ্ধতিতে সমাপনী মজুদ পণ্যের সংখ্যা ও মূল্য নির্ণয় করো। ৪

গ. ভারযুক্ত গড় ব্যয় পদ্ধতিতে সমাপনী মজুদ পণ্যের মূল্য ও বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

**সুপার টিপ্স:** প্রশ্নগুলোর সমাধান নিজে নিজে করতে চেষ্টা করো এবং নিচে দেওয়া উত্তরের সাথে মিলিয়ে নাও।

**উত্তর: ক.** বিক্রয়যোগ্য পণ্যের ব্যয় ৩০,০০০ টাকা। **খ.** সমাপনী মজুদ ২৫০ একক যার মূল্য ৬,৮০০ টাকা। **গ.** সমাপনী মজুদ পণ্য ৬,০০০ টাকা; বিক্রীত পণ্যের ব্যয় ২৪,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ২৭** বিআরবি ক্যাবল এর মালের ক্রয় বিক্রয় সংক্রান্ত তথ্যাবলি নিম্নে দেওয়া হলো:

২০১৯

জানু. ১ প্রারম্ভিক উদ্বৃত্ত ১০০ একক, প্রতি একক ২.০০ টাকা করে।

” ৭ ক্রয় প্রতি একক ২.১০ টাকা করে ৩০০ একক।

” ১৫ বিক্রয় ২০০ একক।

” ২০ ক্রয় প্রতি একক ২.২০ টাকা করে ৪০০ একক।

” ২৫ বিক্রয় ৩০০ একক।

” ৩০ ক্রয় প্রতি একক ২.৪০ টাকা করে ৫০০ একক।

ক. বিক্রয়যোগ্য পণ্যের ব্যয় নির্ণয় করো। ২

খ. ফাইফো পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত করো। ৪

গ. ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত করো। ৪

**সুপার টিপ্স:** প্রশ্নগুলোর সমাধান নিজে নিজে করতে চেষ্টা করো এবং নিচে দেওয়া উত্তরের সাথে মিলিয়ে নাও।

**উত্তর: ক.** বিক্রয়যোগ্য পণ্যের ব্যয় ২,৯১০ টাকা। **খ.** সমাপনী মজুদ পণ্যের পরিমাণ ৮০০ একক যার মূল্য ১,৮৬০ টাকা।

**গ.** সমাপনী মজুদের পরিমাণ ৮০০ একক যার মূল্য ১,৮৪৮ টাকা।

## নবম অধ্যায়

# ব্যয় ও ব্যয়ের শ্রেণিবিভাগ

পরীক্ষায় কমন পেতে অনন্য প্রশ্ন ও সমাধান | পৃষ্ঠা ১ উত্তর সংকেতসহ সৃজনশীল প্রশ্ন | পৃষ্ঠা ৯

## পরীক্ষায় কমন পেতে অনন্য প্রশ্ন ও সমাধান

**প্রশ্ন ▶ ১** একটি উৎপাদনকারী প্রতিষ্ঠানে ২০১৮ সালের জুন মাসে নিম্নোক্ত ব্যয়গুলো সংঘটিত হয়েছে:

| | |
|---|---|
| ১. প্রত্যক্ষ কাঁচামালের মূল্য ১,০০,০০০ টাকা। | ৫. উৎপাদন কাজে ১০ জন শ্রমিক নিয়োজিত রয়েছে। প্রত্যেকের মাসিক মজুরি ৮,০০০ টাকা। |
| ২. কারখানার মেশিন মেরামত খরচ ২৫,০০০ টাকা। | ৬. অফিস ও প্রশাসনিক খরচ ৪০,০০০ টাকা। |
| ৩. কর্মচারীদের প্রশিক্ষণ বাবদ ব্যয় ৩০,০০০ টাকা। | ৭. প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তার মাসিক বেতন ৫০,০০০ টাকা। |
| ৪. বিক্রয় প্রসার খরচ ২০,০০০ টাকা। | ৮. কারখানার শ্রমিকদের মাসিক স্বাস্থ্য বিমা খরচ ৫,০০০ টাকা। |

ক. প্রত্যক্ষ মজুরির পরিমাণ নির্ণয় করো। ২

খ. পণ্য ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. কালীন ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

### ১ নং প্রশ্নের সমাধান

**ক** প্রত্যক্ষ মজুরির পরিমাণ নিরূপণ:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| প্রত্যক্ষ মজুরি (১০ × ৮,০০০) | ৮০,০০০ | |
| **মোট প্রত্যক্ষ মজুরি** | | ৮০,০০০ |

**উত্তর:** প্রত্যক্ষ মজুরির পরিমাণ ৮০,০০০ টাকা।

**খ** পণ্য ব্যয়ের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| প্রত্যক্ষ কাঁচামাল | ১,০০,০০০ | |
| প্রত্যক্ষ মজুরি (ক থেকে প্রাপ্ত) | ৮০,০০০ | |
| কারখানার মেশিন মেরামত খরচ | ২৫,০০০ | |
| কারখানার শ্রমিকদের মাসিক স্বাস্থ্য বিমা ব্যয় | ৫,০০০ | |
| **মোট পণ্য ব্যয়** | | ২,১০,০০০ |

**উত্তর:** মোট পণ্য ব্যয় ২,১০,০০০ টাকা।

**গ** কালীন ব্যয়ের পরিমাণ নিরূপণ:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| কর্মচারীদের প্রশিক্ষণ বাবদ ব্যয় | ৩০,০০০ | |
| বিক্রয় প্রসার খরচ | ২০,০০০ | |
| অফিস ও প্রশাসনিক খরচ | ৪০,০০০ | |
| প্রধান নির্বাহী কর্মকর্তার বেতন | ৫০,০০০ | |
| **মোট কালীন ব্যয়** | | ১,৪০,০০০ |

**উত্তর:** মোট কালীন ব্যয় ১,৪০,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ২** মিসেস চাঁদনি 'যশোর ফার্নিচার মার্ট'-এর স্বত্বাধিকারী। ২০১৮ সালের সমাপ্ত আর্থিক বছরে উৎপাদন ব্যয় সংক্রান্ত তথ্য নিম্নরূপ: প্রারম্ভিক কাঁচামাল ৬০,০০০ টাকা; ম্যানেজারের বেতন ৪০,০০০ টাকা; কাঠ ক্রয় ৬,০০,০০০ টাকা; মিস্ত্রির মজুরি ২,০০,০০০ টাকা; অফিস ভাড়া ৫৭,০০০ টাকা; বার্নিসের জন্য রং ক্রয় ৫,০০০ টাকা; আলমারির গ্লাস ক্রয় ৩,০০০ টাকা; বিমা খরচ ৫,০০০ টাকা; নিরীক্ষা ফি ৬,০০০ টাকা; বিজ্ঞাপন খরচ ৮,০০০ টাকা; কারখানা বিদ্যুৎ ৪,০০০ টাকা; কমিশন প্রদান ৪,০০০ টাকা।

ক. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে বিক্রয় ও বিতরণ খরচের পরিমাণ কত? ২
খ. মিসেস চাঁদনি-এর পণ্য ব্যয়-এর পরিমাণ কত? ৪
গ. উক্ত বছরে প্রতিষ্ঠানের কালীন ব্যয় নির্ণয় করো। ৪

**২ নং প্রশ্নের সমাধান**

**ক** বিক্রয় ও বিতরণ খরচের পরিমাণ নিরূপণ:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| বিজ্ঞাপন খরচ | ৮,০০০ | |
| কমিশন প্রদান | ৪,০০০ | |
| **মোট বিক্রয় ও বিতরণ খরচ** | | ১২,০০০ |

**উত্তর:** মোট বিক্রয় ও বিতরণ খরচ ১২,০০০ টাকা।

**খ** পণ্য ব্যয়ের পরিমাণ নিরূপণ:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| প্রারম্ভিক কাঁচামাল | ৬০,০০০ | |
| যোগ: কাঁঠ ক্রয় | ৬,০০,০০০ | |
| **ব্যবহৃত কাঁচামাল** | | ৬,৬০,০০০ |
| মিস্ত্রির মজুরি | | ২,০০,০০০ |
| বার্নিসের জন্য রং ক্রয় | | ৫,০০০ |
| আলমারির গ্লাস ক্রয় | | ৩,০০০ |
| কারখানা বিদ্যুৎ | | ৪,০০০ |
| **মোট পণ্য ব্যয়** | | ৮,৭২,০০০ |

**উত্তর:** মোট পণ্য ব্যয় ৮,৭২,০০০ টাকা।

**গ** প্রতিষ্ঠানটির মোট কালীন ব্যয়ের পরিমাণ নিরূপণ:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| ম্যানেজারের বেতন | ৪০,০০০ | |
| অফিস ভাড়া | ৫৭,০০০ | |
| বিমা খরচ | ৫,০০০ | |
| নিরীক্ষা ফি | ৬,০০০ | |
| বিজ্ঞাপন খরচ | ৮,০০০ | |
| কমিশন প্রদান | ৪,০০০ | |
| **মোট কালীন ব্যয়** | | ১,২০,০০০ |

**উত্তর:** মোট কালীন ব্যয় ১,২০,০০০ টাকা।

**প্রশ্ন ▶৩** রহমান লি.-এর দুটি কার্যস্তরের তথ্যাবলি নিচে প্রদত্ত হলো:

| বিবরণ | ৮০% | ১০০% |
|---|---|---|
| উৎপাদন একক | ২৪,০০০ | ৩০,০০০ |
| প্রত্যক্ষ কাঁচামাল | ১,৪৪,০০০ | ১,৮০,০০০ |
| প্রত্যক্ষ মজুরি | ৬০,০০০ | ৭৫,০০০ |
| যন্ত্রপাতির অবচয় | ১০,০০০ | ১০,০০০ |
| পরোক্ষ কাঁচামাল | ৪৮,০০০ | ৬০,০০০ |

ক. উভয় কার্য স্তরের পরিবর্তশীল ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ২
খ. কোম্পানি ২৮,০০০ পণ্য উৎপাদন করলে মোট ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. ৮০% এবং ১০০% কার্যস্তরের পার্থক্যমূলক ব্যয় নির্ণয় করো। ৪

## ৩ নং প্রশ্নের সমাধান

**ক** উভয় কার্যস্তরের পরিবর্তনশীল ব্যয়ের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | ৮০% (টাকা) | ১০০% (টাকা) |
|---|---|---|
| প্রত্যক্ষ কাঁচামাল | ১,৪৪,০০০ | ১,৮০,০০০ |
| প্রত্যক্ষ মজুরি | ৬০,০০০ | ৭৫,০০০ |
| পরোক্ষ কাঁচামাল | ৪৮,০০০ | ৬০,০০০ |
| **মোট পরিবর্তনশীল ব্যয়** | ২,৫২,০০০ | ৩,১৫,০০০ |

**উত্তর:** পরিবর্তনশীল ব্যয়ের পরিমাণ যথাক্রমে ২,৫২,০০০ টাকা এবং ৩,১৫,০০০ টাকা।

**খ** কোম্পানি ২৮,০০০ পণ্য উৎপাদন করলে মোট ব্যয়ের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| প্রত্যক্ষ কাঁচামাল {(১,৮০,০০০ ÷ ৩০,০০০) × ২৮,০০০} | ১,৬৮,০০০ | |
| প্রত্যক্ষ মজুরি {(৭৫,০০০ ÷ ৩০,০০০) × ২৮,০০০} | ৭০,০০০ | |
| যন্ত্রপাতির অবচয় | ১০,০০০ | |
| পরোক্ষ কাঁচামাল {(৬০,০০০ ÷ ৩০,০০০) × ২৮,০০০} | ৫৬,০০০ | |
| **মোট ব্যয়ের পরিমাণ** | | ৩,০৪,০০০ |

**উত্তর:** মোট ব্যয়ের পরিমাণ ৩,০৪,০০০ টাকা।

**গ** ৮০% এবং ১০০% কার্যস্তরের পার্থকমূলক ব্যয় নির্ণয়:

| বিবরণ | ৮০% (টাকা) | ১০০% (টাকা) | পার্থক্যমূলক ব্যয় |
|---|---|---|---|
| প্রত্যক্ষ কাঁচামাল | ১,৪৪,০০০ | ১,৮০,০০০ | ৩৬,০০০ |
| প্রত্যক্ষ মজুরি | ৬০,০০০ | ৭৫,০০০ | ১৫,০০০ |
| যন্ত্রপাতির অবচয় | ১০,০০০ | ১০,০০০ | – |
| পরোক্ষ কাঁচামাল | ৪৮,০০০ | ৬০,০০০ | ১২,০০০ |
| | ২,৬২,০০০ | ৩,২৫,০০০ | ৬৩,০০০ |

**উত্তর:** পার্থক্যমূলক ব্যয়ের পরিমাণ ৬৩,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ৪** শেভরণ ম্যানুফ্যাকচারিং লি.-এর উৎপাদন সংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ:
কাঁচামাল ৪,০০০ একক, প্রতি ১০০ টাকা হারে। মজুরি ২,০০০ ঘণ্টা, প্রতি ঘণ্টা ৪০ টাকা হারে। কারখানা উপরিব্যয় মজুরির ৫০%, অফিস খরচ ও বিক্রয় খরচ উৎপাদন ব্যয়ের যথাক্রমে ১০% ও ৫%। মুনাফা মোট ব্যয়ের ৩০%।

ক. বিক্রয়মূল্যের ওপর মুনাফার হার নির্ণয় করো। ২
খ. পরোক্ষ আরোপণযোগ্য খরচের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. শেভরণ ম্যানুফ্যাকচারিং লি.-এর ব্যয় বিবরণী প্রস্তুত করো। ৪

## ৪ নং প্রশ্নের সমাধান

**ক** বিক্রয়মূল্যের ওপর মুনাফার হার নিরূপণ:
মুনাফার পরিমাণ মোট ব্যয়ের ওপর ৩০%

$$\therefore \text{বিক্রয়মূল্যের ওপর মুনাফার হার} = \frac{\text{মুনাফার হার}}{১০০ + \text{মুনাফার হার}} \times ১০০ = \frac{৩০}{১০০ + ৩০} \times ১০০ = \frac{৩০}{১৩০} \times ১০০ = ২৩.০৮\%$$

**উত্তর:** বিক্রয়মূল্যের ওপর মুনাফার হার ২৩.০৮%।

**খ** পরোক্ষ আরোপণযোগ্য খরচের পরিমাণ নিরূপণ:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| কারখানা উপরিব্যয় [(২,০০০ × ৪০) × ৫০%] | ৪০,০০০ | |
| অফিস খরচ [(৪,০০,০০০ + ৮০,০০০ + ৪০,০০০) × ১০%] | ৫২,০০০ | |
| বিক্রয় খরচ (৫,২০,০০০ × ৫%) | ২৬,০০০ | |
| **মোট পরোক্ষ আরোপণযোগ্য খরচ** | | ১,১৮,০০০ |

**উত্তর:** পরোক্ষ আরোপণযোগ্য খরচ ১,১৮,০০০ টাকা।

গ

**শেভরণ ম্যানুফ্যাকচারিং লি.**
**উৎপাদন ব্যয় বিবরণী**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| কাঁচামাল (৪,০০০ × ১০০) | ৪,০০,০০০ | |
| প্রত্যক্ষ মজুরি (২,০০০ × ৪০) | ৮০,০০০ | |
| **মুখ্য ব্যয়** | | ৪,৮০,০০০ |
| যোগ: কারখানা উপরিব্যয় (৮০,০০০ × ৫০%) | | ৪০,০০০ |
| **উৎপাদন ব্যয়** | | ৫,২০,০০০ |

**উত্তর:** উৎপাদন ব্যয় ৫,২০,০০০ টাকা।

প্রশ্ন ▶ ৫ ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে রহমান এন্ড কোম্পানি লি.-এর তথ্যাবলি ছিল নিম্নরূপ:

| ব্যয়ের উপাদান | টাকা |
|---|---|
| **প্রারম্ভিক মজুদ পণ্য:** | |
| কাঁচামাল | ৮,০০,০০০ |
| আধা প্রস্তুত পণ্য | ৫,১০,০০০ |
| সম্পূর্ণ প্রস্তুত পণ্য | ৪,৫০,০০০ |
| উৎপাদন মজুরি | ৭,৮০,০০০ |
| কাঁচামাল ক্রয় | ১২,৭০,০০০ |
| কাঁচামালের প্যাকিং খরচ | ৫০,০০০ |
| **সমাপনী মজুদ পণ্য:** | |
| কাঁচামাল | ৩,৮০,০০০ |
| আধা প্রস্তুত পণ্য | ২,৭০,০০০ |
| সম্পূর্ণ প্রস্তুত পণ্য | ৫,০০,০০০ |
| কারখানা উপরিব্যয় (উৎপাদন মজুরির ২/৩ অংশ) | |
| প্রশাসনিক উপরিব্যয় (কারখানা ব্যয়ের ২৫%) | |
| বিক্রয় ব্যয় (বিক্রয়ের ৮%) | |
| মুনাফা (বিক্রয়ের ২০%) | |

ক. ব্যবহৃত কাঁচামালের ব্যয় নির্ণয় করো। ২
খ. মুখ্য ব্যয় ২৭,৩০,০০০ হলে উৎপাদিত পণ্যের ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. বিক্রীত পণ্যের ব্যয় ৩৪,০০,০০০ টাকা হলে মোট ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

**৫ নং প্রশ্নের সমাধান**

ক ব্যবহৃত কাঁচামালের ব্যয়ের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| কাঁচামালের প্রারম্ভিক মজুদ | | ৮,০০,০০০ |
| যোগ: কাঁচামাল ক্রয় | ১২,৭০,০০০ | |
| কাঁচামালের প্যাকিং খরচ | ৫০,০০০ | ১৩,২০,০০০ |
| **ব্যবহারযোগ্য কাঁচামালের ব্যয়** | | ২১,২০,০০০ |
| বাদ: কাঁচামালের সমাপনী মজুদ | | ৩,৮০,০০০ |
| **ব্যবহৃত কাঁচামালের ব্যয়** | | ১৭,৪০,০০০ |

**উত্তর:** ব্যবহৃত কাঁচামালের ব্যয় ১৭,৪০,০০০ টাকা।

খ

**রহমান এন্ড কোম্পানি লি.**
**ব্যয় বিবরণী (আংশিক)**
২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **মুখ্য ব্যয়** | | ২৭,৩০,০০০ |
| যোগ: কারখানার উপরিব্যয় (৭,৮০,০০০ × ২/৩) | | ৫,২০,০০০ |
| **কারখানার উৎপাদন ব্যয়** | | ৩২,৫০,০০০ |

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| যোগ: আধা প্রস্তুত পণ্যের প্রারম্ভিক মজুদ | | ৫,১০,০০০ |
| | | ৩৭,৬০,০০০ |
| বাদ: আধা প্রস্তুত পণ্যের সমাপনী মজুদ | | ২,৭০,০০০ |
| **উৎপাদিত পণ্যের মোট ব্যয়** | | ৩৪,৯০,০০০ |

**উত্তর:** উৎপাদিত পণ্যের ব্যয় ৩৪,৯০,০০০ টাকা।

গ

**রহমান এন্ড কোম্পানি লি.**
**ব্যয় বিবরণী (আংশিক)**
২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| বিক্রীত পণ্যের ব্যয় | | ৩৪,০০,০০০ |
| যোগ: প্রশাসনিক উপরিব্যয় (কারখানা ব্যয়ের ২৫%) | ৮,১২,৫০০ | |
| বিক্রয় ব্যয় (বিক্রয়ের ৮% টীকা: ১) | ৪,৬৮,০৫৬ | ১২,৮০,৫৫৬ |
| **মোট ব্যয়ের পরিমাণ** | | ৪৬,৮০,৫৫৬ |

**টীকা:** ১. 'খ' নং প্রশ্নের কারখানার ব্যয় ৩২,৫০,০০০ টাকা ধরে প্রশাসনিক উপরিব্যয় ধার্য করা হলো।
২. প্রদত্ত তথ্য মোতাবেক,

| | |
|---|---|
| বিক্রয়ের পরিমাণ | ১০০ টাকা |
| বাদ: মুনাফা | ২০ টাকা |
| মোট ব্যয় | ৮০ টাকা |
| বাদ: বিক্রয় ব্যয় | ৮ টাকা |
| (বিক্রীত পণ্যের ব্যয় + প্রশাসনিক ব্যয়) | ৭২ টাকা |

প্রশাসনিক ব্যয়সহ বিক্রীত পণ্যের ব্যয় = (৩৪,০০,০০০ + ৮,১২,৫০০) টাকা = ৪২,১২,৫০০ টাকা

সুতরাং বিক্রয় ব্যয় = ৪২,১২,৫০০ × $\frac{৮}{৭২}$ টাকা = ৪,৬৮,০৫৬ টাকা

**উত্তর:** মোট ব্যয় ৪৬,৮০,৫৫৬ টাকা।

**প্রশ্ন ▶৬** ডিউক কোম্পানি একটি বিশেষ ধরনের মোটরসাইকেল হেলমেট তৈরিতে দক্ষ। এ মডেলের হেলমেট ক্রেতাদের নিকট বর্তমানে বিশেষভাবে সমাদৃত এবং কোম্পানি বর্তমানে ৬০০ পিস হেলমেট উৎপাদন করছে। খরচ সংক্রান্ত তথ্যাবলি নিচে প্রদান করা হলো:

| বিবরণ | টাকা |
|---|---|
| কারখানা সরঞ্জামের ভাড়া | ৯,০০০ |
| কারখানার বিমা খরচ | ২,০০০ |
| কাঁচামাল ক্রয় | ৮০,০০০ |
| কারখানার পরিসেবা ব্যয় | ১,২০০ |
| অফিসের মনিহারি খরচ | ৩০০ |
| সংযোগ লাইনের শ্রমিকের মজুরি | ৪৫,০০০ |
| অফিস সরঞ্জামের অবচয় | ১,৫০০ |
| কারখানা ম্যানেজারের বেতন | ৬,৩০০ |
| কারখানা বিল্ডিং-এর সম্পত্তি কর | ৫০০ |
| বিজ্ঞাপন খরচ | ১৬,০০০ |
| বিক্রয়কর্মীর কমিশন | ৯,০০০ |
| কারখানা ভবনের অবচয় | ২,০০০ |

ক. মোট কালীন ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ২
খ. মোট কারখানা উপরিব্যয় নির্ণয় করো। ৪
গ. একটি হেলমেট তৈরির ব্যয় নির্ণয় করো। ৪

**৬ নং প্রশ্নের সমাধান**

**ক** কালীন ব্যয়ের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| অফিসের মনিহারি খরচ | ৩০০ | |
| অফিস সরঞ্জামের অবচয় | ১,৫০০ | |
| বিজ্ঞাপন খরচ | ১৬,০০০ | |
| বিক্রয়কর্মীর কমিশন | ৯,০০০ | |
| **মোট কালীন ব্যয়** | | ২৬,৮০০ |

**উত্তর:** মোট কালীন ব্যয়ের পরিমাণ ২৬,৮০০ টাকা।

**খ** কারখানা উপরিব্যয়ের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| কারখানা সরঞ্জামের ভাড়া | ৯,০০০ | |
| কারখানার বিমা খরচ | ২,০০০ | |
| কারখানার পরিসেবা ব্যয় | ১,২০০ | |
| সংযোগ লাইনের শ্রমিকের মজুরি | ৪৫,০০০ | |
| কারখানা ম্যানেজারের বেতন | ৬,৩০০ | |
| কারখানা বিল্ডিং-এর সম্পত্তির কর | ৫০০ | |
| কারখানা ভবনের অবচয় | ২,০০০ | |
| **মোট কারখানা উপরিব্যয়** | | ৬৬,০০০ |

**উত্তর:** কারখানা উপরিব্যয়ের পরিমাণ ৬৬,০০০ টাকা।

**গ**

**ডিউক কোম্পানি**
**ব্যয় বিবরণী**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| কাঁচামাল ক্রয় | ৮০,০০০ | |
| যোগ: কারখানা উপরিব্যয় (খ থেকে প্রাপ্ত) | ৬৬,০০০ | |
| **উৎপাদন ব্যয়** | | ১,৪৬,০০০ |

একক প্রতি হেলমেট তৈরির ব্যয় $= \frac{১,৪৬,০০০}{৬০০} =$ ২৪৩.৩৩ টাকা

**উত্তর:** একটি হেলমেট তৈরির ব্যয় ২৪৩.৩৩ টাকা।

**প্রশ্ন ▶ ৭** JMI ফেব্রিক্স লি. মাসে ৩,৫০০ একক পণ্য উৎপাদনের কার্যক্ষমতা রয়েছে। পণ্য উৎপাদনে প্রতিষ্ঠানটির ব্যয়ের তথ্য নিম্নরূপ:

| বিবরণ | টাকা (এককপ্রতি) |
|---|---|
| কাঁচামাল (এককপ্রতি উৎপাদনে ৫ মি. কাপড় ব্যবহৃত হয়, কাপড়ের মিটার প্রতি মূল্য ৩৬ টাকা) | ১৮০ |
| মজুরি (প্রতি একক উৎপাদনে ৭ ঘণ্টা প্রয়োজন হয় এবং ঘণ্টা প্রতি মজুরি হার ২৮ টাকা) | ১৯৬ |
| কারখানা উপরিব্যয় (১,৫৭,০০০ + ৭ × প্রকৃত কার্যঘণ্টা) | |

২০১৮ সালের জানুয়ারি মাসে ১৬,১০০ ঘণ্টা কাজ সম্পাদিত হয়েছে এবং উৎপাদন কার্যে ১১,৫০০ মিটার কাপড় ব্যবহৃত হয়েছে।

ক. মোট মিশ্র ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ২
খ. JMI ফেব্রিক্স লি.-এর এককপ্রতি পণ্যের উৎপাদন ব্যয় নির্ণয় করো। ৪
গ. ২৫% লাভে প্রতিটি পণ্যের বিক্রয়মূল্য নির্ণয় করো। ৪

**৭ নং প্রশ্নের সমাধান**

**ক** মোট মিশ্র ব্যয়ের পরিমাণ নিরূপণ:

| বিবরণ | | টাকা |
|---|---|---|
| কারখানা উপরিব্যয় (১,৫৭,০০০ + ৭ × ১৬,১০০) | ২,৬৯,৭০০ | |
| **মিশ্র ব্যয়ের পরিমাণ** | | ২,৬৯,৭০০ |

**উত্তর:** মোট মিশ্র ব্যয়ের পরিমাণ ২,৬৯,৭০০ টাকা।

খ এককপ্রতি পণ্যের উৎপাদন ব্যয়ের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| কাঁচামাল | ১৮০.০০ | |
| মজুরি | ১৯৬.০০ | |
| কারখানা উপরিব্যয় $\left(\frac{২,৬৯,৭০০}{২,৩০০}\right)$ | ১১৭.২৬ | |
| **এককপ্রতি উৎপাদন ব্যয়** | | ৪৯৩.২৬ |

**নোট:** মোট উৎপাদন = $\frac{\text{মোট কার্যঘণ্টা}}{৭} = \frac{১৬,১০০}{৭}$ = ২,৩০০ একক

**উত্তর:** এককপ্রতি পণ্যের উৎপাদন ব্যয় ৪৯৩.২৬ টাকা।

গ ২৫% লাভে প্রতিটি পণ্যের বিক্রয়মূল্য নিরূপণ:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| এককপ্রতি পণ্যের উৎপাদন ব্যয় (ক থেকে প্রাপ্ত) | ৪৯৩.২৬ | |
| যোগ: মুনাফা (৪৯৩.২৬ × ২৫%) | ১২৩.৩২ | |
| **বিক্রয়মূল্য** | | ৬১৬.৫৮ |

**উত্তর:** ২৫% লাভে এককপ্রতি বিক্রয়মূল্য ৬১৬.৫৮ টাকা।

**প্রশ্ন ▶৮** অক্ষর পত্র কোম্পানি লি.-এর হিসাব বই থেকে নিম্নোক্ত তথ্যগুলো পাওয়া যায়:

| | |
|---|---|
| শ্রমিকের দক্ষতা বৃদ্ধির ব্যয় | ২৫,০০০ টাকা |
| কারখানার স্থির ভাড়া | ১,০০,০০০ টাকা |
| নতুন সিদ্ধান্ত গ্রহণের ব্যয় বৃদ্ধি | ২৫,০০০ টাকা |
| নতুন প্রকল্প গ্রহণে বিকল্প প্রকল্প ত্যাগের ব্যয় | ৫০,০০০ টাকা |
| পুরাতন অকেজো মেশিনের ব্যয় | ৫,০০,০০০ টাকা |
| অতিরিক্ত এক একক উৎপাদন বৃদ্ধির ব্যয় | ১০০ টাকা |
| মেশিন মেরামত ও হরতালের কারণে উৎপাদন বন্ধ সংক্রান্ত ব্যয় | ১০,০০০ টাকা |
| পুরাতন মেশিন অপসারণ ব্যয় | ১৫,০০০ টাকা |

ক. প্রান্তিক ব্যয়, বন্ধ সংক্রান্ত ব্যয় এবং পরিত্যাগ ব্যয় নির্ণয় করো। ২
খ. পার্থক্যমূলক ব্যয়, সুযোগ ব্যয় এবং নিমজ্জিত ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. নিয়ন্ত্রণযোগ্য ও অনিয়ন্ত্রণযোগ্য ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

**৮ নং প্রশ্নের সমাধান**

ক প্রান্তিক ব্যয়, বন্ধ সংক্রান্ত ব্যয় এবং পরিত্যাগ ব্যয় নির্ণয়:

| বিবরণ | টাকা |
|---|---|
| **প্রান্তিক ব্যয়:** | |
| অতিরিক্ত এক একক উৎপাদন বৃদ্ধির ব্যয় | ১০০ |
| **বন্ধ সংক্রান্ত ব্যয়:** | |
| মেশিন মেরামতের সময় উৎপাদন বন্ধ ব্যয় | ১০,০০০ |
| **পরিত্যাগ ব্যয়:** | |
| পুরাতন মেশিন অপসারণ ব্যয় | ১৫,০০০ |

**উত্তর:** প্রান্তিক ব্যয় ১০০ টাকা, বন্ধ সংক্রান্ত ব্যয় ১০,০০০ টাকা; পরিত্যক্ত ব্যয় ১৫,০০০ টাকা।

খ পার্থক্যমূলক ব্যয়, সুযোগ ব্যয় এবং নিমজ্জিত ব্যয়ের পরিমাণ:

| বিবরণ | টাকা |
|---|---|
| **পার্থক্যমূলক ব্যয়:** | |
| নতুন সিদ্ধান্ত গ্রহণের ব্যয় বৃদ্ধি | ২৫,০০০ |
| **সুযোগ ব্যয়:** | |
| নতুন প্রকল্প গ্রহণে বিকল্প প্রকল্প ত্যাগের ব্যয় | ৫০,০০০ |
| **নিমজ্জিত ব্যয়:** | |
| পুরাতন অকেজো মেশিনের ব্যয় | ৫,০০,০০০ |

**উত্তর:** পার্থক্যমূলক ব্যয় ২৫,০০০ টাকা, সুযোগ ব্যয় ৫০,০০০ টাকা এবং নিমজ্জিত ব্যয় ৫,০০,০০০ টাকা।

গ নিয়ন্ত্রণযোগ্য ও অনিয়ন্ত্রণযোগ্য ব্যয় নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **নিয়ন্ত্রণযোগ্য ব্যয়:** | | |
| শ্রমিকের দক্ষতা বৃদ্ধির ব্যয় | ২৫,০০০ | |
| নতুন সিদ্ধান্ত গ্রহণের ব্যয় বৃদ্ধি | ২৫,০০০ | |
| উৎপাদন বন্ধ ব্যয় | ১০,০০০ | |
| মেশিন অপসারণ ব্যয় | ১৫,০০০ | |
| **মোট নিয়ন্ত্রণযোগ্য ব্যয়** | | ৭৫,০০০ |
| **অনিয়ন্ত্রণযোগ্য ব্যয়:** | | |
| কারখানার স্থির ভাড়া | ১,০০,০০০ | |
| পুরাতন অকেজো মেশিনের ব্যয় | ৫,০০,০০০ | |
| **মোট অনিয়ন্ত্রণযোগ্য ব্যয়** | | ৬,০০,০০০ |

**উত্তর:** নিয়ন্ত্রণযোগ্য ব্যয় ৭৫,০০০ টাকা, অনিয়ন্ত্রণযোগ্য ব্যয় ৬,০০,০০০ টাকা।

প্রশ্ন ▶ ৯ 'বনশ্রী কোম্পানি' কাঠের দরজা উৎপাদনকারী প্রতিষ্ঠান। বনশ্রী কোম্পানির কাঠের দরজা উৎপাদন থেকে শুরু করে বিক্রয় পর্যন্ত নিম্নোক্ত ব্যয়গুলো জড়িত:

১. প্রতি দরজার জন্য কাঠের ব্যয় ৮০০ টাকা।
২. প্রতি দরজার জন্য শ্রমিকের মজুরি ৩০০ টাকা।
৩. দরজার প্রস্তুতের জন্য ব্যবহৃত কারখানা সরঞ্জামের বার্ষিক অবচয় ২৫,০০০ টাকা।
৪. কারখানার ভাড়া বার্ষিক ৬০,০০০ টাকা।
৫. বিজ্ঞাপন খরচ মাসিক ২,৫০০ টাকা অথবা বার্ষিক ৩০,০০০ টাকা।
৬. বিক্রয় কমিশন প্রতি দরজা বিক্রয়ে ২০ টাকা।
৭. কারখানার কর্মচারীদের বেতন ১,১০,০০০ টাকা।
৮. কারখানার ম্যানেজারের বেতন ৭০,০০০ টাকা।
৯. বিক্রয় খরচ প্রতি দরজায় ১০ টাকা।
১০. বার্ষিক উৎপাদন ১০,০০০ একক।

ক. কালীন ব্যয়সমূহ চিহ্নিত করো এবং মোট কালীন ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ২
খ. মোট কারখানা উপরিব্যয় নির্ণয় করো। ৪
গ. মোট পণ্য ব্যয় নির্ণয় করো। ৪

**৯ নং প্রশ্নের সমাধান**

ক কালীন ব্যয়সমূহ চিহ্নিতপূর্বক পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| বিজ্ঞাপন খরচ | ৩০,০০০ | |
| বিক্রয় কমিশন (২০ × ১০,০০০) | ২,০০,০০০ | |
| বিক্রয় খরচ (১০ × ১০,০০০) | ১,০০,০০০ | |
| **মোট কালীন ব্যয়** | | ৩,৩০,০০০ |

**উত্তর:** মোট কালীন ব্যয় ৩,৩০,০০০ টাকা।
**নোট:** এখানে বার্ষিক উৎপাদন ও বিক্রয় একক সমপরিমাণ ধরা হলো।

খ মোট কারখানা উপরিব্যয় নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| কারখানা সরঞ্জামের অবচয় | ২৫,০০০ | |
| কারখানার ভাড়া | ৬০,০০০ | |
| কারখানার কর্মচারীদের বেতন | ১,১০,০০০ | |
| কারখানার ম্যানেজারের বেতন | ৭০,০০০ | |
| **কারখানা উপরিব্যয়** | | ২,৬৫,০০০ |

**উত্তর:** কারখানা উপরিব্যয় ২,৬৫,০০০ টাকা।

গ মোট পণ্য ব্যয় নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| কাঠের ব্যয় (৮০০ × ১০,০০০) | ৮০,০০,০০০ | |
| শ্রমিকের মজুরি (৩০০ × ১০,০০০) | ৩০,০০,০০০ | |
| যোগ: কারখানা উপরিব্যয় (খ হতে প্রাপ্ত) | ২,৬৫,০০০ | |
| **মোট পণ্য ব্যয়** | | ১,১২,৬৫,০০০ |

**উত্তর:** মোট পণ্য ব্যয় ১,১২,৬৫,০০০ টাকা।

## দশম অধ্যায়

# ব্যবস্থাপনা হিসাববিজ্ঞান পরিচিতি

পরীক্ষায় কমন পেতে অনন্য প্রশ্ন ও সমাধান | পৃষ্ঠা ১ বোর্ড পরীক্ষার প্রশ্ন ও সমাধান | পৃষ্ঠা ১০ উত্তর সংকেতসহ সৃজনশীল প্রশ্ন | পৃষ্ঠা ১৮

## পরীক্ষায় কমন পেতে অনন্য প্রশ্ন ও সমাধান

**প্রশ্ন ▶ ১** প্রাণ-আর. এফ. এল. কোম্পানি লি. গাজীপুরের একটি প্লান্টের মাধ্যমে দুটি পণ্য A এবং B উৎপাদন করে। ঋতু ভেদে পণ্যগুলো বিক্রয় করা হয় বলে বিক্রয়ের পরিমাণেও ভিন্নতা পরিলক্ষিত হয়। ২০১৯ সাল ব্যাপি নিম্নবর্ণিত পরিমাণে বিক্রয়ের পরিকল্পনা করা হয়।

| পণ্য | ঋতু | | |
|---|---|---|---|
| | শীত-বসন্ত | গ্রীষ্ম-বর্ষা | শরৎ-হেমন্ত |
| A | ৪৫,০০০ একক | ১,০০,০০০ একক | ১,২৫,০০০ একক |
| B | ৪২,৫০০ একক | ৩৭,৫০০ একক | ৩০,০০০ একক |

বিক্রয়মূল্য: A: প্রতি একক ১৫ টাকা; B: প্রতি একক ২৫ টাকা।

এছাড়া বিক্রয়ের উপরে ২% হারে পণ্য ফেরত এবং ৩% হারে অনাদায়ী পাওনা সঞ্চিতি রাখার ব্যবস্থা রয়েছে। ব্যবসায়ের ২০১৮ সালের বিক্রয় ফেরতের পরিমাণ ছিল ১,৫০,০০০ টাকা।

ক. ২০১৯ সালের মোট বিক্রয় এবং অনাদায়ী পাওনা সঞ্চিতির পরিমাণ নির্ণয় করো। ২

খ. ২০১৯ সালের বিক্রয় বাজেট প্রস্তুত করো। ৪

গ. ২০১৯ সালের সম্ভাব্য নিট বিক্রয় ও অনাদায়ী পাওনা সঞ্চিতির পরিমাণ নির্ণয় করো। ৪

### ১ নং প্রশ্নের সমাধান

**ক** ২০১৯ সালের মোট বিক্রয় এবং অনাদায়ী পাওনা সঞ্চিতির পরিমাণ নির্ণয়:

বিক্রয় ফেরতের পরিমাণ ১,৫০,০০০ টাকা

এবং বিক্রয় ফেরতের শতকরা হার ২%

$\therefore$ মোট বিক্রয় $= \frac{১,৫০,০০০}{.০২} =$ ৭৫,০০,০০০ টাকা

$\therefore$ অনাদায়ী পাওনা সঞ্চিতি = (৭৫,০০,০০০-১,৫০,০০০) × ৩% = ২,২০,৫০০ টাকা

**উত্তর:** মোট বিক্রয় ৭৫,০০,০০০ টাকা এবং অনাদায়ী পাওনা সঞ্চিতি ২,২০,৫০০ টাকা।

**খ**

**প্রাণ-আর এফ এল কোম্পানি লিমিটেড**
**বিক্রয় বাজেট**
**বাজেট কাল: (জানুয়ারি - ডিসেম্বর, ২০১৯)**

| ঋতু | পণ্য-A | | | পণ্য-B | | | মোট টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| | একক | মূল্য | টাকা | একক | মূল্য | টাকা | |
| শীত - বসন্ত | ৪৫,০০০ | ১৫ | ৬,৭৫,০০০ | ৪২,৫০০ | ২৫ | ১০,৬২,৫০০ | ১৭,৩৭,৫০০ |
| গ্রীষ্ম-বর্ষা | ১০০,০০০ | ১৫ | ১৫,০০,০০০ | ৩৭,৫০০ | ২৫ | ৯,৩৭,৫০০ | ২৪,৩৭,৫০০ |
| শরৎ-হেমন্ত | ১,২৫,০০০ | ১৫ | ১৮,৭৫,০০০ | ৩০,০০০ | ২৫ | ৭,৫০,০০০ | ২৬,২৫,০০০ |
| | | | ৪০,৫০,০০০ | | | ২৭,৫০,০০০ | ৬৮,০০,০০০ |

**উত্তর:** বিক্রয় বাজেট: A ৪০,৫০,০০০ টাকা এবং B ২৭,৫০,০০০ টাকা।

**গ** ২০১৯ সালের সম্ভাব্য নিট বিক্রয় ও অনাদায়ী পাওনা সঞ্চিতির পরিমাণ নির্ণয়:

| বিবরণ | পণ্য-A (টাকা) | পণ্য-B (টাকা) | মোট টাকা |
|---|---|---|---|
| মোট বিক্রয় | ৪০,৫০,০০০ | ২৭,৫০,০০০ | ৬৮,০০,০০০ |
| বাদ: ফেরত ২% | (৮১,০০০) | (৫৫,০০০) | (১,৩৬,০০০) |
| **সম্ভাব্য নিট বিক্রয়** | ৩৯,৬৯,০০০ | ২৬,৯৫,০০০ | ৬৬,৬৪,০০০ |
| **অনাদায়ী পাওনা সঞ্চিতি (৩%)** | ১,১৯,০৭০ | ৮০,৮৫০ | ১,৯৯,৯২০ |

**উত্তর: সম্ভাব্য নিট বিক্রয়:** পণ্য-A: ৩৯,৬৯,০০০ টাকা; পণ্য-B: ২৬,৯৫,০০০ টাকা।

**অনাদায়ী পাওনা সঞ্চিতি:** পণ্য-A: ১,১৯,০৭০ টাকা; পণ্য-B: ৮০,৮৫০ টাকা।

**প্রশ্ন ▶ ২** গ্রীন লাইন বাস সার্ভিস লিমিটেড আধুনিক ও মানসম্পন্ন বাস সার্ভিস কোম্পানির প্রতিষ্ঠানটির 'ভলভো' বাসটির আয়-ব্যয় সংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ:

| | টাকা | এককপ্রতি | হার |
|---|---|---|---|
| বিক্রয় (২০০ ট্রিপ) | ১২,০০,০০০ | ৬,০০০ | ১০০% |
| বাদ: পরিবর্তনশীল ব্যয় | (৮,০০,০০০) | (৪,০০০) | ? |
| দত্তাংশ | ৪,০০,০০০ | ২,০০০ | ? |
| বাদ: স্থায়ী ব্যয় | (২,৫০,০০০) | | |
| নিট পরিচালন আয় | ১,৫০,০০০ | | |

ক. দত্তাংশ অনুপাত নির্ণয় করো। ২
খ. সমীকরণ পদ্ধতিতে সমচ্ছেদ বিন্দু একক নির্ণয় করো। ৪
গ. বিক্রয় ৪,০০,০০০ টাকা বৃদ্ধিতে দত্তাংশ বৃদ্ধির পরিমাণ নির্ণয় করো। ৪

**২ নং প্রশ্নের সমাধান**

**ক** দত্তাংশ অনুপাত নির্ণয়:

$$\text{দত্তাংশ অনুপাত} = \frac{\text{দত্তাংশ}}{\text{বিক্রয়}} \times ১০০ = \frac{২,০০০}{৬,০০০} \times ১০০ = ৩৩.৩৩\%$$

**উত্তর:** দত্তাংশ অনুপাত ৩৩.৩৩%।

**খ** সমচ্ছেদ বিন্দু (একক) নির্ণয়:

সমচ্ছেদ বিক্রয় = পরিবর্তনশীল ব্যয় + স্থায়ী ব্যয়

$\Rightarrow$ ৬,০০০ × একক = ৪,০০০ × একক + ২,৫০,০০০

$\Rightarrow$ ৬,০০০ × একক − ৪,০০০ × একক = ২,৫০,০০০

$\Rightarrow$ ২,০০০ × একক = ২,৫০,০০০

$$\Rightarrow \text{একক} = \frac{২,৫০,০০০}{২,০০০}$$

$\therefore$ একক = ১২৫ ট্রিপ

**উত্তর:** সমচ্ছেদ বিন্দু (একক) ১২৫ ট্রিপ।

**গ** বিক্রয় বৃদ্ধিতে দত্তাংশের বৃদ্ধি নিরূপণ:

দত্তাংশ বৃদ্ধি = বিক্রয় বৃদ্ধি × দত্তাংশ অনুপাত = ৪,০০,০০০ × ৩৩.৩৩% = ১,৩৩,৩২০ টাকা

**উত্তর:** দত্তাংশ বৃদ্ধি পাবে ১,৩৩,৩২০ টাকা।

**প্রশ্ন ▶ ৩** জিকো বলপেন ২০১৮ সালে ৫০,০০০ একক পণ্য উৎপাদনের ফরমায়েশ পায়। কোম্পানির ব্যয় সংক্রান্ত তথ্য নিচে দেওয়া হলো:

| বিবরণ | টাকা |
|---|---|
| এককপ্রতি বিক্রয়মূল্য | ১০ |
| এককপ্রতি কাঁচামাল | ২.৫০ |
| এককপ্রতি মজুরি | ১.৫০ |
| বার্ষিক স্থায়ী ব্যয় (২৫% কারখানা) | ১,০০,০০০ |
| এককপ্রতি বিক্রয় উপরিব্যয় (বিক্রয় মূল্যের ২০%) | |

ক. একক প্রতি পণ্য ব্যয় নির্ণয় করো। ২
খ. সমচ্ছেদ বিন্দু নির্ণয় করো (টাকায় ও এককে)। ৪
গ. ২০১৮ সালের মোট ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

**৩ নং প্রশ্নের সমাধান**

**ক** এককপ্রতি পণ্য ব্যয় নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| এককপ্রতি কাঁচামাল | ২.৫০ | |
| এককপ্রতি মজুরি | ১.৫০ | |
| এককপ্রতি স্থায়ী ব্যয় কারখানা {(১,০০,০০০ × ২৫%) ÷ ৫০,০০০} | ০.৫ | |
| **এককপ্রতি পণ্য ব্যয়** | | ৪.৫০ |

**উত্তর:** এককপ্রতি পণ্য ব্যয় ৪.৫০ টাকা।

খ সমচ্ছেদ বিন্দু (এককে) = $\frac{\text{স্থায়ী ব্যয়}}{\text{এককপ্রতি কন্ট্রিবিউশন মার্জিন}} = \frac{১,০০,০০০}{৪}$ = ২৫,০০০ একক

এখানে, এককপ্রতি কন্ট্রিবিউশন মার্জিন:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| বিক্রয় | | ১০ |
| **বাদ: এককপ্রতি পরিবর্তনশীল ব্যয়:** | | |
| কাঁচামাল | ২.৫০ | |
| মজুরি | ১.৫০ | |
| বিক্রয় উপরিব্যয় (১০ × ২০%) | ২ | (৬) |
| **এককপ্রতি কন্ট্রিবিউশন মার্জিন** | | ৪ |

সমচ্ছেদ বিন্দু (টাকায়) = সমচ্ছেদ বিন্দু (এককে) × একক প্রতি বিক্রয়মূল্য = (২৫,০০০ × ১০) টাকা = ২,৫০,০০০ টাকা।

গ ২০১৮ সালের মোট ব্যয়ের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| কাঁচামাল ব্যয় (৫০,০০০ × ২.৫০) | ১,২৫,০০০ | |
| মজুরি ব্যয় (৫০,০০০ × ১.৫০) | ৭৫,০০০ | |
| স্থায়ী ব্যয় | ১,০০,০০০ | |
| বিক্রয় উপরিব্যয় {(৫০,০০০ × ১০) × ২০%} | ১,০০,০০০ | |
| **মোট ব্যয়** | | ৪,০০,০০০ |

**উত্তর:** মোট ব্যয়ের পরিমাণ ৪,০০,০০০ টাকা।

প্রশ্ন ▶ ৪ "সু-ওয়ার্ল্ড" একটি আন্তর্জাতিক মানের জুতা উৎপাদনকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটির ২০১৮ সালের জানুয়ারি মাসের উৎপাদন সংক্রান্ত তথ্য নিম্নরূপ:

| বিবরণ | টাকা |
|---|---|
| চামড়া ক্রয় (এককপ্রতি) | ৩১৫ |
| মজুরি (এককপ্রতি) | ৮০ |
| জুতার ছোল (এককপ্রতি) | ১২০ |
| বিক্রয়মূল্য (এককপ্রতি) | ৭০০ |
| বেতন | ১,৮০,০০০ |
| অফিস ভাড়া | ৬০,০০০ |
| শোরুম ভাড়া | ১,২০,০০০ |
| বিজ্ঞাপন ব্যয় | ১,২০,০০০ |
| বিক্রয়কর্মীদের বেতন | ৩০,০০০ |
| কারখানা উপরিব্যয় (এককপ্রতি) | ১৫ |

ক. 'সু-ওয়ার্ল্ড'-এর সমচ্ছেদ বিন্দু (একক) নির্ণয় করো। ২

খ. 'সু-ওয়ার্ল্ড'-এর মোট পণ্য ব্যয় নির্ণয় করো। (উৎপাদন ৪,০০০ একক) ৪

গ. নিরাপত্তা প্রান্ত ৮০০ একক হলে, 'সু-ওয়ার্ল্ড'-এর নিট মুনাফা নির্ণয় করো। ৪

**৪ নং প্রশ্নের সমাধান**

ক সমচ্ছেদ বিন্দু (একক) = $\frac{\text{মোট স্থায়ী ব্যয়}}{\text{একক প্রতি কন্ট্রিবিউশন মার্জিন}}$

এখানে, মোট স্থায়ী ব্যয় = বেতন + অফিস ভাড়া + শোরুম ভাড়া + বিজ্ঞাপন ব্যয় + বিক্রয়কর্মীদের বেতন

= ১,৮০,০০০ + ৬০,০০০ + ১,২০,০০০ + ১,২০,০০০ + ৩০,০০০ = ৫,১০,০০০ টাকা

এককপ্রতি পরিবর্তনশীল ব্যয় = চামড়া + মজুরি + জুতার ছোল + কারখানা ব্যয় = ৩১৫ + ৮০ + ১২০ + ১৫ = ৫৩০ টাকা

এককপ্রতি কন্ট্রিবিউশন মার্জিন = এককপ্রতি বিক্রয়মূল্য – এককপ্রতি পরিবর্তনশীল ব্যয় = ৭০০ – ৫৩০ = ১৭০ টাকা

∴ সমচ্ছেদ বিন্দু (একক) = $\frac{৫,১০,০০০}{১৭০}$ = ৩,০০০ একক

**উত্তর:** সমচ্ছেদ বিন্দু ৩,০০০ একক।

খ মোট পণ্য ব্যয়ের পরিমাণ নিরূপণ:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| চামড়া ক্রয় (৩১৫ × ৪,০০০) | ১২,৬০,০০০ | |
| মজুরি (৮০ × ৪,০০০) | ৩,২০,০০০ | |
| জুতার ছোল (১২০ × ৪,০০০) | ৪,৮০,০০০ | |
| কারখানা উপরিব্যয় (১৫ × ৪,০০০) | ৬০,০০০ | |
| **মোট পণ্য ব্যয়** | | ২১,২০,০০০ |

**উত্তর:** মোট পণ্য ব্যয় ২১,২০,০০০ টাকা।

গ নিট মুনাফার পরিমাণ নিরূপণ:

নিট মুনাফা = নিরাপত্তা প্রান্ত (একক) × এককপ্রতি কন্ট্রিবিউশন মার্জিন

= ৮০০ × ১৭০

= ১,৩৬,০০০ টাকা

**উত্তর:** নিট মুনাফা ১,৩৬,০০০ টাকা।

প্রশ্ন ▶ ৫ Ecstasy ফ্যাশনওয়্যার লিমিটেড-এর উৎপাদন সংক্রান্ত তথ্য নিম্নরূপ:

| বিবরণ | টাকা |
|---|---|
| বেতন | ১,৭০,০০০ |
| বিজ্ঞাপন ব্যয় (২০,০০০ + ০.২ × বিক্রয় একক) | ৬০,০০০ |
| অবচয় | ৫২,০০০ |
| অফিস খরচ | ৬৮,০০০ |
| ম্যানেজারের বেতন | ৭০,০০০ |
| প্রশাসনিক খরচ | ১,২০,০০০ |
| কাপড় ক্রয় | ৮,০০,০০০ |
| মজুরি | ৪,০০,০০০ |
| কারখানা উপরিব্যয় | ২,৫০,০০০ |
| বিক্রয় কমিশন (০.৩৫ × বিক্রয় একক) | ৭০,০০০ |
| বিক্রয় | ১৮,০০,০০০ |

ক. Ecstasy ফ্যাশনওয়্যার লিমিটেড-এর পণ্য ব্যয় নির্ণয় করো। ২

খ. Ecstasy ফ্যাশনওয়্যার লিমিটেড-এর কালীন ব্যয় নির্ণয় করো। ৪

গ. Ecstasy ফ্যাশনওয়্যার লিমিটেড-এর সমচ্ছেদ বিন্দু (টাকায়) নির্ণয় করো। ৪

## ৫ নং প্রশ্নের সমাধান

ক Ecstasy ফ্যাশনওয়্যার লিমিটেড-এর মোট পণ্য ব্যয় নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| কাপড় ক্রয় | ৮,০০,০০০ | |
| মজুরি | ৪,০০,০০০ | |
| কারখানা উপরিব্যয় | ২,৫০,০০০ | |
| **মোট পণ্য ব্যয়** | | ১৪,৫০,০০০ |

**উত্তর:** মোট পণ্য ব্যয় ১৪,৫০,০০০ টাকা।

খ Ecstasy ফ্যাশনওয়্যার লিমিটেড-এর কালীন ব্যয় নিরূপণ:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| বেতন | ১,৭০,০০০ | |
| বিজ্ঞাপন ব্যয় | ৬০,০০০ | |
| অবচয় | ৫২,০০০ | |
| অফিস খরচ | ৬৮,০০০ | |
| ম্যানেজারের বেতন | ৭০,০০০ | |
| প্রশাসনিক খরচ | ১,২০,০০০ | |
| বিক্রয় কমিশন | ৭০,০০০ | |
| **মোট কালীন ব্যয়** | | ৬,১০,০০০ |

**উত্তর:** মোট কালীন ব্যয় ৬,১০,০০০ টাকা।

**গ** Ecstasy ফ্যাশনওয়্যার লিমিটেড-এর সমচ্ছেদ বিন্দু (টাকায়) নিরূপণ:

সমচ্ছেদ বিন্দু (টাকায়) = $\frac{\text{মোট স্থায়ী ব্যয়}}{\text{কন্ট্রিবিউশন মার্জিন অনুপাত}} = \frac{৫,০০,০০০}{.১৩৩৩}$ = ৩৭,৫০,৯৩৮ টাকা

এখানে, মোট স্থায়ী ব্যয় = বেতন + অফিস খরচ + ম্যানেজারের বেতন + প্রশাসনিক খরচ + বিজ্ঞাপন ব্যয় + অবচয়

= ১,৭০,০০০ + ৬৮,০০০ + ৭০,০০০ + ১,২০,০০০ + ২০,০০০ + ৫২,০০০ = ৫,০০,০০০ টাকা

কন্ট্রিবিউশন মার্জিন = বিক্রয়মূল্য – মোট পরিবর্তনশীল ব্যয়

= ১৮,০০,০০০ – (৮,০০,০০০ + ৪,০০,০০০ + ২,৫০,০০০ + ৭০,০০০ + ৪০,০০০)

= ১৮,০০,০০০ – ১৫,৬০,০০০ = ২,৪০,০০০ টাকা

কন্ট্রিবিউশন মার্জিন অনুপাত = $\frac{\text{কন্ট্রিবিউশন মার্জিন}}{\text{বিক্রয়}} \times ১০০ = \frac{২,৪০,০০০}{১৮,০০,০০০} \times ১০০$ = ১৩.৩৩%

**উত্তর:** সমচ্ছেদ বিন্দু (টাকায়) ৩৭,৫০,৯৩৮ টাকা।

**প্রশ্ন ▶ ৬** Z কোম্পানির হিসাব বই থেকে নিচের তথ্যাবলি নেওয়া হয়েছে:

| | |
|---|---|
| মোট বিক্রয় (১৫,০০০ একক) | ৩,৩০,০০০ টাকা |
| মোট পরিবর্তনশীল ব্যয় | ২,২৫,০০০ টাকা |
| মোট স্থায়ী ব্যয় | ৭৫,০০০ টাকা |

ক. সমচ্ছেদ বিন্দু একক নির্ণয় করো। ২

খ. সমচ্ছেদ বিন্দু টাকায় নির্ণয় করো। [যেকোনো দুইটি পদ্ধতিতে] ৪

গ. নিরাপত্তা প্রান্ত ও নিরাপত্তা প্রান্ত অনুপাত নির্ণয় করো। ৪

**৬ নং প্রশ্নের সমাধান**

**ক** সমচ্ছেদ বিন্দ একক নির্ণয়:

সমচ্ছেদ বিন্দু (একক) = $\frac{\text{স্থায়ী ব্যয়}}{\text{এককপ্রতি কন্ট্রিবিউশন মার্জিন}} = \frac{৭৫,০০০}{৭}$ = ১০,৭১৪ একক

এখানে, এককপ্রতি কন্ট্রিবিউশন মার্জিন = এককপ্রতি বিক্রয়মূল্য – এককপ্রতি পরিবর্তনশীল ব্যয়

= {(৩,৩০,০০০ ÷ ১৫,০০০) - (২,২৫,০০০ ÷ ১৫,০০০)} টাকা

= (২২ - ১৫) = ৭ টাকা

**উত্তর:** সমচ্ছেদ বিন্দুর পরিমাণ ১০,৭১৪ টাকা।

**খ** সমচ্ছেদ বিন্দু (টাকায়) নির্ণয়:

সমচ্ছেদ বিন্দু (টাকায়) = সমচ্ছেদ বিন্দু একক × এককপ্রতি বিক্রয়মূল্য = (১০,৭১৪ × ২২) টাকা = ২,৩৫,৭০৮ টাকা

এখানে, এককপ্রতি বিক্রয়মূল্য ২২ টাকা (ক থেকে প্রাপ্ত)

**উত্তর:** সমচ্ছেদ বিন্দু (টাকায়) ২,৩৫,৭০৮ টাকা।

**গ** নিরাপত্তা প্রান্ত ও নিরাপত্তা প্রান্ত অনুপাত নির্ণয়:

নিরাপত্তা প্রান্ত = বিক্রয় – সমচ্ছেদ বিক্রয় = (৩,৩০,০০০ – ২,৩৫,৭০৮) টাকা = ৯৪,২৯২ টাকা

এখানে, বিক্রয় = ৩,৩০,০০০ টাকা (প্রশ্নে প্রদত্ত)

সমচ্ছেদ বিক্রয় = ২,৩৫,৭০৮ টাকা (খ থেকে প্রাপ্ত)

নিরাপত্তা প্রান্ত অনুপাত = $\frac{\text{নিরাপত্তা প্রান্ত}}{\text{বিক্রয়}} \times ১০০ = \frac{৯৪,২৯২}{৩,৩০,০০০} \times ১০০$ = ২৮.৫৭%

**উত্তর:** নিরাপত্তা প্রান্ত ৯৪,২৯২ টাকা এবং নিরাপত্তা প্রান্ত অনুপাত ২৮.৫৭%।

**প্রশ্ন ▶ ৭** 'বেক্সটেক্স লিমিটেড' একটি রপ্তানিমুখী উৎপাদনকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটির উৎপাদন ব্যবস্থাপক জনাব আসলাম হোসেন। ২০১৮ সালের ৩০ জুন তারিখে উৎপাদন ব্যবস্থাপক উৎপাদন বাজেট তৈরি করার জন্য নিম্নবর্ণিত তথ্যাবলি সংগ্রহ করেন:

| পণ্য | বিক্রয় বাজেট (একক) | বিক্রয়মূল্য | মজুদ অনুমান (একক) | |
|---|---|---|---|---|
| | | | জুলাই ০১, ২০১৮ | জুন ৩০, ২০১৯ |
| শার্ট | ৩,২০০ | ২৫০ | ২৮০ | ৩৬০ |
| প্যান্ট | ৭,০০০ | ২৪০ | ৩১৫ | ৩৫৫ |
| পলো T-Shirt | ৪,০০০ | ২২৫ | ৩৬০ | ৩১০ |

ক. পণ্যগুলোর বিক্রয় লক্ষ্যমাত্রার পরিমাণ নির্ণয় করো। ২
খ. উৎপাদন বাজেট প্রস্তুত করো। ৪
গ. বিক্রয় বাজেটের সাথে উৎপাদন বাজেটের মধ্যকার সম্পর্ক শতকরায় প্রকাশ করো। ৪

**৭ নং প্রশ্নের সমাধান**

ক পণ্যগুলোর বিক্রয় লক্ষ্যমাত্রার পরিমাণ নির্ণয়:

| পণ্য | বিক্রয় পরিমাণ | এককপ্রতি বিক্রয়মূল্য | বিক্রয় বাজেট (টাকা) |
|---|---|---|---|
| শার্ট | ৩,২০০ | ২৫০ | ৮,০০,০০০ |
| প্যান্ট | ৭,০০০ | ২৪০ | ১৬,৮০,০০০ |
| পলো T-Shirt | ৪,০০০ | ২২৫ | ৯,০০,০০০ |

**উত্তর: বিক্রয় লক্ষ্যমাত্রা:** শার্ট ৮,০০,০০০ টাকা, প্যান্ট ১৬,৮০,০০০ টাকা, পলো T-Shirt ৯,০০,০০০ টাকা।

খ

**বেক্সটেক্স লিমিটেড**
**উৎপাদন বাজেট**
**বাজেট কাল** (জুলাই ১, ২০১৮ থেকে জুন ৩০, ২০১৯ পর্যন্ত)

| বিবরণ | পণ্য | | |
|---|---|---|---|
| | শার্ট | প্যান্ট | পলো T-Sirt |
| বিক্রয় বাজেটের পরিমাণ | ৩,২০০ | ৭,০০০ | ৪,০০০ |
| যোগ: নির্ধারিত সমাপনী মজুদ | ৩৬০ | ৩৫৫ | ৩১০ |
| মোট পণ্যের পরিমাণ | ৩,৫৬০ | ৭,৩৫৫ | ৪,৩১০ |
| বাদ: প্রারম্ভিক মজুদ | (২৮০) | (৩১৫) | (৩৬০) |
| **উৎপাদন লক্ষ্যমাত্রা** | ৩,২৮০ | ৭,০৪০ | ৩,৯৫০ |

**উত্তর: উৎপাদন লক্ষ্যমাত্রা:** শার্ট ৩,২৮০ একক; প্যান্ট ৭,০৪০ একক; পলো T-Shirt ৩,৯৫০ একক।

গ প্রত্যেকটি পণ্যের বিক্রয় বাজেটের সাথে উৎপাদন বাজেটের সম্পর্ক নিম্নে শতকরায় প্রকাশ করা হলো:

| পণ্য | বিক্রয় বাজেট (একক) | উৎপাদন বাজেট (একক) | শতকরা প্রকাশ |
|---|---|---|---|
| শার্ট | ৩,২০০ | ৩,২৮০ | $\frac{৩,২৮০}{৩,২০০} \times ১০০ = ১০২.৫০\%$ |
| প্যান্ট | ৭,০০০ | ৭,০৪০ | $\frac{৭,০৪০}{৭,০০০} \times ১০০ = ১০০.৫৭\%$ |
| পলো T-Shirt | ৪,০০০ | ৩,৯৫০ | $\frac{৩,৯৫০}{৪,০০০} \times ১০০ = ৯৮.৭৫\%$ |

**উত্তর:** শার্ট ১০২.৫০%, প্যান্ট ১০০.৫৭%; পলো T-Shirt ৯৮.৭৫%।

**প্রশ্ন ▶৮** একটি পুস্তক কারখানায় ১০০০ টি বই প্রস্তুত করা হয়। প্রতিটি বইয়ের বিক্রয়মূল্য ১০০ টাকা। প্রতিটি বইয়ের পরিবর্তনশীল ব্যয় ৪০ টাকা এবং বার্ষিক স্থায়ী ব্যয় ৪৮,০০০ টাকা।

ক. দত্তাংশ অনুপাত নির্ণয় করো। ২
খ. সমচ্ছেদ বিন্দু (একক) ও সমচ্ছেদ বিন্দু (টাকায়) নির্ণয় করো। ৪
গ. নিরাপত্তা প্রান্ত অনুপাত ও মুনাফা নির্ণয় করো। ৪

**৮ নং প্রশ্নের সমাধান**

ক দত্তাংশ অনুপাত নির্ণয়:

$$\text{দত্তাংশ অনুপাত} = \frac{\text{এককপ্রতি দত্তাংশ}}{\text{এককপ্রতি বিক্রয়মূল্য}} \times ১০০\% = \frac{৬০}{১০০} \times ১০০\% = ৬০\%$$

এখানে, এককপ্রতি দত্তাংশ = এককপ্রতি বিক্রয়মূল্য − এককপ্রতি পরিবর্তনশীল ব্যয়
= ১০০ − ৪০ = ৬০ টাকা

**উত্তর:** দত্তাংশ অনুপাত ৬০%।

**খ** **সমচ্ছেদ বিন্দু (এককে) ও সমচ্ছেদ বিন্দু (টাকায়) নির্ণয়:**

সমচ্ছেদ বিন্দু (একক) = $\frac{\text{মোট স্থায়ী ব্যয়}}{\text{একক প্রতি দত্তাংশ}} = \frac{৪৮,০০০}{৬০}$ = ৮০০ একক

এককপ্রতি দত্তাংশ = ৬০ টাকা

সমচ্ছেদ বিন্দু (টাকায়) = $\frac{\text{মোট স্থায়ী ব্যয়}}{\text{দত্তাংশ অনুপাত}} = \frac{৪৮,০০০}{০.৬০}$ = ৮০,০০০ টাকা

**উত্তর:** সমচ্ছেদ বিন্দু (এককে) ৮০০ একক এবং সমচ্ছেদ বিন্দু (টাকায়) ৮০,০০০ টাকা।

**গ** **নিরাপত্তা প্রান্ত অনুপাত ও মুনাফা নির্ণয়:**

নিরাপত্তা প্রান্ত অনুপাত = $\frac{\text{মোট নিরাপত্তা প্রান্ত (টাকায়)}}{\text{মোট বিক্রয়}} \times ১০০\% = \frac{২০,০০০}{১,০০,০০০} \times ১০০\% = ২০\%$

এখানে, নিরাপত্তা প্রান্ত = মোট বিক্রয় (টাকায়) − সমচ্ছেদ বিক্রয় (টাকায়)
= (১,০০০ × ১০০) − ৮০,০০০
= (১,০০,০০০ − ৮০,০০০) টাকা
= ২০,০০০ টাকা

মুনাফার পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| বিক্রয় (১,০০০ × ১০০) | ১,০০,০০০ | |
| বাদ: পরিবর্তনশীল ব্যয় (১,০০০ × ৪০) | (৪০,০০০) | |
| **দত্তাংশ** | ৬০,০০০ | |
| বাদ: স্থায়ী ব্যয় | (৪৮,০০০) | |
| **মুনাফা** | | ১২,০০০ |

**উত্তর:** নিরাপত্তা প্রান্ত অনুপাত ২০%, মুনাফা ১২,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ৯** মেরিকো বাংলাদেশ লিমিটেড একটি বহুজাতিক প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি সম্প্রতি বাংলাদেশে তাদের কার্যক্রম শুরু করেছে। প্রাথমিকভাবে দুটি পণ্য বাজারজাত করেছে।

| | Livon সাবান | প্যারাসুট তেল |
|---|---|---|
| এককপ্রতি বিক্রয়মূল্য | ৪০০ টাকা | ৩০০ টাকা |
| এককপ্রতি পরিবর্তনশীল ব্যয় | ২৪০ টাকা | ৬০ টাকা |
| বিক্রয় | ২০০ একক | ৮০ একক |
| স্থায়ী ব্যয় | ৪১,২৫০ টাকা | ১০,০০০ টাকা |

ক. মেরিকো বাংলাদেশ লিমিটেড-এর বিক্রয় মিশ্রণের পরিমাণ নির্ণয় করো। ২
খ. মেরিকো বাংলাদেশ লিমিটেড-এর প্রতিটি পণ্যের নিট পরিচালন মুনাফা বা ক্ষতি কত? ৪
গ. প্যারাসুট তেল-এর নিরাপত্তা প্রান্ত একক নির্ণয় করো। ৪

**৯ নং প্রশ্নের সমাধান**

**ক** **মেরিকো বাংলাদেশ লিমিটেড-এর বিক্রয় মিশ্রণের পরিমাণ নির্ণয়:**

| বিবরণ | টাকা |
|---|---|
| Livon সাবান বিক্রয় (২০০ × ৪০০) | ৮০,০০০ |
| প্যারাসুট তেল বিক্রয় (৮০ × ৩০০) | ২৪,০০০ |
| **মোট বিক্রয়** | ১,০৪,০০০ |

বিক্রয় মিশ্রণ: Livon সাবান = $\frac{৮০,০০০}{১,০৪,০০০} \times ১০০ = ৭৬.৯২\%$; প্যারাসুট তেল = $\frac{২৪,০০০}{১,০৪,০০০} \times ১০০ = ২৩.০৮\%$

**উত্তর:** বিক্রয় মিশ্রণ: Livon সাবান ৭৬.৯২%; প্যারাসুট তেল ২৩.০৮%।

খ

**মেরিকো বাংলাদেশ লিমিটেড**
**আয় বিবরণী**

| বিবরণ | Livon সাবান (টাকা) | প্যারাসুট তেল (টাকা) |
|---|---|---|
| বিক্রয় | ৮০,০০০ | ২৪,০০০ |
| বাদ: পরিবর্তনশীল ব্যয় | (৪৮,০০০) | (৪,৮০০) |
| দত্তাংশ | ৩২,০০০ | ১৯,২০০ |
| বাদ: স্থায়ী ব্যয় | (৪১,২৫০) | (১০,০০০) |
| নিট পরিচালন (ক্ষতি) | (৯,২৫০) | ৯,২০০ |

**উত্তর:** Livon সাবান সাবান: ক্ষতি ৯,২৫০ টাকা; প্যারাসুট তেল: মুনাফা ৯,২০০ টাকা।

গ "প্যারাসুট তেল"-এর নিরাপত্তা প্রান্তের এককের পরিমাণ নিরূপণ:

এখানে, এককপ্রতি দত্তাংশ = এককপ্রতি বিক্রয়মূল্য – এককপ্রতি পরিবর্তনশীল ব্যয় = ৩০০ – ৬০ = ২৪০ টাকা

$$\text{সমচ্ছেদ বিন্দু (একক)} = \frac{\text{মোট স্থায়ী ব্যয়}}{\text{একক প্রতি দত্তাংশ}} = \frac{১০,০০০}{২৪০} = ৪২ \text{ একক (প্রায়)}$$

∴ নিরাপত্তা প্রান্ত (একক) = প্রকৃত বিক্রয় (একক) – সমচ্ছেদ বিক্রয় (একক) = ৮০ – ৪২ = ৩৮ একক

**উত্তর:** প্যারাসুট তেল-এর নিরাপত্তা প্রান্ত ৩৮ একক।

**প্রশ্ন ▶১০** ABC কোম্পানির পরিচালনা সংক্রান্ত তথ্য নিম্নরূপ:

বিক্রয় ২০,০০০ একক
বিক্রয়মূল্য ১০০ টাকা (প্রতি একক)
পরিবর্তনশীল ব্যয় ৬০ টাকা (প্রতি একক)
স্থায়ী ব্যয় ৪,০০,০০০ টাকা।

ক. সমচ্ছেদ বিক্রয় (একক) নিরূপণ করো। ২
খ. সমচ্ছেদ বিক্রয় (টাকায়) নিরূপণ করো। ৪
গ. নিরাপত্তা প্রান্ত (টাকা) ও মুনাফার পরিমাণ নির্ণয় করো যখন বিক্রয় ৩০,০০,০০০ টাকা। ৪

**১০ নং প্রশ্নের সমাধান**

ক সমচ্ছেদ বিক্রয় (একক) নিরূপণ:

$$\text{সমচ্ছেদ বিক্রয় (একক)} = \frac{\text{মোট স্থায়ী ব্যয়}}{\text{একক প্রতি দত্তাংশ}} = \frac{৪,০০,০০০}{৪০} = ১০,০০০ \text{ একক}$$

এখানে, এককপ্রতি দত্তাংশ = এককপ্রতি বিক্রয়মূল্য – এককপ্রতি পরিবর্তনশীল ব্যয় = ১০০ – ৬০ = ৪০ টাকা

**উত্তর:** সমচ্ছেদ বিক্রয় (একক) ১০,০০০ একক।

খ সমচ্ছেদ বিক্রয় (টাকায়) নিরূপণ:

সমচ্ছেদ বিক্রয় (টাকায়) = (সমচ্ছেদ বিক্রয় একক × এককপ্রতি বিক্রয়মূল্য) টাকা
= (১০,০০০ × ১০০) টাকা
= ১০,০০,০০০ টাকা

সমচ্ছেদ বিক্রয় (একক) = ১০,০০০ একক (ক থেকে)
এককপ্রতি বিক্রয়মূল্য ১০০ টাকা

**উত্তর:** সমচ্ছেদ বিক্রয় (টাকায়) ১০,০০,০০০ টাকা।

গ নিরাপত্তা প্রান্ত (টাকায়) নিরূপণ:

নিরাপত্তা প্রান্ত (টাকায়) = প্রকৃত বিক্রয় (টাকায়) – সমচ্ছেদ বিক্রয় (টাকায়)
= (২০,০০০ × ১০০) – ১০,০০,০০০ = ২০,০০,০০০ – ১০,০০,০০০ = ১০,০০,০০০ টাকা

মুনাফা = বিক্রয় - পরিবর্তনশীল ব্যয় - স্থায়ী ব্যয় = ৩০,০০,০০০ - ১৮,০০,০০০ - ৪,০০,০০০ = ৮,০০,০০০ টাকা

এখানে, পরিবর্তনশীল ব্যয় = বিক্রয় একক × এককপ্রতি পরিবর্তনশীল ব্যয় = ৩০,০০০ × ৬০ = ১৮,০০,০০০ টাকা

**উত্তর:** নিরাপত্তা প্রান্ত (টাকায়) ১০,০০,০০০ টাকা এবং মুনাফা ৮,০০,০০০ টাকা।

**প্রশ্ন ▶১১** কেয়া কোম্পানি লি.-এর ২০১৮ সালে বিক্রয়ের পরিমাণ ছিল ৪,০০,০০০ টাকা। স্থায়ী ব্যয় ৯০,০০০ টাকা এবং মোট পরিবর্তনশীল ব্যয় ছিল ২,২০,০০০ টাকা।

ক. কন্ট্রিবিউশন মার্জিন অনুপাত কত? ২
খ. কেয়া কোম্পানি লি.-এর সমচ্ছেদ বিন্দু ও বিক্রয় নিরাপত্তা প্রান্তের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. ২০১৮ সালের জন্য কেয়া কোম্পানি লি.-এর নিরাপত্তা প্রান্ত অনুপাত ও মুনাফার পরিমাণ নির্ণয় করো। ৪

**১১ নং প্রশ্নের সমাধান**

**ক** কন্ট্রিবিউশন মার্জিন অনুপাত নির্ণয়:

$$\text{কন্ট্রিবিউশন মার্জিন অনুপাত} = \frac{\text{কন্ট্রিবিউশন মার্জিন}}{\text{বিক্রয়}} \times ১০০ = \frac{১,৮০,০০০}{৪,০০,০০০} \times ১০০ = ৪৫\%$$

এখানে, কন্ট্রিবিউশন মার্জিন = মোট বিক্রয় – মোট পরিবর্তনশীল ব্যয় = ৪,০০,০০০ – ২,২০,০০০ = ১,৮০,০০০ টাকা
**উত্তর:** কন্ট্রিবিউশন মার্জিন অনুপাত ৪৫%।

**খ** সমচ্ছেদ বিন্দু ও বিক্রয় নিরাপত্তা প্রান্তের পরিমাণ নির্ণয়:

$$\text{সমচ্ছেদ বিন্দু (টাকা)} = \frac{\text{স্থায়ী ব্যয়}}{\text{কন্ট্রিবিউশন মার্জিন অনুপাত}} = \frac{৯০,০০০}{০.৪৫} = ২,০০,০০০ \text{ টাকা}$$

নিরাপত্তা প্রান্ত = মোট বিক্রয় – সমচ্ছেদ বিক্রয় = ৪,০০,০০০ – ২,০০,০০০= ২,০০,০০০ টাকা
**উত্তর:** সমচ্ছেদ বিন্দু (টাকা) ২,০০,০০০ টাকা এবং নিরাপত্তা প্রান্তের পরিমাণ ২,০০,০০০ টাকা।

**গ** নিরাপত্তা প্রান্ত অনুপাত ও মুনাফার পরিমাণ নির্ণয়:

$$\text{নিরাপত্তা প্রান্ত অনুপাত} = \frac{\text{নিরাপত্তা প্রান্ত}}{\text{মোট বিক্রয়}} \times ১০০ = \frac{২,০০,০০০}{৪,০০,০০০} \times ১০০ = ৫০\%$$

মুনাফা = বিক্রয় - (পরিবর্তনশীল ব্যয় + স্থায়ী ব্যয়)
= ৪,০০,০০০ - (২,২০,০০০ + ৯০,০০০) টাকা = (৪,০০,০০০ - ৩,১০,০০০) টাকা = ৯০,০০০ টাকা
**উত্তর:** নিরাপত্তা প্রান্ত অনুপাত ৫০% এবং মুনাফার পরিমাণ ৯০,০০০ টাকা।

**প্রশ্ন ▶১২** জাফলং লি.-এর ব্যয় তথ্য নিম্নরূপ —
বিক্রয়মূল্য (প্রতি একক) ২৫ টাকা।
পরিবর্তনশীল ব্যয় (প্রতি একক) ১৬ টাকা।
স্থায়ী ব্যয় ১,০৮,০০০ টাকা।
বিক্রয় (আনুমানিক) ১৫,০০০ একক।

ক. এককপ্রতি কন্ট্রিবিউশন মার্জিন বের করো। ২
খ. সমচ্ছেদ বিক্রয় একক বের করো। ৪
গ. নিরাপত্তা প্রান্ত একক বের করো এবং মুনাফার পরিমাণ কত হবে? ৪

**১২ নং প্রশ্নের সমাধান**

**ক** এককপ্রতি কন্ট্রিবিউশন মার্জিন নিরূপণ:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| এককপ্রতি বিক্রয়মূল্য | ২৫ | |
| বাদ: এককপ্রতি পরিবর্তনশীল ব্যয় | (১৬) | |
| **এককপ্রতি কন্ট্রিবিউশন মার্জিন** | | ৯ |

**উত্তর:** এককপ্রতি কন্ট্রিবিউশন মার্জিন ৯ টাকা।

**খ** সমচ্ছেদ বিন্দুতে বিক্রয় একক নিরূপণ:

$$\text{সমচ্ছেদ বিন্দুতে বিক্রয় (একক)} = \frac{\text{স্থায়ী ব্যয়}}{\text{একক প্রতি কন্ট্রিবিউশন মার্জিন}}$$

$$\therefore \text{ সমচ্ছেদ বিন্দুতে বিক্রয় (একক)} = \frac{১,০৮,০০০}{৯} = ১২,০০০ \text{ একক}$$

এখানে, স্থায়ী ব্যয় = ১,০৮,০০০ টাকা
এককপ্রতি কন্ট্রিবিউশন মার্জিন = ৯ টাকা (ক থেকে প্রাপ্ত)
**উত্তর:** সমচ্ছেদ বিন্দুতে বিক্রয় (একক) ১২,০০০ একক।

**গ** নিরাপত্তা প্রান্ত একক নিরূপণ:
নিরাপত্তা প্রান্ত (একক) = আনুমানিক বিক্রয় (একক) – সমচ্ছেদ বিন্দুতে বিক্রয় (একক)
∴ নিরাপত্তা প্রান্ত (একক) = ১৫,০০০ – ১২,০০০ = ৩,০০০ একক
এখানে, আনুমানিক বিক্রয় = ১৫,০০০ একক
সমচ্ছেদ বিন্দুতে বিক্রয় = ১২,০০০ একক (খ থেকে প্রাপ্ত)
মুনাফার পরিমাণ নিরূপণ:
মুনাফা = নিরাপত্তা প্রান্ত একক × এককপ্রতি কন্ট্রিবিউশন মার্জিন = ৩,০০০ × ৯ = ২৭,০০০ টাকা
**উত্তর:** নিরাপত্তা প্রান্ত ৩,০০০ একক এবং মুনাফা ২৭,০০০ টাকা।

## বোর্ড পরীক্ষার প্রশ্ন ও সমাধান

**প্রশ্ন ▶১৩** ওয়াই লি. একক পণ্য উৎপাদন ও বিক্রয় করে থাকে। কোম্পানির কোনো এক মাসের বিক্রয় ও ব্যয় সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ:

| বিবরণ | মোট টাকা |
|---|---|
| বিক্রয় (১৫,০০০ একক) | ৪,৫০,০০০ |
| বাদ: পরিবর্তনশীল ব্যয় | ১,৮০,০০০ |
| কন্ট্রিবিউশন মার্জিন | ২,৭০,০০০ |
| বাদ: স্থায়ী ব্যয় | ২,১৬,০০০ |
| **নিট মুনাফা** | ৫৪,০০০ |

*[ঢা. বো. ১৬]*

ক. এককপ্রতি কন্ট্রিবিউশন মার্জিন নির্ণয় করো। ২
খ. কন্ট্রিবিউশন মার্জিন অনুপাত এবং প্রত্যাশিত মুনাফা ৮৪,০০০ টাকা অর্জন করতে হলে কত টাকা বিক্রয় করতে হবে তা নির্ণয় করো। ৪
গ. সমচ্ছেদ বিন্দু (টাকায়) এবং নিরাপত্তা প্রান্ত অনুপাত নির্ণয় করো। ৪

### ১৩ নং প্রশ্নের সমাধান

**ক** এককপ্রতি কন্ট্রিবিউশন মার্জিন $= \frac{\text{কন্ট্রিবিউশন মার্জিন}}{\text{বিক্রয় একক}} = \frac{২,৭০,০০০}{১৫,০০০} =$ ১৮ টাকা

এখানে, বিক্রয় (একক) = ১৫,০০০
কন্ট্রিবিউশন মার্জিন = ২,৭০,০০০ টাকা

**উত্তর:** এককপ্রতি কন্ট্রিবিউশন মার্জিন ১৮ টাকা।

**খ** কন্ট্রিবিউশন মার্জিন অনুপাত $= \frac{\text{কন্ট্রিবিউশন মার্জিন}}{\text{বিক্রয়}} \times ১০০\% = \frac{২,৭০,০০০}{৪,৫০,০০০} \times ১০০\% = ৬০\%$

এখানে, কন্ট্রিবিউশন মার্জিন = ২,৭০,০০০ টাকা
বিক্রয় = ৪,৫০,০০০ টাকা

প্রয়োজনীয় বিক্রয় (টাকা) $= \frac{\text{স্থায়ী ব্যয় + প্রত্যাশিত মুনাফা}}{\text{কন্ট্রিবিউশন মার্জিন অনুপাত}} = \frac{২,১৬,০০০ + ৮৪,০০০}{০.৬০} = \frac{৩,০০,০০০}{০.৬০}$
= ৫,০০,০০০ টাকা

এখানে, স্থায়ী ব্যয় = ২,১৬,০০০ টাকা
প্রত্যাশিত মুনাফা = ৮৪,০০০ টাকা
কন্ট্রিবিউশন মার্জিন অনুপাত = ৬০% = ০.৬০

**উত্তর:** কন্ট্রিবিউশন মার্জিন অনুপাত ৬০% এবং প্রয়োজনীয় বিক্রয় ৫,০০,০০০ টাকা।

**গ** সমচ্ছেদ বিন্দু (টাকা) $= \frac{\text{স্থায়ী ব্যয়}}{\text{কন্ট্রিবিউশন মার্জিন অনুপাত}} = \frac{২,১৬,০০০}{০.৬০} =$ ৩,৬০,০০০ টাকা

নিরাপত্তা প্রান্ত = মোট প্রকৃত বিক্রয় (টাকায়) − সমচ্ছেদ বিক্রয় (টাকায়) = ৪,৫০,০০০ − ৩,৬০,০০০ = ৯০,০০০ টাকা

$\therefore$ নিরাপত্তা প্রান্ত অনুপাত $= \frac{\text{নিরাপত্তা প্রান্ত}}{\text{বিক্রয়}} \times ১০০ = \frac{৯০,০০০}{৪,৫০,০০০} \times ১০০ = ২০\%$

**উত্তর:** সমচ্ছেদ বিন্দু (টাকায়) ৩,৬০,০০০ টাকা এবং নিরাপত্তা প্রান্ত অনুপাত ২০%।

**প্রশ্ন ▶১৪** একটি কোম্পানির হিসাব বহি হতে নিম্নলিখিত তথ্যাবলি পাওয়া গেল—

| বিবরণ | টাকা |
|---|---|
| এককপ্রতি বিক্রয়মূল্য | ১০০ |
| পরিবর্তনশীল ব্যয় এককপ্রতি | ৭৫ |
| স্থায়ী ব্যয় | ১,০০,০০০ |

*[দি. বো. ১৬]*

ক. সমচ্ছেদ বিন্দু নির্ণয় করো। (টাকায় ও এককে) ২
খ. যদি বিক্রয়ের পরিমাণ ৬,০০০ একক হয় তবে মুনাফার পরিমাণ কত? ৪
গ. যদি কোম্পানি ১,০০,০০০ টাকা মুনাফা অর্জন করতে চায় তবে কত একক বিক্রয় করতে হবে। ৪

**১৪ নং প্রশ্নের সমাধান**

ক সমচ্ছেদ বিন্দু (একক) $= \frac{\text{স্থায়ী ব্যয়}}{\text{একক প্রতি বিক্রয়মূল্য} - \text{একক প্রতি পরিবর্তনশীল ব্যয়}}$

$= \frac{১,০০,০০০}{১০০ - ৭৫} = \frac{১,০০,০০০}{২৫} = ৪,০০০$ একক

সমচ্ছেদ বিন্দু (টাকা) = সমচ্ছেদ বিন্দু একক × এককপ্রতি বিক্রয়মূল্য = ৪,০০০ × ১০০ = ৪,০০,০০০ টাকা

**উত্তর:** সমচ্ছেদ বিন্দু ৪,০০০ একক এবং যার মূল্য ৪,০০,০০০ টাকা।

খ বিক্রয়ের পরিমাণ ৬,০০০ একক হলে,

বিক্রয়মূল্য = ৬,০০০ × ১০০ = ৬,০০,০০০ টাকা

$\therefore$ কন্ট্রিবিউশন মার্জিন অনুপাত $= \frac{\text{একক প্রতি বিক্রয়মূল্য} - \text{একক প্রতি পরিবর্তনশীল ব্যয়}}{\text{একক প্রতি বিক্রয়মূল্য}} \times ১০০ = \frac{১০০ - ৭৫}{১০০} \times ১০০ = ২৫\%$

$\therefore$ মুনাফার পরিমাণ = (বিক্রয়মূল্য × কন্ট্রিবিউশন মার্জিন অনুপাত) – স্থায়ী ব্যয়

= (৬,০০,০০০ × ২৫%) – ১,০০,০০০

= ১,৫০,০০০ – ১,০০,০০০ = ৫০,০০০ টাকা।

**উত্তর:** মুনাফার পরিমাণ ৫০,০০০ টাকা।

গ প্রত্যাশিত বিক্রয় (একক) $= \frac{\text{স্থায়ী ব্যয়} + \text{মুনাফা}}{\text{কন্ট্রিবিউশন মার্জিন}} = \frac{১,০০,০০০ + ১,০০,০০০}{২৫} = ৮,০০০$ একক।

**নোট:** কন্ট্রিবিউশন মার্জিন = ১০০ – ৭৫ = ২৫ টাকা।

**উত্তর:** প্রত্যাশিত বিক্রয় ৮,০০০ একক।

প্রশ্ন ▶১৫ যতীন লিমিটেড-এর তথ্যসমূহ নিম্নরূপ ছিল—

| | |
|---|---|
| বিক্রয় | ৮,০০,০০০ টাকা |
| স্থায়ী ব্যয় বিক্রয়ের | ২০% |
| পরিবর্তনশীল ব্যয় বিক্রয়ের | ৫০% |

*[কু. বো. ১৬]*

ক. মোট ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ২
খ. কন্ট্রিবিউশন মার্জিন এবং মুনাফা নির্ণয় করো। ৪
গ. সমচ্ছেদ বিক্রয় এবং নিরাপত্তা প্রান্ত নির্ণয় করো। ৪

**১৫ নং প্রশ্নের সমাধান**

ক মোট ব্যয়ের পরিমাণ নির্ণয়:

মোট ব্যয় = স্থায়ী ব্যয় + পরিবর্তনশীল ব্যয় = (৮,০০,০০০ × ২০%) + (৮,০০,০০০ × ৫০%) = ১,৬০,০০০ + ৪,০০,০০০ = ৫,৬০,০০০

**উত্তর:** মোট ব্যয় ৫,৬০,০০০ টাকা।

খ **কন্ট্রিবিউশন মার্জিন ও মুনাফা নির্ণয়:**

১. কন্ট্রিবিউশন মার্জিন = মোট বিক্রয় – মোট পরিবর্তনশীল ব্যয় = ৮,০০,০০০ – ৪,০০,০০০ = ৪,০০,০০০ টাকা

২. মুনাফা নির্ণয়:

| বিবরণ | টাকা |
|---|---|
| বিক্রয় | ৮,০০,০০০ |
| বাদ: পরিবর্তনশীল ব্যয় | ৪,০০,০০০ |
| **কন্ট্রিবিউশন মার্জিন** | ৪,০০,০০০ |
| বাদ: স্থায়ী ব্যয় | ১,৬০,০০০ |
| **মুনাফা** | ২,৪০,০০০ |

**উত্তর:** কন্ট্রিবিউশন মার্জিন ৪,০০,০০০ টাকা এবং মুনাফা ২,৪০,০০০ টাকা।

গ **সমচ্ছেদ বিক্রয় এবং নিরাপত্তা প্রাপ্ত নির্ণয়:**

১. সমচ্ছেদ বিক্রয় $= \frac{\text{স্থির ব্যয়}}{\text{কন্ট্রিবিউশন মার্জিন অনুপাত}} = \frac{১,৬০,০০০}{০.৫০} = ৩,২০,০০০$ টাকা

**২.** নিরাপত্তা প্রান্ত = মোট বিক্রয় − সমচ্ছেদ বিক্রয় = ৮,০০,০০০ − ৩,২০,০০০ = ৪,৮০,০০০ টাকা

এখানে, কন্ট্রিবিউশন মার্জিন অনুপাত = $\frac{\text{কন্ট্রিবিউশন মার্জিন}}{\text{বিক্রয়}}$ × ১০০ = $\frac{৪,০০,০০০}{৮,০০,০০০}$ × ১০০ = ৫০%

**উত্তর:** সমচ্ছেদ বিক্রয় ৩,২০,০০০ টাকা এবং নিরাপত্তা প্রান্ত ৪,৮০,০০০ টাকা।

**প্রশ্ন ▶১৬** স্বর্ণা ট্রেডার্স-এর তথ্যাবলি নিম্নরূপ—

| **হিসাবের নাম** | **টাকা** |
|---|---|
| বিক্রয় (প্রতি একক) | ২৮ |
| প্রত্যক্ষ মাল ক্রয় (প্রতি একক) | ৯ |
| প্রত্যক্ষ মজুরি (প্রতি একক) | ৬ |
| এককপ্রতি কারখানা উপরিব্যয় | ৫ |
| স্থায়ী ব্যয় | ১,২০,০০০ |
| প্রকৃত বিক্রয় ২০,০০০ একক | |

*[চ. বো. ১৬]*

ক. এককপ্রতি পরিবর্তনশীল ব্যয় নির্ণয় করো। ২
খ. এককপ্রতি কন্ট্রিবিউশন মার্জিন এবং সমচ্ছেদ বিক্রয় একক নির্ণয় করো। ৪
গ. নিরাপত্তা প্রান্ত একক এবং মোট মুনাফা নির্ণয় করো। ৪

**১৬ নং প্রশ্নের সমাধান**

**ক** এককপ্রতি পরিবর্তনশীল ব্যয় নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| প্রত্যক্ষ মাল ব্যয় | ৯ | |
| প্রত্যক্ষ মজুরি | ৬ | |
| কারখানা উপরিব্যয় | ৫ | |
| **এককপ্রতি পরিবর্তনশীল ব্যয়** | | ২০ |

**উত্তর:** এককপ্রতি পরিবর্তনশীল ব্যয় ২০ টাকা।

**খ** এককপ্রতি কন্ট্রিবিউশন মার্জিন ও সমচ্ছেদ বিক্রয় একক নির্ণয়:

এককপ্রতি কন্ট্রিবিউশন মার্জিন = এককপ্রতি বিক্রয় − এককপ্রতি পরিবর্তনশীল ব্যয় = ২৮ − ২০ = ৮ টাকা

এবং সমচ্ছেদ বিক্রয় একক = $\frac{\text{স্থায়ী ব্যয়}}{\text{একক প্রতি কন্ট্রিবিউশন মার্জিন}}$ = $\frac{১,২০,০০০}{৮}$ = ১৫,০০০ একক

**উত্তর:** এককপ্রতি কন্ট্রিবিশন মার্জিন ৮ টাকা এবং সমচ্ছেদ বিক্রয় ১৫,০০০ একক।

**গ** নিরাপত্তা প্রান্ত একক ও মোট মুনাফা নির্ণয়:

নিরাপত্তা প্রান্ত (একক) = মোট বিক্রয় − সমচ্ছেদ বিক্রয় (একক)
= ২০,০০০ − ১৫,০০০ = ৫,০০০ একক

এবং মোট মুনাফা = মোট কন্ট্রিবিউশন মার্জিন − স্থায়ী ব্যয় = (২০,০০০ × ৮) − ১,২০,০০০ = ১,৬০,০০০ − ১,২০,০০০ = ৪০,০০০ টাকা

**উত্তর:** নিরাপত্তা প্রান্ত (একক) ৫,০০০ একক এবং মোট মুনাফা ৪০,০০০ টাকা।

**প্রশ্ন ▶১৭** মৃন্ময় এসোসিয়েটস-এর দুই বছরের তথ্য নিচে দেয়া হলো—

| **বছর** | **বিক্রয় (টাকা)** | **মুনাফা (টাকা)** |
|---|---|---|
| ২০১৩ | ১০,০০,০০০ | (৪০,০০০) |
| ২০১৪ | ১৫,০০,০০০ | ১,০০,০০০ |

*[সি. বো. ১৬]*

ক. কন্ট্রিবিউশন মার্জিন হার বা অনুদান প্রান্ত অনুপাতের হার নির্ণয় করো। ২
খ. স্থায়ী ব্যয় ও সমচ্ছেদ বিন্দুর পরিমাণ (টাকায়) নির্ণয় করো। ৪
গ. যদি ১৫] সালে পূর্বের বছরের চেয়ে অতিরিক্ত ১,৫০,০০০ টাকা মুনাফা করতে চায় তবে বিক্রয়ের পরিমাণ কত হবে? ৪

**১৭ নং প্রশ্নের সমাধান**

**ক** কন্ট্রিবিউশন মার্জিন হার বা অনুদান প্রান্ত অনুপাতের হার নির্ণয়:

$$\text{কন্ট্রিবিউশন মার্জিন অনুপাত} = \frac{\text{মুনাফার পরিবর্তন}}{\text{বিক্রয়ের পরিবর্তন}} \times ১০০ = \frac{\text{মুনাফা (২০১৪) − মুনাফা (২০১৩)}}{\text{বিক্রয় (২০১৪) − বিক্রয় (২০১৩)}} \times ১০০$$

$$= \frac{১,০০,০০০ - (-৪০,০০০)}{১৫,০০,০০০ - ১০,০০,০০০} \times ১০০ = \frac{১,০০,০০০ + ৪০,০০০}{৫,০০,০০০} \times ১০০$$

$$= \frac{১,৪০,০০০}{৫,০০,০০০} \times ১০০ = ২৮\%$$

এখানে, ২০১৪ সালের মুনাফা = ১,০০,০০০ টাকা

২০১৩ সালের মুনাফা (ক্ষতি) = − ৪০,০০০ টাকা

২০১৪ সালের বিক্রয় = ১৫,০০,০০০ টাকা

২০১৩ সালের বিক্রয় = ১০,০০,০০০ টাকা

**উত্তর:** কন্ট্রিবিউশন মার্জিন হার বা অনুদান প্রান্ত অনুপাতের হার ২৮%।

**খ** স্থায়ী ব্যয় ও সমচ্ছেদ বিন্দুর পরিমাণ নির্ণয়:

স্থায়ী ব্যয় = (বিক্রয় × দত্তাংশ অনুপাত) − মুনাফা

= (১৫,০০,০০০ × ২৮%) − ১,০০,০০০ = ৪,২০,০০০ − ১,০০,০০০ = ৩,২০,০০০ টাকা

$$\text{সমচ্ছেদ বিন্দু (টাকায়)} = \frac{\text{স্থায়ী ব্যয়}}{\text{দত্তাংশ অনুপাত}} = \frac{৩,২০,০০০}{.২৮} = ১১,৪২,৮৫৭ \text{ টাকা}$$

**উত্তর:** স্থায়ী ব্যয় ৩,২০,০০০ টাকা এবং সমচ্ছেদ বিক্রয় (টাকায়) ১১,৪২,৮৫৭ টাকা।

**গ** অতিরিক্ত ১,৫০,০০০ টাকা মুনাফা করতে চাইলে বিক্রয়ের পরিমাণ নির্ণয়:

$$\text{প্রয়োজনীয় বিক্রয়} = \frac{\text{স্থায়ী ব্যয় + কাঙ্ক্ষিত মুনাফা}}{\text{অনুদান প্রান্ত অনুপাত}} = \frac{৩,২০,০০০ + (১,০০,০০০ + ১,৫০,০০০)}{.২৮} = \frac{৫,৭০,০০০}{.২৮} = ২০,৩৫,৭১৪ \text{ টাকা}$$

**উত্তর:** প্রয়োজনীয় বিক্রয়ের পরিমাণ ২০,৩৫,৭১৪ টাকা।

**প্রশ্ন ▶১৮** জুই কোম্পানি বোতলে কোমল পানীয় উৎপাদন ও বিক্রয় করে থাকে। ১৫] সালে তাদের উৎপাদন ও বিক্রয় সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ—

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| বিক্রয় ৪,০০০ একক (প্রতি একক ২৫ টাকা) | | ১,০০,০০০ |
| পরিবর্তনশীল ব্যয় (প্রতি একক ১৭.৫০ টাকা) | ৭০,০০০ | |
| স্থির ব্যয় | ১৮,০০০ | ৮৮,০০০ |
| নিট মুনাফা | | ১২,০০০ |

*[য. বো. ১৬]*

ক. কন্ট্রিবিউশন মার্জিন অনুপাত নির্ণয় করো। ২

খ. সমচ্ছেদ বিন্দু একক ও টাকায় নির্ণয় করো। ৪

গ. প্রমাণ কর যে, সমচ্ছেদ বিন্দুতে মুনাফা শূন্য। ৪

**১৮ নং প্রশ্নের সমাধান**

**ক** কন্ট্রিবিউশন মার্জিন অনুপাত নির্ণয়:

$$\text{কন্ট্রিবিউশন মার্জিন অনুপাত} = \frac{\text{একক প্রতি কন্ট্রিবিউশন মার্জিন}}{\text{একক প্রতি বিক্রয়মূল্য}} \times ১০০ = \frac{৭.৫০}{২৫} \times ১০০ = ৩০\%$$

এখানে, এককপ্রতি কন্ট্রিবিউশন মার্জিন = এককপ্রতি বিক্রয়মূল্য − এককপ্রতি পরিবর্তনশীল ব্যয় = (২৫ − ১৭.৫০) টাকা = ৭.৫০ টাকা

**উত্তর:** কন্ট্রিবিউশন মার্জিন অনুপাত ৩০%।

**খ** সমচ্ছেদ বিন্দু একক ও টাকায় নির্ণয়:

$$\text{সমচ্ছেদ বিন্দু একক} = \frac{\text{স্থায়ী ব্যয়}}{\text{একক প্রতি কন্ট্রিবিউশন মার্জিন}} = \frac{১৮,০০০}{৭.৫০} = ২,৪০০ \text{ একক}$$

এখানে, স্থায়ী ব্যয় = ১৮,০০০ টাকা
এককপ্রতি কন্ট্রিবিউশন মার্জিন ৭.৫ টাকা
সমচ্ছেদ বিন্দু টাকায় = সমচ্ছেদ বিন্দু (একক) × এককপ্রতি বিক্রয়মূল্য = (২,৪০০ × ২৫) টাকা = ৬০,০০০ টাকা
এখানে, এককপ্রতি বিক্রয়মূল্য = ২৫ টাকা
**উত্তর:** সমচ্ছেদ বিন্দু (একক) ২,৪০০ একক; সমচ্ছেদ বিন্দু (টাকায়) ৬০,০০০ টাকা।

**গ** সমচ্ছেদ বিন্দুতে মুনাফা নির্ণয়:

**জুই কোম্পানি**
**বিশদ আয় বিবরণী**
১৫] সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| বিক্রয় (২৫ × ২,৪০০) | | ৬০,০০০ |
| বাদ: পরিবর্তনশীল ব্যয় (১৭.৫০ × ২,৪০০) | ৪২,০০০ | |
| স্থায়ী ব্যয় | ১৮,০০০ | (৬০,০০০) |
| **নিট মুনাফা (ক্ষতি)** | | ০ |

অতএব, এটা প্রমাণিত যে, সমচ্ছেদ বিন্দুতে মুনাফা শূন্য হয়।

**প্রশ্ন ▶ ১৯** ডি.এস. কোম্পানি সংক্রান্ত তথ্য নিম্নরূপ—
প্রতিটি কলমের বিক্রয়মূল্য ২০.০০ টাকা।
প্রতিটি কলমের পরিবর্তনশীল ব্যয়:
কাঁচামাল ৪.০০ টাকা
মজুরি ১.৬০ টাকা
কারখানা উপরিব্যয় ০.৪০ টাকা।
বিক্রয় উপরিব্যয় ২.০০ টাকা
বার্ষিক স্থির ব্যয় ৯৬,০০০ টাকা। *[ব. বো. ১৬]*

ক. এককপ্রতি কন্ট্রিবিউশন মার্জিন নির্ণয় করো। ২
খ. সমচ্ছেদ বিন্দুতে বিক্রয়ের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. কোম্পানি বছরে ৩০,০০০ একক কলম বিক্রয় করে থাকলে নিরাপত্তা প্রান্ত টাকায় নিরূপণ করো। ৪

**১৯ নং প্রশ্নের সমাধান**

**ক** এককপ্রতি কন্ট্রিবিউশন মার্জিন নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| এককপ্রতি বিক্রয়মূল্য | | ২০.০০ |
| বাদ: এককপ্রতি পরিবর্তনশীল ব্যয়: | | |
| কাঁচামাল | ৪.০০ | |
| মজুরি | ১.৬০ | |
| কারখানা উপরিব্যয় | ০.৪০ | |
| বিক্রয় উপরিব্যয় | ২.০০ | ৮.০০ |
| **এককপ্রতি কন্ট্রিবিউশন মার্জিন** | | ১২.০০ |

**উত্তর:** এককপ্রতি কন্ট্রিবিউশন মার্জিন ১২.০০ টাকা।

**খ** সমচ্ছেদ বিন্দুতে বিক্রয়ের পরিমাণ নির্ণয়:

$$\text{সমচ্ছেদ বিক্রয় (একক)} = \frac{\text{স্থির ব্যয়}}{\text{একক প্রতি কন্ট্রিবিউশন মার্জিন}} = \frac{৯৬,০০০}{১২} = ৮,০০০ \text{ একক}$$

এখানে, স্থির ব্যয় = ৯৬,০০০ টাকা; এককপ্রতি কন্ট্রিবিউশন মার্জিন = ১২ টাকা
**উত্তর:** সমচ্ছেদ বিক্রয় (একক) ৮,০০০ একক।

**গ** কোম্পানি বছরে ৩০,০০০ একক কলম বিক্রয় করে থাকলে নিরাপত্তা প্রান্ত-এর টাকা নিরূপণ:
নিরাপত্তা প্রান্ত (টাকায়) = মোট বিক্রয় (টাকায়) – সমচ্ছেদ বিন্দুতে বিক্রয় (টাকায়)
= (৩০,০০০ × ২০) – (৮,০০০ × ২০) = ৬,০০,০০০ – ১,৬০,০০০ = ৪,৪০,০০০ টাকা
**উত্তর:** নিরাপত্তা প্রান্ত ৪,৪০,০০০ টাকা।

**প্রশ্ন ▶২০** এবিসি কোম্পানি একটি পণ্য বিক্রয় করে। কোম্পানির গত বছরের বিক্রয় ও ব্যয় নিম্নরূপ:

| বিবরণ | মোট টাকা | একক প্রতি টাকা |
|---|---|---|
| বিক্রয় | ১,২০,০০০ | ৪.০০ |
| বাদ : পরিবর্তনশীল ব্যয় | ৮৪,০০০ | ২.৮০ |
| অনুদান প্রান্ত | ৩৬,০০০ | ১.২০ |
| বাদ : স্থায়ী খরচ | ৩০,০০০ | |
| নিট মুনাফা | ৬,০০০ | |

*[রা.বো. ১৫]*

ক. বিক্রয় এককের পরিমাণ নির্ণয় করো। ২
খ. একক ও টাকায় সমচ্ছেদ বিন্দু নির্ণয় করো। ৪
গ. যদি অনুদান প্রান্ত অনুপাত ২৫% হয় তাহলে অনুদান প্রান্ত এবং সমচ্ছেদ বিন্দুতে বিক্রয়ের পরিমাণ কত টাকা হবে নির্ণয় করো। ৪

**২০ নং প্রশ্নের সমাধান**

**ক** বিক্রয় এককের পরিমাণ নির্ণয় :

$$\text{বিক্রয় একক} = \frac{\text{বিক্রয়ের পরিমাণ}}{\text{একক প্রতি বিক্রয় মূল্য}} = \frac{১,২০,০০০}{৪.০০} = ৩০,০০০ \text{ একক}$$

**উত্তর :** বিক্রয় এককের পরিমাণ ৩০,০০০ একক।

**খ** একক ও টাকায় সমচ্ছেদ বিন্দু নির্ণয় :

$$\text{সমচ্ছেদ বিন্দু (একক)} = \frac{\text{স্থায়ী ব্যয়}}{\text{একক প্রতি অনুদান প্রান্ত}} = \frac{৩০,০০০}{১.২০} = ২৫,০০০ \text{ একক}$$

ও সমচ্ছেদ বিন্দু (টাকা) = সমচ্ছেদ বিন্দু (একক) × একক প্রতি বিক্রয়মূল্য = ২৫,০০০ × ৪ = ১,০০,০০০ টাকা

**উত্তর :** সমচ্ছেদ বিন্দু (একক) ২৫,০০০ একক; সমচ্ছেদ বিন্দু (টাকায়) ১,০০,০০০ টাকা।

**গ** অনুদান প্রান্ত অনুপাত = ২৫%

∴ অনুদান প্রান্ত = বিক্রয় × অনুদান প্রান্ত অনুপাত = ১,২০,০০০ × ২৫% = ৩০,০০০ টাকা

$$\text{এবং সমচ্ছেদ বিন্দু (টাকা)} = \frac{\text{স্থায়ী ব্যয়}}{\text{অনুদান প্রান্ত অনুপাত}} = \frac{৩০,০০০}{০.২৫} = ১,২০,০০০ \text{ টাকা}$$

**উত্তর :** অনুদান প্রান্ত ৩০,০০০ টাকা; সমচ্ছেদ বিন্দু (টাকা) ১,২০,০০০ টাকা।

**প্রশ্ন ▶২১** হাবিব কোম্পানির আয় বিবরণী নিচে দেওয়া হলো :

| বিবরণ | টাকা |
|---|---|
| বিক্রয় (৫,০০০ একক × ৬ টাকা) | ৩০,০০০ |
| বাদ : পরিবর্তনশীল ব্যয় (৫,০০০ একক × ৪ টাকা) | ২০,০০০ |
| দত্তাংশ | ১০,০০০ |
| বাদ : স্থির খরচ | ৮,০০০ |
| নিট মুনাফা | ২,০০০ |

*[দি.বো. ১৫]*

ক. কন্ট্রিবিউশন মার্জিন (দত্তাংশ) অনুপাত নির্ণয় করো। ২
খ. সমচ্ছেদ বিন্দু বিক্রয় টাকায় ও এককে নির্ণয় করো। ৪
গ. সমচ্ছেদ বিন্দুর সত্যতা যাচাই কর আয় বিবরণীর মাধ্যমে। ৪

**২১ নং প্রশ্নের সমাধান**

**ক** কন্ট্রিবিউশন মার্জিন অনুপাত নিরূপণ :

একক প্রতি কন্ট্রিবিউশন মার্জিন = একক প্রতি বিক্রয়মূল্য – একক প্রতি পরিবর্তনশীল ব্যয় = ৬ – ৪ = ২ টাকা

$$∴ \text{কন্ট্রিবিউশন মার্জিন অনুপাত} = \frac{\text{একক প্রতি কন্ট্রিবিউশন মার্জিন}}{\text{একক প্রতি বিক্রয়মূল্য}} \times ১০০ = \frac{২}{৬} \times ১০০ = ৩৩.৩৩\%$$

**উত্তর :** কন্ট্রিডিশন মার্জিন অনুপাত ৩৩.৩৩%।

**খ** সমচ্ছেদ বিন্দু (একক) = $\frac{\text{মোট স্থায়ী ব্যয়}}{\text{একক প্রতি কন্ট্রিবিউশন মার্জিন}} = \frac{৮,০০০}{২}$ = ৪,০০০ একক

সমচ্ছেদ বিন্দু (টাকায়) = $\frac{\text{মোট স্থায়ী ব্যয়}}{\text{কন্ট্রিবিউশন মার্জিন অনুপাত}} = \frac{৮,০০০}{০.৩৩৩৩}$ = ২৪,০০০ টাকা (প্রায়)

**উত্তর :** সমচ্ছেদ বিন্দু (একক) ৪,০০০ একক; সমচ্ছেদ বিন্দু (টাকায়) ২৪,০০০ টাকা।

**গ** আয় বিবরণীর মাধ্যমে সমচ্ছেদ বিন্দুর মাধ্যমে সত্যতা যাচাই নিম্নরূপ:

| বিবরণ | টাকা |
|---|---|
| বিক্রয় (৪,০০০ × ৬) | ২৪,০০০ |
| বাদ : পরিবর্তনশীল ব্যয় (৪,০০০ × ৪) | ১৬,০০০ |
| কন্ট্রিবিউশন মার্জিন | ৮,০০০ |
| বাদ : স্থির খরচ | ৮,০০০ |
| **মুনাফা** | ০ |

সুতরাং সমচ্ছেদ বিন্দুতে মুনাফার পরিমাণ শূন্য যা সমচ্ছেদ বিন্দুর সত্যতা প্রমাণ করে।

**প্রশ্ন ▶ ২২** মদিনা লিমিটেড বিভিন্ন পণ্য উৎপাদন ও বিক্রয় করে। ২০১৪ সালে কোম্পানির তথ্যাবলি ছিল: মোট পরিবর্তনশীল ব্যয় ৪,২০,০০০ টাকা, মোট স্থির ব্যয় ১,৫০,০০০ টাকা। বিক্রয় ৬,০০,০০০ টাকা এবং একক প্রতি বিক্রয়মূল্য ৪০ টাকা। *[সি.বো. ১৫]*

ক. একক প্রতি পরিবর্তনশীল ব্যয় নির্ণয় করো। ২

খ. একক প্রতি কন্ট্রিবিউশন মার্জিন এবং মুনাফার পরিমাণ নির্ণয় করো। ৪

গ. সমচ্ছেদ বিক্রয় এককে এবং টাকায় নির্ণয় করো। ৪

**২২ নং প্রশ্নের সমাধান**

**ক** একক প্রতি পরিবর্তনশীল ব্যয় নির্ণয় :

একক প্রতি পরিবর্তনশীল ব্যয় = $\frac{\text{মোট পরিবর্তনশীল ব্যয়}}{\text{উৎপাদন একক}} = \frac{৪,২০,০০০}{১৫,০০০}$ = ২৮ টাকা

এখানে, মোট উৎপাদন একক = (৬,০০,০০০ ÷ ৪০) = ১৫,০০০ একক

**উত্তর :** একক প্রতি পরিবর্তনশীল ব্যয় ২৮ টাকা।

**খ** একক প্রতি কন্ট্রিবিউশন মার্জিন এবং মুনাফার পরিমাণ নির্ণয় :

একক প্রতি কন্ট্রিবিউশন মার্জিন :

| বিবরণ | টাকা |
|---|---|
| একক প্রতি বিক্রয়মূল্য | ৪০ |
| বাদ : একক প্রতি পরিবর্তনশীল ব্যয় [খ হতে প্রাপ্ত] | ২৮ |
| **একক প্রতি কন্ট্রিবিউশন মার্জিন** | ১২ |

মুনাফার পরিমাণ :

মুনাফা = (বিক্রয় একক × একক প্রতি কন্ট্রিবিউশন মার্জিন) – স্থির ব্যয় = (১৫,০০০ × ১২) – ১,৫০,০০০ = ৩০,০০০ টাকা

এখানে, বিক্রয় একক = ১৫,০০০ একক।

**উত্তর :** একক প্রতি কন্ট্রিবিউশন মার্জিন ১২ টাকা এবং মুনাফা ৩০,০০০ টাকা।

**গ** সমচ্ছেদ বিক্রয় এককে ও টাকায় নির্ণয় :

সমচ্ছেদ বিক্রয় (একক) = $\frac{\text{স্থির ব্যয়}}{\text{একক প্রতি কন্ট্রিবিউশন মার্জিন}} = \frac{১,৫০,০০০}{১২}$ = ১২,৫০০ একক

সমচ্ছেদ বিক্রয় (টাকায়) = (১২,৫০০ × ৪০) = ৫,০০,০০০ টাকা

**উত্তর :** সমচ্ছেদ বিক্রয় (একক) ১২,৫০০ একক এবং সমচ্ছেদ বিক্রয় (টাকা) ৫,০০,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ২৩** চৌধুরী লি. একটি বিখ্যাত পেন্সিল প্রস্তুতকারী প্রতিষ্ঠান। নিচে প্রতিষ্ঠানের উৎপাদন ও বিক্রয় সংক্রান্ত তথ্য দেওয়া হলো :

| | |
|---|---|
| উৎপাদনের পরিমাণ | ২৫,০০০ একক |
| একক প্রতি পরিবর্তনশীল ব্যয় | ২.৫০ টাকা |
| স্থির ব্যয় | ৪০,০০০ টাকা |
| একক প্রতি বিক্রয়মূল্য | ৫ টাকা |

*[য.বো. ১৫]*

ক. সমচ্ছেদ বিন্দু (টাকায়) নির্ণয় করো। ২
খ. যদি পরিবর্তনশীল ব্যয় ২০% বৃদ্ধি পায় তবে সমচ্ছেদ বিন্দু (টাকায়) কত পরিবর্তন হবে? ৪
গ. উক্ত প্রতিষ্ঠানের নিট লাভ এবং নিরাপত্তা প্রান্ত নির্ণয় করো। ৪

**২৩ নং প্রশ্নের সমাধান**

ক সমচ্ছেদ বিন্দুর পরিমাণ নির্ণয় : সমচ্ছেদ বিন্দু (টাকায়) $= \frac{\text{মোট স্থির ব্যয়}}{\text{দত্তাংশ অনুপাত}} = \frac{৪০,০০০}{.৫০} =$ ৮০,০০০ টাকা

এখানে, দত্তাংশ অনুপাত $= \frac{\text{একক প্রতি বিক্রয়মূল্য} - \text{একক প্রতি পরিবর্তনশীল ব্যয়}}{\text{একক প্রতি বিক্রয়মূল্য}} = \frac{৫ - ২.৫০}{৫} \times ১০০ = \frac{২.৫০}{৫} \times ১০০ = ৫০\%$

**উত্তর :** সমচ্ছেদ বিন্দু (টাকায়) ৮০,০০০ টাকা।

খ যদি পরিবর্তনশীল ব্যয় ২০% বৃদ্ধি পায় তবে পরিবর্তনশীল ব্যয় হবে = {২.৫০ + (২.৫০ × ২০%)} = ৩ টাকা

এখন, সমচ্ছেদ বিন্দু (টাকায়) $= \frac{\text{মোট স্থির ব্যয়}}{\text{দত্তাংশ অনুপাত}} = \frac{৪০,০০০}{.৪০} =$ ১,০০,০০০ টাকা

এখানে, দত্তাংশ অনুপাত $= \frac{\text{একক প্রতি বিক্রয়মূল্য} - \text{একক প্রতি পরিবর্তনশীল ব্যয়}}{\text{একক প্রতি বিক্রয়মূল্য}} = \frac{৫ - ৩}{৫} \times ১০০ = ৪০\%$

∴ পরিবর্তনশীল ব্যয় ২০% বৃদ্ধিতে সমচ্ছেদ বিন্দু (টাকায়) পরিবর্তন হবে (১,০০,০০০ − ৮০,০০০) = ২০,০০০ টাকা
**উত্তর :** ২০,০০০ টাকা।

গ নিট লাভ এবং নিরাপত্তা প্রান্ত নির্ণয় ঃ নিট লাভ = (বিক্রয় × দত্তাংশ অনুপাত) − স্থির ব্যয়
= {(২৫,০০০ × ৫) × ৫০%) − ৪০,০০০
= ৬২,৫০০ − ৪০,০০০ = ২২,৫০০ টাকা

এবং নিরাপত্তা প্রান্ত = বিক্রয় − সমচ্ছেদ বিন্দুতে বিক্রয় = (২৫,০০০ × ৫) − ৮০,০০০ = ১,২৫,০০০ − ৮০,০০০ = ৪৫,০০০ টাকা
**উত্তর :** নিট লাভ ২২,৫০০ টাকা এবং নিরাপত্তা প্রান্ত ৪৫,০০০ টাকা।

প্রশ্ন ▶২৪ একটি কোম্পানি বলপেন উৎপাদন করে বিক্রয় করে থাকে। কোম্পানি বিক্রয় ও ব্যয় সংক্রান্ত তথ্য নিম্নরূপ:–

| | টাকা |
|---|---|
| প্রতিটি কলমের বিক্রয়মূল্য | ১০.০০ |
| প্রতিটি কলমের ব্যয়: | |
| প্রত্যক্ষ কাঁচামাল | ২.০০ |
| প্রত্যক্ষ মজুরী | ১.০০ |
| পরিবর্তনশীল কারখানা উপরিব্যয় | ১.০০ |
| পরিবর্তনশীল বিক্রয় উপরিব্যয় বিক্রয়মূল্যের ১০% | |
| বার্ষিক স্থির ব্যয় ২,০০,০০০ টাকা। | |

*[ব.বো. ১৫]*

ক. একক প্রতি পরিবর্তনশীল ব্যয় নির্ণয় করো। ২
খ. সমচ্ছেদ বিন্দু নির্ণয় করো। (টাকায় ও এককে) ৪
গ. কোম্পানি বছরে ৬০,০০০টি কলম বিক্রয় করে করে থাকলে নিরাপত্তা প্রান্ত (টাকায়) ও মুনাফা (টাকায়) নির্ণয় করো। ৪

**২৪ নং প্রশ্নের সমাধান**

ক একক প্রতি পরিবর্তনশীল ব্যয় নির্ণয় :

| বিবরণ | টাকা |
|---|---|
| প্রত্যক্ষ কাঁচামাল | ২ |
| প্রত্যক্ষ মজুরি | ১ |
| পরিবর্তনশীল কারখানা উপরিব্যয় | ১ |
| পরিবর্তনশীল বিক্রয় উপরিব্যয় (১০ × ১০%) | ১ |
| **একক প্রতি পরিবর্তনশীল ব্যয়** | ৫ |

**উত্তর :** একক প্রতি পরিবর্তনশীল ব্যয় ৫ টাকা।

**খ** সমচ্ছেদ বিন্দু এককে ও টাকায় নির্ণয় :

$$\text{সমচ্ছেদ বিন্দু (একক)} = \frac{\text{স্থির ব্যয়}}{\text{একক প্রতি বিক্রয়মূল্য} - \text{একক প্রতি পরিবর্তনশীল ব্যয়}} = \frac{২,০০,০০০}{১০ - ৫} = \frac{২,০০,০০০}{৫} = ৪০,০০০ \text{ একক}$$

সমচ্ছেদ বিন্দু (টাকায়) = সমচ্ছেদ বিন্দু (একক) × একক প্রতি বিক্রয়মূল্য = ৪০,০০০ × ১০ = ৪,০০,০০০ টাকা

**উত্তর :** সমচ্ছেদ বিন্দু (একক) ৪০,০০০ একক; সমচ্ছেদ বিন্দু (টাকায়) ৪,০০,০০০ টাকা।

**গ** নিরাপত্তা প্রান্ত (টাকায়) = বিক্রয়মূল্য − সমচ্ছেদ বিন্দু = ৬,০০,০০০ − ৪,০০,০০০ = ২,০০,০০০ টাকা

এখানে বিক্রয়মূল্য = ৬০,০০০ × ১০ = ৬,০০,০০০ টাকা

মুনাফার পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা |
|---|---|
| বিক্রয় (৬০,০০০ × ১০) | ৬,০০,০০০ |
| বাদ : পরিবর্তনশীল ব্যয় (৬০,০০০ × ৫) | ৩,০০,০০০ |
| **দত্তাংশ** | ৩,০০,০০০ |
| বাদ : স্থির ব্যয় | ২,০০,০০০ |
| **মুনাফা** | ১,০০,০০০ |

**উত্তর :** নিরাপত্তা প্রান্ত (টাকায়) ২,০০,০০০ টাকা; মুনাফা (টাকায়) ১,০০,০০০ টাকা।

## উত্তর সংকেতসহ সৃজনশীল প্রশ্ন

**প্রশ্ন ▶ ২৫** আহসান কোম্পানি লি. ২০১৮ সালে ১৫,০০০ একক পণ্য উৎপাদনের জন্য প্রত্যক্ষ ও পরোক্ষ দুধরনের শ্রমিক এবং প্রত্যক্ষ ও পরোক্ষ দু'ধরনের কাঁচামাল ব্যবহার করে।

**শ্রম সম্পর্কিত তথ্য:**

| শ্রমিক | শ্রম ঘণ্টা (প্রতি একক উৎপাদনে) | ঘণ্টাপ্রতি মজুরি হার |
|---|---|---|
| প্রত্যক্ষ | ৩ | ১৮ |
| পরোক্ষ | ২ | ৬ |

এককপ্রতি প্রত্যক্ষ কাঁচামাল ব্যয় ২৮ টাকা এবং পরোক্ষ কাঁচামাল ব্যয় ২ টাকা।

ক. শ্রম ঘণ্টার বাজেট প্রস্তুত করো। ২

খ. শ্রম বাজেট প্রস্তুত করো। ৪

গ. আহসান কোম্পানি লি.-এর পণ্য ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

**উত্তর: ক.** শ্রম ঘণ্টার পরিমাণ: প্রত্যক্ষ শ্রম ৪৫,০০০ ঘণ্টা এবং পরোক্ষ শ্রম ৩০,০০০ ঘণ্টা। **খ.** মজুরির পরিমাণ: প্রত্যক্ষ মজুরি ৮,১০,০০০ টাকা এবং পরোক্ষ মজুরি ১,৮০,০০০ টাকা। **গ.** পণ্য ব্যয়ের পরিমাণ ১৪,৪০,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ২৬** হাসান লি.-এর ২০১৮ সালের মোট পরিবর্তনশীল ব্যয়ের পরিমাণ ২,৪০,০০০ টাকা। কোম্পানির কন্ট্রিবিউশন মার্জিন ৪০%। স্থির খরচ ১,০০,০০০ টাকা।

ক. বিক্রয়ের পরিমাণ কত? নিরূপণ করো। ২

খ. হাসান লি.-এর ২০১৮ সালের কন্ট্রিবিউশন মার্জিন ও সমচ্ছেদ বিন্দু (টাকা) কত? নিরূপণ করো। ৪

গ. ২০১৮ সালের 'হাসান লি.'-এর নিরাপত্তা প্রান্ত (টাকা) কত? তা নিরূপণ করো। ৪

**সুপার টিপ্স:** প্রশ্নগুলোর সমাধান নিজে নিজে করতে চেষ্টা করো এবং নিচে দেওয়া উত্তরের সাথে মিলিয়ে নাও।

**উত্তর: ক.** বিক্রয় ৪,০০,০০০ টাকা। **খ.** কন্ট্রিবিউশন মার্জিন ১,৬০,০০০ টাকা; সমচ্ছেদ বিন্দু (টাকা) ২,৫০,০০০ টাকা। **গ.** নিরাপত্তা প্রান্ত ১,৫০,০০০ টাকা।